বি. বহিস্থতা বাহ্যিকতা। বাহির (২১৯) বহির্ভাগ। বহির্দেশ। বাহ্য,-জগৎ,-দৃষ্টি। বহির্বিশ্ব বহির্জগৎ। বিদেশ পর,-দেশ,-ভূমি বেভুঁই বিভুঁই বিলেত বিলাত। অন্য,ভিন্ন,-দেশ। দেশবিদেশ নানাদেশ। প্রবাস প্রবসন প্রবাসন। উদ্বসন উদ্বাসন দেশত্যাগ। দেশান্তর। সাগরপাড়ি। কালাপানিপার

সমুদ্রযাত্রা। পাসপোর্ট ছাড়পত্র ভিসা। বহির্দ্বার বহির্বাটি। আড়বাড়ি বাহিরমহল। উপান্ত। বাহ্য, -বস্তু,-প্রকৃতি,-আচরণ। বহিষ্করণ দূরীকরণ নির্বাসন। বৈদেশিক,-নীতি,-বাণিজ্য,-মুদ্রা। অনার্য যবন ম্লেচ্ছ।

বিণ. বাহ্য বাহ্যিক বহিঃস্থ। বহির্গত বহির্ভূত। বহিষ্কৃত বহিষ্ক্রান্ত। প্রবসতি দেশান্তরিত। পারদেশ্য। প্রোষিত। বহিরঙ্গ বহির্মুখ। বিদেশী প্রবাসী অনাবাসী ভিনদেশী পরদেশী বেগানা। অবাঙালি। বিহারী মেড়ো। বিলেতি বিলেতফেরত। আগন্তুক। বহিরাগত বাস্তুহারা শরণার্থী মোহাজের রিফ্যুজি উদ্বাস্তু। পরক। নবাগত। বর্বর।

ক্রি-বিণ. বিদেশে প্রবাসে সাগরপারে।

৫৭। শৃঙ্খলা

বি. শৃঙ্খলা সুশৃঙ্খলা শৃঙ্খলপরায়ণতা ডিসিপ্লিন নিয়মানুগততা। সমরূপতা সমরূপত্ব একরূপতা একরূপত্ব। প্রতিসাম্য সমন্বয় সামঞ্জস্য। ধারাবাহিকতা। বার স্কেপ। রুটিন সময়সারণি টাইমটেবিল (১৩৬)। বিধা বিধি বিধান। প্রথা ধরন নিয়ম তরতিব প্রণালী। কায়দা ধারা রীতি। বিন্যাস বিলি ব্যবস্থা। পাটি পারিপাট্য। শাসন কড়াকড়ি। পাঁতি পঙ্ক্তি সারি লাইন কিউ। বর্গ শ্রেণী। আচার অভ্যাস। তন্ত্র পদ্ধতি। মিতাচার মিতব্যয়। বিনয়। নিয়মানুবর্তিতা (১৩৩)। অধস্তনতা। ক্রম মাত্রা ধাপ। প্রগতি। ক্রমান্বয় সিরিজ (৬৮)। পদ মাত্রা।

ক্রি. শৃঙ্খলা রক্ষা করা। বিন্যস্ত করা। নিয়মিত করা। নির্ধারিত বা সাব্যস্ত করা। ব্যবস্থা বা বন্দোবস্ত করা।

বিণ. শৃঙ্খলাপূর্ণ শৃঙ্খলাপরায়ণ। নিয়মমাফিক নিয়মানুযায়ী। নিয়মিত। সুশৃঙ্খল বিন্যস্ত সুবিন্যস্ত পরিপাটি ফিটফাট ছিমছাম সমঞ্জস সুসমঞ্জস সুব্যবস্থিত গোছগাছ গোছালো দুরস্ত। ধারাবাহিক সাধারণ।

ক্রি.বিণ. সুশৃঙ্খলভাবে কিউ লাইন বা সার দিয়ে। সারিসারি সারে সারে সারিবদ্ধভাবে।

৫৮। বিশৃঙ্খলা

বি. বিশৃঙ্খলা অনিয়ম অনিয়মিততা ব্যত্যয় ব্যতিক্রম অন্যথা (৮০)। তাতা থৈ থৈ। অরাজকতা নৈরাজ্য নৈরাজ্যবাদ। যথেচ্ছাচার স্বেচ্ছাচার অমিতাচার (৯৫৬)। মগের মুলুক। অনৈক্য বিরোধ বিসংবাদ। অবিন্যাস অবন্দোবস্ত অব্যবস্থা বেবন্দোবস্ত বেবন্দেজ। খিটকেল। হাট ভজকট ছকড়া-নকড়া ছড়াছড়ি গড়াগড়ি জটিলতা গোল গ্যাঞ্জাম গণ্ডগোল গোলমাল পাক পাকচক্র সমস্যা জট। যানজট। ধাঁধা গোলকধাঁধা। ঘোঁট দঙ্গল জটলা। বিপর্যয় হট্টগোল দক্ষযজ্ঞ শ্রাদ্ধ ডামাডোল অশান্তি বিক্ষোভ হুজুগ হিড়িক হুলুস্থুল মাতামাতি দাপাদাপি। হৈচৈ উচ্ছৃঙ্খলতা। হরতাল বন্‌ধ্‌। বিপ্লব। দাঙ্গা হাঙ্গামা হুটোপাটি হুড়োহুড়ি হুজ্জত সংঘর্ষ উপদ্রব উৎপাত শয়তানি।

ক্রি. বিশৃঙ্খলা সৃষ্টি করা। আইন বা শৃঙ্খলা না মানা বা ভাঙা বা লঙ্ঘন করা। শান্তি ভঙ্গ করা। আগুন লাগা। জড়ানো। গুলানো। ঘুলানো। পাকানো। জগাখিচুড়ি পাকানো। তালগোল পাকানো। গোলমাল করা। এলোমেলো করা। আউলানো।

বিণ. বিশৃঙ্খল শৃঙ্খলাহীন। অরাজক শাসনহীন রাজাহীন অনিয়ন্ত্রিত নিয়ন্ত্রণহীন। অসাংবিধানিক সংবিধানবহির্ভূত। অবিধিবদ্ধ বেআইনি। অনিয়মিত নিয়মবহির্ভূত। অশান্তি,-কর,-পূর্ণ। বিভ্রান্তি,-কর,-মূলক। অবিন্যস্ত ছোড়ভঙ্গ বেগোছ

অগোছালো অব্যবস্থা গোলমেলে তালগোল জটিল জড়ানো জটপাকানো। বিদঘুটে আলুথালু বিভ্রস্ত বিপর্যস্ত এলোমেলো এলোপাতাড়ি ছত্রাকার বিক্ষিপ্ত ওলটপালট। হাটুরে। লাট। উপদ্রুত। বিক্ষুব্ধ উচ্ছৃঙ্খল হাঙ্গামাপূর্ণ (১৭১)।
অব্য. লণ্ডভণ্ড তছনছ।

৫৯। বিন্যাস

বি. বিন্যাস সুবিন্যাস পারিপাট্য গোছগাছ। শৃঙ্খলা (৫৭)। বিভঙ্গ। প্রস্তুতি সংগঠন। সংস্থান সংস্থিতি। সংহতি। ভারসাম্য সামঞ্জস্য। উপায়। নিবেশ প্রয়োগ নিয়োগ বিনিয়োগ। বিলি বাছাই। বিভাজন। অংশাঙ্কন। ক্রম পর্যায় পালা মাত্রাবিন্যাস ক্রমবিন্যাস। ব্যবস্থা বন্দোবস্ত বন্দেজ। কেয়ারি। গণ বৃন্দ সংঘ সংস্থা মণ্ডলী। সংশ্লেষণ। শ্রেণী বিভাগ বর্গ নর সারি পঙ্ক্তি। তন্ত্র পদ্ধতি প্রণালী রীতি ধারা মার্গ পন্থা বাদ। নিবন্ধন সংকলন। ফরম ছক প্ল্যান পরিকল্পনা মনসুবা কর্মপদ্ধতি (৬৩২)। সংক্ষিপ্তসার (৬০০)। টেবিল সারণি নিবন্ধ রেজিস্টার (৫৬২)। আকার গঠন অবয়ব। শর্ত চুক্তি। বিলিব্যবস্থা।
ক্রি. বিন্যস্ত বা সুবিন্যস্ত করা। সাজানো। গোছানো। পরিপাটি করা। বিলি বন্দোবস্ত করা। ব্যবস্থা করা। প্রণালী রীতি বা ধারা অনুযায়ী কাজ করা। পদ্ধতি নির্ণয় করা। নিবেশন করা (৫৬২)। শ্রেণী বিভাগ করা। ফিরিস্তি সূচিপত্র বা নির্ঘণ্ট তৈরি করা। মাত্রা নির্ণয় করা। নিয়মিত করা। নিয়মাবদ্ধ বা শৃঙ্খলাবদ্ধ করা।
বিণ. বিন্যস্ত সুবিন্যস্ত সুশৃঙ্খল (৫৭)। গোছানো। সাজানো। কেতাদুরস্ত ছিমছাম ফিটফাট চোস্ত পরিপাটি। শ্রেণীবদ্ধ। গাঁথা। সন্নদ্ধ। নিবদ্ধ। সংগঠিত।

৬০। অবিন্যাস

বি. অবিন্যাস অবিন্যস্ততা অপারিপাট্য। অগোছ অগোছাল বেগোছ। অক্রম বিশৃঙ্খলা (৫৮)। উৎক্রম ব্যুৎক্রম প্রতিক্রম (২১৭)। ক্রমভঙ্গ। পর্যায়ভঙ্গ চ্যুতি। অব্যবস্থা অনবস্থা বেবন্দেজ বেবন্দোবস্ত। অসম্বদ্ধতা। নৈরাকার। হ-য-ব-র -ল। ধর্মঘট। ঘুরপাক ঘোরপেঁচ। অনিয়ম অরাজকতা। ডামাডোল হট্টগোল। গোলে হরিবোল। উপদ্রব। বিক্রিয়া বৈগুণ্য। উন্মত্ততা (৪৬৬)।
ক্রি. শৃঙ্খলা বা বিন্যাস নষ্ট করা। ভ্রংশ বা ভ্রষ্ট হওয়া। সন্ধিচ্যুত গ্রন্থিচ্যুত বা স্থানচ্যুত করা বা হওয়া। অস্থানে রাখা। হারানো। গোলমাল করা। তালগোল বা জগাখিচুড়ি পাকানো। ঘোলা করা। ঘুলানো। এলোমেলো বা উলটপালট করা। জড়ানো। পাকানো । জট পাকানো। জটিল করা। আটকানো। পাক খাওয়া। লাট খাওয়া। ভাঁজ পড়া। মোচড়ানো। দুমড়ানো (২৫৭)। পাগলামি করা। মাথা খারাপ করা। ছড়ানো। এলানো। মিশিয়ে ফেলা (৪১)। গোলানো। পণ্ড করা। মাটি করা। ভণ্ডুল করা। ভেস্তানো। তাসানো।
বিণ. অবিন্যস্ত অপরিপাটি ধাবড়া। বিশৃঙ্খল (৬০) বে,-তরতিব,-বন্দেজ,-বন্দোবস্ত। ছন্নছাড়া। শ্রীহীন লণ্ডভণ্ড তছনছ ভণ্ডুল। এলোমেলো আউলা আলুথালু এলো খোলা। উসকো খুসকো।
ক্রি-বিণ. তালেগোলে। গোলেমালে।

৬১। মানক্রম

বি. মানক্রম। পূর্বিতা (১১০) পূর্ববর্তিতা অগ্রবর্তিতা অগ্রগামিতা পূর্বগামিতা। নেতৃত্ব শ্রেষ্ঠত্ব (৩৪)। গুরুত্ব। ফলাফল। প্রস্তাব।

প্রাক্‌পরিচয় (৬৩)। প্রাধান্য পূর্বাধিকার। উপসর্গ। উপপদ। ভূমিকা। পূর্বাভাস। গৌরচন্দ্রিকা। স্বতঃস্ফূর্তি।

ক্রি. অগ্রে আগে বা প্রথমে আসা বা যাওয়া বা বলা। নেতৃত্ব দেওয়া। পথ দেখানো। সূচনা করা। প্রবর্তন করা। অগ্রাধিকার পাওয়া। প্রস্তাব দেওয়া। পূর্বাভাস দেওয়া। ভূমিকা দেওয়া। ভণিতা করা। গৌরচন্দ্রিকা ভাঁজা।

বিণ. পূর্ববর্তী পুরোবর্তী অগ্রবর্তী প্রাক্ (১১০)। উক্ত পূর্বোক্ত। প্রারম্ভিক (৬৩)।

ক্রি–বিণ. আগে। প্রথমে।

৬২। অনুক্রম

বি. অনুক্রম ক্রম পর্যায় পালা পারম্পর্য পৌর্বাপর্য পরম্পরা ক্রমান্বয় (৬৮) যথাক্রম ক্রমিকতা ক্রমানুসারিতা অনুপূর্ব আনুপূর্ব আনুপূর্বিকতা অনুলোম। ধারা ধারাবহ ধারাবাহিকতা। সূচি সূচিপত্র নির্ঘণ্ট সারণি। তালিকা (৮৩)। সারি পাঁতি পঙ্‌ক্তি লাইন। বর্ণানুক্রম। সংখ্যানুক্রম। মানানুসার। কালানুসারিতা। কালানুক্রমিকতা। কালানুবর্তিতা। প্রবাহ অনুবর্তিতা অনুসরণ অনবচ্ছেদ সম্প্রসারণ।

ক্রি. পরপর আসা বা হওয়া। অনুসরণ করা। পরে আসা। অনুসন্ধান করা। পরে যোগ দেওয়া। উপযোজন করা। মালা গাঁথা। সারি বাঁধা। কিউ করা।

বিণ. ক্রমিক অনুক্রমিক ক্রমানুযায়ী ক্রমানুসারী অনুপূর্ব আনুপূর্বিক যথাক্রমিক ক্রমাগত ক্রমায়ত ক্রমানুযায়ী। সারিবদ্ধ। তরতিবওয়ারি। ধারাবাহিক পরপর পরম্পর (৬৮)। পিঠাপিঠি। চক্রিক চক্রাকার। কালানুক্রমিক। কালানুবর্তী। পরবর্তী। শেষোক্ত। পশ্চাদ্‌বর্তী। একের পর এক। একে –একে।

ক্রি–বিণ. পরে পিছনে (২৩৪)। সারিসারি। একাদিক্রমে। কিউ ধরে বা করে।

৬৩। পূর্বভাগ

বি. পূর্বভাগ পুরোভাগ। প্রাক্‌পরিচয়। পূর্বপুরুষ। পূর্বসূরী। জ্যেষ্ঠ। অগ্রণী অগ্রগ পুরোগ আহ্বায়ক উদ্যোক্তা প্রবর্তক পথপ্রদর্শক পথিকৃৎ নেতা নায়ক সর্দার অধিনায়ক দলপতি প্রধান মাতব্বর মুরব্বি মণ্ডল। মুখপাত্র প্রতিনিধি। দূত অগ্রদূত। পূর্বলেখ পূর্বাভাস ভূমিকা অবতরণিকা। উপক্রমণিকা অনুক্রমণিকা মুখবন্ধ মুখপত্র। সূচনা আরম্ভ। শিরোনাম শিরনামা। প্রচ্ছদপট মলাট। পুরোভূমি। ভিত্তি বুনিয়াদ। প্রাক্কাল। উপক্রম প্রস্তুতি (৬৯৫)। প্রস্তাবনা ভণিতা গৌরচন্দ্রিকা। পূর্বকল্পনা (৫৩৪)। পূর্বলক্ষণ (৫৩৫)।

বিণ. অগ্রবর্তী পূর্ববর্তী। অগ্রগামী পুরোগামী পুরোগ অগ্রগ। অগ্রজ। প্রারম্ভিক। প্রাক্কালীন। ভূমিকাস্বরূপ। ভূমিকাসংক্রান্ত। প্রাথমিক। প্রস্তুতিমূলক উদ্যোগমূলক। পূর্বোক্ত উপরোক্ত। উল্লিখিত। উদ্দিষ্ট।

৬৪। উত্তরভাগ

বি. উত্তরভাগ শেষভাগ। শেষ পরিচ্ছেদ। উপসংহার পরিশিষ্ট। ক্রোড়াঙ্ক ক্রোড়পত্র। উপবৃদ্ধি উপাঙ্গ। প্রত্যয় বিভক্তি। পশ্চাদংশ লেজ। কিউ। পশ্চাৎ পৃষ্ঠ পিঠ পিছন। উত্তরপুরুষ। উত্তরাধিকার। উত্তরক্রিয়া উত্তরচিন্তা পশ্চাৎচিন্তা অনুচিন্তা। পশ্চাত্তাপ অনুতাপ। পুনর্বিবেচনা। পরিণাম পরিণতি পরিশেষ। অনুসারী ভক্ত শিষ্য। মক্কেল। চাটুকার। পারিষদ। পরগাছা।

বিণ. পরবর্তী। পশ্চাদ্‌,–বর্তী,–গামী। অনুজ। উত্তরবিজ্ঞ।

ক্রি.বিণ. পরে শেষে।

৬৫। আরম্ভ

বি. আরম্ভ আরম্ভণ প্রারম্ভ সমারম্ভ উপক্রম অনুবন্ধ প্রমুখ শুরু সূচন সূচনা সূত্রপাত (৬৩)। উপক্রমণিকা অবতরণিকা মুখবন্ধ প্রস্তাব গৌরচন্দ্রিকা ভূমিকা প্রস্তাবনা উত্থাপনা অবতারণা। উদ্বোধন অভিষেক মহরত বিসমিল্লাহ্। উদ্‌ঘাটন যবনিকা-উত্তোলন। উত্তোলন। উৎপত্তি সমুৎপত্তি। উদয় সমুদয় অভ্যুদয়। উদ্ভব সমুদ্ভব। উদ্‌গম সমুদ্‌গম উন্মেষ উন্মীলন প্রকাশ। উদ্রেক সঞ্চার ফোটন প্রস্ফুটন। বিকাশ প্রসার বিস্তার পূর্বাভাস উপলক্ষণ উত্থান আবির্ভাব প্রাদুর্ভাব। ভিত ভিত্তি বুনিয়াদ। ভিত্তিপ্রস্তরস্থাপন। দ্বারোদ্‌ঘাটন। অনুষ্ঠান শুভসূচনা শুভারম্ভ। শুভযোগ। উদ্যম উদ্যোগ। প্রস্তুতি প্রবর্তন প্রবর্তনা। পত্তন প্রতিস্থাপন সংস্থাপন। দীক্ষা। উপস্থাপন। প্রথমচাল। পদক্ষেপ। উষালগ্ন (১১৯)। আদি উৎস মূল (১৫১)। কুঁড়ি কলি মুকুল বউল মঞ্জরি শীষ। অঙ্কুর ভ্রূণ প্রসূন জরায়ু। জন্ম। সৃষ্টি। আঁতুড়ঘর। শৈশব। শীর্ষ শিরোনাম নামপত্র। সম্মুখ (২৩৩)। প্রবেশ প্রবেশপথ খাড়ি মুখ। তোরণ দরজা দ্বারপ্রান্ত চৌকাঠ ফটক দেউড়ি। সীমান্ত। মৌল। উপাদান। খসড়া। মূলসূত্র। মূলতত্ত্ব। ব্যাকরণ। হাতেখড়ি। অ-আ-ক-খ। প্রবেশিকা।

ক্রি. আরম্ভ শুরু সূচনা বা সূত্রপাত করা। ভিত গাড়া। ভিত্তিস্থাপন করা। প্রচলন করা। দ্বারোদ্‌ঘাটন করা। ফিতে কাটা। যবনিকা উত্তোলন করা। ধরা। ওঠা। যাত্রা করা (২৮৮)। উদ্যোগ করা (৬৯০)। তেলেনা ভাঁজা। আনা। পথ দেখানো উদ্বোধন করা। প্রস্তুতি নেওয়া (৬৯৫)। খোলা। জন্ম দেওয়া। আবির্ভাব হওয়া। প্রাদুর্ভাব হওয়া। অঙ্কুর গজানো। ফোটা। প্রস্ফুটিত হওয়া। পুনরায় শুরু করা বা গোড়া থেকে শুরু করা। কেঁচে গণ্ডূষ করা।

বিণ. প্রারম্ভিক উপক্রমিক উপক্রান্ত প্রারব্ধ আরব্ধ সমারব্ধ রব্ধ সূচিত কৃতারম্ভ প্রক্রান্ত। আরভমাণ প্রাথমিক। উদিত অভ্যুদিত উদ্‌গত সমুদ্‌গত উত্থিত অভ্যুত্থিত। উদ্ভূত উদ্ভিন্ন উন্মেষিত উন্মীলিত। উৎপতিত উৎপন্ন উৎপাদিত। স্থাপিত প্রতিষ্ঠাপিত সংস্থাপিত প্রবর্তিত। আবিষ্কৃত উদ্ভাবিত। আভ্যুদয়িক উঠন্ত উদীয়মান উপক্রমমান প্রবর্তমান। বুনিয়াদি। আদি আদ্য আদিভূত আদিম। প্রাগৈতিহাসিক (১১৮)। প্রথম। প্রধান। শীর্ষস্থানীয় সম্মুখবর্তী নেতৃস্থানীয়। উদ্যোগী সূচক সূচনাকারী প্রতিষ্ঠাতা স্থাপয়িতা প্রবর্তক উদ্বোধক।

৬৬। শেষ

বি. শেষ অন্ত অস্ত অবসান সায় নির্বাণ। অবশেষ। ইতি। সমাপ্তি পরিসমাপ্তি তামামি খতম। সীমা পরিসীমা অবধি অন্তর চরম পরাকাষ্ঠা। পূর্ণতা সম্পূর্ণতা পরিপূর্তি পূর্তি। কাবার পাচার উজাড় সাবাড়। পর্যবসান আখের পরিণতি পরিণাম নতিজা। শেষাংশ উপসংহার পরিশেষ পরিশিষ্ট। তামামশোধ। হিসাবনিকাশ। যবনিকাপতন। সমাধা সমাধান সমাপন সম্পাদন নিষ্পাদন নির্বাহ। ক্ষান্তি নিবৃত্তি ছেদ। বিদায়। ইস্তফা। লুপ্তি অবলুপ্তি বিলুপ্তি। রফা মীমাংসা নিষ্পত্তি। বিচ্ছেদ। লক্ষ্য গন্তব্যস্থল। কূলকিনারা সবশেষ। মকসুদমঞ্জিল। শেষ মোকাম। শেষ যাত্রা। অগস্ত্যযাত্রা। সন্ধ্যা জীবনসন্ধ্যা জীবন-সায়াহ্ন। নাভিশ্বাস। শেষ অবস্থা। *শেষ দশা। মৃত্যু (৪০০)।* আখেরাত রোজকেয়ামত শেষদিন।

ক্রি. শেষ হওয়া বা ফুরানো। শেষ করা। চুকানো। ঘুচানো। মেটানো। শোধ করা। বন্ধ হওয়া বা করা।

লক্ষ্য অর্জন করা। লক্ষ্যে উপনীত হওয়া বা পৌঁছানো। ক্ষান্ত হওয়া। ক্ষান্তি দেওয়া। অবসান ঘটা। সাঙ্গ করা। সম্পাদন করা (৬৯৭)। থামা (১৪০)। ফুরানো। দিন ঘনানো। নেভা। মৃত্যু হওয়া (৪০০)। ধ্বংসে হওয়া (১৬০)।

বিণ. শেষ আখেরি অন্ত্য অন্তক সমাপক চরম চূড়ান্ত। সমাপ্ত পরিসমাপ্ত খতম। পর্যবসিত পরিণত পরিপূর্ণ। সাঙ্গ নিষ্পন্ন সম্পন্ন সম্পাদিত নির্বাহিত কৃতশেষ সমাপিত। অবসিত অবসানপ্রাপ্ত। অস্তমিত। অন্তিম। শেষের। প্রান্তিক। বিলুপ্ত অবলুপ্ত। নির্বাপিত। নিঃশেষিত। উজাড় কাবার সাবাড় পাচার। কনিষ্ঠ। শেষোক্ত। শেষাশেষি সমাপ্তপ্রায়।

ক্রি-বিণ. শেষে অবশেষে পরিশেষে সবশেষে। আখেরে। শেষাশেষি। শেষ নাগাদ।

৬৭। মধ্য

বি. মধ্য মাঝ মাঝার। ভেতর অন্তর অভ্যন্তর অন্তঃ অন্তস্তল। কেন্দ্র (২২১)। মধ্যবিন্দু। ভরকেন্দ্র। ভূমধ্য। মধ্য,-দেশ,-প্রদেশ,-ভাগ, -স্থল,-রেখা। অক্ষ। বিষুব বিষুবরেখা। মধ্যস্থাপন (২২৭)। মধ্যপদ। মধ্যকাল। মধ্যাহ্ন। মধ্যরাত্রি। মধ্যমাস। অন্তঃসার। মাধ্যম। গড় (৩০)। মধ্যপন্থা। মধ্যবর্তিতা। মধ্যস্থতা। নিরপেক্ষতা। মীমাংসা। সমান্তরতা। সমদ্বিখণ্ডন। কোমর কটি মধ্যচ্ছদা।

বিণ. মধ্য,-স্থ,-স্থিত,-বর্তী মাঝের ভেতরের ভেতরকার। অভ্যন্তরীণ আভ্যন্তরীণ আভ্যন্তরিক আভ্যন্তর। অন্তঃ,-স্থিত-পাতী। অন্তর্বাহ অন্তর্বাহী। মধ্যকালীন। অন্তর্বর্তীকালীন সাময়িক। অন্তর্বর্তী। কেন্দ্রস্থ কেন্দ্রীয়। মধ্যবিন্দুস্থ। মধ্যগ। মাঝামাঝি মাঝারি। মেজো। সমদূরবর্তী। বিষুবীয়।

ক্রি-বিণ. মধ্যে। মাঝে মাঝ,-খানে,-পথে।

৬৮। ক্রমান্বয়

বি. ক্রমান্বয় ক্রমান্বয়তা ক্রমিকতা ক্রমাগম ক্রমাগতি ক্রমপর্যায় তরতিব। সিরিজ। অনুক্রম (৬২) আনুপূর্ব ধারাবহ। পারম্পর্য পরম্পরা। ধারাবাহিকতা। অনবচ্ছেদ (১৪১) নিরবচ্ছিন্নতা নিরন্তরতা নিত্যতা সাত্যতা। মিছিল শোভাযাত্রা। শবযাত্রা। কুরসিনামা কুলজি বংশধারা বংশপরম্পরা বংশানুক্রম পুরুষানুক্রম। বংশ পরিবার জাতি। ইতিহাস। সারি শ্রেণী। সোপান শৃঙ্খল। চেইন। অকারাদিক্রম বর্ণানুক্রম।

ক্রি. পরপর সাজানো। শ্রেণীবদ্ধ করা। একসূত্রে গাঁথা। নথিবদ্ধ তালিকাবদ্ধ বা ফিরিস্তি করা।

বিণ. ক্রমায়ত ক্রমাগত ক্রমিক (৬২)। পরম্পরীণ পরম্পরাগত। ধারাবাহিক অবিরাম অবিশ্রাম। অবিচ্ছিন্ন অনবচ্ছিন্ন একটানা অভগ্ন অভঙ্গ অক্ষত। চিরন্তন নিত্য।

ক্রি-বিণ. ক্রমান্বয়ে পরপর পর্যায়ক্রমে। উত্তরোত্তর। উপর্যুপরি। ক্রমাগত। একাদিক্রমে ধারাক্রমে। কালক্রমে। ক্রমে। ক্রমশ। দেখতে দেখতে।

৬৯। ক্রমভঙ্গ

বি. ক্রমভঙ্গ পর্যায়চ্যুতি উৎক্রম (২১৭)। অক্রম প্রতিক্রম। বিশৃঙ্খলা (৫৮)। অসংবদ্ধতা অসংযোগ (৪৪)। ছন্দপতন। বিভঙ্গ। ছেদ ফাটল চিড় ত্রুটি। ফাঁক (১৯৭)। বিরাম বিরতি ক্ষান্তি। একান্তরতা।

ক্রি. ছেদ পড়া। থামা। স্থগিত থাকা বা হওয়া। নিরস্ত হওয়া বা করা। মধ্যে পড়া (২২৭)। সংযোগ ছিন্ন হওয়া (৪৪)। বিযুক্ত বা বিচ্ছিন্ন হওয়া বা করা। রেশ কাটা।

বিণ. ক্রমিকতাবিহীন। ছিন্ন বিচ্ছিন্ন ভগ্ন খণ্ডিত অসংবদ্ধ অসংযুক্ত। অনিয়মিত সাময়িক। সবিরাম। একান্তর। পর্যাবৃত্ত।

৭০। সমাবেশ

বি. সমাবেশ সমাগম। সমূহ সংঘাত। সম্মিলন সম্মেলন মেল মেলা। জলসা মজলিস মহফিল বৈঠক দরবার। বারোয়ারি। সামাজিক-সম্মেলন। পুনর্মিলন। জামায়াত কাতার। মিলন সংগম মোহনা। সংঘ সমিতি সভা মিটিং। সংস্থা পরিমেল। লিগ আঞ্জুমান। সভা পরিষদ সংসদ পার্লামেন্ট কংগ্রেস আইনপরিষদ (৭১৬)। প্রতিনিধিসভা। জোট দল গোষ্ঠী সম্প্রদায় সমাজ। ফৌজ সৈন্যদল সেনাবাহিনী কোম্পানি প্লাটুন স্কোয়াড রেজিমেন্ট ডিভিশন। রচনা সংগ্রহ সংকলন সঞ্চয়িতা সঞ্চিতা। সাহিত্য,-সভা, -বাসর। সেমিনার আলোচনাসভা বৈঠক। লাইব্রেরি (৬৪০)। জনতা। জন,-সমাগম, -সমাবেশ,-সমুদ্র,-স্রোত। লোকপ্রবাহ জনারণ্য লোকারণ্য জমায়েত হাট মেলা ভিড় হুড় গ্যাঞ্জাম জটলা ঘোঁট দঙ্গল হিড়িক হুল্লোড় হল্লা গুলতানি আন্দোলন। ঠেলাঠেলি ঠেসাঠেসি। দল যূথ পাল পঙ্গপাল ঝাঁক হলকা। জ্ঞাতি ভ্রাতৃত্ব। পুঞ্জ পাঁজা স্তূপ পালা রাশ রাশি ঢিপি গাদা গাদি তাল টাল কাঁড়ি ডাঁই। ব্যাচ লট থোকা থোক। গোছ গোছা গুচ্ছ তোড়া স্তবক। গুছি দল দাম দলা পিণ্ড কাঁদি ছড়া তল্পা থোলো থোপ। তাড়া তাড়ি নুড়া নুটি আঁটি। বোঝা। প্যাকেট বান্ডিল বেল গাঁট। ঝড় বৃষ্টি মেঘ। গাদাগাদি ঠাসাঠাসি ঘেঁষাঘেঁষি।

ক্রি. একত্র সমবেত জমায়েত হওয়া বা করা। দল পাকানো বা বাঁধা। ভিড় করা। ভিড় জমা বা হওয়া। গুলতানি বা ঘোঁট পাকানো। তাল বা স্তূপ করা। তাল পাকানো ভরা ঠাসা গাদানো বা বোঝাই করা। সংগ্রহ সংকলন বা সঞ্চয়ন করা।

বিণ. একত্র জড় সমবেত একত্রীভূত সমাবিষ্ট জমাট জমজমাট ঘন নিবিড়। জমজম। সরগরম জমাটি। গুলজার। জনাকীর্ণ। একশা গাদাগাদি রাশিরাশি। প্রমুখ।

ক্রি-বিণ. কাতারেকাতারে। পালেপালে। লাখেলাখে শয়েশয়ে। হাজারেহাজারে। দঙ্গলেদঙ্গলে। সদল সদলে। দল বেঁধে। দলেদলে ঝাঁকেঝাঁকে। দফায়দফায়। বারেবারে। ঘুরেঘুরে। ফিরেফিরে।

অব্য. গিজগিজ বিজবিজ থকথক থিকথিক গিনগিন। ইত্যাদি প্রভৃতি। এইসব। আরও।

৭১। বিচ্ছুরণ

বি. বিচ্ছুরণ বিক্ষেপ। বিপ্রকর্ষণ বিকর্ষণ। প্রতিফলন প্রতিবিম্বন আলোকবিচ্ছুরণ। বিদারণ বিস্তার প্রসার প্রচার ব্যাপ্তি ব্যাপকতা। ছড়াছড়ি। প্রাদুর্ভাব। বিলি বিতরণ বাঁটোয়ারা।

ক্রি. ছড়ানো। ছিটানো। বিস্তৃত হওয়া। ব্যাপ্ত করা। নিক্ষেপ করা। বিকীর্ণ বা বিক্ষিপ্ত করা। বিলানো। বিলি বা বিতরণ করা। বন্টন করা (৭৯৫)। খুচরা বিক্রি করা। দূর করা। ভেসে যাওয়া।

বিণ. বিচ্ছুরিত বিক্ষিপ্ত বিকীর্ণ প্রকীর্ণ সমাকীর্ণ ছড়ানো ছিটানো বিস্তৃত চারিত সঞ্চারিত। ছিন্নভিন্ন ছত্রভঙ্গ বিশৃঙ্খল।

৭২। শ্রেণী

বি. শ্রেণী ক্লাস বর্গ সারি রাজি পাতি নর পঙ্‌ক্তি বীথি পদ্ধতি রেখা লাইন কাতার সারণি। ক্রম শাখা। খাত ভাগ বিভাগ অনুবিভাগ বিভাজন। প্রদেশ বিভাগ জেলা মহকুমা থানা তহশিল। রকম প্রকার ধারা বিধা বিশেষ কিসিম ফারকা ধরন টাইপ বৈচিত্র্য। পরিবার জ্ঞাতি। কুল বংশ গোষ্ঠী বর্ণ প্রজাতি জাতি গণ সমাজ কওম সম্প্রদায় দল পাল জোট। লিঙ্গ। বর্ণনা বিন্যাস। সম্পর্ক। পদ

আখ্যা। শীর্ষ। চরিত্র। ছাপ। নির্বাচন। নিদর্শন নমুনা। শ্রেণীচরিত্র। শ্রেণী,-সংঘাত,-সংগ্রাম।
বিণ. শ্রেণীবদ্ধ। পঙ্ক্তিবদ্ধ সারি,-বদ্ধ,-বন্দী।

৭৩। অন্তর্ভুক্তি

বি. অন্তর্ভুক্তি ভুক্তি ভর্তি। সমিতিভুক্তি দলভুক্তি। গ্রহণ ধারণ বরণ। গঠন রচনা রূপায়ণ। অন্তর্নিবেশ।
ক্রি. অন্তর্ভুক্ত করা। ভর্তি করা। ভুক্তি করা। দাখিল করা। শামিল করা। অন্তর্গত করা। সীমাবদ্ধ করা (২২৮)। দলবদ্ধ বা সমিতিবদ্ধ করা। আচ্ছাদন করা। ঘেরা। গণনা করা। গনতির ভেতর আনা। অধীনে বা আয়ত্তে আনা।
বিণ. অন্তর্ভুক্ত দাখিল শামিল ভুক্ত ভর্তি। সর্বাত্মক।

৭৪। বহিষ্করণ

বি. বহিষ্করণ বহিষ্কার নির্বাসন নিষ্কাশন। অগ্রহণ। নাকচকরণ। প্রত্যাখ্যানকরণ। বাদ বর্জন (৫৫)। উৎখাত উচ্ছেদ। অপনোদন অপসারণ। নিক্ষেপ (২৯২)।
ক্রি. বহিষ্কার করা। দেশছাড়া করানো। খেদানো। তাড়ানো। ভাগানো। ভিটে মাটি উচ্ছেদ করা। ভিটেয় ঘুঘু চরানো। অগ্রাহ্য নাকচ বা প্রত্যাখ্যান করা। না নেওয়া। বাদ দেওয়া। বর্জন করা (৫৫)।
বিণ. বহিষ্কৃত দূরীভূত অপসারিত। অগ্রাহ্য প্রত্যাখ্যাত। ত্যক্ত বর্জিত। উচ্ছেদিত উৎসাদিত উৎসন্ন।

৭৫। সামান্যতা

বি. সামান্যতা। সাধারণ,-তা,-ত্ব। সাধারণ্য। অস্মিতাহীনতা। আবালবৃদ্ধবনিতা। জনসাধারণ। সর্বজনীন,-ত্ব,-তা। বিশ্বজনীন,-তা,-ত্ব। সর্বব্যাপী,-তা,-ত্ব। গতানুগতিকতা। প্রচলন ব্যাপ্তি ব্যাপকতা।
ক্রি. সামান্যীকরণ করা। সাধারণীকরণ করা। সাধারণ হওয়া বা করা। প্রচার করা।
বিণ. সামান্য সাধারণ আম মামুলি। পাইকারি। সরকারি সর্বজনীন বিশ্বজনীন সর্বব্যাপী সর্বত্রবিরাজমান। বিশেষত্বহীন। সাপটা। গতানুগতিক প্রচলিত। ব্যাপক (৭১)। সকল সমগ্র প্রত্যেক। যে-কেউ। নির্বিশেষ জাতিধর্মনির্বিশেষ। নৈর্ব্যক্তিক।
ক্রি-বিণ. সামান্যত সাধারণত নির্বিশেষে জাতিধর্মনির্বিশেষে। সর্বত্র। সর্বজনীন সার্বজনীন সার্বজনিক।

৭৬। বৈশিষ্ট্য

বি. বৈশিষ্ট্য বিশিষ্টতা বিশেষত্ব। বিশেষ বিশেষণ। অসামান্যতা অসাধারণত্ব। বৈলক্ষণ্য। পার্থক্য তারতম্য। অস্মিতা ব্যক্তিত্ব ব্যষ্টি চারিত্র মেজাজ খেয়াল স্বভাব তাসির। মুদ্রাদোষ। সর্জনা স্বকীয়তা স্বাতন্ত্র্য স্বতন্ত্রতা। অনন্যতন্ত্র। মৌলিক,-ত্ব,-তা। গুণ ভাব। কাল,যুগ,-ধর্ম। আদর্শ। নিদর্শন। প্রতীক। নামঠিকানা। দফা। খুঁটিনাটি।
ক্রি. বিশেষিত করা। বিশেষভাব আরোপণ করা। স্বকীয়তা জ্ঞাপন করা। আখ্যা বা সংজ্ঞা দেওয়া। নির্দেশ দেওয়া। বাছাই করা। পার্থক্য করা। পুঙ্খানুপুঙ্খ বা খুঁটিনাটি দেখা।
বিণ. বিশেষ বিশিষ্ট সবিশেষ। মৌলিক মৌল। অকৃত্রিম। আদি (২৩)। অসামান্য অসাধারণ অনন্যসাধারণ। অলোকসামান্য (৮৮৩) অনন্য অদ্বিতীয় একমাত্র অপূর্ব অনন্যপূর্ব। স্বতন্ত্র খাস স্বকীয় ব্যক্তিগত নিজস্ব স্বীয় স্বমহিম একান্ত। পারিবারিক। বেসরকারি। লোকোত্তর। বিশেষিত

বিশেষগুণান্বিত বিশেষভাবান্বিত। চারিত্রিক। মার্কামারা। প্রতিনিধিত্বমূলক। নির্দিষ্ট যথাযথ নিশ্চিত। ব্যতিক্রমধর্মী। অতুলনীয় অনুপম।
ক্রি-বিণ. বিশেষত সবিশেষ।

৭৭। নিয়ম

বি. নিয়ম। সমরূপতা সমতা সমাঙ্গতা সুষমতা। স্থিতি সুস্থিতি। সংগতি। নিত্যতা। নিয়মনিষ্ঠা। নিয়মানুগত্য নিয়মানুবর্তিতা। প্রণালী পদ্ধতি। তঁরতিব। ক্রম রুটিন প্রথা রীতি তরিকা দস্তুর প্রচলন রেওয়াজ। দেশাচার। নিয়মকানুন। আইনকানুন বিধি শাস্ত্র শরিয়ত। প্রনিয়ম প্রবিধান। নিয়মন নিয়ন্ত্রণ। আদর্শ নজির। প্রবচন। অনুবর্তিতা (৭৯)। স্বভাবিতা স্বাভাবিক,-তা,-ত্ব।
বিণ. নিয়মিত সমরূপ সমঙ্গ সম সুষম সমঞ্জস নিত্য স্থির ধরাবাঁধা। আইন,নিয়ম,-মাফিক (৭৯)। স্বভাবী স্বাভাবিক। সাধারণ। রেওয়াজমাফিক দস্তুরমত। রীতি,প্রথা,-মত (৭৯)। সুসম্বদ্ধ নিয়মাবদ্ধ। সুশৃঙ্খল নিয়মনিষ্ঠ।

৭৮। বহ্বাকার

বি. বহ্বাকার বহুরূপতা বৈচিত্র্য বিচিত্রতা বৈভিন্ন্য বিভিন্নতা।
বিণ. বহুরূপী বিচিত্র বিবিধ পাঁচমিশেলি সাতসতেরো সাতপাঁচ শতেকপ্রকার নানাবিধ নানারূপ নানাপ্রকার। হরকিসম হরেকরকম রকমারি সবরকম সর্বপ্রকার। বিভিন্ন বেতর তরবেতর। অসম বিষম। মুতফরক্কা। বিদঘুটে (৮০)।

৭৯। অনুবর্তিতা

বি. অনুবর্তিতা পালন (৭৪১)। রক্ষণ মান্যকরণ অলঙ্ঘন। বৈচিত্র্যহীনতা গতানুগতিকতা (৬২৪)। স্বাভাবিকতা সাদৃশ্য সংগতি। দৃষ্টান্ত উদাহরণ নজির আদর্শ নমুনা। রক্ষণশীলতা সময়নিষ্ঠা সময়ানুবর্তিতা। নিয়মনিষ্ঠা।
ক্রি. পালন করা। মানা। মেনে চলা। রক্ষা করা। তাল ফেলা। তালে তাল মিলানো। দেশাচার মেনে চলা। আদর্শ স্থাপন করা। দৃষ্টান্ত বা উদাহরণ দেওয়া। উদ্ধৃত করা।
বিণ. অনুবর্তী। নিয়মানুবর্তী নিয়মানুগ নিয়মানুযায়ী নিয়মনিষ্ঠ। অটল দৃঢ়। সুশৃঙ্খল সমঞ্জস সংগতিপূর্ণ। চলনমাফিক (৬২৪)। স্বাভাবিক মামুলি সাধারণ। গতানুগতিক। একঘেঁয়ে বৈচিত্র্যহীন। চিরকেলে রক্ষণশীল গোঁড়া। আপসবিরোধী। আদর্শবাদী আচারপ্রিয়। নিয়মবিলাসী। আদর্শস্থানীয়। নিদর্শন,উদাহরণ, -স্বরূপ।

৮০। অননুবর্তিতা

বি. অননুবর্তিতা। অপালন (৭৪২)। অমাননা লঙ্ঘন উল্লঙ্ঘন বিরুদ্ধাচরণ খেলাফ বরখেলাফ অন্যথা। ভ্রংশ চ্যুতি স্খলন পদস্খলন পতন। ব্যত্যয় ব্যতিক্রম নড়চড়। ছন্দপতন। আপজাত্য উৎকেন্দ্রতা। অস্বাভাবিকতা। বিরলত্ব। অনিয়ম অপেরণ স্বেচ্ছাচার ভ্রষ্টাচার ব্যভিচার উন্মার্গ উৎপথ কুপথ। স্বকীয়তা মৌলিকতা স্বভাব। অসামান্যতা অসাধারণতা। অব্যাহতি। শর্তসাপেক্ষতা। গুণসাপেক্ষতা।
ক্রি. পালন না করা। না মানা। টলা। ভিন্ন পথে চলা। নিয়ম ভাঙা।
বিণ. অননুবর্তী উৎকেন্দ্রিক অস্বাভাবিক। বেতাল বেচাল। ব্রাত্য ভ্রষ্ট চ্যুত স্খলিত পতিত। নীতিভ্রষ্ট। বেদস্তুর বেদাঁড়া বেখাপ্পা। বেমক্কা। অন্যায় অবৈধ বেআইনি বেএক্তিয়ার খেয়ালখুশী। নিয়মবিরুদ্ধ স্বেচ্ছাচারী উচ্ছৃঙ্খল কদাচারী কুপথগামী উন্মার্গ।

অনিয়মিত অস্বাভাবিক অসাধারণ বিরল। অভিনব আশ্চর্যজনক বিস্ময়কর। রাক্ষুসে বিদঘুটে বেমানান। বেনজির। বেতর বিষম বিসদৃশ। জাতিভ্রংশ সমাজচ্যুত ধর্মচ্যুত একঘরে দলছাড়া পথভ্রষ্ট কুলভ্রষ্ট। যূথভ্রষ্ট। দোআঁশ সংকর বেজাত অপজাত।

৮১। সংখ্যা

বি. সংখ্যা অঙ্ক নম্বর মার্কস রাশি। অমিশ্র,–রাশি,–সংখ্যা। অখণ্ড,–রাশি,–সংখ্যা। পূর্ণসংখ্যা। অচররাশি। ভগ্নাংশ। প্রকৃত ভগ্নাংশ। অপ্রকৃত ভগ্নাংশ। লব। হর। দশমিক। দেড় সার্ধ দেড়া। আধ অর্ধ আধা অর্ধেক অর্ধাংশ। সওয়া। সিকি চতুর্থাংশ। পৌনে। আড়াই। যুগ্ম,জোড়,–সংখ্যা। সমরাশি। অযুগ্ম,বিজোড়,–সংখ্যা। সংখ্যাক্রম। সংখ্যাতত্ত্ব পরিসংখ্যান স্ট্যাটিসটিক্স্। একক দশক শতক সহস্র অযুত লক্ষ নিযুত কোটি অর্বুদ। দশমাংশ। সহস্রাংশ। সংকেত চিহ্ন চিত্র দাগ। শ্রেণী। সমান্তর শ্রেণী। অঙ্ক আঁক। সংখ্যান। যোগ যোগফল। বিয়োগ ব্যবকলন বিয়োগফল। গুণন। হরণ। পূরণ গুণক গুণিতক গুণফল। ভাজন বিভাজন ভাজক ভাজ্য ভাগফল ভাগশেষ। মোট সমষ্টি সমূহ সমাহার সমীকরণ সমানুপাত। অন্তর পার্থক্য। হার অনুপাত শতকরা হার। প্রগতি। সমান্তর প্রগতি। শক্তি। মূল। প্রসারণ। সূচক। লগ। সংখ্যা,পরিসংখ্যান,–বিদ স্ট্যাটিসটিশিয়ান।

বিণ. সংখ্যক সাংখ্যিক। সংখ্যেয় (৮২)। সংখ্যাযোগ্য। সংখ্যাবাচক। সংখ্যা,–গরিষ্ঠ,–গুরু। সংখ্যালঘিষ্ঠ।

ক্রি–বিণ. সংখ্যানুপাতে।

৮২। গণনা

বি. গণনা গণন গনতি শুমার কলন। সংখ্যাগণনা। সংখ্যাকরণ। সংখ্যা,–নিরূপণ,–নির্ধারণ। অঙ্কপাত। সংখ্যাবিজ্ঞান। বিগণন পরিগণনা পরিসংখ্যান। পরিমাপন (৪৮১)। অঙ্ক অঙ্কশাস্ত্র গণিত গণিতশাস্ত্র। পাটীগণিত। বীজগণিত। জ্যামিতি। ত্রিকোণমিতি। কনিকস্। ক্যালকুলাস। অবকলন। কলন। অন্তরকলন। সমাকলন। ব্যবকলন। ধারাপাত। শতকিয়া নামতা। লগটেবিল। তথ্যগণিত। রেখাগণিত। মানসাঙ্ক। শুভঙ্করী। তালিকা। রোল। আদমশুমার (৮৩) লোকগণনা সেনসাস। যোগ যোজন। বিয়োগ বিয়োজন। গুণ গুণন পূরণ। ভাগ বিভাজন। অ্যাবাকাস। স্লাইডরুল। গণনযন্ত্র ক্যালকুলেটর। কম্পিউটার হিসাবযন্ত্র। অঙ্কশাস্ত্রবিদ গণিতজ্ঞ বীজগণিতবিদ জ্যামিতিবিদ ত্রিকোণমিতিবিদ গাণনিক বিমাগাণনিক।

ক্রি. গণনা করা। গণা। গোনা। সংখ্যা নিরূপণ করা। অঙ্ক বা আঁক কষা। হিসাব করা। খড়ি পাতা। খতানো। দেখানো। নাম ডাকা।

বিণ. গানিতিক গণনীয়। গণ্য। সংখ্যেয় (৮১)। গণিত পরিগণিত কলিত। গণনাকারী গণক। অঙ্কবিদ। আঙ্কিক।

৮৩। তালিকা

বি. তালিকা ফর্দ ফিরিস্তি লিস্টি। তফসিল। রেজিস্টার (৫৬২)। হিসাব (৮১২)। জায় একজায় বহি খতিয়ান লেজার। নথি। নির্ঘণ্ট। সারণি সূচি। সারাংশ সংক্ষিপ্তসার। চালান। বোঝাইতালিকা বহনপত্র। প্রস্তাবিত কর্মপন্থা। কর্মসূচি কার্যবিবরণী। ভাড়ার তালিকা। খাদ্যতালিকা মেনু। লোকগণনা আদমশুমার।

পরিসংখ্যান। বিবরণ। নামঠিকানা। মানচিত্র। ইশ্‌তেহার। পঞ্জি,-কা। পাঁজি। বর্ষ,-লিপি,-পঞ্জী। রোজনামচা। অভিধান শব্দকোষ পরিভাষা বিশ্বকোষ। রোল মাস্টাররোল। কার্যতালিকা। প্যানেল।

ক্রি. তালিকা তৈরি বা প্রস্তুত করা।

৮৪। একত্ব

বি. এক,-তা,-ত্ব। ঐক্য অভিন্নতা অভেদ (১৩)। একীকরণ একতাবিধান। ভেদরাহিত্য অবিকল্পতা। বিকল্পহীনতা। অদ্বিতীয়ত্ব অবিশেষ। অবিচ্ছেদ্যতা অবিচ্ছিন্নতা। ব্যষ্টি। একত্রীকরণ (৪৮)। সম্পূর্ণতা সামঞ্জস্য পরিপূর্ণতাসম্পাদন। এক। একক মাত্রা। ব্যক্তি।

ক্রি. এক করা (৪৩)। একতাবদ্ধ করা (৪৮)। জড়ো করা।

বিণ. এক একক অভিন্ন পৃথক অদ্বিতীয় অনন্য। বিকল্পহীন। অবিচ্ছেদ্য অবিচ্ছিন্ন ভেদরহিত (১৩)। একা একাকী একলা নিঃসঙ্গ একান্ত। একটা একটি এক,-খানা,-খানি। এক,-গাছা, -গাছি। প্রথম পয়লা পহেলা। প্রথমত। প্রত্যেক হর ফি প্রতি। কেবল। আলাদা। সর্বস্ব।

অব্য. স্বয়ং খোদ।

৮৫। সঙ্গ

বি. সঙ্গ আসঙ্গ সাথ সহকার সাহচর্য সংসর্গ সান্নিধ্য। সহযোগ। সমভিব্যাহার সহগমন। উপাঙ্গ প্রসঙ্গ অনুষঙ্গ ভাবানুষঙ্গ। সমাবন্ধ (৪৮)। সমিতি সমবায়। কোম্পানি। সঙ্গী সাথী সহকারী সহকর্মী। সাহাবা আসহাব। সহপাঠী। সহযাত্রী। দোহার। দোসর জোড়া। অংশীদার পার্টনার। জায়াপতি। সহবাস। সহমরণ অনুমরণ। সৎ,সাধু,ভাল,-সঙ্গ। কু,অসৎ,-সঙ্গ। কু,অসৎ,-সংস্রব। দেখাসাক্ষাৎ সাক্ষাৎকার সাক্ষাৎসম্বন্ধ। সহচর সানুচর সাঙ্গোপাঙ্গো। উপগ্রহ। গলগ্রহ। ছায়া। অনুসারী (৬৪)।

বিণ. সমেত সহিত সহযুক্ত যুক্ত। যুগ্ম জোড়া যমজ। আনুষঙ্গিক অনুষঙ্গী। একত্র একশা একাট্টা।

অব্য. সঙ্গে সহিত সাথে সহযোগে। একত্রে একসঙ্গে। সপরিবারে। সদলে।

৮৬। দ্বিত্ব

বি. দ্বিত্ব দ্বৈত দ্বৈধ। দ্বিবিধ,-তা,-ত্ব। দ্বৈবিধ্য। দ্বি দ্বয় দুই দ্বিতয় দো দুইটি দুটি। যমল যমজ। যুগল যুগ্ম জোড়া জোড়। দোসর। অঞ্জলি। মিথুন। জোয়াল। দ্ব্যর্থ। দ্বৈতবাদ। দ্বিগুণত্ব। দ্বিরুক্তি। দ্বিখণ্ডন দ্বিধাকরণ দ্বিধীকরণ।

ক্রি. জোড় মেলানো। দু'হাত এক করা। দুই গুণ করা। অর্ধেক করা।

বিণ. দ্বিতীয় দোসরা। মেজ। দ্ব্যর্থ। দ্বিভাব। দ্বৈতী দ্বৈতবাদী। দ্বিগুণ দোকর দুন দুনো দুইগুণ। ডবল যুগ্ম জোড়া। উভয় উভ। জোড়াজোড়া। যমজ। দোকলা দোকা দোহারা। দ্বিখণ্ডিত দ্বিধাবিভক্ত। অর্ধ অর্ধেক অর্ধাংশ আধ আধা। দোতলা।

ক্রি-বিণ. দ্বিধা। দ্বিতীয়ত। উভয়ত উভয়থা।

৮৭। ত্রিত্ব

বি. ত্রিত্ব। ত্রি ত্রয় তিন ত্রিক। ত্রিকাল। ত্রিকূল। ত্রিকোণ। ত্রিভুজ। ত্রিগুণ। ত্রিবেণী। ত্রিসীমা। ত্রিপদী। ত্রিবর্ণ। তেমাথা। তেপায়া। ত্রিগুণন। ত্রিভাগ ত্র্যংশ।

বিণ. তৃতীয় তেসরা। সেজ ত্রয়ী। ত্রিবিধ ত্রিপাদ ত্রৈকালিক। ত্রৈগুণ্য। ত্রৈরাশিক। ত্র্যস্র তেকোনা।

তিনগুণ। তিনভাঁজ। তৃতীয়াংশে। তেহাই তেহারা। তেতলা।
ক্রি-বিশ. ত্রিধা। তৃতীয়ত।

৮৮। চতুঃ

বি. চতুঃ চত্বার চারি চার। চতুষ্টয় গণ্ডা হালি। চতুরংশ চৌথ সিকি পোয়া কোয়ার্টার চতুষ্পার্শ্ব চারিপাশ চারিধার চৌপাশ চৌহদ্দি। চতুষ্পথ। চৌ,-পথ,-রাস্তা,-মাথা,-মোহনা। চতুষ্পদী চৌপদী। চৌ,-খণ্ডি,-পায়া,-দোলা। চারতলা।
বিশ. চতুর্থ চৌ চতুর্থী চৌঠা ন। চতুর্গুণ চৌগুণ। চতুর্বিধ। চতুর্ভুজ। চতুষ্কোণ চৌকোনা চারকোনা চৌকা চতুরস্র। চারআনা পৌনে অর্ধার্ধ। চৌচির।
ক্রি-বিশ. চতুর্ধা। চতুর্থত।

৮৯। পঞ্চ

বি. পঞ্চ পাঁচ। পাঁচই। পঞ্চমী। পঞ্চক পঞ্চগুণ পঞ্চমাংশে। পঞ্চভুজ। পঞ্চায়েত। পাঁচমিশেলি।
বিশ. পঞ্চম। পাঁচসালা।
ক্রি-বিশ. পঞ্চধা। পঞ্চমত।

৯০। ষট

বি. ষড় ছয়। ছয়ই। ছক্কা। ছউই। আধডজন। ষড়গুণ। ষড়ভুজ ষটপদ। ষড়ঙ্গ।
বিশ. ষষ্ঠ ষষ্ঠী। ষড়বিধ।
ক্রি-বিশ. ষড়ধা। ষষ্ঠত।

৯১। সপ্ত

বি. সপ্ত সাত। সাতুই। সপ্তক। সপ্তমাংশে।
বিশ. সপ্তম। সপ্তমী।
ক্রি-বিশ. সপ্তধা। সপ্তমত।

৯২। অষ্ট

বি. অষ্ট আট। অষ্টমাংশে। আটই। অষ্টক। অষ্টভুজ। অষ্টকোণ। অষ্টাঙ্গ।
বিশ. অষ্টম অষ্টবিধ। অষ্টমী। অষ্টাংশিত।
ক্রি-বিশ. অষ্টধা। অষ্টমত।

৯৩। নব

বি. নব নয় ন। নবাংশে। নউই। নবগুণ নবলক্ষণ।
বিশ. নবম নবমী।
ক্রি-বিশ. নবধা। নবমত।

৯৪। দশ

বি. দশ দশক। দশমাংশে। দশকর্ম।
বিশ. দশম দশতম।
ক্রি-বিশ. দশধা। দশমত। দশমিক। দশসালা।

৯৫। শূন্যতা

বি. শূন্যতা শূন্যভাব। অনস্তিত্ব (২)। বিহীনতা রিক্ততা অভাব ফাঁকাভাব রাহিত্য। খালিখালি, -নেইনেই,-ভাব। শূন্যবাদ। ফক্কিকা। গোল্লা। নোক্তা বিন্দু ফুটকি।
ক্রি. শেষ করা। খতম করা। উঠিয়ে দেওয়া। ওঠানো। মিটিয়ে দেওয়া। মুছে ফেলা। তোলা। তুলে দেওয়া। পাট তোলা ওঠানো বা চুকানো। চুকিয়ে দেওয়া। লাটে ওঠানো। উজাড় করা। নিঃশেষ করা। ফুরানো। ফুঁকে দেওয়া। ওড়ানো। না ভরা।
বিশ. শূন্য রিক্ত বিহীন হীন রহিত বিরহিত খালি ফাঁকা শুধু ধুধু খাঁখাঁ ঢুঢু ঠনঠনে। বাড়ন্ত। নাস্তি (২) নাই। নিঃশেষিত। রদ বাতিল। কাবার সাবাড়। শূন্যগর্ভ ফাঁপা অসার।

৯৬। বহুতা

বি. বহু,-তা,-ত্ব। বহুলতা ভূমা অনেকত্ব নানাত্ব একাধিকত্ব। আধিক্য প্রাচুর্য জাস্তি পর্যাপ্ততা (৬৪১) আতিশয্য বাহুল্য (৬৪৩)। সমূহ গণ সমষ্টি। দল পাল ফৌজ যূথ ঝাঁক। পুঞ্জ পাহাড় গাদা স্তূপ। ঘটা ঘনঘটা। জনতা (৭০)।

বিণ. বহু বহুত বহুতর বহুল একাধিক বেশি অনেক মেলা অধিক অত্যধিক সমধিক খুব অট্ট অতি অতীব অত্যন্ত অতিশয় সাতিশয় জাস্তি প্রচুর ঢের ভূয়সী প্রভূত প্রতুল পর্যাপ্ত (৬৪১) যথেষ্ট রাশিরাশি কাঁড়িকাঁড়ি ভূরিভূরি ভূরি গুচ্ছের গাদাগাদি। এক,-গাদা,-তাল,-গঙ্গা,-শেষ। একান্ত নিতান্ত অসংখ্য অগণিত অগণ্য অগণনীয় অগনতি বেশুমার অসংখ্যেয় সংখ্যাতীত এন্তার। অতিরিক্ত বহুল ফালতু উমদা। অমিত অপরিমিত অমেয় অপরিমেয় বেধড়ক বিস্তর দেদার অজস্র অঢেল। নিযুত কোটি সহস্রসহস্র হাজারহাজার লক্ষলক্ষ লাখোলাখো। ফলাও ঢালাও নিপট বেজায় বেহদ্দ। নানা বিবিধ বিভিন্ন। অগাধ সীমাহীন অসীম অনন্ত অশেষ। সংখ্যা,-গুরু,-গরিষ্ঠ।

অব্য. গুলি গুলো গুলা গুলিন। গণ। বৃন্দ। রা।

৯৭। অল্পতা

বি. অল্প,-তা,-ত্ব। স্বল্প,-তা,-ত্ব। ন্যূন,-তা,-ত্ব। কমতি কমসম। টান অকুলান অপ্রতুল। কমি অভাব উনতা। নগণ্য,-তা,-ত্ব। দীনতা। সামান্য, -তা,-ত্ব। অপ্রাচুর্য (৬৪২)। হীনতা ক্ষুদ্রতা (৩৩)। মান্দ্য। লঘু,-তা,-ত্ব। বিরলতা দুর্লভতা দুষ্প্রাপ্যতা। অপূর্ণতা নাবালকত্ব। হ্রাস ক্ষয় অবক্ষয়। দূরীকরণ অপনোদন। অবনতি।

ক্রি. কম টান বা ঘাটতি পড়া। অভাব হওয়া। কমানো। লাঘব করা। হ্রাস করা। ছাঁটা। ছাঁটাই করা। বাদ দেওয়া।

বিণ. অল্প স্বল্প স্তোক অত্যল্প উন ন্যূন অবম ঈষৎ কম একটু সামান্য কিয়ৎ কিঞ্চিৎ যৎকিঞ্চিৎ যৎসামান্য যথাসামান্য। নগণ্য। অনধিক। কথঞ্চিৎ কতক খানিক কয়েক কিছু। কিছুকিছু অল্পস্বল্প মুষ্টিমেয় পরিমেয় গোনাগনতি গোনাগাঁথা ঠিকঠাক। কতিপয়। গুটিকয়েক থোরা। লেশমাত্র বিন্দুমাত্র তিলমাত্র। নামমাত্র। লঘু। বিরল দুর্ঘট দুর্লভ দুষ্প্রাপ্য। সংখ্যা,-লঘু,-লঘিষ্ঠ সংখ্যাল্প। উনজন। কম,স্বল্প,-সংখ্যক। ছিটেফোঁটা। সীমিত।

ক্রি-বিণ. থোড়া টায়টায় হাতেগোনা। কোনরকমে।

অব্য. অন্তত নেহাত নিদেন,-পক্ষে।

৯৮। পুনর্বৃত্তি

বি. পুনর্বৃত্তি পুনরুক্তি অনুলাপ। পুনরাবৃত্তি পুনরুল্লেখ। পৌনঃপুনিকতা (১৩৪)। একঘেয়েমি। দ্বিগুণন। পুনরাগমন পুনর্যাত্রা পুনরুদ্ভব পুনর্ভব পুনরাবির্ভাব পুনঃসংঘটন। প্রজনন। নিয়মিততা (১৩৬)। ক্রমান্বয় চলন অনুশীলন। অনুপ্রাস ছন্দ। আতিশয্য বাহুল্য। একোর। ধুয়া। জের। জাবর রোমন্থন। মহড়া। কোকিল (২০)। প্রতিধ্বনি অনুকম্পন অনুরণন। ঢাকের আওয়াজ (৪৪৯)। পুনরুদ্ধার (৬৭১)।

বিণ. পুনঃকৃত পুনরনুষ্ঠিত পুনরাবৃত্ত পুনঃসংঘটিত পুনরুদ্ভূত। পৌনঃপুনিক। অবিরাম অবিরত একটানা। একঘেয়ে। অপরিবর্তিত। অভ্যাসগত (৬২৪)। ধারাবাহিক। উক্ত উপরোক্ত উপরোল্লিখিত।

ক্রি-বিণ. পুনঃপুনঃ বারবার (১৩৪)। আবার। আর একবার। নূতন করে। নবরূপে। একোর দোবারা।

৯৯। অনন্ততা

বি. অনন্ত,-তা,-ত্ব। অসীম,-তা,-ত্ব। সীমাহীনতা। অন্তহীনতা অমরত্ব অক্ষয়তা অশেষতা। বিশালতা। চিরন্তনতা (১০৬)। অনন্তকাল মহাকাল।

বিণ. অনন্ত অন্তহীন অন্তবিহীন অনিঃশেষ অশেষ নিরবশেষ অসীম সীমাহীন নিরবধি অপরিসীম মাত্রাহীন। অসংখ্য অসংখ্যেয় অগণ্য অগণনীয় বেহদ্দ গণনাতীত অপরিমিত। অকূল অপার। অগাধ। চিরন্তন অনাদি (১০৬)।

১০০। কাল

বি. কাল সময় ওয়াক্ত টাইম। লগ্ন মেয়াদ মুদ্দত। বেলা দণ্ড ক্ষণ। নির্দিষ্টকাল (১০২) কালমিতি (১০৮)। কালক্রম (১০৩)। বয়স (১২৮)। যুগপত্তা (১১৪)। ত্রিকাল: অতীত (১১৬) বর্তমান (১১২) ভবিষ্যৎ (১৫০)। ঋতু পালা আয়াম মরশুম মৌসুম। ষড়ঋতু: গ্রীষ্ম বর্ষা শরৎ হেমন্ত শীত বসন্ত। মধ্যবর্তী সময়: ছেদ বিরতি বিরাম অবকাশ অবসর। দ্বাদশবৎসর যুগ। জমানা। শতবর্ষ শতক শতাব্দী। আয়ুষ্কাল। বংশকাল। রাজত্বকাল আমল শাসন। স্বর্ণযুগ। পৌরাণিক যুগ: সত্য ত্রেতা দ্বাপর কলি।

ক্রি. কাল বা সময় ক্ষেপণ বা যাপন করা। কাটানো। গুজরানো। গোঁয়ানো। পোহানো। ঘুচানো। কালাতিপাত করা। দিনাতিপাত করা। চলা। টেকা। থাকা। অবস্থান করা। দাঁড়ানো। আঁটা। এঁটে থাকা। অতিবাহিত হওয়া (১০৩)। দিনাতিপাত করা। স্রোতে ভাসা বা ভেসে যাওয়া। সময়ের সুযোগ নেওয়া বা সদ্ব্যবহার করা। গড়িমসি বা বিলম্ব করা (১৩১)। সময় বা সুযোগ নষ্ট করা। সময়ের অপব্যবহার করা (৬৮১)। দীর্ঘসূত্রতা করা (১৩১)।

বিণ. কালিক সাময়িক কালীন। বাৎসরিক বার্ষিক। মাসিক মাসকাবারি। ষান্মাসিক। পাক্ষিক। দৈন দৈনিক আহ্নিক। মৌসুমি মেয়াদি মুদ্দতি। সময়মতো সুবিধামতো সুযোগমতো সময়োপযোগী যুগোপযোগী। চিরস্থায়ী (১০৪)।

ক্রি-বিণ. কালে। কালেকালে। সময়ে মাঝে। সবসময় সর্বদা সতত। তখন। যখন। বেলাবেলি। সময় থাকতে।

অব্য. নাগাদ অবধি তক ইস্তক পর্যন্ত। তাবৎ যাবৎ।

১০১। কালাভাব

বি. কালাভাব সময়াভাব অনবসর অনবকাশ।

ক্রি-বিণ. কোনো কালেও না। কস্মিনকালেও না। কখনও না। কোনো সময়ও না। কোনোদিনও না। আর না।

অব্য. নৈব নৈব চ।

১০২। নির্দিষ্টকাল

বি. নির্দিষ্ট,-কাল,-সময় মেয়াদ মুদ্দত। বেলা ওয়াক্ত। অহ দিন দিবা দিবস রোজ বাসর দিনমান দিবাভাগ। রাত্রি (১২৩)। বার। দ্ব্যহ। হপ্তা সপ্তা সপ্তাহ। দশাহ। দণ্ড লগ্ন হোরা। ঘটিকা ঘণ্টা। যাম প্রহর। তিথি। পক্ষ। শুক্ল,কৃষ্ণ,-পক্ষ। মাস তিরিশদিন। সৌর,চান্দ্র,-মাস। ষন্মাস। বর্ষ বছর বৎসর সংবৎসর অব্দ সন সাল। জীবন,কাল, -বৃত্ত। পুরুষ। দশক। যুগ দ্বাদশবৎসর। শতক শতাব্দ। সহস্রাব্দী। আলোকবর্ষ।

সপ্তাহ: শুক্র,শনি,রবি,সোম,মঙ্গল,বুধ,বৃহস্পতি, -বার।

বাংলা মাস: বৈশাখ জ্যৈষ্ঠ আষাঢ় শ্রাবণ ভাদ্র আশ্বিন কার্তিক অগ্রহায়ণ পৌষ মাঘ ফাল্গুন চৈত্র।

ইংরেজি মাস: জানুয়ারি ফেব্রুয়ারি মার্চ এপ্রিল মে

জুন জুলাই আগস্ট সেপ্টেম্বর অক্টোবর নভেম্বর ডিসেম্বর।

হিজরি মাস: মহরম সফর রবিউলআউয়াল রবিয়সসানি জমাদিয়ুলআউয়াল জমাদিয়ুসসানি রজব শাবান রমজান শওয়াল জেলকদ জেলহজ।

১০৩। কালক্রম

বি. কাল,–ক্রম,–চক্র। কাল,–প্রবাহ,–স্রোত, –সমুদ্র,–সিন্ধু। মহাকাল অনাদি, আবহমান, –কাল। কালের,–গতি,–বিন্যাস। সময়ের,–তাল, –ছন্দ। উত্থানপতন জোয়ারভাটা।

ক্রি. কাল বা সময় শেষ হওয়া। হারিয়ে যাওয়া। ফুরিয়ে যাওয়া। চলে যাওয়া। পার হওয়া। অতিবাহিত হওয়া। বহা। অতীত বা গত হওয়া।

ক্রি–বিণ. সময়ে কালে কালেকালে কালক্রমে।

১০৪। স্থায়িত্ব

বি. স্থায়ি,–তা,–ত্ব চিরস্থায়িত্ব অনশ্বরতা। স্থিতি স্থিরতা। অনবচ্ছেদ অবিচ্ছিন্নতা অবিশ্রান্ততা। অপরিবর্তনীয়তা। চিরন্তনতা (১০৬)। প্রতিষ্ঠা। দৃঢ়তা নিশ্চলতা অটলতা। দীর্ঘজীবন পরমায়ু (১২৪)। দীর্ঘসূত্রতা (১৩১)। মন্থরতা। একযুগ বারবছর। হাজার বছর।

ক্রি. টিকা। থাকা। রহা। চলা। ক্রমাগত চলা। বজায় কায়েম বহাল বা টিকে থাকা। ধোপে টেকা। বেঁচে থাকা। সময় নেওয়া (১৩১)।

বিণ. স্থায়ী চিরস্থায়ী মুদামি অনশ্বর অবিনাশী। পাকা মজবুত টেকসই দৃঢ় শক্ত। প্রাচীন পুরাতন বহুপুরাতন। আমৃত্যু আবহমান চিরন্তন (১০৬)। দীর্ঘ একটানা। অশেষ। দুরপনেয় দুরবগ্রহ দুর্মোচ্য পায়দার।

১০৫। ক্ষণস্থায়িত্ব

বি. ক্ষণস্থায়িত্ব ক্ষণিকতা। শ্মশানবৈরাগ্য। পরিবর্তনশীলতা (১৪৭)। নশ্বরতা। বুদ্বুদন। অনতিকাল অল্পসময়। নিমেষ চকিত লহমা। পলক একঝলক এক দণ্ড দুদণ্ড। মুহূর্ত ক্ষণ। অচিরকাল অনিত্যতা অস্থায়িত্ব। ছেদ। গতি (২৬০)। আকস্মিকতা।

ক্রি. ক্ষণস্থায়ী হওয়া বা থাকা। চলে যাওয়া। উড়ে উবে মুছে গলে বা হারিয়ে যাওয়া।

বিণ. ক্ষণস্থায়ী ক্ষণিক। সাময়িক। কালীয় মেয়াদি। মরশুমি। অন্তর্বর্তীকালীন। সঞ্চারী। অস্থায়ী। অচিরস্থায়ী অশাশ্বত অস্থির। স্বল্পজীবী। স্বল্পকালীন। অনিত্য অচির নশ্বর বিনশ্বর মর মরণশীল। সদ্যঃপাতী। বিনাশী। ভঙ্গুর ক্ষণভঙ্গুর। মৃন্ময়। বুদ্বুদধর্মী। ধ্বংস্য। উদ্বায়ী। তাৎক্ষণিক। আকস্মিক। ত্বরিৎ (৬৮৪)।

১০৬। চিরন্তনতা

বি. চিরন্তনতা নিত্যতা অনন্তত্ব (৯৯) অনন্তকাল চিরকাল চিরকালীনতা চিরস্থায়িতা চিরস্থায়িত্ব। ধ্রুবতা ধ্রুবত্ব ধ্রৌব্য। অশেষত্ব। অক্ষয়ত্ব অব্যয়ত্ব অবিনাশিতা। অমর,–তা,–ত্ব। অনশ্বর,–তা,–ত্ব। চিরজীবিতা। ক্ষয়,লয়,নাশ,–হীনতা। নিরবচ্ছিন্নতা। আবহমানতা। জনমজনম জন্মজন্মান্তর।

বিণ. চিরন্তন নিত্য নিয়ত নিত্যকালের সনাতন। কায়েমি। অনন্ত। অনাদি অনাদ্য অনাদ্যন্ত চিরায়ত শাশ্বত শাশ্বতিক শাশ্বতিকী শাশ্বতী। ধ্রুব ধ্রুপদী। সুচির চিরকালীন চিরজীবী সার্বকালিক চিরস্থায়ী সর্বকালীন কালাতীত। কূটস্থ। অশেষ নিঃশেষ নিরবশেষ। অক্ষয় অব্যয় অবিচ্ছিন্ন নিরবচ্ছিন্ন। অলয় অমর অনশ্বর অবিনশ্বর অবিনাশী অজর

মরণ,মৃত্যু,-হীন অকুতোমৃত্যু চিরায়ু চিরায়ুষ্মান চিরঞ্জীব।
ক্রি-বিণ. সর্বদা সতত সদা বরাবর আকসার হামেশা হামেহাল নিরন্তর নিরবধি প্রতিনিয়ত (১৩৪)। শেষদিনপর্যন্ত। রোজকেয়ামততক। যাবচ্চন্দ্রদিবাকর।

১০৭। তাৎক্ষণিকতা

বি. তাৎক্ষণিকতা ক্ষণকালীনতা ক্ষণিকতা। আকস্মিকতা। অবিলম্ব। মুহূর্ত ক্ষণ ক্ষণকাল ক্ষণিক। কিছু,কিয়ৎ,-ক্ষণ। একটুক্ষণ খানিক। পল বিপল অনুপল দণ্ড। মিনিট সেকেন্ড। পলক ঝলক নিমিখ নিমেষ লহমা পক্ষ্ম,নেত্র,-পাত। ক্ষণস্থায়িত্ব ক্ষণিকতা সাময়িকতা অস্থায়িতা। প্রত্যুৎপন্নমতিত্ব।
বিণ. তাৎক্ষণিক ত্বরিৎ অবিলম্ব। প্রত্যুৎপন্ন।
ক্রি-বিণ. তৎক্ষণাৎ ক্ষণিকে ক্ষণে অমনি মুহূর্তে ঝট তুরন্ত। হঠাৎ অকস্মাৎ। সদ্যসদ্য সাথেসাথে সঙ্গেসঙ্গে। এখনই তখনই। সদ্য সবে সবেমাত্র। চোখের পলকে। চকিতে।

১০৮। কালমিতি

বি. কালমিতি। কালনির্ঘণ্ট। কালক্রম কালানুক্রম। কালনিরূপণবিদ্যা হোরাবিদ্যা। কালপঞ্জি পাঁজি পঞ্জি পঞ্জিকা বর্ষপঞ্জি ক্যালেন্ডার দেওয়ালপঞ্জি। তারিখ দিনাঙ্ক। ডায়েরি। দিন,-লিপি,-পত্রী। রোজনামচা রেজিস্টার বর্ষলিপি। কাললেখক। সময়সারণি টাইমটেবিল। ঘণ্টা ঘড়ি। দেয়াল,পকেট,ট্যাঁক,হাত,সূর্য,ছায়া,বালি,-ঘড়ি। ঘড়ির কাঁটা।
ক্রি. সময় তারিখ দেখা রাখা মাপা বা গণা।
বিণ. কালক্রমিক। সময়সংক্রান্ত।

১০৯। কালাসংগতি

বি. কালাসংগতি অকাল অসময় (১৩৩) অক্রম। বিলম্ব (১৩১)। তারিখহীনতা।
ক্রি. ভুল তারিখ দেওয়া। আগের বা পরের তারিখ দেওয়া। তারিখের আগে করা। সময়ের কাণ্ডজ্ঞান না থাকা।
বিণ. অকালিক অকালের অকালজ অকালজাত। অসময়নিষ্ঠ। ভ্রান্ততারিখ তারিখহীন বেতারিখ। বাকি।
ক্রি-বিণ. সময়ের আগে। সময়ের পরে। অসময়ে। অকালে।

১১০। পূর্বিতা

বি. পূর্বিতা পূর্ববর্তিতা। মানক্রম। পূর্বাধিকার পূর্বগণ্যতা। পূর্বপুরুষ। পূর্বাবস্থা পূর্বকাল প্রাক্কাল পূর্বভাগ (৬৩)। অতীত (১১৬)।
বিণ. পূর্ব অগ্র পূর্ববর্তী পূর্বগামী পূর্বকালীন প্রাক্কালীন। পূর্বতন ভূতপূর্ব সাবেক প্রাক্তন। উক্ত পূর্বোক্ত উপরোক্ত প্রাগুক্ত মজকুর। প্রারম্ভিক (৬৩)। অগ্রিম (১৩০)। জ্যেষ্ঠ।
ক্রি-বিণ. ইতিপূর্বে ইতঃপূর্বে। অগ্রে আগে পূর্বে পূর্বাহ্ণে। প্রথমে। আগেভাগে। আগে থাকতে। তখন।

১১১। পরবর্তিতা

বি. পরবর্তিতা ক্রমান্বয় অনুক্রম ক্রমবিকাশ ক্রমান্বয়তা প্রবাহ ক্রমবর্ধমানতা। ভবিষ্যৎ (১১৫)। উত্তরাধিকারী উত্তরভাগ (৬৪)। অবশেষ (৪০)।
বিণ. পরবর্তী পশ্চাদ্‌বর্তী পশ্চাৎকালীন উত্তরকালীন। ক্রমায়ত ক্রমাগত ক্রমিক। আসন্ন। ভাবী (১১৫)। কনিষ্ঠ।
ক্রি-বিণ. পরে পেছনে ক্রমে কালে কালক্রমে। শেষে অবশেষে শেষকালে পরিশেষে। অনন্তর অতঃপর তারপর তৎপর তদনন্তর। ইতঃপর।

১১২। বর্তমান

বি. বর্তমান। সমকাল এক্ষণ একাল। আজ অদ্য এদিন। আপাত। সন্ধিক্ষণ। হাল। হাল আমল। প্রজন্ম। নব,-যুগ,-কাল। নব্য,নতুন,আধুনিক, -যুগ। কলি,-যুগ,-কাল। নব্যসমাজ। বিংশ শতাব্দী। সাময়িকতা সমসাময়িকতা সমকালীনতা। সাম্প্রতিকতা যুগপত্তা (১১৪)। ইহকাল ইহজন্ম ইহজীবন।

বিণ. বর্তমান উপস্থিত হাল আধুনিক অধুনাতন ইদানীন্তন আজকের চলতি বর্তমানকালীন। সমকালীন সাময়িক সাম্প্রতিক এবার এবারকার। সাজো সদ্য টাটকা।

ক্রি-বিণ. বর্তমানে আজকে আজকাল হালফিল ফিলহাল হালে সম্প্রতি ইদানীং সবে এখন এইক্ষণ (১০৭)। আপাতত এক্ষণে। ঐহিক ঐহলৌকিক।

অব্য. অদ্য। অদ্যাপি অদ্যাবধি।

১১৩। ভিন্নসময়

বি. ভিন্নসময় অন্যসময় সময়ান্তর বারান্তর কালান্তর যুগান্তর।

ক্রি-বিণ. তখন সেইক্ষণ সেসময়। যখন। তারপর। কখন। একদা এককালে একসময়।

১১৪। যুগপত্তা

বি. যুগপত্তা যৌগপদ্য। তাৎকাল্য সমকালীনতা সমসাময়িকতা যুগসন্ধি সংঘটন সহঘটন সংস্থিতি সহস্থিতি। সহঅবস্থান সমাপাতন সমাপাত সংগমন। সমলয়। সম্মতি।

ক্রি. সহাবস্থান করা। একই সময়ে ঘটা বা করা।

বিণ. সমকালীন সমকালিক তৎকালিক তৎকালীন সমকালসম্ভূত। সমসাময়িক সামসাময়িক সমবয়স্ক সংগামী সমপাতিক।

ক্রি-বিণ. যুগপৎ একত্রে সমস্বরে একইমুখে।

১১৫। ভবিষ্যৎ

বি. ভবিষ্যৎ,-কাল। ভাবী,-যুগ,-কাল উত্তরকাল অনাগত,-কাল,-যুগ। আসন্নকাল অদূরভবিষ্যৎ। আগামী,-কাল,-কল্য। আসছে,-কাল,-কল্য কাল। পরশ্ব পরশু আগামীপরশু। তরশু। মহাকাল। আখের পরিণাম। রোজকেয়ামত রোজহাশর। পরকাল পরজন্ম পরজীবন। আগমন আবির্ভাব আসন্নতা। উত্তরাধিকার। উত্তরপুরুষ ওয়ারিশ। পূর্বাভাস আন্দাজ পূর্বজ্ঞান। সম্ভাবনা আশা প্রত্যাশা। দূরদৃষ্টি (৫৩৩)। ভবিতব্য (১৫০)।

ক্রি. আন্দাজ আশা বা প্রত্যাশা করা। দূরদৃষ্টি থাকা। কাছিয়ে বা নিকটে আসা। আসন্ন হওয়া।

বিণ. ভবিষ্যৎ ভবিষ্য ভাবী আগামী হবু। কালকের। অনাগত। আগত আসন্ন সমাসন্ন প্রত্যাসন্ন। আগতপ্রায় নিকটবর্তী। ভবিতব্য। ভবিষ্যাপেক্ষ।

ক্রি-বিণ. পরে ভবিষ্যতে। সময়ে। অবশেষে শেষে।

১১৬। অতীত

বি. অতীত সাবেক,পূর্ব,পুরা,বিগত,অতীত, -কাল। সে,পূর্ব,বিগত,-যুগ। কাল গতকাল গতকল্য কল্য। পরশ্ব পরশু গতপরশু। তরশু। পুরানো কাল। সেআমল সেকাল। স্মরণাতীতকাল। আদিকাল আদিযুগ। গতানুদর্শন। স্মৃতি। ফেলে আসা দিন। পূর্বিতা। পুরাতত্ত্ব। পুরাবৃত্ত পুরাণ ইতিহাস। ইতিকথা ইতিবৃত্ত। প্রত্ন প্রত্নতত্ত্ব প্রত্নবিদ্যা। অতীতবেত্তা অতীতবিহারী ইতিহাসবেত্তা ইতিবৃত্তকার পুরাবিৎ পুরাতত্ত্ববিদ পুরাতাত্ত্বিক। ঐতিহাসিক। প্রত্নতত্ত্ববিদ্। পূর্বপুরুষ বংশধারা। আদিবাসী।

বিণ. অতীত সমতীত গত বিগত বীত গেল যাত ইত আবীত অতিক্রান্ত। পুরা পুরাতন প্রাচীন (১১৮) লুপ্ত ধ্বংসপ্রাপ্ত লয়প্রাপ্ত বিলীন। সেকেলে। প্রাক্তন ভূতপূর্ব সাবেক। তদানীন্তন তৎকালীন তখনকার। পূর্বতন পূর্ববর্তী পূর্বোক্ত শেষোক্ত শেষ। অতীতপ্রভাবী। ভূতাপেক্ষ প্রত্নতাত্ত্বিক। ঐতিহাসিক।

ক্রি—বিণ. আগে পূর্বে। অতীতে সেকালে। তদা তদানিং তখন। ইতঃপূর্বে।

১১৭। নূতনত্ব

বি. নূতনত্ব। নব্যতা নবীন,—তা,—ত্ব নবত্ব নব্যতা। অভিনবত্ব নবীভাব। যৌবন তারুণ্য (১২৭)। নাবালকত্ব। ছেলেমি। নবীকরণ সংস্কার জীর্ণোদ্ধার জীর্ণসংস্কার। নবজীবন পুনর্জীবন। নতুন বড়লোক। ভুঁইফোঁড়। আধুনিকতা আধুনিকতাবাদ আধুনিকীকরণ। উদ্ভাবন। হালফ্যাশান। হুজুগ। অত্যাধুনিকতা। উগ্র আধুনিকতা। নবীনবরণ।

বিণ. নূতন নতুন নব নব্য নবীন নয়া নঈ নওল অভিনব কোরা আনকোরা। তরুণ (১২৭)। সবুজ কাঁচা কচি অপক্ব। টাটকা। তাজা সতেজ সাজো তরতাজা। নবজাত সদ্যোজাত সদ্য প্রকাশিত। অক্ষতযোনি অনাঘ্রাত অঘ্রাত অনাস্বাদিত। নবীকৃত নবগঠিত। অধুনাতন আধুনিক. সমকালীন সমকালিক চলতি। অর্বাচীন অপ্রবীণ অপরিণত। আনকা উটকো আগন্তুক। অনভিজ্ঞ আনাড়ি নবিশ। আধপাকা দরকচা দরকাঁচা। অপূর্ব অভূতপূর্ব।

১১৮। প্রাচীনত্ব

বি. প্রাচীন,—তা,—ত্ব। প্রবীণ,—তা—ত্ব প্রাবীণ্য। সাবেকত্ব সাবেকিয়ানা। পূর্ণতা। অভিজ্ঞতা পক্বতা। সাবালকত্ব। ক্ষয় অবক্ষয় পতন। জরা স্থবিরতা। ভীমরতি। অপ্রচলন। ধ্বংসাবশেষ অতীতের সাক্ষ্য। আদিকাল আদ্যিকাল সেকাল। আদমের যুগ। মান্ধাতার আমল। সত্য,ধর্ম,দেব, —যুগ। ঐতিহ্য। কিংবদন্তি বিশ্রুতি। অচলায়তন।

বিণ. প্রাচীন পুরা পুরনো পুরাতন পুরাণ। প্রবীণ পাকা ঝুনা ঝানু চাঁই। ঘাগি ধাড়ি। অভিজ্ঞ পরিপক্ব পরিণত। মজা। জ্যেষ্ঠ প্রথম। স্থবির (১২৯)। আদি আদিম প্রাগৈতিহাসিক। পৌরাণিক ঐতিহাসিক। চিরায়ত চিরাগত চিরাচরিত আবহমান চিরন্তন। সেকেলে প্রাচীনপন্থী রক্ষণশীল দক্ষিণপন্থী মধ্যযুগীয়। সনাতনী। সাবেক। অচল অচলিত অপ্রচলিত। পর্যুষিত বাসি। বস্তাপচা। জীর্ণ চর্বিতচর্বণ। ক্ষয়িষ্ণু মৃতপ্রায়। লুপ্ত বিলীন ধ্বংসপ্রাপ্ত।

১১৯। সকাল

বি. সকাল প্রভাত প্রাত ভোর। সকাল,প্রভাত, প্রাতঃ,ভোর,—বেলা। প্রাতঃ,—কাল। ঊষা। ঊষা, —কাল,—লগ্ন। উষসী। প্রত্যূষ। প্রাক্কাল। নিশাবসান নিশান্ত রাত্রিশেষ নিশান্তিকা নিশিভোর। বিহান ফজর সুবেহ। সূর্যোদয় অরুণোদয়। উদয়কাল সূর্যোদয়কাল। পূর্বাহ্ণ।

প্রাতঃ,—কৃত্য,—ক্রিয়াঃ মলমূত্রত্যাগ দন্তধাবন স্নান উপাসনা। প্রাতঃপ্রণাম। প্রাতঃসন্ধ্যা। পূর্বসন্ধ্যা। সুবেহসাদেক ব্রাহ্মমুহূর্ত কাকভোর ঝুঁজকি সাতসকাল।

ক্রি. সকাল হওয়া। ভোর হওয়া। রাত পোহানো।

বিণ. উষসী প্রভাতী প্রাতঃকালীন। পূর্বাহ্ণিক পূর্বাহ্ণকালীন।

ক্রি—বিণ. প্রাতে সকালে। পূর্বাহ্ণে। কোন্ সকালে। সাতসকালে। রাত থাকতে থাকতে। কাকভোরে। রাত না পোহাতে। সক্কালবেলা।

১২০। দ্বিপ্রহর

বি. দ্বিপ্রহর দুইপ্রহর দুপুর। মধ্যাহ্ন। মধ্যদিন। মাঝবেলা। দিন,ভর,-দুপুর। জোহর।

বিণ. দ্বিপ্রাহরিক। মধ্যাহ্নকালীন। মাধ্যন্দিন। মধ্যাহ্নের। দুপুরের।

ক্রি-বিণ. দ্বিপ্রহরে মধ্যাহ্নে দুপুরে। দিন,ভর, -দুপুরে।

১২১। বৈকাল

বি. বৈকাল বিকাল। বিকেলবেলা। অপরাহ্ন। পরাহ্ন। তৃতীয় প্রহর। তিন পহর। আসর। বেলাবসান।

বিণ. বৈকালিক অপরাহ্নিক। বিকালের।

ক্রি-বিণ. বিকালে অপরাহ্নে। বেলার শেষে।

১২২। সন্ধ্যা

বি. সন্ধ্যা সাঁঝ সাঁজ সাঁজবেলা। সায় সায়ংকাল সায়াহ্ন। প্রদোষ। শাম। মগরেব। গোধূলি। দিনান্ত দিনশেষ দিবাবসান দিনক্ষয়। সূর্যাস্ত অস্তকাল অস্তাচল। নিশাগম রজনীমুখ। ভরসন্ধ্যা। সান্ধ্য -আইন। কারফিউ। সাঁজবাতি। সন্ধ্যাতারা (৩২৫)।

বিণ. সান্ধ্য সন্ধ্যা,সায়ং,প্রদোষ,-কালীন। সাঁঝের। সায়ন্তন।

ক্রি-বিণ. সন্ধ্যায়। সাঁঝে। প্রদোষে। মগরেবের সময়ে।

১২৩। রাত্রি

বি. রাত্রি রাত রাত্তির রাতি। নিশি নিশা নিশীথ নিশীথিনী নিশুতি। রজনী যামিনী শর্বরী বিভাবরী ক্ষণদা ক্ষপা নক্ত তামসী তারকিনী। সন্ধ্যা,-রাত, -রাত্রি। এশা। রাতবিরেত। মহা,-নিশা, -নিশি। দুপুররাত রাতদুপুর নিশুতিরাত। শেষ,ভোর,-রাত। নিশান্ত (১১৯)। রাত্রি,নিশা, নক্ত,-চর। অন্ধকার। রাতকানা।

ক্রি. রাত কাটানো বা পোহানো। রাত্রিবাস করা। নিশিযাপন করা। রাত জাগা।

বিণ. রাত্রিকালীন। রাতের। নৈশ।

ক্রি-বিণ. রাত্রে রাতে। রাতভর। সারারাত। সারারাত ধরে। রাতারাতি।

১২৪। বয়স

বি. বয়স। বয়ঃ,-কাল,-ক্রম। উমর। আয়ু আয়ুষ্কাল পরমায়ু। জীবন,জীবৎ,জীবিত,-কাল। জীবদ্দশা। ইহ,-কাল,-জন্ম,-জীবন। বয়ো,-গুণ, -ধর্ম,-দোষ। দীর্ঘ,-জীবন,-জীবিতা। চিরজীবিতা। চিরায়ুষ্মত্তা। ক্ষণ,হ্রস্ব,-জীবন। হ্রস্বজীবিতা। সাবালকত্ব। জ্যেষ্ঠত্ব। জ্যেষ্ঠাধিকার। পূর্বিতা। পূর্বাধিকার। প্রবীণতা (১২৯)।

ক্রি. বয়স হওয়া। জ্ঞান হওয়া। চোখ ফোটা। মেঘে মেঘে বেলা হওয়া।

বিণ. বয়ঃপ্রাপ্ত। বয়স্ক প্রাপ্তবয়স্ক। বর্ষীয়। বয়স্য। বয়োবৃদ্ধ (১২৯)। বয়সোচিত বয়সোপযোগী। দীর্ঘায়ু দীর্ঘজীবী। শতায়ু। শতিক। শতবর্ষজীবী। আয়ু,-ষ্মান,-মতী। পূর্ণায়ু। চিরায়ু। চিরায়ুষ্মান। অল্পায়ু স্বল্পায়ু। ক্ষীণায়ু। ক্ষণজীবী। আয়ুষ্য আয়ুষ্কর আয়ুবৃদ্ধিকর। জ্যেষ্ঠ বয়োজ্যেষ্ঠ। বড়। অগ্রজ। সিনিয়র। মধ্যম মেজো সেজো ন রাঙা সোনা ফুল। কনিষ্ঠ। বয়সে ছোট। জুনিয়র। অনুজ। কড়ে পিচ্ছি। হাঁটুর বয়সী।

ক্রি-বিণ. আজন্ম,-কাল। আ,সারা,চির,-জীবন। জীবনভর। যাবজ্জীবন। আমৃত্যু আমরণ। বয়সে। জন্মে। আয়ুষ্কালে। বাপের জন্মে।

১২৫। শৈশব

বি. শৈশব,শিশু,বাল্য,–কাল। শৈশবাবস্থা। বাল্য। ছেলেবেলা। শিশুত্ব শিশুভাব। শিশু,–প্রকৃতি, –স্বভাব। শিশু,–মন,–হৃদয়। শৈশবলীলা। দোলনা। খেলাঘর। ছেলেখেলা। শৈশবসঙ্গী। নেংটির বন্ধু। শিশুপালন বালচর্যা। শিশুচিকিৎসা। শিশুচিকিৎসক। শিশু বাল বালবাচ্চা বাচ্চা আণ্ডাবাচ্চা কচি কাঁচা কচিকাঁচা কাচ্চাবাচ্চা ছোটবাচ্চা বেবি। পোগণ্ড অপোগণ্ড। বৎস বাছা বাছাধন যাদু,–ধন। শাবক। ছা। ছানা। পোনা। ছানাপোনা।

বিণ. শিশু। শিশু,বাল,–সুলভ। বাল্য। দুগ্ধপোষ্য দুধের বাচ্চা। সুকুমারমতি মাসুম নিষ্পাপ। নবজাত। নবজাতক। নবাগত। আঁতুড়ে। নাক টিপলে দুধ বেরয়।

ক্রি–বিণ. আশৈশব। ছেলেবেলা থেকে। আজন্ম। আবাল্য।

১২৬। কৈশোর

বি. কৈশোর। বালক,–তা,–ত্ব। বালক কিশোর ছোকরা ছেলেছোকরা ছোঁড়া চ্যাংড়া। কুমার কৌমার। খোকা খোকাবাবু। মানবক। বালখিল্য। কিশোরী কুমারী বালিকা ছুকরি ছুঁড়ি। খুকু খুকি খুকুমণি। অনভিজ্ঞতা নাবালকত্ব অপ্রাপ্তবয়স্কতা অপরিপক্কতা। ছেলেমি ছেলেমানুষি। চ্যাংড়ামি। প্রজন্মপার্থক্য। বয়ঃসন্ধি বয়ঃসন্ধিকাল। নবযৌবন। স্বরবিকৃতি।

বিণ. কৈশোরক। কিশোর,বাল,বালক,–সুলভ। বালকোচিত। নাবালক। নাবালিকা। অজাতশ্মশ্রু। নবীন।

১২৭। যৌবন

বি. যৌবন। যৌবন,বয়স,–কাল। যৌবন,যুবা, –বয়স। যুবকত্ব। উঠতি বয়স। তরুণ,–তা,–ত্ব। তারুণ্য তরুণতা তরুণিমা। যৌবনাবস্থা। যৌবনোদয় যৌবনসঞ্চার যৌবনারম্ভ। নবযৌবন। বয়ঃসন্ধি। ব্রহ্মচর্য। যৌবন,–শ্রী,–সম্পদ,–ভার, –মদ। যৌবনলক্ষণ বয়সা। যুবমানস। তরুণমন। যুব,–সমাজ,–সম্প্রদায়। যুবসম্মেলন। যুবক যুবা যুব জোয়ান নওজোয়ান। তরুণ চ্যাংড়া কিশোর (১২৬)। যুবতী তরুণী তরুণকিশোরী। ষোড়শী।

বিণ. যৌবন,–বান,–সম্পন্ন। যৌবনবতী। যৌবনসুলভ তারুণ্যপূর্ণ। যুবজনোচিত। যৌবনমদ,–মত্ত,–মত্তা। প্রাপ্তবয়স্ক বয়ঃপ্রাপ্ত বয়স্থ সাবালক বালেগ সেয়ানা লায়েক। উঠতি উচক্কা। সোমত্ত ডাগর ডবকা। সাবালিকা বালেগা প্রাপ্তবয়স্কা বয়স্থা ধাড়ি ধেড়ে। নব্যা। ধনি ধনিকা। মাস্তান।

১২৮। প্রৌঢ়ত্ব

বি. প্রৌঢ়,–তা,–ত্ব। প্রৌঢ়াবস্থা। মাঝ,আধা,–বয়স। গৃহধর্ম।

বিণ. প্রৌঢ় মাঝ,মধ্য,আধা,–বয়সী। মধ্যবয়স্ক। বিগতযৌবন। যৌবনোত্তীর্ণ। প্রৌঢ়া মধ্যবয়স্কা। বিগতযৌবনা যৌবনোত্তীর্ণা। আধবুড়ি। প্রৌঢ়োচিত প্রৌঢ়জনোচিত।

১২৯। বার্ধক্য

বি. বার্ধক্য বৃদ্ধত্ব বৃদ্ধ,–দশা,–ভাব বৃদ্ধাবস্থা। প্রবীণতা। বয়োবৃদ্ধি। শেষবয়স। পরিণতবয়স। বুড়োটেভাব বুড়োপনা। স্থাবির স্থাবির্য জীর্ণাবস্থা জরা। বলিরেখা। শিথিল,লোল,–চর্ম। বলিভ। জরুথ। শ্লথমাংশ।

ক্রি. বুড়োনো। বুড়িয়ে যাওয়া। বুড়ো হওয়া। বয়স হওয়া। মেঘে মেঘে বেলা হওয়া। জরায় ধরা। তিন কাল গিয়ে এক কালে ঠেকা। বাহাত্তুরে পাওয়া। বয়সের গাছপাথর না থাকা।

বিণ. বৃদ্ধ বয়োবৃদ্ধ বুড়ো বর্ষীষ্ঠ বর্ষীয়ান। ভেটারেন। প্রবীণ। প্রাচীন। বয়স্বী। প্রবয়ঃ প্রবয়াঃ। পরিণতবয়স্ক। অশীতিপর। বার্ধক্য,-পীড়িত, -জীর্ণ। জরা,-যুক্ত,-গ্রস্ত। জীর্ণদেহ চলচ্ছক্তিহীন অকর্মণ্য। অথর্ব স্থবির। জরৎ জরদ্গব। থুরথুরে,খুনখুনে,-বুড়ো। হাবড়া ধুবড়া। বুড়োধাড়ি। বৃদ্ধা বুড়ি প্রবীণা প্রাচীনা বর্ষীয়ষী। জরতী। ত্রিবলিযুক্ত বলিত। দশমীস্থ। শতানীক। পক্ব,পলিত,শুভ্র,-কেশ। পাকাচুল পাকামাথা। বুড়োহাড়।

১৩০। অবিলম্ব

বি. অবিলম্ব। শীঘ্রতা সময়নিষ্ঠা সময়ানুবর্তিতা পাংচুয়ালিটি কালবোধ। যথা,-কাল,-সময়। দিনক্ষণ। রাইটটাইম। নির্ধারিত,ঠিক,-সময়। তৎপরতা প্রস্তুতি (৬৯৫)। ত্বরণ ত্বরায়ণ ত্বরা (৬৮৪)। ক্ষিপ্রতা (২৬৯)। অচির,-তা,-ত্ব। আকস্মিকতা। অকালপক্বতা। বালপ্রৌঢ়তা। অকালবার্ধক্য। হঠকারিতা।

ক্রি. কালবিলম্ব না করা। সময় মানা। সকাল সকাল করা বা হওয়া। ত্বরান্বিত করা। তাড়াতাড়ি করা (৬৮৪)। তর না সওয়া। সময়ের আগে করা বা হওয়া।

বিণ. আশু সকালসকাল। যথাসময়। আগাম। ত্বরিৎ সত্বর তূর্ণ। অকালপক্ব ইঁচড়েপাকা। বালপ্রৌঢ়। অকালবৃদ্ধ। হঠকারী। আকস্মিক। তাৎক্ষণিক জরুরী। অপ্রত্যাশিত (৫৩১)। আসন্ন হবোহবো ঘনায়মান ধূমায়মান সন্নিকট। অব্যবহিত।

ক্রি-বিণ. অবিলম্বে অনতিবিলম্বে অগৌণে তেমনি তেমনি। সঙ্গেসঙ্গে নিমেষে চকিতে অচিরে অচিরাৎ অচিরকালে তৎক্ষণাৎ তক্ষুণি। হঠাৎ অকস্মাৎ। তাড়াতাড়ি তড়িঘড়ি জলদি শীঘ্র তুরন্ত সত্বর তুরুক চটপট। অনতিপূর্বে অব্যবহিতপূর্বে। রাত পোহাতে না পোহাতে। রাতারাতি। সাতসকালে। সকাল সকাল। ঘড়িধরে। কাঁটায়কাঁটায়।

১৩১। বিলম্ব

বি. বিলম্ব কালবিলম্ব গৌণ দেরি তর বেলা। লেট। বিলম্বন ঝুলন লম্বন স্থগন নিলম্বন। সত্রাবসান মুলতবিঅবস্থা বিরতি। কালাত্যয় কালাতিপাত কালাতিক্রম। কালক্ষেপণ দীর্ঘসূত্রতা টালবাহানা ঢিমাতাল মন্থরতা (২৭০)। গয়ংগচ্ছভাব গতিক্রিয়া। তামাদি অতিপত্তি। পুনর্বিচার।

ক্রি. বিলম্ব দেরি বা বেলা করা। সময় নেওয়া বা নষ্ট করা। অযথা কাল ক্ষেপণ করা। থামা। মুলতবি বা স্থগিত রাখা। ফেলে রাখা। হাত না দেওয়া। আজকাল ইতস্তত গড়িমসি টালবাহানা বা ঘোরাফেরা করা। আটকে বা ঝুলে থাকা বা রাখা। শিকেয় বা তাকে তুলে রাখা। ঝুলিয়ে রাখা। তামাদি হওয়া। অপেক্ষা প্রতীক্ষা বা এন্তেজার করানো। দাঁড়ানো।

বিণ. বিলম্বিত দেরি লেট। ধীর ঢিমা ঢিমে তেতালা ঢিলা অসময়নিষ্ঠ। মন্থর শ্লথ অলস। মুলতবি। নিবর্ত নিবর্তিক নাবি নামলা। তামাদি বারিত অতিপন্ন। খারিজ।

বিণ-বি. বিলম্বী বিলম্বকারী ঢিলে নিবর্তক। দীর্ঘ,-সূত্র,-সূত্রী।

১৩২। সুসময়

বি. সুসময় সুদিন শুভ,-দিন,-কাল,-ক্ষণ,-লগ্ন। সুখবাসর। মাহেন্দ্রক্ষণ পুণ্য,শুভ,মাহেন্দ্র, অমৃত, -যোগ। মণিকাঞ্চনযোগ। কালশুদ্ধি। বৃহস্পতির দশা। সুযোগ সৌভাগ্য সুবর্ণ,স্বর্ণ,-সুযোগ। যো।

সুবিধা মওকা পড়তা (৭০৭)। মৌসুম। ফুরসৎ অবসর। সংকট জরুরীঅবস্থা ক্রান্তি সন্ধিক্ষণ সংকটমুহূর্ত।

বিণ. যথাসময় যথাকাল সময়োচিত সময়োপযোগী শুভ উপযুক্ত অনুকূল প্রশস্ত প্রকৃষ্ট। ভাগ্যবান সৌভাগ্যবান ক্ষণজন্মা। সাময়িক। আপতিক। উপস্থিতমত প্রস্তুতবিহীন। সাপেক্ষ নির্ভরশীল সম্ভাব্য।

ক্রি-বিণ. সুসময়ে যথাসময়ে।

১৩৩। অসময়

বি. অসময় অকাল। অদিন অবেলা অযাত্রা অসকাল অপ্রশস্ত,-কাল,-সময়। অবিহিত কাল। কুকাল দুষ্কাল আকাল। অপ্রকৃতসময় কালাসংগতি। অশ্লেষা মঘা অযাত্রা অগস্ত্যযাত্রা যাত্রানাস্তি। অকালপক্বতা অকালবোধন অকালবৃষ্টি অকালমৃত্যু। কালবিরোধদোষ। দুঃসময় অক্ষণ অশুভক্ষণ কুক্ষণ কুগ্রহ অপগ্রহ গ্রহদোষ কালবেলা কালান্তক বারবেলা দিনদগ্ধা কালরাত্রি। শনি শনির,-দশা,-দৃষ্টি। কলির সন্ধ্যা।

ক্রি. অসময়ে হওয়া বা ঘটা। সময় না পাওয়া। সময় হাতে না থাকা। সুযোগ হারানো বা পায়ে ঠেলা।

বিণ. কালবিরুদ্ধ। খারাপ মন্দ অশুভ। দুর্ভাগ্য মন্দবরাত। অপ্রকৃত অপ্রশস্ত। অসুবিধাজনক অনুপযুক্ত অননুকূল। অসময়নিষ্ঠ (১৩১)। অকালপক্ব (১৩০)। অকালজ। অকালজাত।

ক্রি-বিণ. অসময়ে অদিনে। অক্ষণে কুক্ষণে।

১৩৪। পৌনঃপুনিকতা

বি. পৌনঃপুনিকতা পৌনঃপুন্য। পুনরাবৃত্তি (৯৮) ধারাবাহিকতা ক্রম বারংবারতা। পর্যাবৃত্তি ফ্রিকোয়েন্সি। কম্পাঙ্ক। রুটিন সময়সারণি পালা। একঘেয়েমি। পুনরুক্তি অনুলাপ অনুপ্রাস। বীপ্সা। চক্র। পুনরুত্থান (১৬১)।

বিণ. পৌনঃপুনিক বারংবার ধারাবাহিক ঘনঘন পুনরাবৃত্ত পর্যাবৃত্ত অবিরাম অবিরল অবিরত নিরন্তর। প্রাত্যহিক দৈন দৈনিক দৈনন্দিন।

ক্রি-বিণ. পুনঃপুনঃ মুহুর্মুহু। বারবার বারেবারে ফিরেফিরে ঘুরেফিরে ঘুরেঘুরে। আবার ফের পুনঃ পুনরায় পুনশ্চ পুনরপি পুনর্বার। ঘনঘন। ক্ষণেক্ষণে। ঘড়িঘড়ি ঘন্টায়ঘন্টায় পলকেপলকে মিনিটেমিনিটে সেকেন্ডে-সেকেন্ডে দণ্ডেদণ্ডে। থেকেথেকে। ক্রমাগত অবিরল অবিরাম নিরন্তর সাধারণত সচরাচর এমনতে। পইপই ভূয়ঃ ভূয়োভূয়ঃ প্রায় প্রায়ই প্রায়শ প্রতি,-দিন,-ক্ষণ, -নিয়ত অনুদিন। প্রতি,-মাসে,-বছরে। ফি, -মাসে,-বছরে সাংবৎসর। চক্রাকারে। সচরাচর আকসার সর্বদা।

১৩৫। বিরলতা

বি. বিরল,-তা-ত্ব। দুষ্প্রাপ্যতা দুর্লভতা। আকাল দুর্বৎসর কাহাত দুর্ভিক্ষ মন্বন্তর। ডুমুরের ফুল।

বিণ. বিরল দুরাপ দুষ্প্রাপ্য দুর্লভ দেবদুর্লভ। অলভ্য অনাপ্য। দুর্ঘট। অসাধারণ অসম্ভব। সুদুরপরাহত।

ক্রি-বিণ. ক্বচিৎ কদাচ কদাচিৎ কদাপি কখনওসখনও কালেভদ্রে অবরেসবরে। নমাসে ছমাসে দৈবাৎ। মধ্যে মধ্যে। মাঝেমধ্যে। মাঝেমাঝে।

১৩৬। নিয়মিততা

বি. নিয়মিততা। সাময়িকতা। মৌসুম ঋতু। তাল গতি স্পন্দন দোলন অধিকম্প ছন্দ। ঘূর্ণন আবর্তন

প্রদক্ষিণ। রোঁদ বার ক্ষেপ পালা রুটিন। সময়ানুবর্তিতা সময়নিষ্ঠা কাল,-জ্ঞান,-বোধ। কালচক্র। প্রক্রিয়া প্রণালী ক্রম পর্যায় ধারাবাহিকতা। জয়ন্তী জন্মতিথি জন্মদিবস সালগিরা। জন্মবার্ষিকী। জুবিলি স্বর্ণ,রৌপ্য,হীরক,-জয়ন্তী। শতবার্ষিকী। নববর্ষ নওরোজ। বিজয়,স্বাধীনতা,শহীদ,-দিবস। মে দিবস।

বিণ. নিয়মিত নিয়ত। ধারাবাহিক ক্রমিক চক্রাকার। নির্দিষ্ট নির্ধারিত। স্থির। সময়মতো নিয়মমতো। একান্তর।

১৩৭। অনিয়মিততা

বি. অনিয়মিততা অনিশ্চয়তা অনির্দিষ্টতা অভাবনীয়তা অপ্রত্যাশা। আকস্মিকতা (১৫৪)। অস্থিরতা। নিয়মাভাব। অনির্দিষ্টকাল অনির্ধারিতসময়। কালান্তর যুগান্তর সময়ান্তর অন্যসময়। খেয়াল খামখেয়াল। লীলা। রীতিব্যতিক্রম।

বিণ. অনিয়মিত অনিশ্চিত অনির্দিষ্ট নিয়মরহিত অনিয়ত। খেয়ালি। লীলাময়। সঞ্চারী। অগোছাল। বিষম। প্রথাহীন। পরিবর্তনশীল। আকস্মিক। দমকা। অভাবনীয় অভাবিত অভাব্য। কাকতালীয়।

১৩৮। পরিবর্তন

বি. পরিবর্তন। অবস্থান্তর ক্রান্তি। পরিবর্ত। অনিত্যতা। বিকার বিপরিণতি বিপরিণাম বদল। রদবদল তরমিম ফের হেরফের রকমফের। বিবর্তন ক্রম,-বিবর্তন,-পরিবর্তন অভিব্যক্তি পরিব্যক্তি। ধারাবিকাশ ক্রমবিকাশ ক্রমোন্নতি। নামান্তর। অভিশ্রুতি অপশ্রুতি। বিভক্তি পর্যাস প্রত্যয় উৎক্রম ব্যুৎক্রম। বৈচিত্র্য। ভাবান্তর। ধর্মান্তরণ (১৪২)। বিপ্লব (১৪৪)। সংস্কার সংশোধন। অন্তরাবর্তন। পূর্বানিবৃত্তি (১৪৩)। স্থানান্তর। হস্তান্তর। রূপান্তর রূপান্তরণ (১৪২) আকারান্তর গুণান্তর উপস্কৃতি। জন্মান্তর দেহান্তর। অবতার। পরিবর্তনশীলতা (১৪৭)। আন্তঃপরিবর্তন (১৪৬)।

ক্রি. পরিবর্তন করা বা হওয়া। বদলানো। ঘুরানো ফেরানো। বাঁকানো। মোচড়ানো। পাশ ফেরা। মোড় ফেরা। নূতন করা। নূতন জীবন দেওয়া। নবরক্ত সঞ্চালন করা। ভেঙ্গে গড়া। ঢেলে সাজানো। উলটানো। পালটানো খোল নলচে বদলানো। রঙ চড়ানো। রঙ ফলানো।

বিণ. পরিবর্তিত অবস্থান্তরিত। রূপান্তরিত। বিবর্তিত বিপরিণত। পরিবর্তনশীল (১৪৭)। পরিবর্তনীয় বিপরিণামী অস্থায়ী। অনিত্য।

১৩৯। নিত্যতা

বি. নিত্য,-তা,-ত্ব। সাতত্য। ধ্রুব,-তা,-ত্ব স্থিতি স্থিরতা স্থৈর্য নিরবচ্ছিন্নতা দৃঢ়তা স্থিতাবস্থা। রক্ষণ অনুরক্ষণ সংরক্ষণ। রক্ষণশীলতা। অপরিবর্তনীয়তা নিশ্চলতা (২৬১)। একগুঁয়েমি অনমনীয়তা। সহনশীলতা।

বিণ. নিত্য স্থায়ী ধ্রুব স্থির। প্রতিষ্ঠিত অধিষ্ঠিত অবস্থায়ী। কায়েমি পাকা পোক্ত শক্ত দৃঢ় মজবুত টেকসই বদ্ধমূল। স্থাণু অবিচল অপরিবর্তনীয় অনমনীয় অপরিবর্তিত কালজয়ী অবিকৃত পূর্বাপর। সনাতন শাশ্বত। চিরায়ত। চিরাগত চিরাচরিত চিরন্তন আবহমান অনির্বাণ।

অব্য-ক্রি-বিণ. সদা সর্বদা হরবখত অনুক্ষণ সারা,-ক্ষণ,-বেলা অহরহ অহর্নিশ অহোরাত্র দিবারাত্র দিনরাত্রি দিবসরজনী অষ্টপ্রহর চব্বিশ ঘণ্টা দৈনিক নৈমিত্তিক সারা,-দিন,-রাত,-দিনরাত। সকালসন্ধ্যা সুবেশাম প্রতিদিন হররোজ। হরদম।

১৪০। নিবৃত্তি

বি. নিবৃত্তি নিবর্তন। বিরতি বিরাম রেহাই। কামাই ছেদ ছেক। প্রলম্বন বিলম্বন বিনিবর্তন। বাধা রোধন থামা থমকানি। হেঁচকাটান গতিরোধ। নিশ্চলতা। আরতি স্থগন ক্ষান্তি বিশ্রাম বন্ধ ছুটি (৬৮৫)। যুদ্ধবিরতি। স্থিতাবস্থা। মুলতবি অবস্থা। অচলাবস্থা। কিস্তিমাত। কর্মবিরতি কর্মচ্ছেদ হরতাল ধর্মঘট লাগাতার-ধর্মঘট বন্‌ধ পিকেটিং স্ট্রাইক চাকাবন্ধ তালাবন্ধ। শেষ সমাপ্তি অবসান। পরিনির্বাণ। পরিতৃপ্তি (৮৫১)। যতি,বিরাম,-চিহ্ন: কমা সেমিকোলন কোলন ড্যাশ কোলনড্যাশ দাঁড়ি পূর্ণচ্ছেদ।

ক্রি. নিবৃত্ত হওয়া। থামা। দাঁড়ানো। থমকানো। দমা। বাধা দেওয়া। রোধ করা। রোখা। গতিরোধ করা। থামানো। ছেদ বা ক্ষান্তি পড়া। ধরা। ধরে আসা। শান্ত হওয়া। ছুটি বা বিশ্রাম নেওয়া। পৌঁছানো (২৮৭)। শেষ হওয়া। ছেড়ে দেয়া (৬১৫)। নিরস্ত করা। আটকানো। গ্রেফতার করা।

বিণ. নিবৃত্ত। স্থগিত। বিরত। বাধাপ্রাপ্ত। বন্ধ। সংযত। নিরস্ত। ক্ষান্ত। পরিতৃপ্ত (৮৫১)।

১৪১। অনবচ্ছেদ

বি. অনবচ্ছেদ নিরবচ্ছিন্নতা অনবচ্ছিন্নতা অবিচ্ছিন্নতা। অবিরতি অনিবৃত্তি। নিরন্তরতা বিরামহীনতা। চলন। অনুধাবন অনুসরণ। অনুশীলন। অনুরক্ষণ সংরক্ষণ সম্প্রসারণ। ধারাবাহিকতা জের ক্রমান্বয়তা। দীর্ঘকরণ। জেদ গোঁ। প্রচেষ্টা অধ্যবসায়। পুনর্বৃত্তি।

ক্রি. কামাই নাই। চালিয়ে যাওয়া। টিকে থাকা। টিকিয়ে রাখা। বজায় কায়েম বা বহাল রাখা।

বিণ. চলৎ চলন্ত চলতি। অবিরত অনবরত নিরন্তর অবিরল অনিবার ক্ষান্তিহীন অবিরাম বিরামহীন নিরবকাশ অবিশ্রাম অবিশ্রান্ত অশ্রান্ত নাগাড় একটানা অঝোর এন্তার অনর্গল। নিরবশেষ নিরবচ্ছিন্ন নিরন্তর অনবচ্ছিন্ন লাগাতার। অপরিবর্তিত পূর্বাপর। প্রচলিত চালু। বজায় বহাল কায়েম। বলবৎ প্রতিষ্ঠিত অক্ষুণ্ণ। অনির্বাণ অমর অনশ্বর চিরন্তন। নিত্য (১৩৯)। উঠতে বসতে।

১৪২। রূপান্তরণ

বি. রূপান্তরণ ধর্মান্তরণ গুণান্তরণ আকারান্তরণ। বিজারণ। উপক্ষয়। উপস্কৃতি। আত্তীকরণ। পরিমিশ্রণ। রসায়ন কিমিতি কিমিয়া। বাড়ন বর্ধন বিকাশ প্রগতি। দেশ্যকরণ। নির্বাসন। দেশান্তরণ অভিপ্রয়াণ। পরিবর্তন স্থানপরিবর্তন। সংস্কার সংশোধন। কাল দশা কলা। জন্মান্তর দেহান্তর। ধর্মান্তরণ ধর্মত্যাগ। দলত্যাগ। বিকার বিকৃতি বিক্রিয়া।

ক্রি. রূপ ধর্ম গুণ আকার বা চরিত্র বদলানো বা পরিবর্তন করা বা পরিবর্তিত হওয়া। মিশে যাওয়া। গলে যাওয়া। নূতন রূপ বা আকার দেওয়া। ভোল ফেরানো। সংস্কার করা। পুনর্গঠন করা।

বিণ. রূপান্তরিত ধর্মান্তরিত।

১৪৩। পূর্বানুবৃত্তি

বি. পূর্বানুবৃত্তি প্রত্যাবর্তন প্রত্যাগমন প্রতিগমন পরাবর্তন। পরিবর্তন বিপরিবর্তন বিনিবর্তন বিবর্তন প্রতিক্রম। আবর্তন ঘূর্ণন। ব্যাবর্তন ব্যাবৃত্তি। উৎক্রম বিলোমক্রিয়া (২১৭)। একান্তরতা। প্রতিক্রিয়া। ভূতাপেক্ষণ গতানুদর্শন। জাবর। রোমন্থন চর্বিতচর্বণ। প্রতীপগতি। পুনরুদ্ধার প্রত্যানয়ন। পুনঃপতন। পূর্বগানুকৃতি। প্রত্যাগতি।

ক্রি. ফেরানো। প্রত্যাবর্তন করা। উলটানো পালটানো। আওড়ানো। পিছানো। ফিরে আসা। হটে আসা। পুনরুদ্ধার করা। শোধরানো। পালা বদলানো।

১৪৪। বিপ্লব

বি. বিপ্লব। আমূল-পরিবর্তন ইনকেলাব। বিদ্রোহ অভ্যুত্থান উপপ্লব প্রতিবিপ্লব। ধর্মবিপ্লব। সন্ত্রাসবাদ চরমপন্থা। অগ্নিযুগ। চাঞ্চল্য বিক্ষোভ আলোড়ন আন্দোলন ঘেরাও আক্ষেপ বিক্ষেপ উৎক্ষেপ। ভূকম্প ভূমিকম্প। অগ্ন্যুদগার। কালবৈশাখী। দাবানল কালানল। প্রলয়। মহাপ্লাবন ঘূর্ণিঝড় সাইক্লোন। বিস্ফোরণ। অন্তর্ঘাত সাবোতাজ। ধ্বংস (১৬০)। বিপ্লবী,-চেতনা, -সত্তা।

বিণ. বৈপ্লবিক বিপ্লবাত্মক। সর্বাত্মক আমূল। সর্বনাশী ধ্বংসাত্মক নাশকতামূলক অন্তর্ঘাতী প্রলয়ঙ্কর। বিপ্লবী বিপ্লব,-পন্থী,-বাদী। সন্ত্রাসবাদী টেররিস্ট চরমপন্থী উগ্রপন্থী হিংসাশ্রয়ী। প্রতিবিপ্লবী।

১৪৫। প্রতিস্থাপন

বি. প্রতিস্থাপন। প্রতিকম্পন অনুকম্পন। পরিবর্ত পালট বদল বিনিময় নিষ্ক্রয়ণ। জবরদখল। প্রতিকল্প বলি। জোড়াতালি। ছুতা দোহাই। ঠেকা। শিখণ্ডী। সাক্ষিগোপাল। প্রতিরূপ। তাজিয়া। প্রতিভূ প্রতিনিধি প্রক্সি। বেনামদার। মূল্য। দাম। বায়না। বিবেচনা। ক্ষতিপূরণ। নামজারি কায়েমমোকাম।

ক্রি. অন্যের স্থানে স্থাপন করা। স্থলাভিষিক্ত করা। সরিয়ে বসানো। অন্যের স্থান জবরদখল করা। বদলা দেওয়া। ক্ষতিপূরণ করা।

বিণ. প্রতিস্থাপিত স্থলাভিষিক্ত বদলি। বেনামা বেনামি।

১৪৬। আন্তঃপরিবর্তন

বি. আন্তঃপরিবর্তন অদলবদল হেরফের। আদানপ্রদান লেনদেন বিনিময় নিষ্ক্রয়ণ। পরিবিন্যাস। পক্ষান্তরণ। ব্যতিহার। একান্তরতা। প্রতিশোধ প্রতিহনন। প্রত্যবহার। প্রতিক্রিয়া। প্রত্যপবাদ। প্রত্যুত্তর প্রত্যভিযোগ। প্রত্যুপকার। প্রত্যভিবাদন। পারস্পর্য।

ক্রি. অদলবদল করা। পরস্পর বদল বিনিময় বা পরিবর্তন করা। তাসানো। আন্তঃপরিবর্তন ঘটা। শোধ তোলা। পালটা জবাব দেওয়া। শোধ করা।

বিণ. আন্তঃপরিবর্তনীয়। পরস্পর পরস্পর। আন্তর্জাতিক আন্তর্রাষ্ট্র আন্তঃসম্প্রদায়।

১৪৭। পরিবর্তনশীলতা

বি. পরিবর্তনশীলতা পরিবর্তনীয়তা। রূপান্তরতা। বহুমুখিতা। গতিশীলতা প্রগতিশীলতা। অভিব্যক্তিবাদ। বিবর্তনবাদ। অস্থিতি অস্থিরতা অস্থৈর্য। ভাবান্তর। চাপল্য। হেরফের অদলবদল। বিচলন আলোড়ন (৩১৩)। চাঞ্চল্য। হ্রাসবৃদ্ধি তারতম্য। ঋতু,-পর্যায়,-বদল,-পরিবর্তন। ঋতু,কাল,-চক্র। জোয়ারভাটা। অস্থিরচিত্ততা চাপল্য। একান্তরতা। দোলন। দ্রবণীয়তা। চন্দ্র। তরঙ্গ। বেলাভূমি। বহুরূপী। পারদ পারা। ভাগ্যচক্র। সুবিধাবাদ।

ক্রি.পরিবর্তন হওয়া। হেরফের হওয়া। এদিকওদিক করা। দোল খাওয়া। কাঁপা। ঝাপ্‌টানো। ঝটপট করা। ইতস্তত করা। ডিগবাজি খাওয়া বা দেওয়া।

বিণ. পরিবর্তনশীল পরিবর্তী পরিবর্তমান পরিবর্তনীয়। বিচিত্র। বিষম। বহুমুখী বহুরূপী।

চলিষ্ণু গতিষ্ণু গতিশীল। অস্থির চঞ্চল চটুল চপল অস্থিরচিত্ত অব্যবস্থিতচিত্ত খেয়ালি খামখেয়ালি। পথভ্রষ্ট উদ্দেশ্যবিহীন। অনির্দিষ্ট। অস্থায়ী (১০৫)। বিকারী।

১৪৮। অপরিবর্তনশীলতা

বি. অপরিবর্তনশীলতা অপরিবর্তনীয়তা। অবিকার স্থিতি সুস্থিতি। সদ্ভাব স্থিরতা স্থৈর্য। দৃঢ়তা অটলতা নিশ্চলতা অচঞ্চলতা স্থায়িত্ব। প্রতিষ্ঠা নিত্যতা (১৩৯)। রক্ষণশীলতা জেদ গোঁ একগুঁয়েমি।

ক্রি. স্থির অটল অনড় অচল শক্ত দৃঢ় বা কঠিন হওয়া বা থাকা। প্রতিষ্ঠিত করা। নিরূপণ বা নির্ধারণ করা। শক্ত করা (৪৩)। চিরস্থায়ী করা। শিকড় গাড়া। মাটি কামড়ে থাকা। নাছোড়বান্দা হওয়া।

বিণ. অপরিবর্তনীয় অপরিবর্তী অপরিবর্তিত। অবিকার অবিকার্য অবিকৃত। অনমনীয়। অদ্রবণীয়। পাকা শক্ত মজবুত দৃঢ় কঠিন। অটল অনড় অবিচল অচঞ্চল। নিস্তরঙ্গ। অকম্প নিষ্কম্প। স্থৈতিক। বদ্ধ। স্থাণু স্থির। নিরত্যয় অবিনাশী অক্ষয় অব্যয় অক্ষুণ্ণ। বর্তিষ্ণু স্থিতিশীল। প্রতিষ্ঠিত। মজ্জাগত বদ্ধমূল। দুর্মর। অনপনেয়। অমোচ্য অপ্রতিকার্য অপ্রতিকরণীয় অসংশোধনীয় অপ্রতিবিধেয়। জেদী একগুঁয়ে স্থিরপ্রতিজ্ঞ (৬০৯)। মজ্জাগত জন্মগত। রক্ষণশীল সনাতনী দক্ষিণপন্থী। আগের মতো। যা ছিল তাই। তথৈব তথৈবচ।

ক্রি-বিণ. যথা পূর্বং তথা পরম। যেকে সেই।

১৪৯। বর্তমান ঘটনা

বি. ঘটনা ঘটন সংঘটন নির্বন্ধ অকু। ঘটমানতা। ঘটনাপ্রবাহ ব্যাপার কর্ম,-কাণ্ড কার্য কাজ। কার্য,-বাহ,-বিধি। তথ্য। বিস্ময়। অবস্থা পরিস্থিতি হাল হালচাল। অসমসাহসিকতা। অত্যয় সংকট জরুরি অবস্থা। সাপেক্ষতা। প্রসঙ্গ সংস্রব। বিষয়। ফল ফলাফল পরিণাম পরিণতি উপসংহার। ইহকাল সংসারজীবন। সময়।

ক্রি. ঘটা। সংঘটিত হওয়া। হওয়া। আবির্ভাব হওয়া। উঠা। ওঠা। উত্থাপিত হওয়া। অভিজ্ঞতা হওয়া। কপালে ঘটা বা জোটা। পাওয়া। সম্মুখীন হওয়া। সহ্য বা কষ্ট করা।

বিণ. ঘটমান ঘটনাবহুল ঘটনাঘন ঘটনাবহ। চাঞ্চল্যকর। মুখরোচক। স্মরণীয়। অভিনব বিস্ময়কর। আপতিক আকস্মিক। বর্তমান হাল অধুনা চলতি সাম্প্রতিক সমকালীন (১১২)। উপস্থিত।

ক্রি-বিণ. ঘটনা,-ক্রমে,-চক্রে।

১৫০। ভবিষ্যৎ ঘটনা

বি. ভবিষ্যৎ ঘটনা। ভবিতব্যতা। ভবিষ্যৎ (১১৫)। ভবিষ্যদ্বাণী (৫৩৪)। ভাগ্য নসিব কপাল তকদির। অদৃষ্ট ললাটস্যলিখন। কিসমত বরাত ভাগ্যলিপি নিয়তি। পরকাল পরলোক পরজন্ম পরজীবন। আখের পরিণাম পরিণতি। আলামত পূর্বলক্ষণ (৫৩৫)। সম্ভাবনা। অবশ্যম্ভাবিতা। আসন্নতা। আসন্নকাল।

ক্রি. আসন্ন হওয়া। ঘনিয়ে আসা। ঝুলা। ঝোলা। পূর্বাভাস পাওয়া। পূর্বলক্ষণ দেখা। পূর্বনির্ধারিত থাকা।

বিণ. ভবিতব্য। বর্তিষ্ণুমান। ভাবী আগামী হবু। আসন্ন সমাসন্ন প্রত্যাসন্ন সন্নিকট। ঘনায়মান ধূমায়মান। আগতপ্রায়। হবোহবো। সম্ভাব্য। ঘটিতব্য। অবশ্যম্ভাবী।

ক্রি-বিণ. অদূর ভবিষ্যতে।

১৫১। কারণ

বি. কারণ হেতু নিমিত্ত। মূলাধার। মূলবস্তু। মূল জড় শিকড় বীজ। আদ্য আদি নিদান। উপাদান। গুণ প্রভব। ধর্ম। দ্রব্যগুণ। বিদ্যা। উৎস উৎপত্তি জন্ম। ভিত্তি পত্তন বুনিয়াদ। সূত্র মূলসূত্র। যুক্তি। অজুহাত (৬২৯) ওজর অছিলা বাহানা উদ্দেশ্য (৬২৭) ব্যপদেশ উপলক্ষ। উপরোধ। প্রয়োজন গরজ খাতির। অঙ্কুর প্রসূন। ভ্রূণ অণ্ড আণ্ডা ডিম্ব ডিম। বীজ। কেন্দ্র। হৃদয় হৃৎকেন্দ্র কেন্দ্রস্থল নাভি। আসল লোক। অনুঘটক প্রভাবক। জন্মস্থান জন্মবর্ত্ম যোনি। সূতিকাগৃহ। কার্যকারণশৃঙ্খল কার্যকারণসম্বন্ধ। হেতুবাদ। নিমিত্ত। স্বরূপতা। উৎপাদন (১৫৯)। সৃজক জনক প্রণেতা নির্মাতা উদ্ভাবক (১৬২)।

ক্রি. কারণ হওয়া। উৎপাদন সৃজন বা উদ্ভাবন করা। বীজবপন করা। ফলানো। জন্মানো। জন্ম দেওয়া। নির্মাণ করা। তৈরি করা। গড়া। ভিত্তি দেওয়া। প্রতিষ্ঠা করা। করানো। প্রেরণা বা প্ররোচনা দেওয়া। হাত থাকা। ঘটানো। প্রভাব বিস্তার করা।

বিণ. কারণিক কারণ,হেতু,-সংক্রান্ত। কারণীভূত। আদি আদ্য মূল মৌলিক। উদ্ভাবনী সৃজনী। মূলক। প্রাথমিক।

অব্য-ক্রি বিণ. ওয়াস্তে। তরে। জন্য জন্যে তজ্জন্য সেজন্য সেই,-হেতু,-কারণে এজন্যে। কারণে বিধায় বাবদ দরুন। এই কারণে এই হেতু। যেহেতু যে কারণে। কেননা। অতএব। সুতরাং। অগত্যা। বাধ্য হয়ে। বরং বরঞ্চ। প্রত্যুত। কিংবা। অথবা। ফলে। ফলত। কেন। কি। কী। নতুবা নচেৎ।

১৫২। ফলাফল

বি. ফলাফল। প্রতিফল। সুফল। সাফল্য (৬৯৯)। কুফল। খারাপফল। পরিণাম নতিজা পরিণতি আখের ভবিষ্যৎ। উপকার লাভ ফলশ্রুতি। গুণ প্রভাব তাসির। পার্শ্বপ্রতিক্রিয়া। উপসংহার পরিসমাপ্তি পর্যাবসান। পরিবর্ধন বিবর্তন। ফল ফসল উৎপাদন উৎপত্তি উদ্ভব। জন্ম সৃষ্টি। কাজ কর্ম সম্পাদন। কর্মফল কর্মবিপাক ব্যর্থতা (৭০০)। ফলভোগ।

বিণ. উৎপন্ন উদ্ভূত জাত সৃষ্ট। জন্মগত বংশগত।

ক্রি-বিণ. কারণে ফলে ফলত কার্যত স্বভাবত। বদৌলতে। কল্যাণে।

১৫৩। আরোপণ

বি. আরোপণ হেতুবাদ। সিদ্ধান্ত বাদ মত তত্ত্ব। আরোপ অধ্যাস অধ্যাসন অধ্যারোপ অধ্যারোপণ। প্রসঙ্গ ব্যাখ্যা ভাষ্য টীকা।

ক্রি. রূপ বা গুণ আরোপ করা। এক বস্তুতে অন্যবস্তুর ধর্ম সংস্থাপন করা। চাপানো। ঘাড়ে চাপানো। কারণ দর্শানো। তত্ত্ব আওড়ানো।

বিণ. আরোপিত কারণীভূত। কারণনির্দেশক।

অব্য. যেহেতু সেহেতু।

১৫৪। অকারণতা

বি. অকারণতা কারণহীনতা। আকস্মিকতা। আপতন। দুর্ঘটনা। অপ,-ঘাত,-মৃত্যু। দৈব, -গতি,-ঘটনা,-যোগ। দৈব অদৃষ্ট ভাগ্য কপাল নসিব কিসমত বরাত বিধি। ভাগ্যপরীক্ষা লটারি টসিং। ভাগ্যচক্র। সম্ভবতা শক্যতা। সাপেক্ষতা। কপালের জোর। জুয়াখেলা ফাটকাবাজি (৫০৬)।

ক্রি. ঠিক না থাকা। স্থির না থাকা। বিনা মেঘে বজ্রপাত। মেঘ না চাইতে জল। হিসাবের বাইরে থাকা। ঝুঁকি নেওয়া। কপাল ঠোকা। ভাগ্যপরীক্ষা করা। টস করা। আন্দাজে ঢিল মারা।

বিণ. দৈব অকারণ অহৈতুক অহেতুক খামোখা বেওজর। অনর্থক বৃথা। দৈবাধীন। আকস্মিক

আপতিক। আত্যয়িক। এলোপাতাড়ি। অনভিপ্রেত। অভাবনীয় অভাবিতপূর্ব। অলৌকিক আজগুবি ভুতুড়ে। কাকতালীয়।

ক্রি-বিণ. দৈব,-ক্রমে,-গতিকে,-বশে। অকারণে অযথা অমনিঅমনি মিছিমিছি আপনাআপনি শুধুশুধু খালিখালি। ঘটনা,-ক্রমে,-চক্রে। আলটপকা। টপকা দমকা। সট করে।

অব্য. দৈবাৎ হঠাৎ অতর্কিতে। অকস্মাৎ। আচমকা। সহসা। চকিতে। হুট করে।

১৫৫। শক্তি

বি. শক্তি ক্ষমতা সামর্থ্য। বল (১৫৭)। শক্তিমত্তা শক্তিশালিতা। মুরদ তাকত কুয়ত জোর সত্ত্ব। কুদরত কেরামত। হিম্মত সাহস। কর্তৃত্ব প্রাধিকার। ওজন। প্রভাব। পরাক্রম। প্রতিপত্তি প্রতিষ্ঠা। দৌড়। প্রতাপ। বাহাদুরি জারিজুরি। পারগতা যোগ্যতা দক্ষতা। ফলপ্রদতা কার্যকরতা। গুণ ধর্ম লক্ষণ। পেশি,-বল,-শক্তি। যান্ত্রিক শক্তি। চাপশক্তি। সৌর,সূর্য,তাপ,বিদ্যুৎ,আলোক,জল, বায়ু,চুম্বক,পরমাণু,-শক্তি। তেজস্ক্রিয়তা তেজস্ক্রিয়া। জ্বালানি। বলবিদ্যা মেকানিকস। তাপগতিবিদ্যা। অশ্বশক্তি হর্সপাওয়ার। ঘোড়া। ওয়াট। কিলো,মেগা,-ওয়াট। অলৌকিক ক্ষমতা। ঐশী,-শক্তি,-ক্ষমতা। দৈব,-বল,-শক্তি। যোগ, -বল,-শক্তি। মন্ত্র,-বল,-শক্তি। সিদ্ধি সিদ্ধাই।

ক্রি. শক্তিপ্রয়োগ করা। শক্তিদেওয়া। বলপ্রয়োগ করা। জোর দেওয়া। চাপ দেওয়া। চাপা। টেপা। টিপে দেওয়া। দম দেওয়া।

বিণ. ক্ষম ক্ষমতাশালী ক্ষমতাবান। শক্তিশালী শক্তিমান শক্তিধর জবরদার জবরদস্ত জাঁদরেল। হিম্মতওয়ালা। হিকমতে। শক্তসমর্থ কার্যক্ষম। পারগ। নায়েক। সক্ষম যোগ্য পটু। প্রভাবশালী। বলিষ্ঠ তেজস্বী। সর্বশক্তিমান। আকর্ষণীয় সম্মোহনী। প্রগতিশীল। প্রতিভাবান।

১৫৬। শক্তিহীনতা

বি. শক্তিহীনতা অশক্তি অক্ষমতা অসমর্থতা অসামর্থ্য অপারগতা। দৌর্বল্য যৌনদুর্বলতা বীর্যহীনতা পুরুষত্বহীনতা। অকর্মণ্যতা। অকৃতকার্যতা (৭০০)। অদক্ষতা অযোগ্যতা অনুপযুক্ততা (৬৫১)। অসহায়তা। নিরাশা। পতন পক্ষাঘাত মূর্ছা। বার্ধক্য ভীমরতি জরাগ্রস্ততা। অবসাদ। আদুরে দুলাল। ননির পুতুল।

ক্রি. শক্তি বা ক্ষমতা না থাকা। না পারা। করতে না পারা। হাল ছাড়া। ভিরমি খাওয়া।

বিণ. অক্ষম অশক্ত দুর্বল শক্তিহীন তেজহীন নিস্তেজ। অপারক অপারগ অসমর্থ অদক্ষ অপটু অযোগ্য অনুপযুক্ত অকর্মণ্য। নির্গুণ গুণহীন। নির্বীর্য নপুংসক ক্লীব। অসহায় নাচার নিরুপায় নিঃসহায়। অথর্ব বিকল জরদ্গব জরাগ্রস্ত ভীমরতিগ্রস্ত পক্ষাঘাতগ্রস্ত জড়ধী। ক্লান্ত শ্রান্ত ভগ্নহৃদয়। আত্মবিশ্বাসহীন মনোবলহীন। নিরপরাধ নিরস্ত্র। নাকচ বাতিল রদ। অপর্যাপ্ত অপ্রতুল নিষ্ফল (৬৫১)।

১৫৭। বল

বি. বল শক্তি প্রাণ,জীবনী,কর্ম,-শক্তি। প্রাণ, -ময়তা,-বন্ততা,-প্রাচুর্য,-চাঞ্চল্য। প্রাণাবেগ প্রাণোচ্ছ্বাস প্রাণোচ্ছলতা। ক্ষমতা (১৫৫)। ওজঃ ওজোগুণ ওজস্বিতা ঔজস্য। তেজ শৌর্য জোর পরাক্রম বিক্রম। বলশালিতা বলবত্তা বলিষ্ঠতা সবলতা সক্ষমতা। কেরামতি। বীর্য পুরুষত্ব পৌরুষ। গায়ের জোর বাহুবল পেশিশক্তি। লাঠির জোর। অস্ত্রবল। বন্দুকের জোর। লোক,জন,

–বল। মনের জোর। স্নায়ু পেশি পিঠ দেহ গতর মেরুদণ্ড মজ্জা। ব্যায়াম খুরলি দেহচর্চা মল্লযুদ্ধ। যোগ। দেহী ব্যায়ামকারী ব্যায়ামশিক্ষক ব্যায়ামবীর। পালোয়ান। কুস্তি,–গির,–বাজ। রুস্তম ভীম আটলাশ হারকিউলিস স্যামসন। বলাধান বলবর্ধন বলসঞ্চার। পুনরুদ্যম। শ্রমাপহরণ। বলবিদ্যা স্থিতিবিদ্যা।

ক্রি. শক্ত দৃঢ় বা কর্মক্ষম করা। সতেজ করা। বলদান করা। ইস্পাতদৃঢ় করা। চাঙ্গা করা।

বিণ. বলবান বলী বলীয়ান বলশালী বলবন্ত সবল প্রবল বলিষ্ঠ সমর্থ। শক্তিমান বীর্যবান ক্ষমতাবান তেজো,–গর্ভ,–ময় তেজী তেজীয়ান তেজস্বী ওজস্বী ঔজসিক টগবগে সতেজ জীবন্ত প্রাণ,–বান,–বন্ত,–চঞ্চল দৃপ্ত দীপ্ত চাঙ্গা তাজা। অংসেল পেশল। মজবুত জোয়ান তাগড়া জবর। পরাক্রান্ত প্রতাপশালী। অপ্রতিদ্বন্দ্বী অপ্রতিহত অপরাজেয় অজেয় অদম্য দুর্দমনীয় দুর্বিনীত। ষণ্ডা। দুর্দান্ত দুঁদে। দুর্ধর্ষ দুরাধর্ষ দুর্জয় দুর্বার দুর্নিবার। নিরঙ্কুশ। সর্বশক্তিমান।

১৫৮। দৌর্বল্য

বি. দৌর্বল্য দুর্বলতা বলহীনতা। শক্তি,প্রাণশক্তি,–হীনতা কমজোরি ক্ষীণতা ক্ষীণজীবিতা নির্জীবতা। হীনতা অক্ষমতা (১৫৬)। রুগ্নতা অসুস্থতা। রক্তাভাব রক্তাল্পতা রক্তহীনতা। অপৌরুষ অবিক্রম নিস্তেজতা তেজাভাব নির্বীর্যতা। অনুৎসাহ ম্লানতা। বিশীর্ণতা। বার্ধক্য জরাগ্রস্ততা। মেয়েলিপনা। অকর্মণ্যতা (৬৮৩)।

ক্রি. দুর্বল হয়ে পড়া। মিয়ানো। নেতানো। নেতিয়ে পড়া। অবসন্ন হওয়া। পা বা হাঁটু কাঁপা। ধুঁকা। হাঁপানো। টলমল করা। পড়ে যাওয়া। ধসা। কমজোর অথর্ব বা পঙ্গু হয়ে পড়া। বিছানা নেওয়া।

বিণ. দুর্বল বলহীন শক্তিহীন (১৫৬)। প্রাণহীন নিঃসত্ত্ব হীনবল হীনবীর্য কাহিল কাবু ক্ষীণ। রুগ্ণ অসুস্থ রোগা,–পটকা। তালপাতার সেপাই। নিস্তেজ তেজোহীন নির্জীব নির্বীর্য পুরুষত্বহীন ধ্বজভঙ্গ। মেরুদণ্ডহীন। ম্লান শীর্ণ কৃশ ক্ষীণজীবী ক্ষীণমনা ক্ষীয়মাণ। ক্লান্ত শ্রান্ত ভগ্নহৃদয়। নিরুদ্যম মিনমিনে নিরুৎসাহ। অথর্ব বিকল। মেদা মেদামারা। ভেতো। সাবুখাওয়া। অস্থিচর্মসার। শুটকা। উনপাঁজুরে।

১৫৯। উৎপাদন

বি. উৎপাদন সঞ্জনন সঞ্জননা সঙ্গুতি। সর্জন সর্জনা সর্গ সৃজন সৃষ্টি ভাব ভব। সম্ভব উৎপত্তি বূঢ়ি। সিসৃক্ষা। নির্মাণ গঠন (৩৫১) গড়া প্রস্তুতকরণ তৈরিকরণ রচনা স্থাপন প্রতিষ্ঠা। বিন্যাস সংগঠন। বয়ন বোনা কারুকার্য। সম্পাদন সফলতা। বপন বুনন রোপণ উদ্‌গম উদ্ভেদ উন্মেষ,–ণ প্রস্ফুটন ফোটন ফলন। ফসল। জন্ম। পয়দা পয়দায়েশ উদ্ভব সমুদ্ভব আবির্ভাব উদয় অভ্যুদয়। বিকাশ ক্রমবিকাশ বৃদ্ধি বর্ধন। বংশবৃদ্ধি। উদ্ভাবন আবিষ্কার। প্রজনন বিজনন উপজনন। প্রচার প্রকাশন রচনা প্রণয়ন। দেহ কাঠামো। ভিত্তি বুনিয়াদ ভিত্তিপ্রস্তর। স্থাপত্য। জনি জনু। জনন জনকতা। উৎপাদনক্ষমতা (১৬৬)। জন্ম,–নিয়ন্ত্রণ,–শাসন। পরিবার –পরিকল্পনা। প্রসূতি জননী। জনক। উৎপাদক (১৬২) প্রতিষ্ঠাতা আবিষ্কর্তা। স্থপতি নির্মাতা।

ক্রি. উৎপাদন সৃষ্টি বা পয়দা করা। নির্মাণ গঠন প্রস্তুত তৈরি রচনা বা স্থাপন করা। গড়া। ফাঁদা। বানানো। উদ্ভাবন বা আবিষ্কার করা। রচা। বোনা। সংগঠন প্রতিষ্ঠা বা সম্পাদন করা। সফল হওয়া। গজা। উঠা। ওঠা। ফোটা। রোপা বোনা ফলা ফলানো বা জন্মানো। বিকশিত বা প্রস্ফুটিত করা।

ডিম পাড়া। ডিম ছাড়া। ডিমে তা দেওয়া। ডিম ফোটানো। গর্ভসঞ্চার করা বা হওয়া। গর্ভধারণ বা সন্তানধারণ করা। পেট হওয়া। পেটে ধরা। মায়ের পেটে থাকা। প্রসব করা। বিয়ানো। হওয়া। পয়দা হওয়া। ভূমিষ্ঠ হওয়া। জন্ম নেওয়া। জন্ম দেওয়া। জন্মানো। জন্মগ্রহণ জন্মলাভ বা জন্মপরিগ্রহ করা। দেহধারণ করা। পৃথিবীতে আসা। ধরাধামে অবতীর্ণ হওয়া। পৃথিবীর আলো দেখা। জীবন পাওয়া। জন্ম নিয়ন্ত্রণ করা। পরিবার পরিকল্পনা গ্রহণ করা। জনসংখ্যা নিয়ন্ত্রণ করা।

বিণ. উৎপাদনশীল উৎপাদনক্ষম জননক্ষম। প্রসূ উর্বর (১৬৬)। সঞ্জাত উৎপন্ন সৃষ্ট সৃজিত। উৎপাদিত। উৎপাদ্য। উৎপাদী। উৎপাদ্যমান। রচিত নির্মিত স্থাপিত। সূত প্রসূত জনিত জন্মিত জাত সংবৃত্ত ভূমিষ্ঠ। উৎপন্ন সম্ভব রূঢ়। উদ্‌গত অঙ্কুরিত উদ্ভূত সমুদ্ভূত সম্ভূত উদ্ভিন্ন প্রোদ্ভিন্ন সমুদিত প্রস্ফুটিত বিকশিত। সৃজনী সৃজনশীল সৃষ্টিধর্মী। প্রসবিনী। উপজাত। সঞ্জাত। জারজ বেজন্মা হারামজাদা।

১৬০। ধ্বংস

বি. ধ্বংস বিধ্বংস হানি নাশ বিনাশ প্রণাশ পর্যাস সায় লয় বিলয় লোপ বিলোপ অবলোপ। লুপ্তি বিলুপ্তি। অবলুপ্তি। নিপাত বিনিপাত নিপাতন প্রপতন। ক্ষয় অপক্ষয় ভাঙন। বিপর্যয় বিপাক দুর্বিপাক বিশৃঙ্খলা। মার সংহার। রুদ্ররোষ ধ্বংসলীলা। আত্মঘাত। আত্মহত্যা আত্মাহুতি আত্মোৎসর্গ। লুট লুটপাট রাহাজানি। অগ্নিসংযোগ। রক্তগঙ্গা। দক্ষযজ্ঞ হাঙ্গামা (১৪৪)। নাশকতা অন্তর্ঘাত কূটঘাত সাবোতাজ। তাবাই। পতন অধঃপতন। ভগ্নদশা ভগ্নস্তূপ খণ্ডহার। ধ্বংসস্তূপ। ধ্বংসাবশেষ ভগ্নাবশেষ পোড়োবাড়ি। প্লাবন নৌকাডুবি ভরাডুবি। প্রলয় মহাপ্রলয় তাণ্ডব। সর্বনাশ ভুষ্টিনাশ ছারখার। উৎসাদন উৎখাত উচ্ছেদ। ধ্বংসেন নিপাতন বিলোপন (৫৬১) অবলোপন নিশ্চিহ্নকরণ। নির্মূলন উন্মূলন উৎখনন উৎপাটন সমুৎপাটন। বিমর্দন চূর্ণন। ফানা। কল্পান্ত প্রলয়কাল। রোজকেয়ামত। শেষ (৬৬)। মৃত্যু (৪০০)।

ক্রি. ধ্বংস হওয়া। তাবা হওয়া। নাশ বা লয় পাওয়া। নষ্ট বা বিনষ্ট করা। ঘুণ ধরা। ভাঙা। চূর্ণ বা চুরমার করা। লোপ বা বিলোপ করা। কামান দাগা। মই দেওয়া। ভিটেমাটি উৎখাত বা উচ্ছেদ করা। ভস্মীভূত করা। সাবড়ানো। সাবাড় পাচার খতম বা শেষ করা। সর্বনাশ করা বা হওয়া। ভরাডুবি হওয়া। মুছে ফেলা। ভেঙে দেওয়া। গুঁড়িয়ে ফেলা। ডুবিয়ে দেওয়া। নির্মূল করা। হাজা। মজা। পচা। বারোটা বাজা। নষ্ট পণ্ড বা ভেস্তে যাওয়া। হারিয়ে যাওয়া। ধুয়ে মুছে যাওয়া। চুকেবুকে যাওয়া। উচ্ছন্নে ছারেখারে বা গোল্লায় যাওয়া। কালগ্রাসে পড়া। কালসমুদ্রে হারিয়ে যাওয়া।

বিণ. ধ্বংসাত্মক ধ্বংসী নাশকতামূলক বিনাশী বিনাশক আত্মঘাতী রক্তক্ষয়ী প্রলয়ংকর সর্বনাশা সৃষ্টিনাশা সর্বগ্রাসী সর্বধ্বংসী। ধ্বস্ত বিধ্বস্ত নষ্ট বিনষ্ট উৎসন্ন জীর্ণ ধ্বংসপ্রাপ্ত। নাশপ্রাপ্ত পয়মাল চুরমার। মিসমার হালাক। ভেস্তা পণ্ড ভণ্ড লণ্ডভণ্ড। লুপ্ত বিলুপ্ত (৫৬১) অবলুপ্ত লীন বিলীন লোপাট সাবাড় খতম। নির্মূল। নিশ্চিহ্ন। নির্বংশ। ধ্বংসোন্মুখ।

অব্য. তছনছ লণ্ডভণ্ড।

১৬১। পুনরুৎপাদন

বি. পুনরুৎপাদন। জনন সংজনন। পুনর্নির্মাণ পুনর্গঠন পুনরুদ্ধার (৬৭১)। পুনরুৎপত্তি পুনর্জন্ম।

পুনর্ভব পুনরুদয়। রেনেসাঁস। নবীকরণ। নবীভবন। জীর্ণোদ্ধার জীর্ণসংস্কার। পুনরুজ্জীবন পুনর্জাগরণ পুনর্জীবন পুনরুত্থান। পুনঃপ্রকাশ। রক্তবীজের ঝাড়।

বিণ. পুনরুৎপাদী। পুনর্ভব পুনরুদ্ভূত পুনর্জাত পুনরুজ্জীবিত পুনরুত্থিত পুনরুদীয়মান। পুনর্গঠিত নবীভূত নবলব্ধ।

১৬২। উৎপাদক

বি-বিণ. উৎপাদক উৎপাদনকারী সৃজক। জনক। স্রষ্টা। সৃষ্টি,-কর্তা,-কারী। জন্মদাতা। উদ্ভাবক। জন্মদাত্রী জননী জনয়িতা সবিতা প্রসূতি। ধাতা ধাত্রী। প্রবর্তক আবিষ্কারক। প্রস্তুতকারী। প্রণেতা। নির্মাতা প্রতিষ্ঠাতা। লেখক রচয়িতা গ্রন্থকার। শিল্পী। স্থপতি। পালক প্রতিপালক। প্রস্তাবক উত্থাপক উদ্যোক্তা কর্তা (৬৯৬)। সিসৃক্ষু নির্মিৎসু নির্মাণেচ্ছু সৃষ্টিকামী। রত্ন,-গর্ভা,-প্রসূ। স্বর্ণ,-প্রসবা,-প্রসূ।

১৬৩। ধ্বংসকারী

বি-বিণ. ধ্বংসকারী ধ্বংসক। নাশক বিনাশক বিনাশী নাশিকা নাশকারী। নষ্টকারী। উচ্ছেদক উৎপাটক। বিলোপকারী প্রলয়কারী সংহারক। আততায়ী (৪০১)। জল্লাদ (৯৭৪)। কালাপাহাড় বর্বর চণ্ডাল। নৈরাজ্যবাদী। আত্মঘাতী। কূটঘাতক অন্তর্ঘাতক।

১৬৪। পূর্বপুরুষ

বি. পূর্বপুরুষ। পিতৃ,-বংশ,-কুল,-পক্ষ,-পুরুষ। বাপঠাকুর্দা চৌদ্দপুরুষ। সাতপুরুষ। পিতামহ ঠাকুরদাদা দাদা। পিতামহী ঠাকুরমা দাদি। মাতামহ নানা। মাতামহী নানি। প্রপিতামহ। বৃদ্ধপ্রপিতামহ। পিতৃত্ব। পিতা জনিতা জনক জনয়িতা জন্মদাতা। পিতৃদেব। আব্বা বাবা বাপ বাপু। মাতৃত্ব। মা মাতা মাতৃকা জননী অম্বা আম্মা। জনয়িত্রী জন্মদাত্রী জনিকা গর্ভধারিণী। জাতি গণ কুল বংশ বর্ণ বর্গ গোষ্ঠী। গোত্র ঘর পরিবার। কুলজি কুরসিনামা বংশ,-পীঠিকা, -তালিকা,-বৃক্ষ,-লতা।

বিণ. পৈত্রিক মাতৃক। বংশগত। বংশীয়। কুলীয় কৌল কৌলিক। গোত্রীয় কুলোদ্ভূত। বংশ্য বংশজ বংশোদ্ভব। পারিবারিক। মৌরুসি।

১৬৫। উত্তরপুরুষ

বি. উত্তরপুরুষ বংশধর। পরবর্তী প্রজন্ম। বংশের বাতি। উত্তরাধিকারী দায়াদ ওয়ারিশ। ঔরস। অপত্য। সন্তান সন্ততি। আওলাদ। পুত্র নন্দন সুত তনয় তনুজ দারক আত্মজ ছেলে লেড়কা পুত পোলা। পুত্রী পুত্রিকা কন্যা দুহিতা সুতা তনয়া তনুজা দারিকা নন্দিনী আত্মজা মেয়ে ঝি ঝিউড়ি লেড়কি। ছেলেপিলে বেটাবেটি। দত্তক,পোষ্য, পালিত,-পুত্র,-কন্যা। পৌত্র পৌত্রী দৌহিত্র দৌহিত্রী। নাতি নাতনী। প্রপৌত্র প্রপৌত্রী। নাতির ঘরের পুতি।

বিণ. জন্মগত বংশগত বংশানুক্রমিক। পুরুষপরম্পরাগত।

ক্রি-বিণ. সবংশে ঝাড়েবংশে। বংশানুক্রমে বংশাদিক্রমে বংশপরম্পরায়।

১৬৬। উৎপাদনক্ষমতা

বি. উৎপাদন,-ক্ষমতা,-শীলতা উৎপাদিকাশক্তি। সৃজনী,-ক্ষমতা,-শক্তি,-শীলতা। উর্বরতা। উদ্ভাবনা (৪৭৯) উৎপাদন (১৫৯) সঞ্জনন। বংশবৃদ্ধি। প্রজনন প্রসব প্রসবন। ফলদান। বৃদ্ধি প্রচার সঞ্চার।

বিণ. উৎপাদনক্ষম উৎপাদনশীল সৃজনী সৃজনক্ষম। উর্বর শস্যশ্যামল। ফল,–দ,–দায়ক, –প্রসূ,–প্রদ,–দায়িনী,–বান,–প্রসবিনী। ঋতুপ্রাপ্ত ঋতুমতী। পোয়াতি গর্ভিণী গাভিন গর্ভবতী অন্তঃসত্ত্বা সন্তানসম্ভবা হামেল। উদ্ভাবনী। সঞ্জীবনী।

১৬৭। উৎপাদন-অক্ষমতা

বি. উৎপাদন-অক্ষমতা। অনুর্বরতা। অজন্মা। ফলহীনতা নিষ্ফলতা। বন্ধ্যাত্ব অনপত্যতা সন্তানহীনতা। জন্ম,–নিয়ন্ত্রণ,–শাসন। পরিবার পরিকল্পনা। অনুপযোগিতা (৬৫১)। বনবাদাড়। ব্রহ্মডাঙ্গা। মরুভূমি সাহারা।

ক্রি. উৎপাদন না হওয়া। গর্ভপাত হওয়া। হাজা। শুখা। পেট খসা। পেট খসানো। পেট পুড়ানো।

বিণ. অনুৎপাদক। অনুর্বর শুষ্ক বিরান নিষ্ফলা অফলা রাঁড়া। বাওয়া। পতিত অকর্ষিত খিল পোড়ো। মরুময় ঊষর। অপত্যহীন অনপত্য নিরপত্য সন্তানহীনা নিঃসন্তান অপুত্র অপুত্রক আঁটকুঁড়ে। কাকবন্ধ্যা। বন্ধ্যা বাঁজা। আকাটবাঁজা বিবৎসা। মৃতবৎসা মড়ুঞ্চে। নপুংসক ষাঁড়া রণ্ড। অণ্ডকাটা মুষ্কহীন খাসি। হিজড়া। নির্বংশ। অনুপযোগী (৬৫১)।

১৬৮। সংঘটন

বি. সংঘটন। ক্রিয়া। কৃত,–কর্ম,–কার্য। কাজ কর্তব্য (৬৮০)। কারিত্ব সক্রিয়তা (৬৮২)। শক্তিপ্রয়োগ। কার্যকলাপ। করার ইচ্ছা। চিকীর্ষা। অনুশীলন। আনয়ন। প্রেরণ। সম্পাদন (৬৯৭)। নির্বাহ অনুষ্ঠান। হওন উৎপাদন। ফলপ্রসব। কর্ম, –ক্ষেত্র,–স্থল,–ভূমি। কার্যালয়। অফিস আপিস করণ দপ্তর সেরেস্তা। কাছারি। গদি। পেশা বৃত্তি পদ। নিমিত্ত হেতু কারণ। নিয়োজন। মধ্যস্থতা সালিশি। সাধিত্র অস্ত্র হাতিয়ার। প্রভাব। প্রেরণা। দৌড়ঝাঁপ। তাড়না (১৭৩)। পদ্ধতি প্রথা রীতি প্রণালী কার্যবিধি (৭২১)।

ক্রি. সংঘটন করা। করা। কাজ করা বা করানো। চালু হওয়া বা করানো। শক্তি প্রয়োগ করা বা করানো। সম্পাদন করা বা করানো। কাজ মিটানো বা চুকানো। ঘটানো। সাধন করা। সাধা। পারা। হাত বাড়িয়ে থাকা। হওয়া। হওয়ানো। ঘনানো।

বিণ. সক্রিয় কার্যকর কার্যক্ষম। কার্যকরী। ব্যবহারিক প্রয়োজনীয়। করণীয় কর্মরত প্রবৃত্ত নিরত নিযুক্ত নিয়োজিত ব্যাপৃত রত বহাল মোতায়েন। বলবৎ চালু। ফলপ্রসূ। তৎপর। সংঘটনীয়। সংঘটিত। অনুষ্ঠিত। সম্পন্ন নিষ্পন্ন ভূত।

১৬৯। কর্মশক্তি

বি. কর্ম,–শক্তি,–ক্ষমতা। শক্তি বল তেজ। তীক্ষ্ণতা প্রাখর্য। মেরুদন্ড। আগুন। স্ফুলিঙ্গ স্পার্ক। প্লাগ। ডাইনামো। ক্ষার অ্যাসিড অম্লতা। চাপ প্রকোপ। সক্রিয়তা (৬৮২) আলোড়ন স্পন্দন। উৎসাহ উদ্দীপনা। ব্যস্ততা। স্ফূর্তি স্বতঃস্ফূর্তি। উদ্যম প্রয়াস। মনোবল (৬০৬)। সংকল্প। অনুপ্রেরণা। কর্মানুবন্ধ। তাগিদ (৬৮৯)।

বিণ. কর্মচঞ্চল উদ্যমী উদ্যোগী কর্মিষ্ঠ (৬৮২) করিষ্ণু করিতকর্মা। তৎপর। প্রচন্ড তীব্র তীক্ষ্ণ প্রখর। শক্ত শক্তিশালী কঠোর। কঠিন।

১৭০। জড়তা

বি. জড়তা জাড্য আড়ষ্টতা নিষ্ক্রিয়তা (৬৮৩)। অক্রিয়া (৬৮১)। অবসাদ ক্লান্তি শ্রান্তি। নিশ্চেষ্টতা। নিস্পৃহতা। আলস্য কুঁড়েমি। অনুৎসাহ। অবিচলতা (৮২৬)। চাপল্য চপলতা। দোটানাভাব। জিদ (৬০৯)।

বিণ. জড় অবশ নিষ্ক্রিয় নিস্পৃহ উদাসীন অলস (৬৮৩)। নিস্তেজ প্রাণহীন তেজোহীন স্ফূর্তিহীন মনমরা। জড়ভরত। সুপ্ত নিদ্রিত। ধূমায়িত। কুম্ভকর্ণ।

১৭১। প্রচণ্ডতা

বি. প্রচণ্ড,–তা,–ত্ব। প্রবলতা প্রাবল্য (৮৫৫)। প্রকোপ। দাপট জোর। আতিশয্য বাড়াবাড়ি জোরাজুরি বলপ্রয়োগ। দাপাদাপি মাতামাতি। হট্টগোল হৈচৈ। উত্তেজনা উচ্ছ্বাস উৎক্ষেপ। বিক্ষোভ গন্ডগোল দাঙ্গাহাঙ্গামা মারামারি ফাটাফাটি ধুন্ধুমার গোলযোগ। কোপ প্রকোপ বেগ আবেগ। ক্রোধ (৯১৭) রোষ ক্রোধান্ধতা। দুর্দান্ততা। উন্মত্ততা। তীব্রতা উগ্রতা। খরত্ব খরতা প্রখরতা প্রাখর্য। ভীষণতা। হিংস্রতা ক্রূরতা (৭৩০)। পাশবিকতা। বলাৎকার। মূর্ছা ফিট খাপি বিক্ষেপ হিস্টিরিয়া। ভাবাবেগ উত্তেজনা (৮২৫)। অতিশয়,উগ্র,চরম,–পন্থা। উৎপাত ব্যতীপাত। বিস্ফোরণ। অগ্ন্যুদগার আগ্নেয়গিরি। ভূমিকম্প। অশনিপাত বজ্রপাত। দাবানল। প্লাবন ঘূর্ণিঝড়। প্রলয় তাণ্ডব। কালবৈশাখী। পাগলাহাতি। নেকড়েবাঘ। ড্রাগন। কেউটে নাগিনী।

বিণ. প্রচণ্ড উচ্চণ্ড প্রবল প্রখর। দারুণ। নিদারুণ। ভীষণ ভয়ঙ্কর ভয়াল ভয়াবহ ভয়দ। ঘোর ঘোরতর। কঠিন কঠোর। উগ্র। রুদ্র। তীক্ষ্ণ তীব্র চড়া কড়া খর। জোর জোরালো। গাঢ়। সুতীব্র। অত্যুগ্র। উৎকট প্রকট বিকট। রাক্ষুসে বন্য বুনো বর্বর হিংস্র। দুর্দমনীয় উদ্দাম উদ্ধত দুর্বিনীত ধৃষ্ট স্পর্ধিত। দুর্দান্ত দুর্ধর্ষ দুরন্ত দুর্মদ দুঁদে গোঁয়ার বেপরোয়া মরিয়া। উন্মত্ত খেপা খাপ্পা জ্ঞানশূন্য। ক্রুদ্ধ (৯১৭) রুষ্ট ক্রোধান্ধ মাথাগরম। চণ্ড। অতিশয়,উগ্র,চরম,–পন্থী। ক্রূর নিষ্ঠুর। বেধড়ক বেজায় এলোপাতাড়ি। [illegible]। অসহ দুঃসহ অসহনীয় অসহ্য। চূড়ান্ত। তুমুল। বিক্ষুব্ধ বিস্ফোরক কালান্তক প্রলয়ংকর।

১৭২। পরিমিততা

বি. পরিমিততা। মিতাচার (৯৫৫)। সংযম। ইন্দ্রিয়,–সংযম,–জয়,–সংবরণ। উপরতি। দান্তি। মৃদুতা নম্রতা কোমলতা। শান্তি ধৈর্য ধীরতা প্রসন্নতা প্রশান্তি। গাম্ভীর্য তূষ্ণীম্ভাব। অনুত্তেজনতা (৮২৬)। আত্ম,–দমন,–সংযম,–নিয়ন্ত্রণ,–সংবরণ। অনুগ্রতা। অতীব্রতা অপ্রচণ্ডতা অপ্রখরতা মধ্যপন্থা (৬৩৬)। নিবারণ দমন রোধ সংরোধ নিরোধ। নিয়ন্ত্রণ উপশমন অপনোদন প্রশমন নিবৃত্তি। লঘুকরণ। শিথিলতা কড়াকড়িহ্রাস। শান্তকরণ শান্তিস্থাপন। আরাম। ঘুমের ওষুধ। আফিম। মলম।

ক্রি. রাশ টানা। লাগাম টানা। আয়ত্তে আনা।

বিণ. মিত পরিমিত সংযত দান্ত। কোমল। নম্র শান্ত ঠাণ্ডা। মৃদু অনুগ্র। মৃদুমন্দ। মন্দমধুর। অতীব্র অপ্রচণ্ড। অনুচ্চ। নাতিশীতোষ্ণ। গম্ভীর প্রশান্ত প্রসন্ন অবিচলিত। মধ্যপন্থী নরমপন্থী। শান্তিপূর্ণ শান্তিদায়ক। শান্তিবাদী শান্তিপ্রিয়।

১৭৩। প্রভাব

বি. প্রভাব অনুভাব বিভব। আওতা। তাসির। দ্রব্যগুণ। ওষুধ। গুরুত্ব (৬৫২)। ভার ওজন। জোর। চাপ। তাড়না। স্বার্থ। প্রতাপ দোর্দণ্ডপ্রতাপ। প্রতিপত্তি দবদবা রোয়াব রবরবা চোটপাট দাপ দাপট বোলবোলা হাঁকডাক পরাক্রম। ক্ষমতা শক্তি তেজ। প্রভুত্ব কর্তৃত্ব প্রতিষ্ঠা। প্রাধান্য শ্রেষ্ঠতা (৩৪) অগ্রগণ্যতা। মহিমা ঐশ্বর্য বিভূতি। কুদরতি। মোহিনীশক্তি জাদু আকর্ষণ। সঙ্গ,গ্রহ, –দোষ। ঋদ্ধি। অবলম্বন সুযোগ সুবিধা। পৃষ্ঠপোষকতা সমর্থন। নেকনজর। পৃষ্ঠপোষক

(৭৫৯)। ব্যাপ্তি ব্যাপকতা। স্বীকৃতি। সর্বজনস্বীকৃতি।
বিণ. প্রভাব,প্রতাপ,-শীল,-শালী। ক্ষমতাশালী। ফলদায়ক ফলোৎপাদক। গুরুত্বপূর্ণ (৬৫২)। প্রধান সর্বপ্রধান। প্রভুত্বময় কর্তৃত্বময়। স্বীকৃত সর্বজনস্বীকৃত। ব্যাপক প্রচল। প্রবল।

১৭৪। প্রবণতা

বি. প্রবণতা আসক্তি সমাসক্তি আগ্রহ ঝোঁক। আকর্ষণ টান। আনতি নতি বাঁক। পক্ষপাতি,-ত্ব,-তা। পূর্বানুরাগ অনুরাগ আনুকূল্য। নেশা (৯৬১) মোহ (৫১০)। স্পৃহা অভিরুচি উন্মুখতা। জিদ (৬০৯)। দায়িতা (১৭৫) গ্রহণক্ষমতা গ্রহণশক্যতা। প্রবৃত্তি। প্রকৃতি চরিত্র ধর্মগুণ স্বভব (৮২২) মেজাজ। আবেগ (৬১২) তাড়না বাতিক। গোঁড়ামি।
বিণ. প্রবণ। আসক্ত সমাসক্ত। নির্ভরশীল। দায়ী। অধীন বাধ্য। সাপেক্ষ সম্ভাব্য। গ্রহণশীল গ্রাহী। জিদি। গোঁড়া।

১৭৫। দায়িতা

বি. দায়িতা দেয়তা দায় দায়িত্ব। ভার হ্যাপা তাল চাপ। গ্রহণক্ষমতা গ্রহণশক্যতা। ধারণশক্যতা। সম্ভাবনা। সাপেক্ষতা। বাধ্যবাধকতা। জবাবদিহি। হিসাবদিহি।
ক্রি. দায়ে পড়া। ঠেকা। দায়িত্ব বা ঝক্কি নেওয়া। ঠেকানো। তাল সামলানো। মেও ধরা। সুযোগ নেওয়া। বিপদ ডেকে আনা। জবাবদিহি করা। হিসাব দিতে বাধ্য হওয়া।
বিণ. দায়ী। অধীন। নির্ভরশীল সাপেক্ষ। ঘটনাসাপেক্ষ। সম্ভাব্য।

১৭৬। সহঘটন

বি. সহঘটন সমাপতন সহযোগ। সহযোগিতা। সংগঠন সংঘট্ট সমাপাত। সহ,-গমন,-চারণ,-যাত্রা। সংযাত্রা। সংসৃতি। সম্মতি সমন্বয় মৈতৈক্য ঐকমত্য মিল মৈত্রী। যোগসাজশ ষড়যন্ত্র দালালি। পার্টনারশিপ অংশীদারি ভাগীদারি। ইউনিয়ন।
ক্রি. একযোগে ঘটা। একসঙ্গে একসাথে বা একযোগে করা বা যাওয়া।
বিণ. সহবর্তমান। সহঘটিত। সংগঠিত। অনুষঙ্গী। যুক্ত যুগ্ম। সহযোগী। সমন্বয়ী। সহ,-গামী,-যাত্রী,-চারী। সমভিব্যাহারী। সহপাঠী। মৈত্রী,-মূলক,-সূচক। একাত্ম একমন।
ক্রি-বিণ. এক,-সঙ্গে,-সাথে,-যোগে। সঙ্গেসঙ্গে। সাথেসাথে। সমভিব্যাহারে।

১৭৭। প্রতিকর্ম

বি. প্রতিকর্ম প্রতিক্রিয়া প্রতিকূলাচারণ। প্রতিকূলতা প্রাতিকূল্য। বিরোধিতা প্রতিবাদ। বৈপরীত্য। পরস্পরবিরোধিতা। দ্বন্দ্ব। মেরুপ্রবণতা। সংঘাত সংঘর্ষ। হস্তক্ষেপ। প্রতিরোধ। ঘর্ষণ। পালটা আক্রমণ। প্রত্যাগতি। প্রতি,-বৃত্তি,-ক্রিয়া। নিরস্তকরণ। বাধা প্রতিবন্ধকতা। নিপীড়ন দমন সংযমন।
ক্রি. প্রতিরোধ করা। রুখা বা রুখে দাঁড়ানো। বাধা দেওয়া। ধবস্তাধবস্তি করা। ধাক্কাধাক্কি করা। বিরোধিতা করা। মোকাবিলা করা। প্রতিবাদ করা। পরাস্ত করা। দমন সংযত বা নিয়ন্ত্রণ করা। ফিরানো। হটানো। নিরস্ত করা। বাতিল রদ বা পণ্ড করা। ভারসাম্য রক্ষা করা।
বিণ. প্রতিক্রিয়াশীল। প্রতিকূল বাম বিমুখ। পালটা। পরস্পরবিরোধী। বিপরীত (১৪)।

দ্বিতীয় শ্রেণী

স্থান

১৭৮। স্থান

বি. স্থান দেশ ক্ষেত্র বপ্র ভূমি ভুঁই স্থল জায়গা জমি ঠাঁই ঠাম। ভু,-খণ্ড,-ভাগ। মণ্ডল। ব্যাপ্তি বিস্তার বিস্তৃতি প্রসার। পরিসর। আয়তন। সীমা। পরিব্যাপ্তি ব্যাপকতা ব্যাপ্তি। পাল্লা নাগাল দৌড় আভোগ। এলাকা অঞ্চল (১৮১)। উপান্ত উপকণ্ঠ তল্লী তলি তলা। আশপাশ। ধানী ঠিকানা। কোণ কোনা ঘুপসি খোপ আনাচ,-কানাচ। গলিঘুঁজি। কক্ষ। চৌহদ্দি অঙ্গন আঙ্গিনা প্রাঙ্গণ উঠান। চক পার্ক স্কোয়ার। মাঠ ময়দান প্রান্তর তেপান্তর। বসতি (১৮৭)। গণ্ডি (২৩১)। মরুভূমি ডাঙ্গা জলা জঙ্গল মালভূমি প্রেইরি স্তেপ। মহাশূন্য ব্যোম নভঃ গগন আসমান আকাশ অন্তরীক্ষ। ইথার। পৃথিবী। অপারপৃথিবী। ভূভাবত। সর্বস্থান সবজায়গা। চতুর্দিক চারদিক চাবিদিক চতুষ্পার্শ্ব (২২৬)। দিগ্বিদিক দিকাদিক দিগ্‌দিগন্ত। দূরদূবান্ত। দেশদেশান্তব দেশবিদেশ। নানা,-স্থান,-জায়গা, তল্লাট। এধারওধার। নির্দিষ্ট স্থান। জন্মস্থান। কর্মস্থান। অস্থান-কুস্থান বেজাগা। আঘাটা। অকু, স্থান,-স্থল। ভূগোল। ভু,-তত্ত্ব,-বিদ্যা।

ক্রি. স্থান হওয়া। স্থান সংকুলান হওয়া। জায়গা জোড়া বা জুড়ে থাকা। জায়গা হওয়া বা নেওয়া। জায়গা দখল করা। স্থান বাগানো। জায়গা থাকা। আঁটা। আঁটানো। এঁটে বা ধরে যাওয়া। ধরা। ধরানো। তাংড়োনো।

বিণ. স্থানীয় স্থানিক স্থানী স্থলীয়। দেশীয় দৈশিক। ব্যাপ্ত বিস্তৃত বিস্তীর্ণ ব্যাপক বিশাল প্রশস্ত। দেশ,পৃথিবী,দুনিয়া,-জোড়া। দেশ,পৃথিবী,-ব্যাপী। সীমাহীন অসীম অনন্ত। বেলাইন। ঠিকানাহীন। উপকণ্ঠীয় উপকণ্ঠ্য। আসমুদ্রহিমাচল। সর্বগ সর্বগামী সার্বত্রিক। সর্বত্র, গামী, ব্যাপী। ভৌগোলিক।

ক্রি-বিণ. সর্বত্র সর্বত: সমন্তত। সেখানে যেখানে যথাতথা। আগাপাস্তলা। এমুড়োওমুড়ো। আথালপাথাল।

১৭৯। গ্রাম

বি. গ্রাম গাঁ গাঁও পল্লী দেহাত। পাড়াগাঁ গাঁগঞ্জ গণ্ডগ্রাম অজপাড়াগাঁ পল্লীগ্রাম মফস্বল। উপবসথ সংবসত। কসবা। গ্রামান্ত। গ্রামান্তর। গুচ্ছগ্রাম। গ্রাম;পল্লী,-জীবন। গ্রাম্যতা। গ্রামসম্পর্ক। গ্রাম, -সরকার,-পঞ্চায়েত। ইউনিয়ন পরিষদ। চেয়ারম্যান। গ্রামরক্ষক গ্রামিক গ্রামণী মোড়ল মণ্ডল।

বিণ. গ্রাম্য গেঁয়ো গাঁইয়া গেঁইয়া পাড়াগেঁয়ে দেহাতী। পল্লী,গ্রাম,-বাসী। গ্রামীণ। গ্রামী। গ্রামিক। গ্রাম,পল্লী,-স্থ।।

১৮০। শহর

বি. শহর নগর নগরী। টাউন সিটি। মহা,-নগর, -নগরী। মেট্রোপলিটন শহর। পুর পুরী পাটন পট্টন পত্তন পুটভেদন। সদর সেন্টার হেডকোয়ার্টার্স। রাজধানী ক্যাপিটাল প্রধাননগর প্রধানকেন্দ্র। উপনগর। শহরতলি পুরপ্রান্ত নগরোপান্ত। জেলা,মহকুমা, উপজেলা,-শহর। জেলাপরিষদ। পৌর,পুর,নগর,-সভা। মিউনিসিপ্যালিটি। নিগম। নগর,পৌর, নিগম। কর্পোরেশন। মিউনিসিপ্যাল কর্পোরেশন। পৌর কর্পোরেশন। মেয়র চেয়ারম্যান পৌরপ্রধান। শহরের দরজা। নগর,পুর,-দ্বার। পৌরাধিকার নগরাধিকার। শহুরেপনা নাগরিকতা। শহর,নগর,-জীবন।

বিণ. শহুরে নগুরে নগরিয়া পৌর পৌরেয়। নাগর,-ী। নগরীয়। শহর,নগর,-স্থ। নাগরিক। শহর,নগর,পুর,-বাসী।

১৮১। অঞ্চল

বি. অঞ্চল এলাকা তল্লাট মুলুক দিক। লোকালিটি। আয়তন চৌহদ্দি ক্ষেত্র। গোলার্ধ। উত্তর গোলার্ধ। দক্ষিণ গোলার্ধ। বলয় মণ্ডল। উষ্ণ,গ্রীষ্ম,-মণ্ডল। হিমমণ্ডল। বারিমণ্ডল। অশ্মমণ্ডল। জীবমণ্ডল। নাতিশীতোষ্ণ, ভূমধ্যসাগরীয়,-অঞ্চল। মেরুঅঞ্চল। উত্তর,সু, -মেরু। দক্ষিণ,কু, মেরু। অবাচিকা। মেরুবৃত্ত সুমেরুবৃত্ত কুমেরুবৃত্ত। নিরক্ষমণ্ডল। মধ্যরেখা বিষুবরেখা। নিরক্ষরেখা। মহাবিষুব। কর্কটক্রান্তিরেখা। মকরক্রান্তিরেখা। তুন্দ্রাঅঞ্চল। প্রেইরিঅঞ্চল। সম,-তল,-ভূমি, -তলভূমি। মালভূমি প্লেটো। অববাহিকা। মরুভূমি। মহাশূন্য। মহাদেশ কন্টিনেন্ট। উপমহাদেশ সাবকন্টিনেন্ট। এশিয়া ইউরোপ আফ্রিকা অস্ট্রেলিয়া উত্তর-আমেরিকা দক্ষিণ-আমেরিকা অ্যান্টার্কটিকা। দেশ প্রদেশ রাজ্য সুবা সুবে। সাম্রাজ্য। রাষ্ট্র। রাজ্যসীমা বিভাগ জেলা মহকুমা উপজেলা কোতওয়ালি থানা তহশিল ইউনিয়ন পঞ্চায়েত। ডিহি তালুক মহল মহাল মহল্লা চাকলা পরগনা তৌজি মৌজা কসবা দাগ লাট। চক,লাট,-বন্দী। ব্লক। রাজধানী ক্যাপিটাল। সদর কেন্দ্রীয়অঞ্চল হেডকোয়ার্টার্স। প্রধানকেন্দ্র প্রধানঅঞ্চল সেন্টার পীঠ ঘাঁটি। উপরাজ্য করদরাজ্য। কমনওয়েলথ। মাতৃ,পিতৃ,জন্ম,-ভূমি। স্বদেশ স্বরাজ্য মুলুক ওয়াতন। সীমা (২৩০)। বৃত্ত পরিবৃত্ত। গণ্ডি (২৩১)। নিকটবর্তী অঞ্চল। প্রাচ্যদেশ প্রাচী পূর্বদেশ ওরিয়েন্ট। মধ্যপ্রাচ্য দূরপ্রাচ্য। প্রতীচী পশ্চিমদেশ ওয়েস্ট।

বিণ. আঞ্চলিক প্রাদেশিক স্থানীয়। লোকাল। অঞ্চলীয় দেশী দেশ্য দেশীয় দেশজাত। বিষুবীয় নিরক্ষীয়। মহাদেশীয় উপমহাদেশীয়। রাষ্ট্রীয়। প্রাদেশিক। প্রাচ্য প্রাচ্যদেশীয় পৌর্ব ওরিয়েন্টাল। পাশ্চাত্য প্রতীচ্য ওয়েস্টার্ণ। স্বদেশীয়।

১৮২। অবস্থান

বি. অবস্থান অবস্থিতি স্থিতি অবস্থা। এলাকা। অক্ষাংশ দ্রাঘিমাংশ। অধিষ্ঠান। মঞ্চ। দৃষ্টি, -কোণ,-ভঙ্গী। ভাবভঙ্গী। পরিবেশ। ঠিকানা। এইস্থান এখান এতদ্দেশ এই জায়গা। সেস্থান সেখান ওখান সেই-জায়গা। অন্যস্থান স্থানান্তর। ভূসংস্থান ভূগোল মানচিত্র নকশা। স্থাপন স্থাপনা অবস্থাপন সংস্থাপন অধ্যাস অধ্যাসন। রাখন রাখনি। আধান। প্রতিষ্ঠা প্রতিস্থাপন পত্তন ভিত্তিস্থাপন। সংস্থা প্রতিষ্ঠান। স্থলাভিষেক। নিবসন। উপবেশন। সন্নিবেশ (২৯৮)। উপস্থাপন। ঘাট জাহাজঘাটা বন্দর ঘাঁটি। বসতি বাস বসবাস

উপনিবেশ বাসস্থান (১৮৭) স্থিতিস্থান। ঔপনিবেশন। দেশ্যকরণ রাষ্ট্রাধিকার-অর্পণ। স্থপতি।

ক্রি. অবস্থান করা বা নেওয়া। অবস্থিত হওয়া। দাঁড়ানো। দাঁড়করানো। স্থাপন অবস্থাপন বা সংস্থাপন করা। প্রতিষ্ঠা বা পত্তন করা। ভিত গাড়া। ভিত্তিপ্রস্তর স্থাপন করা। স্থলাভিষিক্ত করা। বসা। রাখা। থোয়া। পাতা। বসানো। মূল বা শিকড় গাড়া। তিষ্ঠা টিকা থাকা বা রহা। সন্নিবেশ করা। বসতিস্থাপন করা। উপস্থাপন করা। উপনিবেশ গড়া। বাসোপযোগী করা। বাস করা (১৮৬)।

বিণ. অবস্থিত স্থিত অধিষ্ঠিত। অবস্থায়ী আসীন সমাসীন। উপবিষ্ট। স্থানীয় স্থানিক। এখানকাব এতদ্দেশীয় অস্মদ্দেশীয়। সেখানকার ওখানকাব তথাকাব। অত্রস্থ অত্রত্য। তত্রস্থ তত্রত্য। স্থাপিত অবস্থাপিত সংস্থাপিত। অধ্যস্থ। অভিষিক্ত স্থলাভিষিক্ত। অধ্যুষিত। প্রতিষ্ঠিত প্রতিষ্ঠাতা প্রতিস্থাপিত। কায়েম। সন্নিবিষ্ট সন্নিবেশিত। নিহিত আহিত। নিবদ্ধ নিবিষ্ট। উপস্থাপিত। স্থাপনীয় স্থাপ্য স্থাপ্যমান। স্থাপক অবস্থাপক সংস্থাপক। স্থাপয়িতা অবস্থাপয়িতা সংস্থাপয়িতা। স্থাপন,সংস্থাপন,-কারী। উপস্থাপক উপস্থাপয়িতা।

অব্য. অত্র হেথা হেথায় এথা। সেথা সেথায় তত্র তথা তথায় হোথা হোথায়। অন্যত্র। যত্র যেথা যেথায় যথা যেখানে যেস্থানে। স্থান,জায়গা, -ভেদে। এখান সেখান। এখানে সেখানে। এদিক ওদিক এধারওধার। এদিকে ওদিকে। ইতিউতি। কোন্ স্থানে কোথায় কোথা কই কুত্র। কোন্ জায়গায়। কোথাকার। কুত্রাপি।

১৮৩। স্থানচ্যুতি

বি. স্থানচ্যুতি। স্থানান্তরণ (২৬৪)। অবস্থান্তর। পক্ষান্তরণ। হস্তান্তর। অপসারণ। উচ্ছেদ। বহিষ্করণ। দূরীকরণ (২৯২) অপনয়ন অপনোদন। দেশান্তর। প্রবাস প্রবসন প্রব্রজ্যা প্রব্রাজন পরিযান। নির্বাসন দ্বীপান্তর। সমাজচ্যুতি। নিরুদ্দেশযাত্রা। অবিন্যাস অব্যবস্থা।

ক্রি. স্থানচ্যুতি ঘটা। স্থানান্তর করা। স্থান ঠাঁই বা জায়গা বদল কবা। নড়ানো। ঠাঁই নড়ানো। সরানো। হঠানো। তাড়ানো। দূর করা। নির্বাসনে পাঠানো। সমাজচ্যুত করা। আত্মগোপন করা। দেশত্যাগ করা। খালি করা। অস্থানে বা অপাত্রে রাখা থোয়া বা স্থাপন করা।

বিণ. স্থানচ্যুত। স্থানান্তরিত (২৬৪)। দেশান্তরিত। নির্বাসিত। অপসারিত। ছিন্নমূল। গৃহ,বাস্তু, -হারা। হস্তচ্যুত বেদখল হস্তান্তরিত। কক্ষচ্যুত। অবিন্যস্ত অব্যবস্থিত। বহিষ্কৃত। দূরীকৃত।

১৮৪। উপস্থিতি

বি. উপস্থিতি। বিদ্যমানতা বর্তমানতা বিবাজমানতা। হাজিরি উপাগম সমাগম। সর্ব, -বিদ্যমানতা,-বিরাজমানতা। বিকিরণ বিচ্ছুরণ পরিকিরণ ছড়াছড়ি গড়াগড়ি পবিব্যাপ্তি। যাথাতথ্য। বাস নিবাস বসবাস (১৮৬)। দখল। সাক্ষ্য দর্শক (৪৩৫)।

ক্রি. উপস্থিত বিদ্যমান বা বিরাজমান থাকা। থাকা। রহা। বাস বা বসবাস করা। ছড়াছড়ি বা গড়াগড়ি যাওয়া। ছিটানো। উপচানো। উথলানো।

বিণ. উপস্থিত সমবেত। বর্তমান বিরাজমান হাজির। উপনীত আগত উপগত সমাগত সমুপস্থিত। সর্ব,-বিদ্যমান,-বিরাজমান। বসতিপূর্ণ ঘনবসতি। জনাকীর্ণ জনবহুল।

ক্রি-বিণ. এখানে সেখানে সবখানে পথেঘাটে সর্বত্র। সামনে সম্মুখে।

১৮৫। অনুপস্থিতি

বি. অনুপস্থিতি অবর্তমানতা অবিরাজমানতা অবিদ্যমানতা। গরহাজিরা কামাই। অনাবাস। অনস্তিত্ব (২)। শূন্যতা (৯৫)। রিক্ততা অভাব ফাঁক। বিরাম বিরতি যতি ছেদ। অন্তর্বর্তীকাল।

ক্রি. অনুপস্থিত বা গরহাজির থাকা। হাজির না থাকা। বাড়ি ঘর বা দেশ ছেড়ে থাকা। নিরুদ্দেশ হওয়া। হারিয়ে যাওয়া। সরে পড়া। পালানো। গা ঢাকা দেওয়া।

বিণ. অনুপস্থিত গরহাজির অবর্তমান অনাবাসিক। প্রবাসী পলাতক ফেরারি। শূন্য (৯৫)। খালি ফাঁকা। শূন্যগর্ভ। ত্যক্ত পরিত্যক্ত। পোড়ো। জন,-হীন,-শূন্য। বিজন নির্জন নিভৃত। খাঁ খাঁ। ধু ধু। গায়েব।

১৮৬। বসবাস

বি. বসবাস বাস নিবসতি অধিবেশন অবস্থান (১৮২)। উপস্থিতি (১৮৪)। পুনর্বাসন পুনর্বসতি। স্বদেশ,বিদেশ,-বাস। বসতি স্থাপন লোকালয় প্রতিষ্ঠা নগর পত্তন। বাসিন্দা। পুবনো বাসিন্দা। নিবাসী অধিবাসী। গৃহস্থ। দখলকার। পুরবাসী পৌর,-বাসী,-জন শহরবাসী নাগরিক। গ্রামবাসী দেহাতি। দেশী আদিবাসী। অন্ত্যজ। ভূমিপুত্র। জনসাধারণ (৪১০)। জনসংখ্যা। ভূতলবাসী। প্রতিবেশী প্রতিবাসী পড়শী পাড়াপড়শী। আশ্রমী আশ্রমিক আশ্রমবাসী।

ক্রি. বাস বা বসবাস করা। বাসা বাঁধা। ঘর বাঁধা। ডেরা বাঁধা। জায়গা করা। আড্ডা গাড়া। ঘাঁটি গাড়া। ভিটে গাড়া। থাকা। বওয়া। জুড়ে বসা। চেপে বা গেঁড়ে বসা। ওঠা। রাত কাটানো। রাত্রিবাস করা।

বিণ. বাসী। বাস,বসবাস,-কারী। অবস্থানকারী। বসবাসোপযোগী বাসোপযোগী বাসযোগ্য। দেশজ দেশী। স্থায়ীনিবাসী। দেশ্যভূত দেশ্যকৃত রাষ্ট্রাধিকারপ্রাপ্ত। ঘরোয়া। গার্হস্থ্য।

১৮৭। বাসস্থান

বি. বাসস্থান বাস বসত বসতি আবাস নিবাস অধিবাস নিবসন নিবেশ। ধাম মোকাম সাকিম সাকিন সাং ঠিকানা। দৌলতখানা। গরিবখানা। বাড়ি দেশ স্বদেশ মুল্লুক। মাতৃ,পিতৃ,-ভূমি। জেলা মহকুমা (১৮১)। জনপদ লোকালয় নগর পটন পট্টন পট্টি পত্তন টাউন পুর পুরী। জন,লোক, -বসতি। জন,লোক,-স্থান। জনালয় জনাশ্রয় জনান্ত। উপনিবেশ। ক্যাম্প। কলোনি। গ্রাম (১৭৯)। শহর (১৮০)। লেন বাইলেন গলিঘুঁজি। শহরতলী উপনগর বস্তি। ডিহি কসবা। টোলা টুলি পাড়া।

ভিটা ভিটে বাস্তু বাস্তু,-ভিটা,-ভিটে ভিটেমাটি। বসতবাটি ভদ্রাসন খানাবাড়ি হাভেলি বাসা বাসাবাড়ি বসতবাড়ি। বাস,-গৃহ,-ভবন।। ডেরা আখড়া আস্তানা আড্ডা ঘাঁটি। মৌচাক। ঝোপড়া ঝুপড়ি খোপ খোপর খুপরি। আলয় নিলয় কুলায় নীড়। অগার আগার। নিকেত নিকেতন কুঞ্জ। শাল শালা। কুটির পর্ণকুটির। কুঁড়ে চালাঘর। এক,দো,চার,আট,-চালা। ঠাঁই। মঞ্জিল গৃহ ভবন বাট বাটী বাড়ি অট্টালিকা ইমারত হর্ম্য। সদন সৌধ প্রাসাদ। দালান কুঠি। কোঠা কোঠাবাড়ি কাটরা পাকাবাড়ি। বালাখানা। তাঁবু। কানাত। বাগানবাড়ি। গৃহ ঘর ঘরবাড়ি বাড়িঘর। আশ্রয় (৬৭৫)। রাজ,-বাড়ি,-প্রাসাদ,-পুরী। প্যালেস। মহল। ভিলা। বাংলো। ফ্ল্যাট অ্যাপার্টমেন্ট সুইট। কাঁচা,-ঘর,-বাড়ি। মেটেঘর। মাটির ঘর। পর্ণ, -গৃহ,-শালা। জলটুঙ্গি। সিঁড়িঘর চিলেঘর বলভি। তলা। মেঝে ফ্লোর। শান। পাতালকক্ষ। তয়খানা।

বেসমেন্ট। কামরা কক্ষ কোষ্ঠ প্রকোষ্ঠ। বারান্দা অলিন্দ দেহলি চাতাল ব্যালকনি টেরাস। দাওয়া রক রোয়াক ধারী ধাপি পিঁড়া। গাড়িবারান্দা পোর্টিকো।

ব্যারাক শিবির নিবেশ সেনানিবাস ছাউনি কটক ফাঁড়ি থানা চৌকি।

জাহাজঘাটা বন্দর ডক পোর্ট হারবার। মসজিদ মন্দিব (১০০০)। পার্লামেন্ট (৭১৬)। মিলনায়তন অ্যাসেমব্লি। হোটেল মোটেল। ডাকবাংলো। সরাইখানা মুসাফিরখানা ভেটেরাখানা ধর্মশালা সবাই চটি। পান্থ,-শালা,-নিবাস। অতিথি, শালা,-নিবাস। পথিকশালা নাটমন্দির বিহার মঠ। বেস্টহাউস গেস্টহাউস ট্যুরিস্ট-লজ। ভেটেরা। বোর্ডাব। সত্র জলসত্র অন্নসত্র লঙ্গরখানা। আশ্রম অনাথাশ্রম আতুরাশ্রম এতিমখানা। হাসপাতাল স্বাস্থ্যনিবাস স্যানাটোরিয়াম নার্সিংহোম। মেস বোর্ডিং বোর্ডিংহাউস। ছাত্রাবাস হোস্টেল। গ্রীষ্মাবাস শৈত্যাবাস। ঘোড়াশাল হাতিশাল গোশালা গোয়াল। পিঁজরাপোল খোঁয়াড়। ক্ষেতখামার।

বিণ. বাসী নিবাসী আবাসিক অধিবাসী। অধিবসিত নিবসিত। ঘনবসতি। ঘনবসতিপূর্ণ। উপনিবেশিত। বসতিপূর্ণ। চকবন্দী চকমিলানো। শানবাঁধানো।

১৮৮। আধেয়

বি. আধেয় মাল পণ্য দ্রব্য। মালপত্র তল্পিতল্পা বোঁচকাবুঁচকি। মোট বোঝা ভার সম্ভার মোটঘাট লাগেজ পার্সেল লটবহর। পুর। অন্ত্র নাড়িভুঁড়ি। সারমর্ম বিষয়বস্তু। সার মজ্জা শাঁস। খামি খামির (২২০)। সূচিপত্র। প্যাকিং কার্গো ফ্রেইট বেল।

বিণ. আধেয় নিধেয়। গচ্ছিত। গাড়ি,নৌকা,ট্রাক, বাস, রেল,বিমান,- বোঝাই।

১৮৯। আধার

বি. আধার আগার। আশয় আস্পদ ঘট পাত্র। ঘর। আলয় আকর। নিধান পিধান। জায়গা। অধিশ্রয়। ধারক নিধি ভাণ্ডার তহবিল। কুণ্ড। কোষ পুট খাপ খোপ কেস। নিষঙ্গ তূণীর তূণ। কুলুঙ্গি শিকা তাক। গর্ত গহ্বর গুহা। মুখ। পাকস্থলী পাকাশয়। পেট উদর জঠর। গর্ভ জরায়ু। কুক্ষি। বস্তা ছালা গুণ বোরা থলি ঝোলা ঝুলি ব্যাগ খুঁতি ধুকড়ি। গাঁট গাঁটরি গেঁজিয়া বটুয়া। ব্যাগ মানিব্যাগ পার্স ওয়ালেট ভ্যানিটিব্যাগ হাতব্যাগ স্কুলব্যাগ অ্যাটাচিকেস ব্রিফকেস। সুটকেস বাক্স সিন্দুক পোর্টমান্টো ট্রাঙ্ক তোরঙ্গ। মঞ্জুসা পিট পেটি পেটিকা পেটরা। পোঁটলা পুঁটলি। বোঁচকা বুঁচকি। প্যাকেট মোড়ক বান্ডিল। পুরিয়া পুলিন্দা। জেব পকেট। হোল্ডল রুকস্যাক। সম্পুট কৌটা ডিবা সাঁপুড়া হড়পি। টিন ক্যানেস্তারা। ঠোঙা ঠুঙ্গি ঝোড়া ঝুড়ি ধামা খুঙ্গি টুকরি পেতে ডোল। খালুই। সাজি ডালা ডালি খঞ্চা বারকোশ। বাস্কেট চুপড়ি ঝাঁপি পেছে টুকনি ধুচনি চ্যাঙারি। কুলা শূর্প ছাঁকনি চালনী। ওয়েস্টপেপারবাস্কেট। পরিভাণ্ড তৈজসপত্র। বাসন বর্তন। বাসন,-পত্র,-কোসন। কাচ,ধাতু,মৃৎ,দারু,-পাত্র। রন্ধন,পাক,-পাত্র। ভোজনপাত্র। ডিনারসেট। চায়ের বাসন। টি-সেট। জল,-পাত্র,-ভাণ্ড। জলাধার বারিপাত্র। শিশি বোতল বটল বয়াম জার কুপিকা ফ্লাস্ক। ওয়াটার -বটল। মশক ভিস্তি। কলস কলসি নাগরি গাগরি কুঁজা কুম্ভ সোরাই ঘড়া ঘট। ঘটি লোটা বদনা। জালা মটকা। পিপা ব্যারেল। গাড়ু করঙ্ক কমণ্ডলু। চিলমচি। পানপাত্র। গ্লাস জগ মগ কাপ পেয়ালা বাটি। টি-পট। সামোভার। কেটলি। বালতি বাকেট। টব ডাবা গামলা মরাই নাদা চাড়ি। চৌবাচ্চা ড্রাম ট্যাঙ্ক হৌজ নিপান। সেচনী দুনি ডোঙা। ঝারি। কাঠকুয়া। কোশা কুশি। বিড়া।

তিজেল হণ্ডা হাঁড়ি পাতিল ডেক ডেকচি। দোনা। তোলো। হাঁড়িকুঁড়ি। ভাণ্ড ভাঁড় কেঁড়ে। কড়াই কটাহ কন্দু তাওয়া। ভাজনাখোলা। চাটু প্যান সসপ্যান ফ্রাইংপ্যান। সরা মালসা মালসি। থালা থালি রেকাবি প্লেট ডিশ পিরিচ সসার। সানকি বগি পান্তি বেলি আবখোরা পরাত। খঞ্চা ট্রে। খঞ্চাপোষ। খুরি কটরা কাঁসি খাবরি জামবাটি। মালা। মুছি মুখা ক্রুসিব্‌ল। চামচ হাতা বেলচা। খুন্তি খোন্তা। তাড়ু দর্বি। চা চামচ। টেবিল-স্পুন। ঝিনুক কুশি। পলা। ঝাঁঝরি।

আলমারি। দেরাজ ড্রয়ার। আলনা। শেল্‌ফ। ওয়াড্রোব। ক্যাবিনেট। চেস্ট অব ড্রয়ার্স। কাসকেট। হাত,ক্যাশ,-বাক্স। সিন্দুক সেফ। প্যাকিং বক্স। টুল বক্স। ফার্স্ট এইড বক্স। গন্ধপাত্র। ধুনুচি গোলাপপাশ কার্বা। আতর,-দান, -দানি। আগরদান। দোয়াত। ডাবর। পানদান বাটা। ছাই,-দান,-দানি অ্যাশট্রে। ভস্মাধার। মস্যাধার। তেকাঠা। সিগারেটকেস। ফানেল। বিকার। কনিকাল ফ্লাস্ক। অ্যাস্‌পিরেটর বটল। ইম্‌পিঞ্জার। রিটর্ট বকযন্ত্র।

বিণ. আধেয়। বস্তাবন্দী। ভর্তি পুরা। অন্তরবর্তী অন্তর্ভুক্ত।

১৯০। আয়তন

বি. আয়তন আয়াম আয়তি। মাত্রা। মান পরিমাণ (২৬)। মাপ পরিমাপ (৪৮১)। ক্ষেত্রমাণ ঘনমান ঘনফল। সীমা (২৩২)। পরিধি (২২৯)। দৈর্ঘ্য (১৯৯)। প্রস্থ (২০১)। উচ্চতা (২০৫)। গভীরতা (২০৭)। বিস্তার বেধ (১৯৩) প্রসর প্রসার পরিসর। ব্যাপ্তি ব্যাপকতা ব্যাপন। ব্যাদান। পরিব্যাপ্তি। পর্যাপ্তি। ভর সামর্থ্য ধারকত্ব শক্তি ক্ষমতা। ঘনাঙ্ক। অধিক্ষেত্র অধিকার ক্ষেত্র। বাউন্ডারি। জুরিসডিকশন। সীমানির্ধারণ। পিলার পোস্ট। থাকবস্ত। সীমানাচিহ্ন পিলপা। খড়ির গণ্ডি। দাগ। তায়দাদ।

ক্রি. সীমানির্ধারণ করা। মাপা। স্থানসংকুলান হওয়া। আঁটা। এঁটে যাওয়া। আঁটানো। ধরা। ধরে যাওয়া। কুলানো।

বিণ. আয়তনযুক্ত। প্রসারী ব্যাপী। ব্যাদত্ত ব্যাত্ত। ব্যাপ্ত বিস্তৃত প্রসারিত। পরিব্যাপ্ত। টায়টায়।

১৯১। বৃহদায়তন

বি. বৃহদায়তন বৃহত্ত্ব (৩২) বিরাটত্ব বিশালতা স্থৌল্য স্থূল,-তা,-ত্ব।

বিণ. বৃহৎ বড় মহা বিরাট প্রকাণ্ড মস্ত বিশাল ঢাউস ইয়া পেল্লায়। স্থূলকায় অতিকায়। দশাসই। বিপুল ব্যূঢ় স্থূল স্ফীত পৃথু,-ল পীন পীনোন্নত পীবর নধর পুষ্ট পুরু মোটা মোটাসোটা গাঁট্টাগোঁট্টা গজস্কন্ধ তাগড়া লম্বাচওড়া ঘাড়েগর্দানে। কেঁদো কোলা। লম্বোদর স্থূলোদর নাদাপেটা পেটমোটা ভুঁড়ো ভোঁদা ঢেপসা ঢোসকা হোঁতকা। হেঁড়ে। চর্বিদার। নাদুসনুদুস গাব্দাগোব্দা গোলগাল। বপুষ্মান পরিপুষ্ট পুরুষ্টু হৃষ্টপুষ্ট। বোম্বাই। হাতি। দৈত্য। রাক্ষুসে।

১৯২। ক্ষুদ্রায়তন

বি. ক্ষুদ্রায়তন। ক্ষুদ্র,-তা,-ত্ব,(৩৩)। তনিমা তনুতা অণিমা কৃশতা। সৌক্ষ্ম্য সূক্ষ্ম,-তা,-ত্ব। খর্বতা হ্রস্বতা। শীর্ণ,-তা,-ত্ব তানব। বামন পিগ্‌মি লিলিপুট। পুতুল। শূককীট লার্ভা। অণু পরমাণু। বীজ বীজাণু জীবাণু। কণা কণিকা। রেণু গুঁড়া ধূলি। খুদ তিল সরষে কুঁচ খড় কুটা। টুকিটাকি খুঁটিনাটি (৬৫৩)।

বিণ. ক্ষুদ্র ক্ষুদ্রকায় লঘুকায় হ্রস্ব খর্ব নাটা বেঁটে খাটো গেঁটা পাতি ক্ষুদে ছোট ছোটখাটো কড়ে একরত্তি পুঁচকে। ক্ষীণ কৃশ শীর্ণ তালপাতার সেপাই চিকন পেলব পুঁটে নেংলো সরু লিকলিকে লকলকে ফুরফুরে লিংলিঙে ডিগডিগে ছিপছিপে একহাবা তন্বী পুঁটি নেংটি টিংটিঙে টিনটিনে। মিহি পাতলা ফিনফিনে। হাল্‌কা। চটি সরু। শুঁটকা চিমড়া। কঙ্কালসার। অস্থিচর্মসার।

১৯৩। বিস্তৃতি

বি. বিস্তৃতি বিস্তার বিসার প্রসার। বিসরণ বিতান প্রপঞ্চ। প্রসারণ সম্প্রসারণ। ব্যাপন ব্যাপ্তি পাটা পরিব্যাপ্তি অভিব্যাপ্তি পরিসর বেলা। পরিণাহ। বৃদ্ধি বর্ধন বিবর্ধন। বিকাশ স্ফুরণ স্ফার স্ফারণ বিস্ফারণ স্ফূর্তি। বিচ্ছুরণ বিকিরণ। সঞ্চারণ। স্ফীতি ফাঁপ ফুলন স্থৌল্য স্থূলতা।

ক্রি. বড় করা। বাড়ানো। বড় হওয়া। বৃদ্ধি করা। ফাঁপা। ফোলা। প্রস্ফুটিত হওয়া। ফোটা। ফুটা। গজা। ফাটা। বিস্তার করা। ফাঁদা। বিছানো। পাতা। পাতানো। বিকাশ ঘটা। সম্প্রসারণ করা। ফোলানো। ফাঁপানো। ছড়ানো। ছিটানো। ছলকানো। ঠিকরানো। বাড়াবাড়ি করা।

বিণ. বিস্তৃত বিসৃত বিস্তীর্ণ বিতীর্ণ বহুদূরবিস্তৃত আস্তৃত আস্তীর্ণ বিস্তারিত আতত বিতত আয়ত বিসারিত প্রসারিত সম্প্রসারিত প্রপঞ্চিত। আদিগন্ত দিগন্তপ্রসারী দিগন্তব্যাপী অনন্তবিস্তার। ব্যাপ্ত পরিব্যাপ্ত অভিব্যাপ্ত ব্যাপক ব্যাপী পরাগত কীর্ণ আকীর্ণ পরিকীর্ণ সমাকীর্ণ বিকীর্ণ প্রকীর্ণ। সমাকুল সংকুল বিচ্ছুরিত। বিস্ফারিত। সঞ্চারিত। চাবিত। ছড়ানো ছত্রাকার ছত্রখান। ছরকট। ছয়লাপ। খচিত। স্থূল ফাঁপা চওড়া। ফাঁদালো ফুলানো ফাঁপানো। ফলাও ঢালাও। পশাল বিশাল (১৯১)। অন্ত,বেলা,সীমা,-হীন। অসীম। বিকীর্যমান।

১৯৪। সংকোচন

বি. সংকোচন লঘুকরণ হ্রস্বীকরণ বিজারণ হ্রাস (৩৭)। অবনতি। ক্ষয়িষ্ণুতা। শীর্ণতা কৃশতা। নিমীলন মুদ্রণ কুঞ্চন। সংহতি ঘনতা ঘনায়ন। চাপ। সংক্ষেপণ সংক্ষিপ্তসার। কুণ্ঠা জড়সড়ভাব। গুটিসুটি।

ক্রি. সংকুচিত হওয়া। কুঁচকানো। সিটকানো। ছোট হওয়া বা হ্রাস পাওয়া। কমা। চাপে ছোট হওয়া। ঘন হওয়া। চাপা পড়া। সীমাবদ্ধ বা সীমিত হওয়া। বুজা। কুঁচানো। ফাঁসা। দুমড়ানো। হ্রস্ব করা (২০০)।

বিণ. সংকুচিত সংকীর্ণ। হ্রস্বীকৃত লঘুকৃত কৃশীকৃত। কোঁচকানো চোপসা তোবড়া। গুটানো। ব্যাহত। ক্ষয়িষ্ণু।

১৯৫। দূরত্ব

বি. দূর,-ত্ব-তা। দূর দূরান্ত দূরদূরান্ত। অসন্নিধান অসন্নিকর্ষ। ব্যবধান (১৯৭) অন্তর ফারাক পাল্লা নাগাল লাগ। দূরান্তর। দূরের বাদ্য। দিল্লী বহুদূর। দূরবর্তিতা বিপ্রকর্ষ। প্রান্ত উপান্ত সীমান্ত। প্রত্যন্তদেশ। দিগন্ত দূরদিগন্ত। আকাশসীমা। বাহির বিদেশ।

বিণ. দূর দূরস্থ দূরের দূরবর্তী সুদূর বিদূর। অগম অগম্য দুর্গম অগন্তব্য দুস্তর। অনিকট। অসন্নিহত অসন্নিকৃষ্ট। অনাসন্ন। প্রত্যন্ত।

ক্রি-বিণ. দূরে দূরে।

১৯৬। নৈকট্য

বি. নৈকট্য নিকট,-তা,-ত্ব। সামীপ্য সমীপ নাগাল লাগ সকাশ ত্রিসীমা। সদন সান্নিধ্য সন্নিধান সন্নিধি সন্নিকর্ষ অব্যবধান আনন্তর্য অন্তরত্ব সংলগ্নতা কাছ। অঙ্ক ক্রোড় কোল কাঁখ। ঘেঁষ পার্শ্ব পাশ

বগল পিঠ ধরা-ছোঁয়া। ঘনিষ্ঠতা। অদূর উপান্ত উপকণ্ঠ। ধার প্রান্ত। প্রতিবেশ পরিবেশ পরিপার্শ্ব আশপাশ। দর্শক। পড়শী। নিকটবর্তিতা অভিগমন (২৮১) অভিসৃতি সমাবেশ।

ক্রি. কাছে বা নিকটে আসা। ধরা। ছোঁয়া। মধ্যে থাকা। গায়ে গায়ে বা লাগালাগি থাকা। গা ঘেঁষা। জড় হওয়া। জড়াজড়ি করা। কাছানো। ঘনানো। ছুঁই ছুঁই করা। পথ মাড়ানো।

বিণ. নিকট,-স্থ,-বর্তী। সন্নিকট। সমীপস্থ। কাছাকাছি লাগাও লাগোয়া সন্নিহিত সংলগ্ন উপস্থ লীন সঙ্কাশ আশপাশ। ঠাস ঘেঁষাঘেঁষি ঘিচিমিচি ঠাসাঠাসি লাগালাগি ঘিঞ্জি। পার্শ্ববর্তী পাশাপাশি। ঘনিষ্ঠ। আসন্ন প্রত্যাসন্ন বাধোবাধো। অব্যবহিত। অদূর।

অব্য. কাছে অদূরে নিকটে সমীপে।

১৯৭। ব্যবধান

বি. ব্যবধান অন্তব আড় আড়াল অন্তরাল। ফারাক। তফাৎ। দূরত্ব (১৯৫)। অসংলগ্নতা অসংযোগ অসংস্রব অসংসক্তি। বিচ্ছিন্নতা। বিভেদ। বিশ্লেষ। বিযুক্তি বিশ্লেষণ। বিচ্ছেদ। বিভাগ। যতি ছেদ। বাধা। শূন্যতা রিক্ততা অভাব। ফাঁক ফাট ফাটল বিদার বিদারণ। চিড় চির। গর্ত ফুটা কাটা। স্তরচ্যুতি স্তরভঙ্গ। খাত খাঁজ খানা। গিরি,-সংকট,-বর্ত্ম। কন্দর গহ্বর গুহা খাদ। খাল খাঁড়ি উপসাগর প্রণালী। সীতা। ভাঁজ খাঁজ।

বিণ. ব্যবহিত। সান্তর সান্তরাল ফাঁকফাঁক। ব্যবধানবিশিষ্ট। অসংলগ্ন অযুক্ত বিযুক্ত অসংযুক্ত অসংসক্ত আলাদা পৃথক। অসংস্পৃষ্ট আলগোছ। দুস্তর। বিশ্লিষ্ট বিশ্লেষিত। বিভক্ত। ছিন্ন। সান্তর।

ক্রি-বিণ. ছাড়াছাড়া তফাতে।

১৯৮। সংস্পর্শ

বি. সংস্পর্শ সংলগ্নতা সন্নিহিতি সন্নিধি সান্নিধ্য। স্পর্শ ছোঁয়া লাগ পাশ। ঠেস ঘেঁষ। খিলান। পিলপা। সংসক্তি (৪৬)। ঠেকাঠেকি ঠেসাঠেসি। ঘন,-বিন্যাস,-সন্নিবেশ। প্রান্ত সীমান্ত সীমা (২৩০)।

বিণ. লাগোয়া সংলগ্ন পাশাপাশি পার্শ্ববর্তী ঘেঁষাঘেঁষি পিঠাপিঠি। নিকট (২৯৬)। ঠাসা ঘন নিবিড়। ঘিঞ্জি। লীন।

১৯৯। দৈর্ঘ্য

বি. দৈর্ঘ্য দীর্ঘ,-তা,-ত্ব। লম্বাই খাড়াই প্রলম্বন ঝুল টানা দ্রাঘিমাংশ আয়াম আয়তি। আরোহ। লম্ব প্রলম্ব। থাম। দণ্ড সিক গরাদ রড। খাড়াই। দৈর্ঘ্যের একক (৪৮১)।

বিণ. দীর্ঘ লম্বা লম্বাটে দীঘল লম্বাপানা। সুদীর্ঘ। ঝোলা। প্রাংশু শালপ্রাংশু। দীর্ঘ,-দেহ,-দেহী। দীর্ঘকায় দীর্ঘাকার দীর্ঘাকৃতি লম্বাকৃতি। মাথায় বড়ো। ধুম্বা ঢেঙা। ছিপছিপে। আজানুলম্বিত আগুল্ফলম্বিত আখাম্বা। দীর্ঘীকৃত লম্বিত প্রলম্বিত খাড়া দণ্ডায়মান। অনুলম্ব। খাড়াই,-মাফিক, -বরাবর। অনুদৈর্ঘ্য দৈর্ঘ্যবরাবর। ডোরাকাটা। চিলতা।

২০০। হ্রস্বতা

বি. হ্রস্ব,-তা,-ত্ব। খর্ব,-তা,-ত্ব। ক্ষুদ্রতা (১৯২)। সংক্ষেপণ সংকোচন। ছাঁটাই বাদ ছাঁট। ঘনায়ন লঘুকরণ (১৯৪)। সংক্ষিপ্তসার (৬০০)।

ক্রি. হ্রস্ব খর্ব ক্ষুদ্র বা সংক্ষিপ্ত করা। সার বা সারাংশ রচনা করা। ছোট করা। বাদ ছুট বা ছাঁট যাওয়া। ছাঁটাই করা। ধানাইপানাই না করা।

বিণ. হ্রস্ব খর্ব খর্বাকার খর্বাকৃতি ক্ষুদ্র ছোট। বামন বেঁটে বাঁটকুল গেঁটে নাটা খাটো। মানবক। মাথায়,

-কম,-খাটো। অপ্রশস্ত সংকীর্ণ। হ্রাসপ্রাপ্ত ঠাসা ঘন। সংক্ষিপ্ত।

২০১। প্রস্থ

বি. প্রস্থ চওড়াই বহর ওসার আড় পড়েন সিনা ছাতি পানা। বেধ প্রসার বিস্তার বিস্তৃতি (১৯৩) পরিসর। আয়াম। ব্যাপ্তি। প্রপঞ্চ। অক্ষাংশ অক্ষরেখা। ব্যাস অর ব্যাসার্ধ। ঘনত্ব। স্থূলতা (১৯১)।

বিণ. চওড়া বিস্তৃত ব্যাপ্ত প্রশস্ত। আয়ত। চাটাল। অনুপ্রস্থ আড়াআড়ি। বিস্তৃত (১৯৩)। স্থূল (১৯১)।

২০২। সংকীর্ণতা

বি. সংকীর্ণতা কৃশতা শীর্ণতা। রেখা। ফিতা (২০৪)। সুতা। কঙ্কাল। ছায়া। হাড়-মাংস। ক্ষয়িষ্ণুতা। কুঞ্চন সংকোচন (১৯৪)। গলি গলিঘুঁজি ঘুপসি ঘোপঘাপ আনাচকানাচ। শুঁড়িপথ।

বিণ. সংকীর্ণ সরু অপ্রশস্ত চাপা অনতিবিস্তৃত অবিশাল অপরিসর। এঁদো ঘিঞ্জি। লিকলিকে লকলকে লিংলিঙে। শীর্ণ বিশীর্ণ কৃশ। তন্বী ছিপছিপে একহারা। পাতলা মিহি ফিনফিনে ফুরফুরে। সূক্ষ্ম চুলচেরা। সূচাল ছুঁচালো। বিরল। টায়টায়। সংকুচিত আকুঞ্চিত অনুদার।

২০৩। স্তর

বি. স্তর থর থাক তাক পরত পরদা পলি প্রলেপ পাল্লা তয় তবক। পত্র পাতা পাত পট্ট। পাট পাট্টা। খোসা ত্বক ছাল বল্কল বাকল বাকলা। শল্ক আঁশ। ফলক ফালি। ঝিল্লি সর। ভাঁজ (২৫৭) বলি। সারি সোপান শ্রেণী। মেঝে তল। ভিত। স্তরবিন্যাস স্তরায়ণ। পত্রোদ্গম।

ক্রি-বিণ. স্তরে স্তরে। পরতে পরতে।

বিণ. স্তরবিন্যস্ত স্তরিত।

২০৪। তন্তু

বি. তন্তু অংশু আঁশ ফেঁসো। রোঁয়া রোম লোম। পশম তুস উর্ণা ফ্লানেল উল। রেশম ক্ষৌম খুঁয়া মুগা গরদ মটকা তসর। এণ্ডি বাফতা তাফতা। খাদি খদ্দর। মসলিন মলমল মলিদা। আদ্দি। শালু। খেরুয়া। টুইড। টুইল। শণ পট্ট পাট। চট। গুণ। শিরা। জালি জাল। তাঁত। উর্ণনাভ। রেণু ত্রসরেণু। কার্পাস শিমুলতুলা। সূত্র সুতা কার। ধাগা। ক্রচেট। ফেঁশো। টোআইন টোন। গুলি কাটিম রিল ববিন লাছি। রেয়ন নাইলন পলিয়েস্টার ডেক্রন। রজ্জু দড়ি দাম। ফিতা টেপ রিবন। গুনা তার কচড়া। দড়া দড়াদড়ি কাছি রশি রশা। নুটি পটি ফেটা। পাত। সুতলি ডুরি ডোর নেয়ার। ছোবড়া কয়ের। পাঁজ পাঁইজ পিঞ্জন পেঁজা। ধোনা ধুনখারা। সুতো,-কাটা,-পাকানো। স্পিনিং।

বিণ. তন্তুজ তন্তু,-যুক্ত,-ময় আঁশালো অংশুক। তান্তব কৌশিক কৌশেয়। পশমী উর্ণাময়। তন্তুবায় তন্তুজীবী জোলা। ধুনকর ধুনুরি ধুনারি। রেশমি ক্ষৌম। রোমশ (২৫৫)। ফেঁসো।

২০৫। উচ্চতা

বি. উচ্চতা ঔচ্চ্য উচাই ঔন্নত্য। উচ্ছ্রায় উচ্ছ্রয় উঠতি উত্থান উন্নমন। উন্নতি। ক্রমোন্নতি খাড়াই আরোহ চড়তি চড়াই উত্তোলন। ঊর্ধ্ব আগা আগ মগডাল শীর্ষ (২০৯) কূট চূড়া শৃঙ্গ শির চাঁদি ভৃগু। পৃষ্ঠা পিঠ। গ্রীবা ঘাড় স্কন্ধ কাঁধ অংসকূট। দৈর্ঘ্য। উত্তলতা (২৪৯)। খমধ্য সুবিন্দু। দৈত্য। পর্বত

উত্তলতা (২৪৯)। খমধ্য সুবিন্দু। দৈত্য। পর্বত (৩৮১) পাহাড় গিরি শৈল অচল অদ্রি নগ ভূধর মহীধর শৃঙ্গধর। মালভূমি বালিয়াড়ি স্তূপ ঢিবি পালা। পাড়। মঞ্চ চবুতরা। স্তম্ভ থাম পিলার। বুরুজ পোস্ট খাম্বা খাম। মিনার গম্বুজ পিরামিড প্যাগোডা। লগি মাস্তুল। জোয়ার বান সর গর্কি।

বিণ. উচ্চ উঁচু। অত্যুচ্চ সমুচ্চ সর্বোচ্চ। আকাশচুম্বী গগনচুম্বী আকাশস্পর্শী আকাশছোঁয়া (২১৩)। উচল উন্নত সমুন্নত পীনোন্নত তুঙ্গ উত্তুঙ্গ তুঙ্গী অভ্রংলিহ অভ্রভেদী। শালপ্রাংশু। বুলন্দ। তালগাছ। ঢেঙা। উদগ্র। উর্ধ্ব উর্ধ্বগামী উর্ধ্বমুখী উচ্ছায়ী। ক্রমোচ্চ চড়া খাড়া।

২০৬। নিম্নতা

বি. নিম্নতা নিম্ন নিচ। অধঃ। নামা। নিম্নাংশ অধোভাগ তল তট। সমতট সমতল। অবনতি নতি। টোল গর্ত গর্ভ ভূগর্ভ গুহা কন্দর দরি দর খাত খদ। ঢাল গড়ান। খাই। তরাই। তলদেশ পাদদেশ (২১০)। ভাটা।

ক্রি. নিচে নামা বা পড়া। পতন ঘটা বা হওয়া। ভূলুণ্ঠিত হওয়া। নত বা হেঁট হওয়া। গোঁজা। গড়াগড়ি দেওয়া। অবনতি ঘটা। টোল খাওয়া (৩০৬)।

বিণ. নিম্ন নিচু নিম্নস্থ নীচস্থ অবনত অবচ অনুচ্চ অনুন্নত পতিত নিপতিত চ্যুত নত আনত। ছোট হেঁট উপুড় অধো,-মুখ,-বদন অবাঙ্মুখ। নাবাল ঢালু। নিম্নগ গড়ানে। অধঃস্থ অধস্তন অধীন। সর্বনিম্ন। অধঃস্থিত।

অব্য. অধঃ। নিচে নিম্নে তলে অতলে।

২০৭। গভীরতা

বি. গভীর,-তা,-ত্ব। বেধ খাই। খদ খাদ দহ গহ্বর গর্ত গর্ভ গুহা কন্দর খাত খোল পরিখা গড়খাই ডহর। খনি। কূপ কুয়ো ইঁদারা। ভূগর্ভ সমুদ্রগর্ভ। তল তলা তল,নিম্ন,-দেশ অধো,-দেশ,-ভাগ। ওলনদড়ি গাধসূত্র। ঝাঁপ ডুব নিমজ্জন।

ক্রি. গভীর করা। খনন করা। খোঁড়া। ফুটানো। গর্ত করা। গভীরতা মাপ করা। থই না মেলা। হালে পানি না পাওয়া। ডুবা। ডোবা। ঠাঁই না পাওয়া।

বিণ. গভীর সুগভীর অতল অথই অগাধ অগম নিতল অতলস্পর্শী। ভূগর্ভস্থ সমুদ্রগর্ভস্থ নদীগর্ভস্থ। অন্তঃসলিলা। ফল্গু। ঘোর কলিল নিবিড় গহন গহীন অতলতল। গাঢ় প্রগাঢ় দুরবগাহ। অগাধীয়। মজ্জিত নিমজ্জিত মগ্ন জলমগ্ন।

২০৮। অগভীরতা

বি. অগভীর,-তা,-ত্ব। চড়া চর পুলিন। ভাসাভাসা, উপরিউপরি,-ভাব।

ক্রি. থই বা ঠাঁই বা তল পাওয়া।। হাঁটু জল থাকা। ঘটি না ডোবা। পায়ের পাতা না ভেজা।

বিণ. অগভীর অপ্রগাঢ়। গাধ। উপরস্থ উপরিগত ভাসাভাসা।

ক্রি-বিণ. ওপর ওপর। আলগাভাবে। লোক দেখানো।

২০৯। শীর্ষদেশ

বি. শীর্ষদেশ শীর্ষস্থান শিরোদেশ শিরোভাগ। উপর ওপর উর্ধ্ব,উপরি,অগ্র,-ভাগ। মটকা। টঙ। শীর্ষ শির চূড়া (২০৫) শৃঙ্গ শিখণ্ড। শিখা শিখর শেখর। খমধ্য সুবিন্দু। সর্বোচ্চতা সর্বাধিক্য পরোমৎকর্ষ। লক্ষ্য পরিপূর্ণতা ভাবারোহ তুঙ্গীভবন পরিণতি। অগ্র আগা। ডগা শিয়র শিথান মস্তক মাথা শির কল্লা মুণ্ড মূর্ধা। শিখা টিকি ঝুঁটি ঝোঁটন। চক্কর। শিরস্ত্রাণ। উপরতলা চিলেকোঠা সিঁড়িঘর। ছাদ।

বিণ. শীর্ষস্থানীয়। উপরস্থ উপরের। শিখরস্থিত অগ্রস্থিত সর্বোচ্চ সর্বোন্নত (২০৫)। উঁচু। সার্বভৌম। তুঙ্গশৃঙ্গ।

অব্য. শীর্ষে আগায় ডগায়। অগ্রভাগে অগ্রে। ওপরে উপরে মাথায়।

২১০। পাদদেশ

বি. পাদ,তল,সানু,নিম্ন,অধো,মূল,-দেশ। তরাই। অধোভাগ। তল তলা বস্তি ভূতল অতল পাতাল বিতল। মূল। গোড়া পা পদ চরণ অঙ্ঘ্রি ভিত্তি ভিত পায়া। পাদপীঠ পদাসন। মেঝে শান পাকা,শানবাঁধানো,-মেঝে। পাটাতন। অতলতল। থই ঠাঁই। কুবিন্দু।

বি. বিপথ উৎপথ। অ,কু,মন্দ,-পথ। অসৎপথ দুষ্পথ। চোরাপথ। দুর্বর্ত্ম। অমার্গ ভুল,-পথ, -রাস্তা। বেরাস্তা। ঘুরপথ। ব্যত্যয় ব্যতিক্রম। বিচ্যুতি। বিক্ষেপ অপসৃতি। সংসর্প। ঘুর ঘুরপাক। গোলকধাঁধা। দিগ,-ভ্রম,-ভ্রান্তি। বিপথ,-চারিতা, -গামিতা কুপথগামিতা।
ক্রি. বিপথে যাওয়া। পথ হারানো। পথ ছাড়া। অন্যপথ ধরা। ঘুরানো ফেরানো। মোচড় খাওয়া। সরে পড়া। লক্ষ্য দিক বা দিশে হারানো। লক্ষ্যভ্রষ্ট বা লক্ষ্যচ্যুত হওয়া।
বিণ. পথ,-ভোলা,-ভ্রষ্ট,-হারা,-ভ্রান্ত। বিপথগামী বিপথচারী। কুপথগামী। বিপথগত ভ্রান্ত লক্ষ্যহারা দিশেহারা দিগভ্রান্ত। প্রক্ষিপ্ত বিচ্ছিন্ন বিচ্যুত ভ্রষ্ট লক্ষ্য,-ভ্রষ্ট,-চ্যুত। আঁকাবাঁকা এলোমেলো সর্পিল ঘোরা ঘোরালো। বাঁকা বক্র তির্যক। কক্ষ,-চ্যুত, -ভ্রষ্ট।

২৭৫। অগ্রগমন

বি. অগ্রগমন অগ্রসরণ। অগ্র,পুরো,সম্মুখ,-যাত্রা। সম্মুখ,পুরো,-গমন। অগ্র,সম্মুখ,-গতি। অগ্রসরতা। নেতৃত্ব পূর্ববর্তিত্ব পূর্ববর্তিতা। প্রাধান্য। সম্মুখ (২৩৩)। অগ্র আগা পূর্ব। পথিকৃৎ পথপ্রদর্শক দিশারী। নেতা (৬৩)।
ক্রি. অগ্রগমন করা। আগে পূর্বে সম্মুখে বা সামনে যাওয়া। এগিয়ে চলা। এগুনো। আগেভাগে যাওয়া। আগবাড়ানো। আগে বাড়া। অগ্রসর হওয়া। নেতৃত্ব দেওয়া। প্রাধান্য পাওয়া।
বিণ. অগ্রগমনকারী আগুয়ান অগ্রসর পুরঃসর পুরোবর্তী অগ্রবর্তী অগ্র,সম্মুখ,পুরো,পূর্ব-গামী। পুরো,-গ,-ধা,-যাত্রী।
ক্রি-বিণ. সামনে সম্মুখে প্রথমে সবার আগে। অগ্র,পুরো,-যায়ী। অগ্র,পুরো,-গতি। অগ্র,সম্মুখ,-স্থ। অগ্রস্থিত। সম্মুখের সামনের।

২৭৬। অনুসরণ

বি. অনুসরণ অনুসার অনুগমন। অনু,-গম, -ক্রমণ,-ব্রজ,-ব্রজন। অনুবর্তন। অভিসরণ। পরিচর অভিসার। ধাবন অবধাবন অভিধাবন। পশ্চাদ্ধাবন। পশ্চাদ্‌গমন পশ্চাদনুসরণ। অনু, -সার,-সৃতি,-বৃত্তি,-গতি,-যাত্রা,-ধাবন,-বর্তিতা। আনুগত্য। পশ্চাদ্‌গামিতা। পদানুসরণ পদাঙ্ক -অনুসরণ। অনুসারী অনুচর সঙ্গী,-সাথী সহচর সাঙ্গোপাঙ্গো। সহগমন সহগামী। উপগ্রহ। উপসর্গ। ছায়া। ফেউ। গড্ডলিকাপ্রবাহ।
ক্রি. অনুসরণ বা অনুগমন করা। পিছনে পিছনে যাওয়া। লেজ ধরা। পিছন বা পিছু নেওয়া বা

লাগা। ফলো করা। ধাওয়া। তাড়া। ধেয়ে যাওয়া। ধাওয়ানো। তেড়ে যাওয়া। পিছানো। পিছনে পড়া।
বিণ. অনুসৃত অনুসারিত অনুগত অনুবর্তিত অনুবৃত। ধাবিত অবধাবিত পশ্চাদ্ধাবিত। তাড়িত। অনুসারী অনুযায়ী। পদাঙ্ক-অনুসারী। পদানুসারী। অনু,-গম্য,-গমনীয়। অনুম্রিয়মান। অনুসরণকারী অনুসারক অনু,-গ,-গমনকারী,-গামী,-যাত্রী, -যাত্রিক,-পদী,-ব্রজী। অনু,-যাত,-যাত্র। অভিসর সংজাত সংযাত। অনুবর্তী পদানুবর্তী পদানুসরণকারী পদাঙ্কচারী। পশ্চাদ্‌গামী। পশ্চাদ্‌বর্তী।
ক্রি-বিণ. অনুসারে পশ্চাতে পিছে পিছেপিছে পিছনে পিছনপিছন পিছনেপিছনে পায়েপায়ে। পরে শেষে।

২৭৭। অগ্রগতি

বি. অগ্রগতি সম্মুখগতি অগ্রসরণ অগ্রসরতা (২৭৫)। প্রগতি প্রগতিশীল। উন্নতি সমৃদ্ধি (৭০৩)।
ক্রি. এগিয়ে যাওয়া। আগে বাড়া। অগ্রসর হওয়া। আগানো। উপরে উঠা। উন্নতি করা।
বিণ. অগ্রগতি,-শীল,-মূলক। প্রগতি,-শীল, -মূলক। আধুনিক। প্রগতিপন্থী। বামপন্থী।

২৭৮। পশ্চাদ্‌গতি

বি. পশ্চাদ্‌গতি পশ্চাদ্‌গমন। প্রত্যাবৃত্তি প্রত্যাবর্তন সমাবর্তন প্রতীপগতি প্রত্যাগতি বিপরীত,-গমন, -গতি। পশ্চাদ্‌মুখিতা। পশ্চাদপসরণ। দে ছুট। উলটা দৌড়। পুনরাবর্তন। বিনিবর্তন। অবনতি পতন (৬৭০)। পুনঃপতন (৬৭২)। ভাটা মন্দা হ্রাস। প্রতিক্রিয়া।
ক্রি. ফিরে যাওয়া বা আসা। পশ্চাদপসরণ করা। পিছানো। পিছিয়ে আসা। পিছপা হওয়া। পিছনে ফেরা। হটে আসা। পিছু হটা। গুটানো। সটকানো। পালানো। লম্বা দেওয়া। হাল ছাড়া। হেরে যাওয়া (৭০২) রণে ভঙ্গ দেওয়া। উলটা দৌড় দেওয়া। ক্ষান্ত দেওয়া। ক্ষান্তি দেওয়া। ঘরে ফেরা। পিছিয়ে পড়া। ভাটা পড়া।
বিণ. প্রতীপ বিপ্রতীপ পশ্চাদ্‌গামী পশ্চাদ্‌মুখী। প্রতিপ্রবহমান। উলটা। প্রাচীনপন্থী প্রতিক্রিয়াশীল। পশ্চাৎপদ পশ্চাদ্‌বর্তী। প্রত্যাবৃত্ত (২৮২)।

২৭৯। নিক্ষেপ

বি. নিক্ষেপ নিক্ষেপণ প্রক্ষেপ প্রক্ষেপণ বিক্ষেপ বিক্ষেপণ। ক্ষেপ ক্ষেপণ আক্ষেপ আক্ষেপণ অভিক্ষেপ অভিক্ষেপণ। আছাড় আছড়া। পাছাড় উৎক্ষেপ উৎক্ষেপণ ঊর্ধ্বক্ষেপ ঊর্ধ্বক্ষেপণ। উৎপ্রাস উৎপ্রাসন। অবক্ষেপ অবক্ষেপণ অধঃক্ষেপণ পাতন নিপাতন। উদ্‌গার উদ্‌গীরণ উগরণ উদ্বমন বমন। বর্ষণ। সেচন সিঞ্চন উৎসেচন। শর,গোলা,বর্শা,-নিক্ষেপ। শরক্ষেপণ। ছিটা ঝাপটা।
ক্রি. নিক্ষেপ করা। ছোঁড়া। ছুঁড়ে দেওয়া বা মারা। ছাড়া। দাগা। দাগানো। ফেলা। ঢালা। ঢেলে ফেলা বা দেওয়া। আছড়ানো। পাছড়ানো। আছড়ে ফেলা। তুলে আছাড় দেওয়া। থুবড়ানো। পটকানো। ধরাশায়ী করা। ছড়ানো। ছিটানো। উদ্‌গার বমন বা বমি করা। ভূপাতিত করা। নামানো। ঢিল মারা বা ছোঁড়া। তীর বা বর্শা ছোঁড়া। ছড়ানো ছিটানো। ইতস্তত ছড়ানো।
বিণ. নিক্ষিপ্ত নিক্ষেপিত আক্ষিপ্ত বিক্ষিপ্ত বিক্ষেপিত প্রক্ষিপ্ত ক্ষিপ্ত সন্ন্যস্ত পরিক্ষিপ্ত। ক্ষিপ্যমাণ। উৎক্ষিপ্ত উৎক্ষেপিত ঊর্ধ্বক্ষিপ্ত। উদগীর্ণ। অবক্ষিপ্ত অধঃক্ষিপ্ত অধঃকৃত। পতিত ভূপাতিত ধরাশায়ী। বর্ষিত। সিঞ্চিত। উৎসিক্ত।

ক্ষেপণীয় নিক্ষেপণীয় প্রক্ষেপণীয় উৎক্ষেপণীয়। নিক্ষেপক নিক্ষেপকারী। ক্ষেপক ক্ষেপণকারী। প্রক্ষেপক প্রক্ষেপকারী। উৎক্ষেপক।

২৮০। টানা

বি. টানা টান আকর্ষণ হেঁচকা খিঁচ খেঁচকা ঝিকা গুণ। আঁকশি।

ক্রি. টানা। হেঁচড়ানো। ছেঁচড়ানো। ঘষটানো। হিড়হিড় করে টানা। খেঁচা। হেঁচকা টানা। গুণ টানা। পিছু টানা। গুটিয়ে ফেলা। গুটিয়ে নেওয়া। গুটানো। জড়ানো। তোলা। কাড়া।

অব্য. হেঁইও।

২৮১। অভিগমন

বি. অভিগমন সন্নিকর্ষ আয়ত্তি। আগমন উদয় আবির্ভাব। অনুধাবন পশ্চাদ্‌ধাবন। শিকার। প্রত্যুদ্‌গমন।

ক্রি. অভিগমন করা। সমীপবর্তী নিকটবর্তী বা আসন্ন হওয়া। এগিয়ে যাওয়া।

বিণ. সন্নিকট নিকটবর্তী সমীপবর্তী আসন্ন।

২৮২। প্রত্যাগমন

বি. প্রত্যাগমন। প্রত্যাবৃত্তি পরাবর্ত পরাবর্তন পরাবৃত্তি প্রত্যাবর্তন প্রত্যাহার। পশ্চাদপসরণ পশ্চাদ্‌গতি (২৭৮)। প্রস্থান (২৮৮) পলায়ন।

ক্রি. ফিরে আসা। পিছু হটা। হটা। হটে আসা। লেজ গুটানো। ঘরে ফেরা। সঙ্কুচিত হওয়া। সটকানো। সরা। প্রস্থান করা (২৮৮) পালানো। পিঠটান দেওয়া।

বিণ. প্রত্যাগত প্রত্যাবৃত্ত আবৃত্ত সমাবৃত্ত প্রত্যাহৃত।

২৮৩। আকর্ষণ

বি. আকর্ষণ আকর্ষ। সংকর্ষণ সমাকর্ষণ প্রতিকর্ষ প্রকর্ষণ টান। অভিকর্ষ মহাকর্ষ। মাধ্যাকর্ষণ আকর্ষণীশক্তি আকর্ষণীয়তা ধ্রুবতারা। চুম্বক। মোহ। জাদু টোনা। টোপ প্রলোভন। প্রবণতা (১৭৪)। ভালোবাসা (৮৯৩)।

ক্রি. আকর্ষণ করা। টানা। পিছুটান। মোহিত হওয়া বা করা। জাদু বা টোনা করা। ভুলানো। প্রলোভিত করা।

বিণ. আকর্ষণী আকর্ষণীয় আকর্ষক। মোহনীয় সম্মোহনী মোহিনী। লোভনীয়। আকৃষ্ট আকর্ষিত সমাকৃষ্ট। কর্ষী আকর্ষী সমাকর্ষী আকৃষ্যমাণ। অভিকেন্দ্র কেন্দ্রাভিগ।

২৮৪। বিকর্ষণ

বি. বিকর্ষণ বিপ্রকর্ষ বিপ্রকর্ষণ ঠেলন বিতাড়ন ব্যাহতি বিরুদ্ধতা (৭৬০)। বিকেন্দ্রণ বিকেন্দ্রীকরণ।

ক্রি. বিকর্ষণ করা। ঠেলে দেওয়া। ধাক্কা দেওয়া। ধাক্কা মারা। ধাক্কানো। দূরে সরানো। তাড়ানো। দূর করা। ঘুচানো। খেদানো। ভাগানো। হটানো। বিদায় করা। দেখতে না পারা। সইতে না পারা। গায়ে জ্বর আসা। গায়ে ঝাঁটা মারা।

বিণ. বিকর্ষী বিপ্রকৃষ্ট। বীভৎস। বিকর্ষক বিকর্ষণকারী। কেন্দ্রাতিগ অপকেন্দ্র। বহির্মুখী।

২৮৫। অভিসৃতি

বি. অভিসৃতি অভিসার। সংগম মোহনা। সংঘটন সম্মিলন সমাবেশ (৭০)। সমকেন্দ্রিকতা কেন্দ্রীভবন কেন্দ্র (২২১)।

ক্রি. অভিসার করা। অভিসারে যাওয়া। একই দিকে যাওয়া মিলিত বা সম্মিলিত হওয়া। সমকেন্দ্রীভূত হওয়া। কেন্দ্রীভূত হওয়া।

বিণ. অভিসারী সম্মিলিত। সহাবস্থিত অনুষঙ্গী। কেন্দ্রাভিগ। অভিকেন্দ্র। কেন্দ্রীভূত।

২৮৬। অপসৃতি

বি. অপসৃতি। বিকেন্দ্রণ পৃথকীকরণ আলাদাকরণ। বিকিরণ বিচ্ছুরণ। বিক্ষেপ বিচ্যুতি (২৭৪)। উৎকেন্দ্রতা শাখা প্রশাখা।

ক্রি. অপসৃত হওয়া। শাখা প্রশাখায় ভাগ হওয়া। পৃথক বা আলাদা বা বিচ্ছিন্ন হওয়া। ছড়িয়ে পড়া (৭১)।

বিণ. অপসারী। অরীয়। কেন্দ্রাতিগ। অপকেন্দ্র। উৎকেন্দ্রিক অপস্রিয়মাণ। অপসৃত।

২৮৭। আগমন

বি. আগমন আসা। আবির্ভাব। উদয় অভ্যুদয়। আগম সমাগম। উপগম উপগমন। উপনয় উপনয়ন সম্প্রাপ্তি। উপস্থিতি পৌঁছানো। অবতরণ। পদার্পণ। পদক্ষেপ প্রবেশ (২৮৯)। অভিগমন (২৮১)। প্রত্যাগমন (২৮২)। গন্তব্যস্থান লক্ষ্য। ঘাট বন্দর পোর্ট স্টেশন টারমিন্যাল। ঘর ডেরা মঞ্জিল ঠিকানা আস্তানা। সাক্ষাৎ মুলাকাত মোকাবিলা। পুনর্মিলন পুনরাগমন পুনরাবির্ভাব। প্রত্যাবর্তন পুনঃপ্রবেশ। ভিসা। আমদানি।

ক্রি. আগমন করা। আসা। আবির্ভাব বা উদয় হওয়া। হাজির বা উপস্থিত হওয়া। পৌঁছানো। পদার্পণ করা। পায়ের ধুলা দেওয়া। দেখা দেওয়া। ছায়া বা ধার মাড়ানো। হঠাৎ আসা। হড়মুড় করে এসে পড়া। ভিড়া। লাগা। ঠেকা। নামা। অবতরণ করা। নোঙর ফেলা।

বিণ. আগত সমাগত উপনীত। সম্প্রাপ্ত। সমবেত। উদিত সমুদিত। আবির্ভূত। আগন্তুক। অভ্যাগত। প্রত্যাগত আগতপ্রায়। আগমনীয় আসন্ন সমাসন্ন। আগমন,সমাগম,-কারী। দূরাগত নবাগত সদ্যাগত।

ক্রি-বিণ. এখানে।

২৮৮। প্রস্থান

বি. প্রস্থান প্রয়াণ গমন যাত্রা যাওয়া। সৃতি প্রসৃতি। রওয়ানা রওনা। গাত্রোত্থান। স্থানত্যাগ। বহির্গমন। নিষ্ক্রমণ। জিগমিষা যাওয়ার ইচ্ছা। স্থানত্যাগ উত্তরণ পারগমন। দৌড়। পৃষ্ঠ,-প্রদর্শন,-দান, -ভঙ্গ। পলায়ন অপায়ন চম্পট। প্রবসন। অপ, -ক্রম,-ক্রমণ,-গম,-গমন। অন্তর্ধান (৪৪০)। বিদায় বিদায়ীসংবর্ধনা।

ক্রি. প্রস্থান প্রয়াণ বা গমন করা। যাওয়া। চলা। যাত্রা করা। রওনা দেওয়া বা হওয়া। বাহির হওয়া। বিদায় দেওয়া বা নেওয়া। পাততাড়ি গুটানো। ডেরা বা ডাণ্ডা তোলা। স্থানত্যাগ করা। পালানো। ভাগা। পিঠটান বা চম্পট দেওয়া। লম্বা দেওয়া। গা ঢাকা দেওয়া। খসা। ছাড়া। ছেড়ে আসা। উঠা চড়া বা আরোহণ করা। নোঙর উঠানো। পাল বা বাদাম তোলা। ঘর ছাড়া। দেশ ছাড়া। অন্তর্ধান করা (৪৪০)।

বিণ. প্রসৃত সৃত। গত বিগত। অন্তর্হিত। স্থানত্যাগী পলাতক। ফেরার। ঘরপালানী। হুড়কো। প্রস্থানোদ্যত গমনোদ্যত প্রস্থানোন্মুখ গমনোন্মুখ। প্রস্থান,গমন,-কারী। প্রস্থায়ী। গমনরত। গমনশীল বিদায়ী। জিগমিষু। যাতব্য। প্রাস্থানিক।

ক্রি-বি. এখান থেকে। সেখান থেকে।

অব্য. ফুড়ুক-ফাঁই। ফুট।

২৮৯। প্রবেশ

বি. প্রবেশ প্রবেশন। অনুপ্রবেশ। নিবেশ সন্নিবেশ সম্পাত (২৯৮)। বিবিক্ষা প্রবেশের ইচ্ছা।

অভ্যন্তরণ অন্তঃপ্রবাহ। হস্তক্ষেপ। উসকানি। আক্রমণ। অভিবাসন। অভিবাসী শরণার্থী নবাগত বহিরাগত। আমদানি আগম আগমন আনয়ন। প্রবেশপথ। প্রবেশিকা। মুখ দ্বার (২৫৮)। পথ (৬৩৫)। খাড়ি নালি (৩৯০)।

ক্রি. প্রবেশ করা। ঢোকা। চৌকাঠ মাড়ানো। অনুপ্রবেশ করা। সেঁধানো। ঢোকানো। পোরা। পুরে দেওয়া। গোঁজা। গুঁজে দেওয়া। আক্রমণ করা। নাক গলানো। হস্তক্ষেপ করা। ভেতরে ঢোকা। কাছে আসা। ঘেঁষা। ভেড়ানো ভিড়ানো।

বিণ. আগত প্রবেশিত প্রবিষ্ট। অনুপ্রবিষ্ট। প্রবেশ্য প্রবেশনীয় প্রবেশযোগ্য। প্রবেষ্টা প্রবেশক অনুপ্রবেশক। প্রবেশ,অনুপ্রবেশ,-কারী। বিবিক্ষু।

২৯০। বহির্গমন

বি. বহির্গমন নির্গমন নির্গম নিষ্ক্রমণ। নিষ্ক্রম। উত্থান উদ্ভব উদ্‌গাব প্রাদুর্ভাব। বিস্ফোরণ। ছিদ্রণ স্রাব নিঃস্রাব। নির্গলন। অনুস্রাবণ স্যন্দ নিস্যন্দ ক্ষরণ মোক্ষণ নিঃসরণ। উৎক্রম। বিনিঃসরণ বিনির্গমন। প্রসৃতি। পাত পাতন গালন। নিষ্কাশ নিষ্কাশন। ঢালন। উদ্বাসন প্রবসন দেশত্যাগ হিজরত। পরিযাণ অভিবাসন প্রচরণ প্রস্থান। প্রবাসী দেশত্যাগী দেশান্তরী বাস্তুত্যাগী। রপ্তানি চালান। পাচার পার। নির্গমন পথ। রন্ধ্র ফুটো নল কল জলকপাট মুখ দ্বার পথ নালা নালী। ছাড়পত্র নিষ্ক্রমণপত্র পাসপোর্ট। বহির্বাণিজ্য। রপ্তানি।

ক্রি. বাহির হওয়া। বাহিরে যাওয়া। বেরনো। বেরিয়ে যাওয়া। বের হওয়া। ওঠা উঠা। ফোটা ফুটা। চোয়া। চোয়ানো ক্ষরা। ফোঁটাফোঁটা পড়া। ঝরা। গলগল করে পড়া। ফরকানো।

বিণ. বহির্গত নির্গত উদ্‌গত। নিষ্ক্রান্ত। নিঃসৃত। সচ্ছিদ্র ফোঁপরা সান্তর ঝাঁঝরা। বহির্মুখী।

২৯১। ধারণ

বি. ধারণ ধৃতি ধরন গ্রহণ গ্রহ পরিগ্রহ আদান বহন ভুক্তি অন্তর্ভুক্তি। আয়ত্তি। প্রবর্তনা স্থাপন নিয়োজন। শোষণ চোষণ। পান আহার (২৯৩)। সেবন। পরিপাক হজম। সন্নিবেশন (২৯৮)।

ক্রি. ধারণ করা। ধরা। গ্রহণ করা। নেওয়া। রাখা। ধরে নেওয়া। আঁকড়ানো। জাপটানো। সাপটানো। ঢুকতে দেওয়া। ঢোকানো। ভর্তি করে নেওয়া। প্রবর্তন বা স্থাপন করা। বহন করা। বহাল করা। গ্রাস করা। গেলা। গিলা। খাওয়া। পান করা (২৯৩)।

বিণ. ধৃত বিধৃত। আটক বদ্ধ আবদ্ধ। ধর্তব্য ধারণযোগ্য। ধ্রিয়মান।

২৯২। দূরীকরণ

বি. দূরীকরণ দূরীভবন বিদূরণ। নোদন অপনোদন মোচন বিমোচন উৎসার উৎসারণ স্খলন। নিষ্ক্রম নিষ্ক্রমণ। সারণ অপসারণ অবসারণ নিঃসারণ প্রতিসারণ প্রোৎসরাণ পর্যাসন। অপনয় অপনয়ন। তাড়ন বিতাড়ন। গলহস্ত গর্দানি গলাধাক্কা অর্ধচন্দ্র। নিক্ষেপ (২৭৯)। উৎপাটন (২৯৯)। নিরাকৃতি নিরাকরণ। উচ্ছেদ উচ্ছেদন সমুচ্ছেদ উচ্ছেদসাধন উচ্ছিত্তি। উৎখাত উদ্বাসন। উৎসাদ উৎসাদন সাদন। বহিষ্কার বহিষ্করণ নিকাশ নিষ্কাশন নিষ্কর্ষ নিষ্কর্ষণ। স্থানচ্যুতি (১৮৩)। নির্বাসন দ্বীপান্তর। বিলোপন (৫৬১)।

ক্রি. দূর করা। দূরীভূত বা বিতাড়িত করা। তাড়ানো। সরানো। খেদানো। হটানো। হাঁকানো। অপসারণ করা। ঘুচানো ধাক্কা দেওয়া। তাড়িয়ে দেওয়া। উৎখাত বা উচ্ছেদ করা। গলাধাক্কা বা অর্ধচন্দ্র দেওয়া। বিদায় দেওয়া। বরখাস্ত করা। উঠিয়ে দেওয়া। হটিয়ে দেওয়া। বার করা। বার

করে দেওয়া। উঠানো। নিষ্কাশিত করা। খালি বা শূন্য করা। নাম কাটা। নাম কেটে দেওয়া। খরচের খাতায় লেখা। দেশত্যাগ করানো। ভিটেয় ঘুঘু চরানো। ভিটেমাটি ছাড়া করা। ভিটেমাটি উচ্ছেদ করা। মোছা। মুছে ফেলা। তুলে ফেলা। বহিষ্কার করা।

বিণ. দূরীকৃত দূরীভূত বিদূরিত। অপনোদিত নিষ্ক্রান্ত অপসারিত অবসারিত অপসৃত প্রতিসারিত প্রোৎসারিত নিঃসারিত পর্যস্ত। তাড়িত বিতাড়িত বহিষ্কৃত বহিষ্ক্রান্ত। নিক্ষিপ্ত উৎপাটিত। নিরাকৃত। বিলুপ্ত। উচ্ছেদিত উৎসাদিত উৎসন্ন। দূরীকরণযোগ্য। অপসারণীয় অপনোদনীয় উৎসারণীয়। উচ্ছেদ্যমান উচ্ছেদনীয় উচ্ছেদ্য। অপনেয়। উৎসাদনীয়। উচ্ছেদক উচ্ছেদকারী উচ্ছেত্তা। অপনোদক। উৎসাবক উৎসাদক।

২৯৩। আহার

বি. আহাব আশ অশন প্রাশ প্রাশন ভোজন ভক্ষণ ভুক্তি অদন খাদন খাওন। সেবন। অন্নাহার অন্নসেবা অন্নতোলা উদরসাৎ। উপাহাব জলযোগ। চিবান গিলন নিগরণ গলাধঃকরণ। পানাহার। ক্ষুধাতৃষ্ণা। ক্ষুন্নিবারণ ক্ষুন্নিবৃত্তি। দক্ষিণ হস্তের ব্যাপার। ডান হাতের কাজ। খাওয়াদাওয়া। ভোগ উপভোগ। পঙ্‌ক্তিভোজন। সেহরি। এফতারি। পারণ। উদরপরায়ণতা (৯৫৯)।

লোকমা গ্রাস গরাস গাবল ঢোক। গণ্ডুষ। খাবার খাদ্য,-দ্রব্য,-বস্তু (২৯৪) পদ। প্রাতরাশ ছোটহাজরি নাস্তা ব্রেকফাস্ট। টিফিন জলখাবার। বড়হাজবি। মধ্যাহ্নভোজ লাঞ্চ। সান্ধ্যভোজ ডিনার নৈশভোজ। রাতের খাবার সাপার। খানা খানাপিনা ভোজ,ভুরি,-ভোজ,-ভোজন। ভোজসভা ব্যাংকোয়েট। প্রীতিভোজ ফিস্ট। বনভোজন চড়ুইভাতি পিকনিক। খাবার,-ঘর,-টেবিল। ভোজনালয়। রেস্তোরাঁ কাফে হোটেল। মেনু খাদ্যতালিকা। পরিবেশন সার্ভিস। ভোজনপাত্র। থালাবাসন। বাটি গেলাস গ্লাস। পেয়ালা পিরিচ। কাঁটা চামচ। চপস্টিক। মুখ চোয়াল দাঁত। চঞ্চু। ভোজনের ইচ্ছা জিঘৎসা।

ক্রি. ক্ষুধা খিদা খিদে বা ভুখ লাগা বা পাওয়া। ক্ষুধার উদ্রেক হওয়া। ক্ষুধাবৃদ্ধি পাওয়া। খিদে বাড়া। খিদে বাড়ানো। তৃষ্ণা তেষ্টা বা পিপাসা লাগা বা পাওয়া। খাওয়া আহার ভোজন গ্রহণ বা গলাধঃকরণ করা। গ্রাস করা। সেবন করা। স্বাদ গ্রহণ বা আস্বাদন করা। চাখা। মুখে করা তোলা বা দেওয়া। দাঁতে কাটা। কামড় দেওয়া। কামড়ানো। পেটে পড়া। পেট পূজা করা। পেট ভরানো। গেলা। গোগ্রাসে গেলা। গাণ্ডেপিণ্ডি গেলা। নাকেমুখে গোঁজা। ঢুকানো। ঠুসানো। চিবানো। চাবানো। চোষা। চুষা। চুষে খাওয়া। চাটা। চেটে খাওয়া। চর্বণ চোষণ বা লেহন করা। পান কবা চুমুক দেওয়া। চুমুক দিয়ে খাওয়া। ঢক ঢক করে খাওয়া। ঢোক গেলা। শোষা। ভোগ বা উপভোগ কবা। সেহরি করা। এফতারি করা। হবিষ্য কবা। খাওয়ানো। খাইয়ে দেওয়া। মুখে তুলে দেওয়া। গেলানো। গিলিয়ে দেওয়া। পাত পাড়া। টেবিল সাজানো। জাবর কাটা। রোমন্থন করা। হজম করা। পরিপাক করা।

বিণ. ক্ষুধার্ত বুভুক্ষু ভুখা। তৃষ্ণার্ত পিপাসার্ত। আহার্য ভোক্ষ্য ভোজ্য ভোগ্য। ভোক্তব্য ভক্ষণীয়। পাঙ্‌ক্তেয়। চর্ব্য চোষ্য লেহ্য পেয়। পথ্য পানীয়। সেবনীয় সেব্য। পচ্য। খাদক খেকো আহারী ভক্ষক ভোজক ভোক্তা আশী খাইয়ে খাউকো। ভোজনেচ্ছু জিঘৎসু। পেটুক (৯৫৯)। মিতাহারী (৯৫৪)। মৎস্যভুক। কীটভুক। নরখাদক। সর্বাশী সর্বভুক। মাতাল (৯৬১)। আকণ্ঠ বেদম। ভুক্ত

ভক্ষিত খাদিত ভুক্তিত ক্ষুন্নিবৃত্ত। আস্বাদিত। চাটিত। দংশিত। চুষিত। গ্রস্ত গিলিত গীর্ণ। পীত নিপীত। একপেট পেটভরতি। উচ্ছিষ্ট এঁটো সকড়ি। উচ্ছিষ্টভোজী এঁটোখেকো।

অব্য. কপাকপ গবাগব। চাকুমচুকুম। সুড়ুৎ সড়াৎ।

২৯৪। খাদ্য

বি. খাদ্য,-দ্রব্য,-সামগ্রী। খাবার,-দাবার। অন্নজল দানাপানি। খানা। পেটের ভাত। উদরান্ন। ভক্ষ্য অশন আহার (২৯৩)। পানাহার ফলার জলখাবার নাস্তা টিফিন। শিশুখাদ্য বেবিফুড। পথ্য। হবিষ্যান্ন। প্রসাদ ভোগ। শিন্নি। পদ। রেশন। রসদ খোরাক। খোরাকি খাইখরচা।

পশুপাখির খাবার: খড় বিচালি পোয়াল নাড়া জাব জাবনা আধার চারা চার টোপ। হাঁস মুরগির খাবাব। পোলট্রি ফুড। মাছের চারা ফিশফুড।

বিভিন্ন খাদ্য: ভাত অন্ন ওদন। পান্তাভাত। আমানি কাঁজি। খিচুড়ি ওগরা। ভুনাখিচুড়ি। জাউ। পোলাও ঘৃতান্ন ঘিভাত পলান্ন। ফ্রায়েড-রাইস। বিরিয়ানি। ফ্যানভাত। পোড়াভাত। মাড় ফ্যান।

আমিষ আঁইষ আঁষ। জৈব খাদ্য। মাছ মাছের, -ঝোল,-ঝাল। মাছভাজা ফিশফ্রাই। পাতুরি মালাইকারি দইমাছ কালিয়া কোপ্তা ভাপামাছ সরষেমাছ। কালোজিরের ঝোল। লঙ্কার ঝোল। শুঁটকি মাছ। মাংস পল ক্রব্য পিশিত গোস্ত। মটন খাসিরগোস্ত। রাং। দাবনা। টেংরি। মেটে। ঝোল কষা দোপিঁয়াজি কোর্মা। মুরগি চিকেনরোস্ট চিলিচিকেন গ্রিল। চপ। কাটলেট। কাবাব। শিককাবাব। শামি কাবাব। হ্যাম সসেজ বেকন। হ্যামবার্গার। বার্জার। বিফ গোমাংস গোরুরগোস্ত। ডিম হাঁসের,মুরগির,-ডিম। ওমলেট পোচ ডিমেরঝোল। ডালনা। সেমাই নুডলস চপসি চাওমিন।

নিরামিষ,-ভোজন,-শাকাহার শাকান্ন। তরকারি সবজি ব্যঞ্জন ব্যান্নন। ছেঁচকি চড়চড়ি লাবড়া। ঘাঁটি। লাফরা। ঘন্ট। দম। রসা। দোলমা। কালিয়া। সালন। সিদ্ধ ভরতা। রোস্ট। টিকিয়া। শুক্তো তেতো। ভাজা ভাজি ফ্রাই। পাটভাজা পোরেরভাজা। বড়া। খাস্তাভাজা চিপস। তেলেভাজা বেগুনি। ফুলুরি। পেঁয়াজি। পাকৌড়া। সিঙাড়া। নিমকি। কচুরি। ডালপুরি। রাধাবল্লভি। পরোটা। লুচি পুরি। মালপোয়া ময়ান। লেচি। রুটি চাপাটি। নান তন্দুরিরুটি। রুমালিরুটি। পাউরুটি ব্রেড লোফ বান,-রুটি। প্যাটিস। স্যান্ডউইচ। টোস্ট। জ্যাম জেলি মারমালেড মোরব্বা।

ঝোল কাথ শুরুয়া সুপ জুস। ডাল ঘুঘনি চানা। ধোঁকা। চাটনি টক অম্বল আচার। চানাচুর ডালমুট। ঝুরিভাজা চাট টোকনা। ফুচকা। আলুকাবলি। ভেলপুরি বাটাটাপুরি। রোল। ইডলি। ধোসা। দহিবড়া। নোনতা,কলা,লেড়ো,-বিস্কুট। বাকরখানি নানখাতাই। লজেন্স টফি চকোলেট। আচার। সস স্যালাড। কাসুন্দি।

শরবত পানা। শীতল পানীয় কোল্ডড্রিঙ্ক। হালকা পানীয় বিভারেজ। লেমনেড। সোডা। শেক মিল্কশেক। ঘোলের শরবত লাস্যি। গরম,-উষ্ণ, -পানীয়। চা কফি কোকো চকোলেট। মিষ্টি (৪২৬)। কুলপি কুলপি,-মালাই,-বরফ। আইসক্রিম। স্তন্য মায়েরদুধ বুকেরদুধ। দুগ্ধ দুধ। ক্ষীর ঘনদুধ খোয়া রাবড়ি মালাই চাঁছি। দই দধি। সাঁজা দম্বল। ঘোল। চিনিপাতা দই। ভাপা দই। ঘি ঘৃত হবিঃ। মাখন মাঠা ননি নবনী। পনির চিজ। ছানা তক্রপিণ্ড। মুড়ি হুড়ুম। ঝাল,-মশলা,-মুড়ি। চিঁড়া চিঁড়েভাজা। খই লাজ মুড়কি খইচুর। চিঁড়েমুড়ি মুড়িমিছরি। ছাতু বেসন। পাঁপর। সাবু সাগু। শঠি পালো। বড়ি ফুলবড়ি।

বাঙালি,ভারতীয় চিনে,ইংলিশ,-খাবার। মোগলাইখানা। মুখশুদ্ধি পানসুপারি ধনেভাজা মশলা। সুখাদ্য। হালাল খাদ্য। নিষিদ্ধ,হারাম, -খাদ্য। খাদ্যাখাদ্য। বৃথামাংসে। অ,কু,-খাদ্য। অখাদ্যকুখাদ্য। অ,কু-পথ্য। কদন্ন। কচুপোড়া কচুঘেঁচু।

বিণ. আহার্য। ভোজনীয় ভক্ষ্য ভক্ষণীয়। পানীয়। অন্নভোজী। ভেতো। আমিষাশী আমিষভোজী মাংস্যভোজী মাংসাশী। মৎস্যভোজী। ননভেজিটারিয়ান। নিরামিষাশী নিরামিষভোজী ভেজিটারিয়ান। দুগ্ধজাত। দুগ্ধপক। পয়স্য। হারাম। হালাল। সুপেয়। অপেয়।

২৯৫। পুষ্টি

বি. পুষ্টি পরিপুষ্টি পরিপুষ্টতা। পুষ্টি,-সাধন, -বিধান,-বর্ধন, বৃদ্ধি। পোষ্টাই। বল,শক্তি,স্বাস্থ্য, -বৃদ্ধি। পুষ্টিমান খাদ্যমান। খাদ্যপ্রাণ ভিটামিন। কারবোহাইড্রেট স্নেহপদার্থ শর্করা প্রোটিন। অ্যামিনো অ্যাসিড। খনিজ উপাদান: ক্যালসিয়াম ফসফরাস সোডিয়াম পটাসিয়াম লোহা আইওডিন তামা কোবাল্ট ক্লোরিন। হজম,পরিপাক,-শক্তি। এনজাইম হজম জীর্ণন জারণ। আত্মীকরণ সাঙ্গীকরণ। পাচকরস। বিশোষণ। বিপাক। পরিপাক পচন,-হজম,-যন্ত্র। ক্যালোরি। খাদ্যতালিকা। পথ্য। পুষ্টিবিশারদ। পুষ্টিবিজ্ঞান। অপুষ্টি অ,কু,-খাদ্য। অ,কু,-পথ্য। স্বাস্থ্যহীনতা। অজীর্ণ বদহজম অপরিপাক অরুচি।

ক্রি. পুষ্টি সাধন করা। গায়ে মাস লাগা। গায়ে লাগা। হজম করা। লোহা হজম করা। হজম না হওয়া। বদহজম হওয়া। পেট ফাঁপা। চোঁয়াঢেকুর ওঠা। অজীর্ণতায় ভোগা। গায়ে মাংসে না লাগা। পুঁয়ে পাওয়া।

বিণ. পুষ্টি,-কর,-বর্ধক,-দায়ক,-বিধায়ক বৃংহণ। বল,-কারক,-দায়ক,-বর্ধক,-দ। তেজস্কর। স্বাস্থ্য,-কর,-বর্ধক। অগ্নি,ক্ষুধা,-বর্ধক। পাচ্য সুপাচ্য লঘু,সহজ,-পাচ্য। পুষ্ট হৃষ্টপুষ্ট পুরুষ্টু পরিপুষ্ট নধর গোলগাল। দোহারা। অপুষ্ট নিস্তেজ কাহিল। রোগাপটকা। হাড্ডি,কঙ্কাল,-সার। হাড়জিরজিরে অস্থিচর্মসার। অপাচ্য দুষ্পাচ্য গুরুপাক।

২৯৬। রেচন

বি. রেচন। রেচন,-যন্ত্র,-তন্ত্র। রেচন-অঙ্গ: বৃক্ক ফুসফুস মলাশয় লালাগ্রন্থি যকৃত। পরিপাক হজম। ভেদ। মল বিষ্ঠা পুরীষ দাস্ত। বিরেচন নিঃসরণ কোষ্ঠ,-শুদ্ধি,-সাফ। পায়ুক্ষালন বাহ্যকৃত্য নাদন বিরেক মলনির্গমন। মল,বিষ্ঠা, -ত্যাগ,-ভেদ। পায়খানা বাহ্যি কোষ্ঠ গু। টাট্টি। গোবর সার লাদ নাদ লাদি নাদি। মলভাণ্ড মলাধার বিষ্ঠাকুণ্ড। মল,-দ্বার,-নালি। গুহ্য,-দ্বার,-দেশ। পায়ু। কোষ্ঠ কাঠিন্য। স্রব স্রাব নিঃস্রব নিঃস্রাব। মাসিক ঋতু,-স্রাব আদ্যঋতু রজঃ স্ত্রীরজঃ পুষ্প আর্তব হায়েজ। মূত্র মূত প্রস্রাব পেসাব পেচ্ছাপ হিসি। মূত্রত্যাগ। মেহ। বহুমূত্র। হিক্কা ঢেকুর উদ্গার। ন্যক্কার বমি। ঘর্ম ঘাম স্বেদ স্বেদন স্বেদ, -জল,-বারি। শ্রম,-জল,-বারি। রক্ত,-মোক্ষণ, -ক্ষরণ। পুঁজ। কলতানি। সেতখানা পায়খানা খাটাপায়খানা স্যানিটারিপায়খানা। বাথরুম ল্যাভেটরি টয়লেট। কমোড। সিস্টার্ন। ফ্লাস। পাদ অধোবায়ু অপান অপানবায়ু পর্দন বাতকর্ম বায়ুত্যাগ। মূত্র,-নালি,-পথ,-দ্বার,-যন্ত্র। বস্তি মূত্রাশয়। শিশ্ন নুনু। বৃক্ক কিডনি। প্রস্রাবখানা ইউরিন্যাল মূত্রকুণ্ড।

ক্রি. পায়খানা বা প্রস্রাব করা বা হওয়া। হাগা। নাদা। লাদা। হাগানো। মলত্যাগ বায়ুত্যাগ বা

মূত্রত্যাগ করা। পাদা। মোতা। নিঃসরণ হওয়া (২৯৮)। উদ্‌গার বমন বা বমি করা।

বিণ. রেচিত বিরেচিত। ত্যক্ত বর্জিত। নিঃসারিত। রেচক বিরেচক মলনিঃসারক দাস্তকর ভেদকারক সারক জোলাপ মলভেদক।

২৯৭। ক্ষরণ

বি. ক্ষরণ স্যন্দ স্যন্দন নিষ্যন্দ নিস্যন্দ স্রবণ স্রব স্রাব প্রস্রবণ স্বেদন মোক্ষণ। নিঃসরণ। বহিঃক্ষরণ। রেচন (২৯৬)। অন্তঃ,-ক্ষরণ,-স্রাব। পাচক,জারক, আগ্নাশয়িক,-রস। পিত্তরস। লসিকারস। ইনসুলিন। থাইরক্সিন। কর্টিজোন। অ্যান্ড্রোজেন এসট্রোজেন। লালা লাল লালাস্রাব। সর্দি পোঁটা শিকনি শ্লেষ্মা। কফ। থুথু নিষ্ঠীবন মুখস্রাব। পিক থুক। গ্রন্থি গ্ল্যান্ড। অন্তঃস্রাবীগ্রন্থি। জলক্ষারীগ্রন্থি। লালা,ডিম্বাশয়,শুক্র,যৌন,স্তন, লসিকা,বৃক্ক,অগ্রস্থ, স্বেদ,পিত্ত,-গ্রন্থি। গ্রন্থিরস হরমোন। হরমোনতত্ত্ব।

ক্রি. ক্ষরা। ঝরা। চোয়া। চোয়ানো। দুধ ক্ষরা ঝরা বা নামা। লালা ঝরা বা পড়া। লাল ফেলা। থুথু বা কাশ ফেলা। কাশ তোলা। কেশে ফেলা।

বিণ. ক্ষারক। আন্তঃস্রাবী। জলক্ষারী। দুগ্ধক্ষারী। পৈত্তিক। স্রাবক। ক্ষরণশীল বিস্রংসী। ক্ষরিত নিষ্যন্দিত স্যন্দিত বিস্রস্ত স্রস্ত সুত প্রসুত।

২৯৮। সন্নিবেশ

বি. সন্নিবেশ নিবেশন অন্তপ্রবেশন অনুপ্রবেশন। সংস্থান সংহতি মধ্যস্থাপন। অন্তরণ পুরঃস্থাপন। ঢোকানো। প্রোথন। রোপণ। উসকানি। বেধন অনুবেধ। ইঞ্জেকশন সুঁই। টিকা। প্রবেশ। নিমজ্জন ডুব। ঝাঁপ।

ক্রি. ঢুকানো। প্রবেশ করানো। গাদা। ঠাসা। মারা। গোঁজা। গাড়া। পোঁতা। প্রোথিত করা। বসানো। খচিত। পুরা। পোরা। রোয়া। রোপণ করা। কলম লাগানো। ভেজানো। ডুবানো। মজানো।

বিণ. সন্নিবিষ্ট সন্নিবেশিত। প্রবিষ্ট। প্রোথিত রোপিত। নিবেশিত। নিবিষ্ট নিবদ্ধ। নিমজ্জিত মগ্ন নিমগ্ন ডোবা।

২৯৯। উৎপাটন

বি. উৎপাটন উন্মূলন উচ্ছেদন নির্মূলন অপসারণ। মূলোৎপাটন মূলোচ্ছেদ সমুৎপাটন সমুৎসাদন। চালান পাচার।

ক্রি. উৎপাটন বা উন্মূলন করা। উপড়ানো। উপড়ে ফেলা। উপড়ে তোলা। তুলে ফেলা। তোলা। উখড়ানো। উপড়ানো। উঠানো। মোচড় দিয়ে টানা। শিকড় তোলা। পাক দিয়ে তোলা। নির্মূল করা। সমূলে উচ্ছেদ করা। মূলোচ্ছেদ করা। আগাছা মারা। নিশ্চিহ্ন করা। ঝাড়ে বংশে শেষ করা। বের করা। বাহির করা। চাপ দেওয়া। চেপে বের করা। দূর করা। অপনোদন অপসারণ বা নিবারণ করা।

বিণ. উৎপাটিত সমুৎপাটিত সমুৎসাদিত। নির্মূল নির্মূলিত উন্মূলিত নির্মূলীকৃত মূলোচ্ছাদিত উচ্ছিন্ন। উৎপাটক।

৩০০। পারাপার

বি. পারাপার। এপার-ওপার তরণ তর তার। জেব্রা ক্রসিং। যাতায়াত গমনাগমন চলাচল। প্রবেশ,বহির্গমন,-পথ। নল। নালা। মুখ। ছিদ্র। প্রবেশপথ।

ক্রি. পারাপার করা। পার হওয়া। এপার-ওপার করা। ওপর দিয়ে যাওয়া। চলাচল করা। মধ্য দিয়ে যাওয়া। মধ্যে ঢোকা বা প্রবেশ করা। উত্তরণ করা। পাঠানো। প্রেরণ করা। অতিক্রম করা (৩০১)।

৩০১। অতিক্রমণ

বি. অতিক্রমণ উৎক্রমণ। সীমাতিক্রম। উত্তরণ নিস্তরণ তিতীর্ষা। আক্রমণ হামলা। উৎপথ লঙ্ঘন উল্লঙ্ঘন উল্লম্ফন,উল্লম্ফ। অনধিকার প্রবেশ। উৎসারণ উৎসার। সন্তরণ সাঁতার। আরোহণ। অপতন অস্খলন অচ্যুতি বাহুল্য।

ক্রি. অতিক্রম করা। পার হওয়া। উত্তীর্ণ হওয়া। উতরানো। সাঁতরে পার হওয়া। সীমা বা মাত্রা ছাড়ানো। ডিঙানো। টপকানো। পগার পার হওয়া। উথলানো। উছলানো। ছাপানো। ছাপিয়ে যাওয়া। চলকানো। জল ভাঙা। জল ভেঙে যাওয়া। ছাড়িয়ে যাওয়া। উজানো। কাটানো। আক্রমণ করা। অনধিকাব প্রবেশ বা অনুপ্রবেশ করা। টেক্কা দেওয়া। বাড়াবাড়ি করা। লঙ্ঘন বা উল্লঙ্ঘন করা।

বিণ. অতিক্রান্ত অতিক্রমিত। উৎক্রান্ত উত্তরিত। উত্তীর্ণ বিতীর্ণ লঙ্ঘিত উল্লঙ্ঘিত। অতিক্রম্য অতিক্রমনীয় উল্লঙ্ঘনীয় লঙ্ঘনীয় লঙ্ঘনসাধ্য লঙ্ঘ্য লঙ্ঘনযোগ্য। তিতীর্ষু। পারগ পারংগম।

৩০২। অনতিক্রমণ

বি. অনতিক্রমণ অনতিক্রম। অলঙ্ঘন অনুল্লঙ্ঘন অনতিবর্তন। অপারগতা অসমর্থতা অক্ষমতা। অকরণ। অবহেলা গলদ ভুল ত্রুটি চ্যুতি পতন। অভাব ঘাটতি। অপূর্ণতা অসম্পূর্ণতা। অসম্পাদন অকৃতকার্যতা।

ক্রি. অতিক্রম না করা। অতিক্রম করতে না পারা। না ওঠা। উঠতে না পারা। অপারগ হওয়া। কম ঘাটতি বা অভাব পড়া। পড়া। ভাঙা। পতন ঘটা। কিছু করতে না পারা। ভেস্তে যাওয়া। পণ্ড হওয়া। নাগাল না পাওয়া। লক্ষ্যভেদ না করতে পারা। ফসকানো।

বিণ. অনতিক্রম্য। অনতিক্রান্ত। অনতিক্রমণীয়। অনুল্লঙ্ঘনীয় অনুল্লঙ্ঘ অলঙ্ঘ্য অলঙ্ঘনীয় অনিবর্তনীয়। অনতিক্রান্ত অলঙ্ঘিত অনুল্লঙ্ঘিত অক্রান্ত। অনিবর্তিত। অনুদ্‌গত অনুত্তির্ন। অপারগ অক্ষম অসমর্থ। শ্লথ। অমনোযোগী অবহেলাকারী।

৩০৩। আরোহণ

বি. আরোহণ রোহ রোহণ অধিরোহণ। ঊর্ধ্বারোহণ। চড়ন চড়া। উত্থান উত্থিতি অভ্যুত্থান সমুত্থান উন্নতি উন্নয়ন (৩০৫) অতিক্রমণ (৩০১)। লম্ফন। উড্ডয়ন। চড়তি চড়াই খাড়াই পাহাড়। আরোহিণী সিঁড়ি সোপান ধাপ মই লিফট এস্কেলেটর এলিভেটর। ক্রেন।

ক্রি. উপরে ওঠা বা চড়া। আরোহণ করা। চাপা। উন্নীত হওয়া। ওড়া। লাফানো।

বিণ. আরোহী আরোহণকারী রোহী অধিরোহী। আরূঢ় সমারূঢ় আস্থিত উদীয়মান উঠন্ত চড়তি বর্ধিষ্ণু বাড়ন্ত। আকাশচুম্বী ঊর্ধ্বমুখী। উড়তি উড্ডুক্ক।

ক্রি-বিণ. চড় চড় করে। চড়চড়িয়ে।

৩০৪। অবরোহণ

বি. অবরোহণ অবরোহ অবতরণ নামা। ওলন নতি আনতি ঢাল ঢল কাত ঝোঁক গড়ান উতরাই। প্রশমন হ্রাস। পতন পাত অধঃপতন আপাত আপতন নিপতন নিপাতন পড়ন চ্যুতি স্খলন ডিগবাজি। হিমানীসম্প্রপাত। ধস ধসন ভূপাত স্তরস্খলন। নিমজ্জন ডুবন অবনয়ন(৩০৬)।

ক্রি. নামা। অবতরণ করা। গড়ানো। খসা। ঝরা। পড়া। পতিত হওয়া। গোত্তা খাওয়া। থুবড়ানো। হুমড়ি খাওয়া। হোঁচট খাওয়া। আছাড় খাওয়া। হড়কানো। পিছলানো। ফসকানো। ডিগবাজি খাওয়া। তিড়িংবিড়িং করে নামা। কমা। থিতানো। তলানো। ডুবা। ডোবা।

বিণ. পড়ন্ত পতনোন্মুখ পতনশীল গড়ান ঢালু নিম্নমুখী আনম্য। ডুবা। নিচু। অবনত। স্খলিত। পতিত আপতিত নিপতিত ভূপাতিত। অবরোহী অবতরণকারী।

ক্রি-বিণ. হুড়মুড় করে। ধুপ করে। ধপাস্ করে।

৩০৫। উন্নমন

বি. উন্নমন উন্নয়ন। তোলন উত্তোলন। উন্নয়ন সমুন্নয়ন। উন্নতি উদ্গমন উত্থাপন। উদয়ন উদ্গতি উদ্গম উত্থান অভ্যুদয় সমুত্থান উর্ধ্বাস উর্ধ্বপাতন। পুরোদৃশ্য। বন্ধুরতা। উত্তলতা(২৪৯)। লিভার শাবল ক্রেন কপিকল চরকি লাটাই।

ক্রি. উঠানো। ওঠানো। চাড়া। উত্তোলন করা। টেনে তোলা। তোলা। তুলে ধরা। তোলানো। উঁচানো। উপরে উঠানো। পাঁজা করে তোলা।

বিণ. উন্নতি উন্নমিত উত্তোলিত তোলিত উত্থ সমুত্থ পাঁজাকোলা। উদিত। অভ্যুদিত উত্থিত। দণ্ডায়মান। উর্ধ্বগত। উদ্বর্ত। উর্ধ্বগামী উদ্গামী। উত্থাপিত। উত্তোলক উত্থাপক উন্নেতা।

৩০৬। অবনমন

বি. অবনমন অবনয়ন আনমন পাতন নিপাতন। অবতারণ। অবতলতা (২৫১)। স্খলন ভ্রংশ স্রংসন বিস্রংসন পতন নিপতন ধসন। অধো,-গতি,-গমন (৬৭০)। বিপর্যাস বিপর্যয় উৎক্রম অন্তর্ঘাত। নমন নতি। সন্নতি। উপবেশন। পদচুম্বন কদমবুসি। সাষ্টাঙ্গপ্রণাম। সেজদা। ধূলট। ভূলুন্ঠন। লোটন লুটোপুটি গড়াগড়ি। গোতা গোত্তা।

ক্রি. নামানো। নোয়ান। তলানো। পড়ানো। পতিত করা। পাড়া। চুপসানো। ধসকানো। ধস বা ভাঙা। বসা। বসে পড়া। থাবড়ি খেয়ে বসা। হেলান দেওয়া। পা ছড়ানো। হেঁট হওয়া বা করা। হাঁটু গাড়া বা ভাঙা। পা ছোঁয়া। পায়ের ধুলা নেওয়া। পায়ে পড়া। উপুড় হওয়া। সেজদা করা। নিচু হওয়া। নুয়ে পড়া। লোটা। খসানো। ঝরানো। গোত্তা খেয়ে পড়া। ফসকানো। পা পিছলানো। থুবড়ি খেয়ে পড়া। আছাড় খাওয়া। চ্যুত বিচ্যুত স্খলিত স্রস্ত।

বিণ. অবনমিত অধোনমিত নমিত আনত। লুণ্ঠিত ভূলুণ্ঠিত ভূপাতিত পাতিত ধরাশায়ী ভূমিসাৎ ধূলিসাৎ চিৎপাত চিৎপটাং। নত সন্নত হেঁট। উপুড়। উপবিষ্ট উপবেশিত। অনুভূমিক।

৩০৭। লম্ফন

বি. লম্ফন লম্ফ লাফ প্লব প্লবন প্লবগতি। প্লবনশক্তি। প্লবকেন্দ্র। উল্লম্ফন উল্লম্ফ উল্লম্ফণ লম্ফঝম্প লাফালাফি লাফ ফাল আস্ফালন তড়পানি। কূর্দন কোঁদন। নর্তন নৃত্য নাচ নাচন। লাস্য। ছাগলনাচ ঘোড়ার নাচ প্লুতগতি ফড়িংলাফ।

ক্রি. লাফ দেওয়া বা মারা। তিড়িংবিড়িং করা। তড়পানো। ফরকানো। আস্ফালন করা। খোঁড়ানো। নাচা। কোঁদা। নর্তনকূর্দন করা। ফরফরানো।

বিণ. লম্ফমান। উচ্ছল চঞ্চল। লাস্যময়ী।

ক্রি-বিণ. লাফে লাফে।

৩০৮। ঝম্ফন

বি. ঝম্ফন ঝম্প ঝাঁপ। লম্ফঝম্ফ। লাফ ফাল। ডুব ছোঁ। ডুবন ডুবি মজ্জন নিমজ্জন। গাহন অবগাহন। সন্তরণ সাঁতার। ডুবানি চুবানি নাকানিচুবানি। সলিলসমাধি। প্লাবন। বিসর্জন ভাসান। ডুবুরি। পানকৌড়ি।

ক্রি. ঝাঁপ ছোঁ বা ডুব মারা বা দেওয়া। জলে বা পানিতে নামা। নাকডুব দেওয়া। ডুবা। ডোবা। এক

ডুব দেওয়া। ডুবানো। চুবানো। স্নান অবগাহন বা গোসল করা। নাওয়া। চান করা। সাঁতার কাটা। বিসর্জন বা ভাসান দেওয়া।
বিণ. ডুবা মগ্ন নিমগ্ন নিমজ্জিত। প্লুত আপ্লুত প্লাবিত। ডুবুডুবু হাবুডুবু।

৩০৯। সংবহন

বি. সংবহন বিবৃত্তি প্রদক্ষিণ পরিবেষ্টন। পর্যটন। ভূপ্রদক্ষিণ। চক্র চক্কর চরকি ঘূর্ণন ঘুবণ ঘূর্ণি। ঘেরাও। কম্পাস। সার্কিট। কুণ্ডলী পাক পেঁচ। প্যাঁচ। মোচা।
ক্রি. চক্রাকারে বা বৃত্তাকারে ঘোরা। প্রদক্ষিণ করা। তোয়াফ করা। চক্কর দেওয়া। চরকি ঘোরা। ঘেরা। গোল করে ঘুরা বা ঘেরা। ঘোরানো। পাকানো। প্যাঁচানো। মোচড়ানো। গোলানো। ঘুলানো। ঘোঁটা। ফেটানো। ফেনানো। গুটানো। আওটানো। পাক খাওয়া। কুণ্ডলী পাকানো। ঝাঁটানো।
বিণ. চক্রাকারে ঘোরালো পেঁচাল। ঘূর্ণাবর্ত। জটিল কুটিল।

৩১০। আবর্তন

বি. আবর্তন আঘূর্ণন ঘূর্ণন ঘূর্ণ ঘুরন ঘূর্ণী। ঘুর পাক মোচড় ঘুবপাক। ভ্রমি আবর্ত সংবর্ত বিবর্ত বিবর্তন বিবৃত্তি। অক্ষ ঘূর্ণনরেখা। অবঘূর্ণন। ঘূর্ণি,-বায়ু, -জল,-স্রোত,-পাক। সাইক্লোন। শিরোঘূর্ণন। লাটাই লাট্টু। খটকনৃত্য।
ক্রি. আবর্তন করা। ঘোরা। বোঁ-বোঁ বা সোঁ-সোঁ বা বাঁইবাঁই করে ঘোরা। চরকি ঘোরা। পাক খাওয়া। গড়াগড়ি দেওয়া। গড়ানো।
বিণ. আবর্তিত। আবর্তমান। ঘূর্ণমান ঘূর্ণায়মান ঘূর্ণিত বিঘূর্ণিত। বিবৃত্ত। দক্ষিণাবর্ত বামাবর্ত।

৩১১। বিবর্তন

বি. বিবর্তন ক্রমবিবর্তন। অবঘাতন। অন্তর্বিস্তার অন্তর্বিকাশ। অন্তরাবর্তন। অপাবরণ উন্মোচন উদ্‌ঘাটন। বিকাশন প্রকাশন প্রস্ফুটন। ধারাবিকাশ। অভিব্যক্তি ক্রম,-বিকাশ,-প্রকাশ,-পরিবর্তন। ক্রমোন্নতি। বিবর্তনবাদ অভিব্যক্তিবাদ। ধারাবাহিকতা।
ক্রি. ক্রমবিকাশ হওয়া বা ঘটা। প্রকাশ পাওয়া। খোলা। দল মেলা। পাপড়ি মেলা। পাক পেঁচ গিঁট বা জট খোলা।
বিণ. বিবর্তিত। অভিব্যক্তিমূলক বিবর্তনমূলক। অবঘাতী।

৩১২। দোলন

বি. দোলন আন্দোলন হিন্দোল হিলোরা হিল্লোল। টলন নড়ন বিচলন। সংক্ষোভ কম্পন কম্প কাঁপ কাঁপন কাঁপুনি স্ফুরণ প্রস্ফুরণ। প্রকম্পন উৎকম্পন বিস্ফুরণ বিস্ফারণ। স্পন্দন আস্পন্দন ধূনন বিধূনন। নাড়ী নাড়ীঘাত ধমনীঘাত। একান্তরতা। আসাযাওয়া। ঘোরাফেরা। টানাপড়েন। প্রবাহ। প্রতিপ্রবাহ। জোয়ারভাটা। প্রসারণসংকোচন। উত্থানপতন। হ্রাসবৃদ্ধি। ইহকালপরকাল। ইতস্ততা দোটানা অব্যবস্থিতচিত্ততা। চঞ্চলতা চাঞ্চল্য চটুলতা। দোলনা দোলা। পেন্ডুলাম। করাত। স্পন্দক দোলক অসিলেটর। দোলনলেখযন্ত্র অসিলোগ্রাফ। দোলনদর্শীযন্ত্র অসিলোস্কোপ। আন্দোলন (৩১৩)।
ক্রি. দোলা। নড়া। কাঁপা। আন্দোলিত কম্পিত বা স্পন্দিত হওয়া। কমা বাড়া। হ্রাসবৃদ্ধি পাওয়া। ওঠা-নামা করা। উত্থান-পতন ঘটা। হাঁ-না বা ইতস্তত করা। লট্‌পট্ বা পত্‌পত্ করা।

বিণ. দোলায়িত দোলিত হিন্দোলিত হিল্লোলিত উল্লোলিত উল্লোল উল্লাল লোলায়মান। স্পন্দনশীল স্পন্দনময়। কম্পান্বিত আকম্প্র কম্প্র কম্পমান। বেপমান বেপথুমান বিধূত বিধূনিত। আন্দোলিত। কম্পিত স্পন্দিত। তরঙ্গায়িত ঢেউখেলা আঁকাবাঁকা। লটপটে।

ক্রি–বিণ. এদিক–ওদিক। উপরনীচে। আগেপিছে। আশেপাশে।

৩১৩। আন্দোলন

বি. আন্দোলন আলোড়ন বিলোড়ন আবর্তন মন্থন ঘোঁটন ঘাঁটন। সঞ্চালন। সঞ্চারণ। ঝাঁকুনি ধাক্কা। শিহরণ শিরশিরানি বেপথু বেপন কম্পন কাঁপুনি সংক্ষোভ বিধূনন। থরথরানি থিরথিরানি ঝিরঝিরানি। নর্তনকূর্দন। লম্ফঝম্ফ লাফালাফি হুটোপাটি লুটোপুটি হুড়োহুড়ি মাতামাতি। ঝটফটানি ঝাপটানি পতপতানি। খিঁচুনি আক্ষেপ খিল তড়কা। ধড়ফড়ানি ধকধকানি ধুকপুকানি উত্তেজনা। টগবগানি। উদ্বিগ্নতা। গোলযোগ গোলমাল গণ্ডগোল টালমাটাল হট্টগোল হৈ–চৈ। খুনখারাবি তুলকালাম। বিক্ষোভ বিপ্লব। বিশৃঙ্খলা। অস্থিরতা। অস্থিতি। পরিবর্তন গাঁজন মাতন বুদ্বুদ ফেনা। উচ্ছলন বলক। আবর্ত (৩১০)। ঝড় তুফান (৩৯৫)। ভূমিকম্প।

ক্রি. আন্দোলিত আলোড়িত বা আবর্তিত হওয়া। পতপত করা। লকলক করা। নাচা। কুঁদা। উলটপালট হওয়া। গড়াগড়ি খাওয়া বা দেওয়া। লুটোপুটি হুটোপাটি বা হুড়োহুড়ি করা। মাতা। মাতামাতি করা। ধুকপুক করা। ধড়ফড় করা। ছটপট করা। লটপট করা। থরথর করা। শিরশির করা। ঝিরঝির করা। ভাঙাচুরা। গাঁজানো। মাতানো। গুলানো। ঘোঁটানো। ধাক্কা বা ঝাঁকুনি দেওয়া। গণ্ডগোল লাগা। ঘোঁট পাকা। জল ঘোলা করা। গাবানো। ফেটানো। ফেনানো। ঝাঁকানো। নাড়ানো। ফোটা। টগবগ করে ফোটা। উথলানো। উথলে ওঠা।

বিণ. আন্দোলিত আলোড়িত। বিচলিত। সঞ্চালিত। লকলকে। লোলায়মান। কম্পমান কম্পিত। বিধূত। বিধূনিত। বেপমান। বেপথুমান। কম্পনীয় স্পন্দ্য স্পন্দনীয়। থরথর থরহরি। প্রক্ষিপ্ত অস্থির। সংক্ষুব্ধ। বিক্ষুব্ধ অশান্ত (৮২৫)। উত্তাল উদ্বেল। উদ্বেলিত উচ্ছলিত উচ্ছল উছল উথল উতল উথলিত। ফুটন্ত। টগবগে ঝটপটে। থিরথির থরথরে। লটপটে। টলায়মান।

তৃতীয় শ্রেণী

পদার্থ বিজ্ঞান

৩১৪। পদার্থবিজ্ঞান

বি. পদার্থ,-বিজ্ঞান,-বিদ্যা। ফিজিকস্। বস্তুতত্ত্ব ভৌতবিদ্যা। প্রকৃতি,প্রাকৃতিক,-বিজ্ঞান,-দর্শন। ফলিত পদার্থবিজ্ঞান। বায়ু,নভো,ভূ, -পদার্থবিজ্ঞান। বিদ্যুৎ,বিকিরণ,-পদার্থবিজ্ঞান। গাণিতিক পদার্থবিজ্ঞান। মৌলিক,কণিকা, -পদার্থবিজ্ঞান। আণবিক,পারমাণবিক, -পদার্থবিজ্ঞান। কেন্দ্রনির্ভর, নিউক্লিয়, -পদার্থবিজ্ঞান। সৌর পদার্থবিজ্ঞান। মৌল,ভূত,জড়,-রসায়ন। পরমাণুতত্ত্ব (৩১৫)। বিদ্যুৎ (৩৩৩)। তাপ (৩১৭)। আলো (৩২৫)। শব্দ (৪৪৩)। চুম্বকত্ব (৩৭৬)। বলবিদ্যা (৩৩৮)। পদার্থবিজ্ঞানী ফিজিসিস্ট।

বিণ. পদার্থবিজ্ঞান,-সম্বন্ধীয়,-সংক্রান্ত। ভৌত। বস্তুগত।

৩১৫। পরমাণুতত্ত্ব

বি. পরমাণু,-তত্ত্ব,-বিজ্ঞান,-বিদ্যা,-পদার্থবিজ্ঞান। নিউক্লিয়,-পদার্থবিদ্যা,-বলবিদ্যা। পরমাণুবলবিদ্যা। তরঙ্গবলবিদ্যা। আণবিক পদার্থবিদ্যা। তেজস্ক্রিয়তা। রেডিওলজি। কোয়ান্টাম-তত্ত্ব। বোর,রাদারফোর্ড,শ্রোডিংগার, লুইসল্যাংমুর,-তত্ত্ব। ভরের নিত্যতাসূত্র। স্থিরাণুপাত সূত্র। গুণানুপাত সূত্র বিপরীত অনুপাতসূত্র। অনুরূপতাতত্ত্ব। পরমাণুবাদ। পরমাণু,-বিদ,-বিজ্ঞানী। নিউক্লিয় পদার্থবিদ। রশ্মিবিকিরণ-বিজ্ঞানী রেডিওলজিস্ট। পরমাণু। কারবন-পরমাণু। হাইড্রোজেন-পরমাণু। মূলক। সাধারণ,জটিল,অনুসন্ধানী,-মূলক। অনুসন্ধানী পরমাণু। গুচ্ছপরমাণু। পরমাণুমডেল। নিউক্লিয় -পরমাণু। আইসোটোপ। হাইড্রোজেনের আইসোটোপ। প্রোটিয়াম। ডিউটেরিয়াম। ভারি হাইড্রোজেন। ডিউটেরাইড। ডিউটেরিয়াম অক্সাইড। ভারি,-পানি,-জল। ট্রিটিয়াম। ট্রিটিয়াম অক্সাইড। আইসোটোন। আইসোটোপ। কৃত্রিম আইসোটোপ। রেডিও আইসোটোপ।

পারমাণবিক নিউক্লিয়াস। নিউক্লিয় কণিকা। মূল কণিকা। অবপরমাণু। অবপারমাণবিক কণিকা। নিউক্লিওন নিউট্রন প্রোটন। ডিউট্রন। ট্রিট্রন। নিউক্লিয় আইসোমার। ইলেকট্রন। কক্ষ্য -ইলেকট্রন যোজন-ইলেকট্রন। পারমাণবিক, -গুচ্ছ,-শৃঙ্খল,-চক্র।

নিউক্লিয়,ফিশন,-সমবিভাজন। সমবিভাজন বিক্রিয়া। পারমাণবিক,-ভাঙন,-ক্ষয়।

পরমাণুবিভক্তিকরণ। পারমাণবিক বিক্রিয়া। শৃঙ্খলবিক্রিয়া। নিউক্লিয়,-ফিউশন,-বিগলন। বিগলন বিক্রিয়া। তাপনিউক্লিয়,-বিগলন, -বিক্রিয়া। ভঙ্গণক্ষম পরমাণু। নিউক্লিয় জ্বালানি। পারমাণবিক ত্বরক। পরমাণুধ্বংসক। রিয়্যাক্টর প্রতিক্রিয়ক। নিউক্লিয়-রিয়্যাক্টর। পারমাণবিক, নিউক্লিয়,-চুল্লি। পারমাণবিক পাইল। পারমাণবিক শক্তি। পারমাণবিক ইঞ্জিন। পারমাণবিক শক্তি কমিশন। পারমাণবিক বিস্ফোরণ। হাইড্রোজেন -বিস্ফোরণ। পারমাণবিক,অ্যাটম,-বোম। হাইড্রোজেন বোম। তেজস্ক্রিয় মেঘ। পারমাণবিক বর্জ্য।

বিণ. পারমাণবিক। নিউক্লিয়। তেজস্ক্রিয়।

৩১৬। বিকিরণ

বি. বিকিরণ রেডিয়েশন। বিকিরণশক্তি। তেজস্ক্রিয়তা। তেজস্ক্রিয়-বিকিরণ। পারমাণবিক,-নিউক্লিয়,-বিকিরণ। প্রাকৃতিক,কৃত্রিম,-তেজস্ক্রিয়তা। আপেক্ষিক গুরুত্ব। বিকিরণ,-স্বচ্ছতা,-ঈষদচ্ছতা,-পরপ্রভা। তেজস্ক্রিয় সংক্রমণ। পারমাণবিক বিক্রিয়া। রেডিওরশ্মি। নিউক্লিয়রশ্মি। আলফা,বিটা,গামা, -রশ্মি,-বিকিরণ। এক্সরে। রন্টজেনরশ্মি রঞ্জনরশ্মি। ক্যাথোড,অ্যানোড,-রশ্মি। মহাজাগতিকরশ্মি কসমিক রে। তেজস্ক্রিয়কণিকা। গাইগার। আলফা,বিটা, গামা,-কণিকা। ভারি কণিকা। মেজন মেজোট্রোন। কসমিককণিকা। সৌরকণিকা। রেডিয়েটার বিকিরক। আলফা, বিটা,গামা, -রেডিয়েটর। রেডিয়াম,-পেন্ট,-রং ফ্লুরোসেন্ট পেন্ট। প্রতিপ্রভ রং। রেডিও-আইসোটোপ। ট্রেসার রেডিওস্কোপ। রেডিওলজি। রশ্মিবিকিরণ -চিকিৎসাবিদ্যা। বিকিরণ,-পদার্থবিদ্যা,-রসায়ন। বিকিরণবিদ্যা।

বিণ. বিকীর্ণ তেজস্ক্রিয় রেডিওঅ্যাকটিভ। বিকিরণী বিকিরণক। স্বপ্রভ। প্রতিপ্রভ।

৩১৭। তাপ

বি. তাপ উত্তাপ তাত গরমি সন্তাপ। উষ্ণ,-তা,-ত্ব ঔষ্ণ্য। উষ্ম,-া,-তা। ঔষ্ম্য। দহন (৩২০)। জ্বর। আঁচ ঝাঁজ আভা। জ্বালা। ঝলকা হলকা। অগ্নিপ্রভা। ভাপ দম ধোঁয়া। ছেঁকা সেঁক। ফোমেন্ট। গ্রীষ্ম,গরম,-কাল। নিদাঘ খরা। গুমট। সূর্য জ্যোতিষ্ক (৩২৮)। রৌদ্র রোদ রোদ্দুর ধুপ। কাঠফাটা, ঠাটপড়া, চড়া,-ঝাঁঝাঁ,-রোদ। আগুন অগ্নি (৩১৯)। শিখা। তাপন তাতন। তাপজনন তাপপ্রয়োগ। জ্বালা মারণ গলন তরলীকরণ। ফোটানো সিদ্ধকরণ ভাপানো। স্ফুটনাঙ্ক। চুল্লি। কম্বল লেপ চাদর। পশম লোম। আস্তরণ আচ্ছাদন (২২২)। অঙ্গার ছাই। উষ্ণপ্রস্রবণ গিসার। সৌরতাপ। রৌদ্রতাপ। রৌদ্র,সূর্য,-স্নান।

তাপ,-মান,-মাত্রা। তাপমিতি। তাপমানযন্ত্র থার্মোমিটার। সেন্টিগ্রেড সেলসিয়াস ফারেনহাইট। কেলভিন রোমার। থার্মোফ্লাস্ক। থার্মোস্ট্যাট। ইস্তিরি। হিটার। তাপস্থাপক তাপবিক্ষণী তাপগতিবিদ্যা থার্মোডিনামিকস। তাপরক্ষী।

ক্রি. তপ্ত গরম উত্তপ্ত বা আগুন হওয়া। জ্বলা। ভাপা। ফুটা। ঝাঁঝাঁ করা। তাতা। তেতে ওঠা। রোদ ওঠা হওয়া চড়া বা বাড়া। রোদে পোড়া বা ভাজা হওয়া। রোদ পোহানো। গরম করা। তাপানো। তাতানো। উমানো। তাওয়ানো। গরমানো। সেঁকা। সেঁক দেওয়া। ভাপানো। ফুটানো। জ্বাল দেওয়া। সাঁতলানো। সেঝা। ঝলসানো। ভাজা। গলানো। তরল করা। রাঁধা। রন্ধন বা পাক করা। সেদ্ধ করা।

বিণ. তাপিত তপ্ত উত্তপ্ত অভিতপ্ত অত্যুষ্ণ সন্তপ্ত। আতপ্ত উত্তাপিত। উমানো তাতল। গরম উষ্ণ গ্রীষ্ম। ঈষদুষ্ণ কবোষ্ণ কদুষ্ণ মন্দোষ্ণ কুসুম -কুসুম। ধারোষ্ণ। নাতিশীতোষ্ণ। অগ্নি,-তপ্ত, -তুল্য,-কল্প। গনগনে দগদগে তেজাল লেলিহান লকলকে। দগ্ধ ঝাঁঝালো তীব্র। শ্বাসরোধকারী গুমসা। ভাপসা। পচাগরম জ্বরিত। জ্বলন্ত। ফুটন্ত। ঝলসিত ঝলসান। আর্ক সৌর। জ্বালাকর। তাপনীয়। তাপক। তাপীয়। তাপসহ তাপনম্য। গ্রীষ্মপ্রধান। খরাপীড়িত।

৩১৮। শৈত্য

বি. শৈত্য শীতলতা শীত হিম কাল জাড়। শীতীভাব। শীতকাল। শীতাগম। শৈত্যপ্রবাহ কোল্ডওয়েভ। উত্তুরে হাওয়া। শৈত্যাধিক্য শীতাধিক্য। হিম,-পাত,-ঝড়,-ঝঞ্ঝা।

তুষার,-পাত,-বর্ষণ,-ঝড়,-ঘাত বরফপড়া স্নোফল তুহিনবর্ষ। বরফ তুহিন তুষার স্নো। নীহার হিমানী করকা বর্ষোপল গণ্ডোপল ঘনোপল শিলা শিল। শিলাবৃষ্টি করকাপাত। হিমশৈল আইসবার্গ। হিম,তুষার,-গিরি। হিমাদ্রি তুষারাদ্রি তুহিনাদ্রি তুহিনাচল। হিমপর্বত। হিমালয়। হিমবাহ গ্লেসিয়ার হিমানীসম্প্রপাত। হিম,তুষার,তুহিন, -রেখা। হিম,-মণ্ডল,-বৃত্ত। মেরুঅঞ্চল। চির, -তুষার,-নীহার। চিরতুষার রেখা। তুষারযুগ।

ক্রি. শীত করা ধরা পাওয়া বা লাগা। ঠাণ্ডা লাগা। শীতে কাঁপা বা কাঁটা দেওয়া। হি হি করা। ঠাণ্ডায় জমে যাওয়া। হাত পা জমে যাওয়া। হাত পা অবশ হয়ে যাওয়া। ছ্যাঁৎ করা। শীত বা ঠাণ্ডা পড়া। শীতল বা ঠাণ্ডা করা (৩২১)।

বিণ. শীত শীতল সুশীতল ঠান্ডা অনুষ্ণ হিম হিমশীতল হৈম হিমেল তুহিন বরফঠাণ্ডা। বরফঢাকা। তুষারাবৃত তুষারাচ্ছাদিত হিমাচ্ছন্ন। কনকনে। হাড়কাঁপানো। শীতকাতুরে শীতার্ত শীতালু। শীতপ্রধান। তুষারধবল (৩৫৬)। শীতাতপনিয়ন্ত্রিত (৩২১)।

৩১৯। অগ্নি

বি. অগ্নি আগুন অনল আতশ আগ পাবক হুতাশন বহ্নি পিঙ্গল বৈশ্বানর বীতহোত্র ধনঞ্জয় কৃষ্ণবর্ত্মা কৃশানু বৃহদ্ভানু চিত্রভানু রোহিতাশ্ব বায়ুসখা শিখিন শিখাবৎ শুষ্মন কৃপীটযোনী শুচি শুষ্ম সর্বশুদ্ধি পুরজ্যোতি: ধূম,-কেতন,-ধ্বজ। ঘৃতকেশ তেজোনিধি অনিলসখা কৃষ্ণার্চি স্বর্ণদীধিতি। হুতভুক হব্য,-ভুক,-বাহন হবির্ভুক হব্যাশ হব্যাশন ঈষির। সপ্তাংশু সপ্তজিহ্ব সপ্তার্চিস। তমোনুদ সুশিখ। দমুনস। ছাগবাহন। শিখা অর্চি ফুলকি ফিনকি শিষ। অগ্নি,-শিখা,-কণা। আঁচ। তেজ। বহ্নিজ্বালা। স্ফুলিঙ্গ অগ্নিস্ফুলিঙ্গ স্পার্ক। জ্বলন দহন (৩২০)। জ্বালানি (৩২৩)। অগ্নি, -কুণ্ড,-স্থান,-পাত্র। পুট, -কুণ্ড,-গর্ত। অগ্ন্যাধার মালসা। ধুনি কুণ্ড যজ্ঞকুণ্ড। দাবাগ্নি দাবানল বনাগ্নি অবণ্যবহ্নি। অগ্ন্যুৎসব বাজি আতশবাজি।

চুল্লি চুলা উনান উখা আখা স্টোভ কুকার। আভেন তন্দুর বয়লার ফারনেস ভাঁটি। হিটার বার্নার। ফায়ারপ্লেস। কন্দু। কাঠখোলা। চকমকি ম্যাচ দিয়াশলাই। অরণি,-প্রস্তর। অগ্নি,-প্রস্তর, -কারক। জ্বলনাশ্ম। আলো। ধূম। ধূমপথ চিমনি। হাপর ভস্ত্রা। তাওয়া চাটু। আগ্নেয়গিরি। কাঠের,কয়লার, কাঠকয়লার,-আগুন। তুষানল। তৃণাগ্নি কটাগ্নি।

বাড়বাগ্নি বাড়বানল বড়বাগ্নি বড়বানল বাড়ব বড়বামুখ সমুদ্রাগ্নি। ইরম্মদ ঔর্ব ঔর্বাগ্নি ঔর্বানল অব্দ্ধ্যগ্নি আবিন্ধন। বজ্রাগ্নি বজ্রানল বজ্রজ্বালা। গার্হপত্য অগ্নি। গৃহাগ্নি। শ্রৌত অগ্নি। অগ্নিকলা।

ক্রি. আগুন ধরা বা লাগা। আগুন জ্বালা। অগ্নিসংযোগ করা। আগুন দেওয়া। আগুন লাগানো। দাউদাউ করে জ্বলা। গনগন করে জ্বলা। শিখা ওঠা। জ্বালা। পোড়ানো। জ্বালানো। প্রজ্বলিত করা। আগুন ধরানো। দহা। আগুন হওয়া।

বিণ. আগ্নেয় আতশী। গনগন দগদগে তেজালো লেলিহান লকলকে টকটকে। মৃদু নিবুনিবু। জ্বলন্ত জ্বলৎ।

৩২০। দহন

বি. দহন দাহন দাহ। জ্বলন প্রজ্বলন জ্বালন প্রজ্বালন। জ্বলনাঙ্ক। পোড়ন প্রদাহ। অগ্নিসংযোগ। দীপন উদ্দীপন প্রদীপন সন্দীপন। প্রদাহন। অগ্নি,-দহন,-দাহ। বহ্নিজ্বালা। দহন,অগ্নি,-পাত্র। অগ্নিকুণ্ড। চুল্লি (৩১৯)। দাহ্যতা সহজদাহ্যতা দাহিকাশক্তি। দহন, -যোগ্যতা,-ক্ষমতা। অগ্নিতে ঘৃতাহুতি। অগ্নি,লঙ্কা,-কাণ্ড। গৃহদাহ। দাহ্যবস্তু। জ্বালানি (৩২৩)। ছাই ভস্ম খাক পাঁশ ছার। ভস্মাবশেষ ভস্মস্তূপ। ভস্মাধার ছাইদানি অ্যাসট্রে। জ্বলন্ত অঙ্গার। অলাত আলাত। অলাতচক্র।

ক্রি. দহা। পোড়া। জ্বালা। দহন করা। দগ্ধ করা। অগ্নিসংযোগ করা। আগুন ধবানো বা জ্বালানো। জ্বালানো। পোড়ানো। ধরানো। ধরে যাওয়া। জ্বালিয়ে বা পুড়িয়ে দেওয়া। আগুন ধরা বা লাগা। দপ করে জ্বলে ওঠা। উসকানো। খোঁচানো। হওয়া বা ফুঁ দেওয়া। ইন্ধন যোগানো।

বিণ. দাহিত দগ্ধ পোড়া অগ্নিদগ্ধ। ভস্মীভূত ভস্মসাৎ। দগ্ধী,-ভূত,-কৃত। জ্বলন্ত প্রজ্বলিত জ্বলৎ জ্বলনশীল। দহ্য,বহ্নি,অগ্নি,-মান। অনির্বাণ অনির্বাপিত। জ্বলিত প্রজ্বলিত অগ্নিসংযোজিত সন্দীপিত সন্দীপ্ত উদ্দীপিত উদ্দীপ্ত সমিদ্ধ। আধপোড়া অর্ধদগ্ধ। দাহ্য দহনীয় দহনযোগ্য সহজদাহ্য। দাহক দাহী দহনকারী অগ্নিদ। দহনেচ্ছু দিধক্ষু। জ্বালক প্রজ্বালক।

ক্রি-বিণ. দাউদাউ। দপদপ। ধিকিধিকি।

৩২১। শীতন

বি. শীতন শীতলীকরণ শীতলীভবন হিমায়ন হিমক্রিয়া রেফ্রিজারেশন। অতিহিমায়ন ক্রায়োজিনিকস। হিমাঙ্ক। শীতক রেফ্রিজারেটর। শীতল,হিমায়ন,-যন্ত্র। বরফবাক্স আইসবক্স বরফথলি। আইসব্যাগ। হিমাগার হিমঘর কোল্ডস্টোরেজ। ফ্রিজ। কুলার। এয়ারকন্ডিশনার। ওয়াটারকুলার। বরফকল। আইসক্রিম কুলপিবরফ। অগ্নিনির্বাপণ। দমকল,-বাহিনী।

ক্রি. শীতল বা ঠাণ্ডা করা। কালানো। জুড়ানো। জমানো। বরফ জমানো। বাতাস করা। আগুন নেভানো বা চাপা দেওয়া।

বিণ. শীতাতপনিয়ন্ত্রিত এয়ারকন্ডিশন্ড বাতানুকূল। অগ্নিসহ ফায়ারপ্রুফ।

৩২২। রন্ধন

বি. রন্ধন রাঁধন রান্নাবান্না পাক। পাক,-কর্ম, -কার্য,-শাক। পক্তি অধিশ্রয়ণ রসুই। জ্বাল। সন্তোলন। ভর্জন। রন্ধন,-গৃহ,-শালা। রান্নাঘর হেঁশেল পাক,-ঘর,-শালা,-স্থান। বাবুর্চিখানা। রসুই,-ঘর,-শালা। কিচেন। প্যান্ট্রি। রন্ধন,পাক, -পাত্র। পাকস্থলী। হাঁড়ি,-পাতিল,-কুড়ি (১৮৯)। কুকার ইকমিক,প্রেশার,-কুকার। আখা উনান। স্টোভ। আভেন। তন্দুর। চুলা চুল্লি (৩১৯)। ঝিক। হাতা খুন্তি খোন্তা চালুনি ছাঁকনি। চামচ ঝিনুক। দরশুনি করচুল। বাউলি বেড়ি সাঁড়াশি। রন্ধন,-বিদ্যা,-কৌশল। মশলা বেশর। ফোড়ন

সম্বর সম্বরা পাঁচফোড়ন: মৌরি মেথি কালোজিরে যোয়ান রাঁধুনি। গরম মশলা: দারুচিনি লবঙ্গ ছোট -এলাচ। এলাচ। ছোট,-বড়,-এলাচ। এলালতা। হলুদ। সরিষা। রাই। শ্বেত,কালো, -সরিষা সরষে। গোলমরিচ পিপুল। তেজপাতা। জাফরান কেশর। তিল। তিসি। মসিনা। ধনে। লঙ্কা মরিচ। লবঙ্গ লং। দারুচিনি। কাবাবচিনি। জিরা। সাদা,কালো,-জিরা। পোস্ত পোস্তদানা। জয়ত্রী জায়ফল জাতি জাতিফল। আদা আদ্রক। শুঁঠ। আম,-আদা,-হলদি। রন্ধন,-কর্তা,-কারী। রাঁধুনি। পাচক রসুইকর বাবুর্চি খানসামা ঠাকুর। বামুন,-ঠাকুর,-দিদি।

ক্রি. রন্ধন রান্না রাঁধাবাড়া বা রান্নাবান্না করা। পাকানো। হাঁড়ি ঠেলা। জ্বাল দেওয়া। সেদ্ধ করা। ফোটানো। সেঝা সিজা সিজানো বা সেজানো। ভাপানো। সেঁকা। ফোটানো। পোড়ানো। আধপোড়া করা। পানি বা জল মারা। শুকানো। সাঁতলানো। কষা। চানকান করা। ভাজা। ভুনা বা ভুনি করা। ছেঁকা বা সেঁকা। ধরে যাওয়া। লেগে যাওয়া। পুড়ে যাওয়া। তেলে বা ঘিয়ে ভাজা। ফোড়ন দেওয়া। কুটনো কাটা। তরকারি কাটা। কোটা। বাটনা বাটা। মশলাবাটা।

বিণ. পাকযোগ্য পাকার্হ পচ্য। পক্ব পাচিত রন্ধিত। সেদ্ধ। দগ্ধ পোড়া। অগ্নিপক্ব। ভর্জিত। ঘৃত,তৈল,-পক্ব। রোস্টেড। শূল্য শূলপক্ব। কাবাব অঙ্গারপক্ব। অপক্ব অসিদ্ধ অর্ধ,আধা,-সিদ্ধ। কাঁচা।

৩২৩। জ্বালানি

বি. জ্বালানি ইন্ধন ফুয়েল। জীবাশ্মজ্বালানি। ফসিলফুয়েল। দাহ্যবস্তু। কয়লা কাঠ,পাথুরে, -কয়লা। কোক। অঙ্গার আংরা অলাত। অলাতচক্র। খনিজতেল। স্পিরিট। পেট্রোল প্যারাফিন। কেরোসিন। ডিজেল। গ্যাস। প্রাকৃতিক গ্যাস। কাঠ লাকড়িখড়ি পাকাটি পাটকাঠি। পাতা। ঘুঁটে চাপড়া ঘোঁসি। গুল। টিকা টিকে। তুষ ছোবড়া। নিউক্লিয় ফুয়েল। ইউরেনিয়াম প্লুটোনিয়াম। তৈল তেল। সরষের,রেড়ির,তিলের,-তেল। দেশলাই দিয়াশলাই ম্যাচেস ম্যাচ। চকমকি। অরণি। বিস্ফোরক-পদার্থ। বৈদ্যুতিক-বিস্ফোরক। ফিউজ।

ক্রি. আগুন করা। আগুন ধরানো। কাঠে বা খড়ে আগুন দেওয়া। ইন্ধন যোগানো। উসকানো। খোঁচানো। হাওয়া বা ফুঁ দেওয়া।

বিণ. জ্বালানি। দাহ্য দহনীয় দহনযোগ্য। সহজদাহ্য। জ্বলন্ত প্রজ্বলিত জ্বলৎ জ্বলনশীল।

৩২৪। অদহনীয়তা

বি. অদহনীয়তা অদাহ্যতা নির্দহন। নির্বাণ। অ্যাসবেস্টাস। নির্বাপন। অগ্নি,-দমন,-নির্বাপন। দমকল,অগ্নিনির্বাপক,-বাহিনী ফায়ারব্রিগেড। অগ্নিনির্বাপকযন্ত্র ফায়ার-এক্সটিংগুইসার।

ক্রি. না জ্বলা। নেভা। নিভে যাওয়া। নিভিয়ে দেওয়া। আগুন নেভানো। পানি বা জল ঢালা। চাপা দেওয়া। অগ্নি দমন করা।

বিণ. অদহনীয় অদহনযোগ্য। অগ্নিনিরোধক। অগ্নিসহ ফায়ারপ্রুফ। নির্বাপক। নির্বাপিত। নিভন্ত। নির্বাপিতপ্রায় নিবুনিবু। বহ্নিহীন।

৩২৫। আলো

বি. আলোক আলো আলা নুর লাইট। আলোর উৎস (৩২৮)। রশ্মি কর কিরণ অরুণ অংশু ময়ূখ মরীচি দীধিতি ছটা চন্দ্রিম ধৃষ্ণি। জ্যোতি দ্যুতি

দীপ্তি প্রদীপ্তি। ভা ভান। প্রভা আভা বিভা। ভাস উদ্ভাস আভাস সুভাস বিভাস। ভাতি বিদ্যোত প্রদ্যোত। নুরানি রৌশন রোশনি। অগ্নিপ্রভা। তেজ। উদ্ভাসন সমুদ্ভাসন প্রদীপন উজ্জ্বলন উজ্জ্বলীকরণ। ঔজ্জ্বল্য উজ্জ্বলতা উদ্দীপ্তি জেল্লা জৌলুস চমক চাকচিক্য চকমকানি ঝলমলানি ঝিলকানি ঝলকানি ঝলক খোলতাই। ঝিলিক ফিনিক ঝিকিমিকি ঝিলিমিলি চিকমিকানি চকমক ঝিকমিক ঝিকঝিক চিকমিক। অরণি চকমকি।

আলোক,-ধারা,-চ্ছটা,-রশ্মি। অংশু,-কিরণ, -ময়ূখ,-মালা। স্ফুলিঙ্গ ফুলকি ফিনকি। শিখা শিষ মশাল। উল্কা। ধূমকেতু। বিদ্যুত (৩৩৩)। সৌরকর। সূর্যালোক চন্দ্রালোক নক্ষত্রালোক বিদ্যুতালোক। রবি,-চ্ছবি,-রশ্মি,-কর। বিদ্যুৎ, -প্রভা,-চমক,-ঝলক। বজ্রালোক। আলেয়া। আলেয়ার আলো। উষালোক। সন্ধ্যালোক প্রদোষালোক গোধূলিপ্রভা। আলোআঁধারি (৩২৭)। ছায়াছবি। স্ফুটতা স্বচ্ছতা স্পষ্টতা পবিস্ফুটতা সুস্পষ্টতা। জ্যোৎস্না কৌমুদী চন্দ্র, -কর,-কিরণ,-সুধা শশিকর চাঁদনি। পূর্ণিমা। শুক্লপক্ষ। আলোক,-পাত,-সম্পাত,-নির্দেশ। কিরণ,-পাত,-সম্পাত। রশ্মিপাত। আলোকসংকেত। আলোকস্তম্ভ বাতিঘর লাইটহাউস। আলোকসজ্জা আলোবাহার রোশনাই। দীপ,-সজ্জা,-বাহার। দেওয়ালি দীপালি দীপান্বিতা দীপাবলি দীপোৎসব। দীপ,-মালা, -শ্রেণী,-শৃঙ্খলা। আতশবাজি।

আলোক,-বিচ্ছুরণ,-বিকিরণ। প্রতি,-ফলন, -বিম্বন,-বিম্বপাত। পরাবর্তন রিফ্লেকশন। প্রতিসরণ রিফ্র্যাকশন। বিম্ব প্রতিবিম্ব ছায়া। রাম,-ধনু,-ধনুক। ইন্দ্র,-ধনু,-চাপ। রং,মেঘ,সুর,বড়,-ধনু। রেইনবো। সূর্য,-কান্ত, -মণি। আতশকাচ। আলোকবিজ্ঞান। আলোকচিত্র। তেজস্ক্রিয়তা। রঞ্জনরশ্মি এক্স-রে। অতিবেগুনি-রশ্মি আলট্রাভায়োলেট-রে। রক্তোত্তররশ্মি। ইনফ্রারেড রে অবলোহিত-রশ্মি। আলোক,-রশ্মি,-তরঙ্গ।

ক্রি. আলো করা। উদ্ভাসিত করা। উজ্জ্বল করা। চকচক বা চকমক করা। ঝলা। ঝলকানো। ধাঁধানো। চোখ ধাঁধানো। ঝলমলানো। আলো রৌশনি বা জেল্লা দেওয়া। চমকানো। ধাঁধা লাগা। ঝলসানো। আলোকিত করা। আলো জ্বলা। বাতি জ্বালা বা দেওয়া। ঘর আলো করা।

বিণ. আলোকিত ভাত প্রতিভাত দীপিত। দীপ্ত ভাস্বর প্রদীপ্ত উজ্জ্বলিত। ভাসিত উদ্ভাসিত সমুদ্ভাসিত প্রভান্বিত উদ্দীপিত ঝলকিত প্রজ্বলিত। আলো,আলোক,-ময়। আলোকোজ্জ্বল আলোঝলমল আলোকপূর্ণ। দ্যুতি,-ময়,-মান। দীপ্তি,-ময়,-মান। দীপ্তি,দেদীপ্য,-মান। প্রভা, -ময়,-বান,-যুক্ত। দীপ্র আভাময় দ্যুতিমান তেজোময় জাজ্বল্যমান।

জ্যোতির্ময় জ্যোতিঃপূর্ণ জ্যোতিষ্মান। জ্বলন্ত জ্বলজ্বলে। উজ্জ্বল প্রোজ্জ্বল সমুজ্জ্বল অত্যুজ্জ্বল সুপ্রভ। জেল্লা,জলুস,চমক,চটক,বাহার,-দার। রৌশনাই খোলতাই চাকচিক্যময়। চিকচিকে চকচকে ঝকঝকে ঝকমকে ঝলমলে ঝিকমিকে ঝিকমিকে ঝিলমিলে। অগ্নি,অনল,-প্রভ। কিরণ, -ময়,-মণ্ডিত। অংশুল অংশুময়। ছটা,-যুক্ত, -পূর্ণ। উদ্ভাসক উদ্দীপক দীপক দীপ্তিকারক।

স্বচ্ছ স্পষ্ট স্ফুট পরিস্ফুট সুস্পষ্ট সূর্য,রবি, -করোজ্জ্বল। অমলিন অম্লান। বিদ্যুতালোকিত। বৈদ্যুতিক।

বিচ্ছুরিত। বিকীর্ণ। প্রতিফলিত প্রতিবিম্বিত বিম্বিত প্রতিসরিত সরিত প্রতিসৃত। প্রতিফলক পরাবর্তক রিফ্লেক্টর। তেজস্ক্রিয়। রেডিও এ্যাকটিভ।

৩২৬। অন্ধকার

বি. অন্ধকার আঁধার তম তমস তমিস্র তমিস্রা তিমির ধ্বান্ত শর্বর নভাক আলোক,-শূন্যতা, -হীনতা। গাঢ়,জমাট,ঘুটঘুটে,ঘোর,ঘোরালো, নিবিড়,সূচীভেদ্য,-অন্ধকার। গাঢ়,নিবিড়,তিমির, -আঁধার ঘনান্ধকার। তিমিরপুঞ্জ তমোরাশি। অন্ধ, -তমস,-তমিস্র। সন্তমস তমোরাশি অন্ধকার ঘুটঘুট্টি অমা অমাবস্যা। অমা,-নিশি,-নিশা, -রজনী। অন্ধতামসী। নষ্টেন্দুকলা। সন্ধ্যা (১২২)। রাত্রি (১২৩)। কালোশশী। কৃষ্ণ,-চন্দ্র,-পক্ষ, -তিথি। অন্ধকূপ। অন্ধকার,-জায়গা,-স্থান। ছায়া (৩২৯) অস্পষ্টতা (৩২৭)। অস্বচ্ছতা (৩৩১)। চন্দ্রগ্রহণ। সূর্যগ্রহণ।

ক্রি. অন্ধকার করা। অন্ধকার নামা। সন্ধ্যা বা রাত হওয়া বা নামা। অন্ধকার বা আঁধার ঘনানো। ছায়াপাত করা। মেঘাচ্ছন্ন বা কুয়াশাচ্ছন্ন হওয়া। আলো নেভানো বা নির্বাপিত করা।

বিণ. অন্ধকার আঁধার অন্ধকারময় অন্ধকারাচ্ছন্ন অন্ধকারাবৃত অন্ধকারিত। সঞ্জাতঅন্ধকার। ঘনান্ধকার। আঁধারঘেরা। তমিস্র তমিস্রা তমসাবৃত তমসাচ্ছন্ন তামস তমস্বান তমস্বী। তিমিরাবৃত তিমিরাবগুণ্ঠিত। তিমিরময় তমোযুক্ত তমোময়। তামসিক। ছায়াচ্ছন্ন মেঘাচ্ছন্ন কুয়াশাচ্ছন্ন। আলো,-শূন্য,-হীন। আলোক,-হীন,-বিহীন। অনালোকিত নিরালোক। নিরাতপ। নিষ্প্রদীপ ব্ল্যাকআউট। কৃষ্ণ। ঘোর গাঢ় ঘুটঘুটে। সূচীভেদ্য জমাট অখণ্ড ঘুপসি এঁদো।

ক্রি,-বিণ. আঁধারে অন্ধকারে। অন্ধেরন্ধ্রে। ছায়ায়। রাত্রে। সন্ধ্যায়।

৩২৭। অস্পষ্টতা

বি. অস্পষ্টতা নিষ্প্রভতা অনুজ্জ্বলতা। রৌদ্রাভাব আতপচ্ছেদ অনাতপ। কম আলো টিমটিমে আলো। ডিমলাইট। অস্পষ্টালোক ক্ষীণালোক। আলো-আঁধারি আলোছায়া আবছায়া গোধূলি। সন্ধ্যা সায়াহ্ন (১২২)। উষা সুবেহসাদেক কাকজ্যোৎস্না। জ্যোৎস্না। দৃষ্টিভ্রম ধান্দা ধাঁধা।

ক্রি. ছায়া পড়া। ছায়াচ্ছন্ন বা মেঘাচ্ছন্ন হওয়া। পিট্‌পিট বা মিটমিট করা। নিবুনিবু করা।

বিণ. অস্পষ্ট অস্ফুট অপরিস্ফুট আবছা নিষ্প্রভ অপ্রভ নিষ্প্রতিভ। অজ্যোতি জ্যোতি,-শূন্য, -হীন। প্রভা,দীপ্তি,-হীন। নিস্তেজ ম্লান ম্রিয়মাণ মিটমিটে টিমটিমে জুলজুল জেলজেলে ফিকে ফ্যাকাসে ক্ষীণ অনুজ্জ্বল মৃদু ম্যাড়মেড়ে। ধোঁয়াটে কুয়াশাচ্ছন্ন মেঘাচ্ছন্ন। ময়লা। ঝাপসা স্পষ্টেতর অর্ধপরিস্ফুট।

৩২৮। আলোর উৎস

বি. আলোর উৎস। জ্যোতিষ্ক তমোঘ্ন ধান্তারি। আলোকরশ্মি কিরণ কর। অংশু। অংশু,-ধর, -মান। শিখা আগুন (৩১৯)। স্ফুলিঙ্গ। গ্রহ নক্ষত্র তারকা তারা(৩৬৬)। সূর্য (৩৬৬)। চন্দ্র (৩৬৬)। নীহারিকা (৩৬৬)। শুকতারা সন্ধ্যাতারা ধ্রুবতারা। পূর্ণিমা। অবাচীউষা কুমেরুপ্রভা। উদীচীউষা সুমেরুপ্রভা। ফসফরাস। আলেয়া।

কৃত্রিম আলো: বাতি বর্তিকা দীপ প্রদীপ দীপিকা দেউটি দিয়া চেরাগ শামা পিদিম। কুপি টেমি ডিবা। শেজ,-বাতি দেয়ালগিরি। লন্ঠন হ্যারিকেন ল্যাম্প লম্ফ। ঝাড়,-লণ্ঠন,-বাতি। মোম,-বাতি ক্যান্ডেল। বেলোয়ারিঝাড়। আলোধারা শ্যান্ডেলিয়ার। দীপশিখা দীপালোক প্রদীপালোক সংবর্তি সংবর্তিকা। সেঁজুতি সন্ধ্যা,-দীপ,-প্রদীপ। আকাশ,-প্রদীপ,-দীপ,-দেউটি। দীপ,-পাত্র, -ঝাড়,-পাদপ,-বৃক্ষ। দীপাধার দীপগাছা গাছা

দেরকো পিলসুজ। বাতি,শামা,-দান। সলিতা সলতে পলিতা পিঞ্জুল। গ্যাস,-বাতি,-পট। হ্যাজাক পেট্রোম্যাক্স ডে-লাইট। মশাল। বিজলীবাতি। ইলেকট্রিক লাইট। বাল্ব। ল্যাম্প। টাংস্টেনল্যাম্প। টিউবলাইট। নিয়নলাইট। মারকারিভেপারল্যাম্প। ভেপারল্যাম্প। হ্যালোজেনল্যাম্প। ফ্লুরোসেন্টলাইট। টর্চ,-লাইট, -বাতি। ডিমলাইট। কারবনল্যাম্প। ডেভিসল্যাম্প। সার্চলাইট। হেডলাইট। সাইডলাইট। ব্যাকলাইট। টেল লাইট। ল্যান্ডিং লাইট। ফ্ল্যাশ,-লাইট,-বাল্ব। ইলেকট্রনিক ফ্ল্যাশ। ফ্লাড,ওয়াশ,-লাইট। স্পট লাইট। ফুট লাইট। আলোকস্তম্ভ। আলোকসজ্জা। দীপালি (৩২৫)। ফানুস।

বিণ. জ্যোতিষ্মান জ্যোতির্ময় ভাস্কর আলোকিত (৩২৫)। আর্ক। তমোঘ্ন তমোহর।

৩২৯। ছায়া

বি. ছায়া। ছায়। প্রচ্ছায় প্রচ্ছায়া প্রতিচ্ছায়া। উপচ্ছায়া। তরুছায়া। গাছের ছায়া। আওতা। ছায়া,-তরু,-মণ্ডপ,-বিতান। দীর্ঘছায়া বাঁকাছায়া। আলোছায়া। চাঁদোয়া চন্দ্রাতপ শামিয়ানা। তিরস্করণী পর্দা স্ক্রিন খড়খড়ি ঝিলিমিলি। বোরখা অবগুণ্ঠন নেকাব। মুখোশ। মেঘ কুয়াশা। ঠুলি। ঢাকনি খাপ। রঙিন,নীল,-চশমা।

ক্রি. পর্দা দেওয়া। ঢাকা দেওয়া। ছায়া পড়া। ছায়া করা। ছায়াপাত করা। পর্দা করা।

বিণ. ছায়াময় ছায়াঘেরা ছায়াচ্ছন্ন। ছায়াদানকারী।

৩৩০। স্বচ্ছতা

বি. স্বচ্ছ,-তা,-ত্ব। অচ্ছতা। নির্মলতা প্রাঞ্জলতা। অনাবিলতা প্রতিপ্রভা। স্ফটিক। স্বচ্ছমণি কাচ শিশা। পরকলা। ট্রেসিং-পেপার। সেলোফেন পেপার।

ক্রি. স্বচ্ছ হওয়া। আলো ভেদ করা।

বিণ. স্বচ্ছ অচ্ছ আলোকভেদ্য স্ফটিক। কাকচক্ষু। নির্মল অনাবিল বিমল প্রাঞ্জল পরিষ্কার। সুস্পষ্ট পরিস্ফুট টলটলে।

৩৩১। অস্বচ্ছতা

বি. অস্বচ্ছ,-তা,-ত্ব। অনচ্ছতা ময়লা। আবরণ। বাষ্প কুয়াশা। আবিলতা।

ক্রি. অস্বচ্ছ হওয়া। আলো না যাওয়া।

বিণ. অস্বচ্ছ অনচ্ছ আলোকাভেদ্য অস্পষ্ট (৩২৭)। কুয়াশাচ্ছন্ন বাষ্পাচ্ছন্ন মেঘলা মেঘাচ্ছন্ন ধোঁয়াটে। ময়লা আবিল অপরিষ্কার ঘোলা ঘোলাটে। দুর্লক্ষ্য।

৩৩২। ঈষদচ্ছতা

বি. ঈষদচ্ছতা। দ্যুতি আভা প্রভা জ্যোতির্বিকাশ। কুয়াশা ভাপ বাষ্প।

ক্রি. আচ্ছন্ন হওয়া বা করা। মেঘে ঢাকা।

বিণ. ঈষদচ্ছ জ্যোতির্বিকাশী। দুগ্ধন্যায়। মুক্তাসদৃশ। বাষ্পাচ্ছন্ন কুয়াশাচ্ছন্ন। তুষারতুল্য।

৩৩৩। বিদ্যুৎ

বি. বিদ্যুৎ তড়িৎ ইলেকট্রিসিটি। বিজলী বিজুরি চপলা চঞ্চলা চিকুর দামিনী সৌদামিনী মেঘজ্যোতি। ক্ষণ,-প্রকাশ,-প্রভা,-দ্যুতি। শম্পা অণুভা অণুপ্রভা অচিরপ্রভা অচিরাভা অচিরাংশু নীলাঞ্জনা নীলাঞ্জসা। বিদ্যুল্লতা বিদ্যুদ্দাম বিদ্যুন্মালা। অশনিসংকেত।

বজ্র বাজ অশনি কুলিশ ভিদির শরু মেঘদীপ। ঘন,-বল্লী,-বল্লিকা। ইরম্মদ হ্রাদিনী। বজ্র,-পাত,

-পতন। বিদ্যুৎ,বিজলী,-পাত। বাজপড়া। অশনি,-পাত,-সম্পাত। কুলিশপাত বভ্রি।
বিদ্যুৎশক্তি। তাপবিদ্যুৎ থার্মালপাওয়ার জলবিদ্যুৎ হাইড্রোইলেকট্রিক,হাইডেল,-পাওয়ার। বিদ্যুৎকেন্দ্র। পাওয়ার,জেনারেটিং,-স্টেশন। বিদ্যুৎউৎপাদক জেনারেটর ডাইনামো অলটারনেটার। ব্যাটারি সেল তড়িৎকোষ। বিদ্যুৎস্ফুলিঙ্গ স্পার্ক তড়িতকণা বিদ্যুতেরফিন্‌কি। বৈদ্যুতিক আলো বিজলীবাতি বিদ্যুতালোক তড়িতালোক বিদ্যুৎপ্রভা। ঝিমিকি ঝিমিক ঝিমকিনি ঝিলিক। তার ইলেকট্রিকতার অয়্যারিং। হোল্ডার। প্লাগ। সুইচ মেইন,-সুইচ সুইচবোর্ড। ফিউজ। লাইট,ল্যাম্প,-পোস্ট। ইলেকট্রিক মিটার। এসি ডিসি। ভোল্টেজ কারেন্ট। ইলেকট্রিক শক তাড়িতাঘাত। লাইভঅয়্যার গরমতার। নিউট্রাল ঠাণ্ডাতার। পরা পজিটিভ। অপরা নেগেটিভ। ইলেকট্রনিকস (৩৩৪)। ইলেকট্রিশিয়ান। ইলেকট্রিক মিস্তিরি তাড়িতী। বিদ্যুৎ সরবরাহ। ট্রানসমিশন লাইন। ট্রানসফরমার। সারকিট-ব্রেকার। বাসবার। বিদ্যুৎঘাটতি। পাওয়ার-কাট। লোডশেডিং। তড়িৎ-চুম্বকেব একক: ভোল্ট অ্যাম্পিয়ার ওমস কুলাম্ব ফ্যারাড মাইক্রো,মেগা,-ফ্যারাড হেনরি ম্যাক্সওয়েল ওয়েবাব। শক্তি: আর্গ জুল। ফুট পাউন্ডাল। কিলোওয়াট-ঘন্টা। ক্ষমতা: ওয়াট কিলোওয়াট মেগাওয়াট। হর্সপাওয়ার অশ্বশক্তি ঘোড়া।
বিণ. বৈদ্যুতিক বৈদ্যুত তাড়িত ইলেকট্রিক ইলেকট্রিক্যাল। বিদ্যুৎচালিত। বিদ্যুৎবাহী পরি,-বাহী,-বাহক। কনডাকটার। অপরি,-বাহী,-বাহক। অন্তরক ইনসুলেটর। অন্তরিত ইনসুলেটেড। বিদ্যুৎপূর্ণ বিদুদ্‌গর্ভ বিদ্যুদ্দীপ্ত তড়িন্ময়। বজ্রাহত। তাড়িতাহত।

৩৩৪। ইলেকট্রনিকস্‌

বি. ইলেকট্রনিকস্‌। বিকিরণবিদ্যা। ইলেকট্রন-গতিবিদ্যা। ইলেকট্রন-পদার্থবিজ্ঞান। ইলেকট্রন-প্রকৌশল। ইলেকট্রন-মাইক্রোসকপি। ট্রানজিস্‌টর-পদার্থবিজ্ঞান। রেডিওসকোপি। এক্সরে। ফোটোমেট্রি। ফোটো,-ইলেকট্রিসিটি,-বিদ্যুৎ। রেডিও (৩৩৫)। টেলিভিশন (৩৩৬) রেডার (৩৩৭)। স্বয়ংক্রিয়তা (৩৪০)। পরমাণুর,বিদ্যুৎ,ঘনবস্তুর,-ইলেকট্রনতত্ত্ব। ইলেকট্রন নেগাট্রন পজিট্রন। ভারি-ইলেকট্রন মেজন মেজোট্রোন ব্যারিটন। ইলেকট্রন আসক্তি,-প্রভাব। এডিসন-প্রভাব। ফোটোবিদ্যুৎ-প্রভাব। ইলেকট্রন,-এমিশন,-নিঃসরণ। থার্মাইঅনিক, তাপায়নিক,-নিঃসরণ। উদ্ভূত,সেকেন্ডারি,-নিঃসরণ। ফোটোবিদ্যুৎ নিঃসরণ। ক্যাথোড,অ্যানোড,ক্যানাল,-রশ্মি। পরপ্রভা। ইলেকট্রন-প্রবাহ। ফোটোবিদ্যুৎ-প্রবাহ। ইলেকট্রন-অপবর্তন। ইলেকট্রনভল্ট। ইলেকট্রনিক বর্তনী। পরিবাহিতা কনডাকট্যান্স। রোধ রেজিস্ট্যান্স। ইলেকট্রন-টিউব ফোটোবিদ্যুৎ-টিউব। ইলেকট্রন-রে-টিউব। ট্রানজিসটার। ইলেকট্রন,-পদার্থবিজ্ঞানী,-প্রকৌশলী।
শ্বাস,ক্লোম,-নালী। হস্ত হাত বাহু ভুজ। কর পাণি করতল চেটো তেলো পাঞ্জা। হাতের পোঁছা। কবজি মণিবন্ধ রিস্ট। কনুই। বগল কুক্ষি কক্ষ, -তল,-পুট কাঁখ। করাগ্র। অঞ্জলি। মুষ্টি মুঠ মটুমহাত। অঙ্গুলি আঙুল। তর্জনী। মধ্যমা। অনামিকা। কনিষ্ঠা কড়েআঙুল। বৃদ্ধাঙ্গুলি বুড়োআঙুল। অঙ্গুলিপঞ্চক পাঁচআঙুল। গাঁট পর্ব পাব। নখ নখর।

মধ্য,-দেশ,-দেহ প্রোথ। মধ্যচ্ছদা। নাভি,-মূল। কোমর কটি,-দেশ মাজা কাঁকাল জঘন। ক্রোড়

কোল অঙ্ক। নিতম্ব পাছা শ্রোণি আরোহ জঘন। পেট উদর জঠর গর্ভ। ভুঁড়ি। তলপেট। কোষ্ঠ মলাশয়। পাকাশয় পাকস্থলি। অন্ত্র আঁত আঁতড়ি নাড়িভুঁড়ি। ক্ষুদ্রান্ত্র। বৃহদন্ত্র। পিত্ত,-কোষ পিত্তি। যকৃত পিত্তাশয় লিভার প্লীহা পিলে। পায়ু,মল,গুহ্য,-দ্বার পোঁদ।

পদ পা ঠাং কদম। চরণ পায়েরপাতা। কুঁচকি। জঙ্ঘা। হাঁটু জানু উরু উরত উরুত। মালাইচাকি। গোড়ালি। পায়েরগুলি। পায়েরতলা চরণতল পদপ্রান্ত।

জননেন্দ্রিয় (৪১৫)। মূত্রাশয় মূত্রনালী। বৃক্ক কিডনি বস্তি মূত্রস্থান ব্লাডার। মেরুদণ্ড শির,পিঠ,-দাঁড় কশেরু। করোটি খুলি খাপরা করঙ্ক কর্পর।

রক্ত রুধির শোণিত লোহু খুন। রক্ত,-ধারা,-প্রবাহ। রক্ত,-সঞ্চলন,-চলাচল। শ্বেতকণিকা লোহিত -কণিকা। রক্তদান ব্লাডব্যাঙ্ক। শিরা ধমনী রগ। মাংস পেশি মাংসপেশি। শরীরচিহ্ন: তিল। জড়ুল জটুল কালক। ত্রিবলি।

স্নেহপদার্থ চর্বি মেদ বসা। মজ্জা। নাড়ী ধাত। নাড়ীচক্র: অমৃতা অলম্বুষা ইড়া কামদা কুহূ গান্ধারী পরমা পুষা লোলজিহ্বা শঙ্খিনী সুযশা পিঙ্গলা সুষুম্না হস্তীজিহ্বা। স্নায়ু স্নায়ু,-তন্ত্র, -মণ্ডলী নার্ভ।

.৩ **শারীরিক ক্রিয়াপ্রক্রিয়া**। সংবেদন (৪১৬)। অনুভূতি (৮২৩)। স্পর্শন (৪১৯)। দর্শন (৪৩২)। শ্রবণ (৪৪১) আহাব (২৯৩)। রেচন (২৯৬)। ক্ষরণ (২৯৭)। মৈথুন (৪১৫) রমণ সংগম। নিদ্রা (৬৮৭)। হাঁচি কাশি। থুথু কফ লালা। ঢোক। ঢেকুর। বমন। হেঁচকি। আঁচড়ানি। চুলকানি। আঙুলমটকানি। শারীরিক-অবস্থান অঙ্গ,-স্থিতি, -ভঙ্গি দেহ,-ভঙ্গি,-ভঙ্গিমা। শয়ন বিলুণ্ঠন অবলুণ্ঠন ধরাশয়ন। উপবেশন। গুটিসুটি। দণ্ডায়মানতা। দৌড়ঝাঁপ। ঝোঁক হেলন ঠেস। মুখভঙ্গি। মুখবিকৃতি। ভ্রূভঙ্গি ভ্রূকুটি। মুখব্যাদান হাই জৃম্ভণ। অঙ্গুলি,-চালন,-হেলন। তর্জনীক্ষেপণ আড়মোড়ানি। চাল ভঙ্গি। ঠমক ঠসক ঠাস।

শারীর,-বৃত্ত,-বৃত্তি,-শাস্ত্র অঙ্গসংস্থানবিদ্যা শরীর,দেহ,-বিজ্ঞান ফিজিঅলজি। শারীরস্থান অ্যানাটমি। অস্থিবিদ্যা অর্থপিডিকস।

ক্রি. অনুভব করা। বোধ করা। দেখা। শোনা। স্পর্শ করা। খাওয়া। মলমূত্র ত্যাগ করা। প্রস্রাব করা। সংগম করা। শোয়া। গা ঢালা। গা এলিয়ে দেওয়া। এলানো। গড়াগড়ি দেওয়া। পাশ ফেরা। পাশমোড়া। গা মোড়া দেওয়া। আড়ভাঙা। গা ঝাড়া দেওয়া। হাই তোলা। বসা। উপবেশন করা। আসন গ্রহণ করা। হাঁটু গেড়ে বসা। উপু বা উবু হয়ে বসা। গুটিসুটি হয়ে থাকা। হামড়ানো। হুমড়ি খাওয়া। হোঁচট খাওয়া। দাঁড়ানো। দৌড়ানো। দৌড় দেওয়া। ঝোঁকা। নুয়েপড়া। ঠেস বা হেলান দেওয়া। ল্যাংচানো। খোঁড়ানো ল্যাংড়ানো। পা নাচানো। ঠ্যাং নাড়ানো। ঘাড় বাঁকানো। হাত নাড়া। হাত ছোঁড়া। অঙ্গুলি নির্দেশ করা। কলা দেখানো। বুড়ো আঙুল দেখানো। বক দেখানো।

.৫ বিণ. শারীরিক কায়িক দৈহিক আঙ্গিক অঙ্গিক শারীর। দেহ,শরীর,-গত। শ্বসিত শ্বসমান। সকর্ণ। আকর্ণ,-বিস্তৃত। দাঁতাল দেঁতো দন্তুর করাল। দংষ্ট্রী দংষ্ট্রাল। দন্ত্য,-মূলীয়। ফোকলা দন্তহীন অদন্ত। ঔষ্ঠ্য। তালব্য। কণ্ঠ্য গ্রৈব গ্রৈবেয়। আকণ্ঠ। উট,উঁচ,-কপালে। লোমশ রোমশ রোমবান রোমাকীর্ণ। কৈশিক। শ্মশ্রু,-ময়,-মণ্ডিত দাড়িয়াল দেড়ে। গুঁফো গোঁফওয়ালা। নির্লোম লোমহীন। খলিত টেকো। শ্মশ্রুহীন মাকুন্দ। অজাতশ্মশ্রু। জটি জটল জটাধারী। নখী কুনখী সুনখী। স্কন্ধী বৃষ,গজ,-স্কন্ধ ঘাড়েগর্দানে। আন্ত্রিক অন্ত্র। পৈত্তিক পৈত্ত। রক্তাক্ত রক্তমাখা। পেশল পেশিবহুল। স্নায়ুবিক স্নায়ুবীয়।

৪১২। জাতি

বি. জাতি অধিজাতি মহাজাতি নেশন। জাতীয়রাষ্ট্র নেশনস্টেট। রাষ্ট্র সমাজ সম্প্রদায়। জাতিত্ব জাতীয়তা। আধিজাত্য জাত্যভিমান। জাতীয়তা, -বাদ, -বোধ। স্বাজাত্য, -বোধ স্বাজাতিকতা। জনচেতনা। স্বাদেশিকতা। স্বজাতি। সম, -জাতি, -জাতিত্ব, -জাতীয়তা, -জাতীয়ত্ব। একজাতীয়তা। জাতীয়, -ঐক্য, -সংহতি। সাম্প্রদায়িক, -সংহতি, -সম্প্রীতি। অখণ্ড, -তা, -ত্ব। একাত্মতা। জাতিধর্ম। জাতীয়, -চরিত্র, -বৈশিষ্ট্য। ন্যাশনালিটি সার্টিফিকেট। নাগরিকত্ব। ডোমিসিল অধিবাস। আন্তর্জাতিকতাবাদ। জাতিসংঘ (৭১৭)।

নর, মানব, গোষ্ঠী। প্রজাতি বর্ণ প্রবংশ গণ গোত্র গোষ্ঠী। পলিনেশিয়ান মাইক্রোনেশিয়ান। মেলানেশিয়ান। আলপাইন এড্রিয়াটিক টিউটনিক মেডিট্যারেনিয়ান। অস্ট্রেলয়েড মঙ্গোলয়েড ইন্ডিক দ্রাবিড়িয়ান। রেড-ইন্ডিয়ান আমেরিকান ইন্ডিয়ান ইউরোপিয়ান ককেশিয়ান। নিগ্রোয়েড আফ্রিকান। ইউরেশিয়ান। নর্ডিক স্ক্যান্ডিনেভিয়ান। সেমেটিক। আরব। চিন। এস্কিমো। আর্য অনার্য দ্রাবিড়।

জাত কুল গোত্র। সাদা শ্বেতাঙ্গ শ্বেতকায় সাদাচামড়া পীত পীতজাতি। কৃষ্ণাঙ্গ কৃষ্ণবর্ণ নিগ্রো কাফ্রি। অশ্বেতকায়। বর্ণাশ্রম, -ধর্ম। চতুর্বর্ণ: ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র। তফসিলি, -জাতি, -উপজাতি। উপজাতি আদিবাসী ট্রাইব জনজাতি। পার্বত্যজাতি পাহাড়ি পাহাড়িয়া। মুণ্ডা সাঁওতাল ওঁরাও বীরহোড় মিজো খাসি খাসিয়া গারো চাকমা মারমা মগ ম্রো বোম খ্যাং খুমি পাঙ্খু মনিপুরী লুসাই।

জাতি, -ভেদ, -বৈষম্য, -বিদ্বেষ। বর্ণ, -ভেদ, -বিদ্বেষ। বৈজাত্য। অ্যাপারটহেইট কালারবার। জাতপাত। জাতপাতের দ্বন্দ্ব। জাতিতত্ত্ব বর্ণতত্ত্ব এথনোলজি।

বিণ. জাতীয় জাতিগত আধিজাতিক। রাষ্ট্রীয়। সামাজিক। নাগরিক। স্বাজাতিক। একজাতীয় সমজাতীয়। আন্তর্জাতিক। জাত্যভিমানী। দেশপ্রেমিক। বর্ণ, -দ্বেষী, -বিদ্বেষী। বিজাতীয়। প্রাচ্য। প্রতীচ্য। এশীয়। ইউরোপীয়। আফ্রিকী।

৪১৩। নর

বি. নর মানব মনুষ্য মানুষ পুরুষ, -মানুষ বেটা, -ছেলে ছেলে মবদ মর্দা মর্দ মদ্দা মিনসা। পৌরুষ পুরুষত্ব পুরুষালি পুরুষধর্ম পুরুষকার মর্দানি মদ্দানি। পুরষার্থ: ধর্ম অর্থ কাম মোক্ষ। পুংলিঙ্গ পুরুষাঙ্গ (৪১৫)। নর, -পুঙ্গব, -কেশরী, -শ্রেষ্ঠ। নৃ, -কেশরী, -মণি। পুরুষ, -প্রধান, -পুঙ্গব, -পুণ্ডরীক, -সিংহ। নরশার্দুল পুরুষোত্তম। আদিপুরুষ আদম বাবা আদম।

জনাব মৌলভি মিঞা। শ্রী, -যুক্ত, -মান বাবু। মিস্টার মঁশিয় হের সিনোর। মহোদয় মহাশয় মশাই। সর্ব, -জনাব, -শ্রী মেসার্স।

বিণ. পুং পুরুষজাতীয়। পুরুষোচিত পুরুষসুলভ পৌরুষেয়। পুরুষালী মর্দানা।

৪১৪। নারী

বি. নারী মানবী মানবিকা মনুষ্যা স্ত্রী, -লোক মেয়ে, মানুষ, -ছেলে মহিলা রমণী জনি যোষা যোষিৎ কামিনী বনিতা অবলা অঙ্গনা ললনা বামা বামা প্রমদা ভাবিনী ভামিনী প্রতীপদর্শিনী শর্বরী। আওরাত জেনানা নেসাউন। মাগী। পদ্মিনী চিত্রিণী হস্তিনী শঙ্খিনী। নারীত্ব নারী, -স্বভাব, -চরিত্র। স্ত্রী, -ধর্ম, -চরিত্র। নারী, স্ত্রী, -লক্ষণ। স্ত্রীত্ব মেয়েলি, -ভাব, -পনা, -স্বভাব। নারীধর্ম: সতীত্ব

মমত্ব বাৎসল্য। **স্ত্রীচিহ্ন:** যোনি ভগ কুচ কোমলতা। **স্ত্রীধর্ম:** মাসিক ঋতু,-স্রাব রজঃ স্ত্রীরজঃ পুষ্প আর্তব আদ্য ঋতু। রজোদর্শন। ঋতুকাল ঋতুবন্ধ রজোনিবৃত্তি। স্ত্রীলিঙ্গ (৪১৫)। স্ত্রী,নারী,-জাতি। মায়ের জাত। নারী,মহিলা, -সমাজ,-সম্প্রদায়,-পক্ষ প্রমীলাজগৎ স্ত্রী,মহিলা, মেয়ে,-মহল। জেনানা হেরেম। অন্তঃপুরবাসিনী অন্তঃপুরিকা পুর,-স্ত্রী,-মহিলা,-নারী,-বালা, -লক্ষ্মী,-বাসিনী পুরাঙ্গনা। অসূর্যম্পশ্যা।

স্ত্রীস্বাধীনতা নারীমুক্তি। আন্দোলন। নারী,রমণী, স্ত্রী,-রত্ন। নারীশ্রেষ্ঠ বর,-নারী,-স্ত্রী রমণীকুলতিলক। আদিনারী বিবিহাওয়া ইভ। অষ্টনায়িকা: মঙ্গলা বিজয়া ভদ্রা জয়ন্তী অপরাজিতা নন্দিনী নারসিংহী কৌমারী।

কুমারী মিস মাদমোয়াজেল মিসিবাবা (ব্যঙ্গে)। মিজ। মোসাম্মাৎ জনাবা। শ্রী,-মতী,-যুক্তা। মিসেস ম্যাডাম মাদাম হেরেন সিনোবিনা মেমসাহেব। বেগম সাহেবা। বিবি,-জান। খাতুন খানম। বাই। দেবী দাসী। ঠাকরুণ ঠাকুরাণী।

বিণ. নারী,স্ত্রী,-সুলভ স্ত্রীজনোচিত। মেয়েলি মাদী মেদা। ঋতুমতী রজস্বলা সরজা। পুষ্পবতী। নিবৃত্তরজস্কা। পুষ্পহীনা অরজা নীরজা বিরজা।

৪১৫। যৌনতা

বি. যৌনতা যৌনসম্পর্ক কাম প্রথমরিপু কামিতা কামধর্ম কামশক্তি লিবিডো যৌন,কাম,-প্রবৃত্তি, -আসক্তি,-দুর্বলতা। আসঙ্গলিপ্সা রিরংসা ভোগেচ্ছা কামেষণা কামেচ্ছা। কাম,-ক্ষুধা,-জ্বর, -বাই। কামোদ্রেক কামোন্মত্ততা কামাগ্নি কামানল স্মরোদ্দীপনা। যৌন,-আবেদন,-আকর্ষণ সেক্স অ্যাপিল চটক। কাম,-বাণ,-শর।

পঞ্চ,-শর,-বাণ: সম্মোহন উন্মাদন শোষণ তাপন স্তম্ভন।

ফুলশর: অরবিন্দ অশোক নবমল্লিকা শিরীষ নীলোৎপল। কামদেব মদন মার অনঙ্গ অতনু কন্দর্প রতি,-পতি,-কান্তক কিউপিড।

আদি,শৃঙ্গার,রতি,-রস। বিশ্রম্ভ বিশ্রম্ভালাপ কাম,-কলা,-কেলি,-কূট। কেলিকলা ঢলাঢলি শৃঙ্গার বিরহ। লাস্য লাস। প্রেমালাপ (৮৯৩)। আদর (৮৯৬)। রমণক্ষমতা রতিশক্তি। রমণক্ষমতাবৃদ্ধি বাজীকরণ বশীকরণ। রতি, -কর্ম,-ক্রিয়া,-ক্রীড়া। মৈথুন রমণ সুরত। যৌন, -কর্ম,-সংগম,-মিলন,-সম্ভোগ। দেহ,-মিলন, -সম্ভোগ। উপগম উপগমন। অভিগমন। স্ত্রী, -সংসর্গ,-সংগম,-গমন। আসঙ্গ মিলন। নারীসম্ভোগ নিধুবন জস্তন গ্রামধর্ম। শীৎকার মণিত স্তনন। চুম্বন। চুচুকৃতি। পুলক। চরম উত্তেজনা। রাগ,কাম,-মোচন। যৌনোৎসব কামোৎসব। অগম্যগমন পরনারী,পরস্ত্রী,-গমন পারদার্য বেশ্যাগমন (৯৬২)। বিষম,-কাম,-রতি।

যৌন,-বিপর্যয়,-বিকৃতি। ধর্ষ ধর্ষণ বলাৎকার সতীত্বনাশ পাশবিক অত্যাচার। সম,-কাম, রতি পায়ুকাম পুংমৈথুন। বালমেহন কার্মিক,ভৌগিক, -বালমেহন। অস্বাভাবিক শিশুপ্রীতি। ধর্ষকাম। কশাকাম। পরীবাতিকতা। অজাচার পশুকাম তির্যকমেহন। বিকৃতমেহন। নিষিদ্ধ যৌনসম্পর্ক। অস্বাভাবিক যৌন অপরাধ।

অযৌনতা কামনিস্পৃহতা। পুরুষত্বহীনতা ধ্বজভঙ্গ। ক্লৈব্য ক্লীব,-তা,-ত্ব নপুংসকতা নির্বীর্যতা। দ্বিযৌনতা।

যৌন,-রোগ,-ব্যাধি। স্বপ্নদোষ। ধাতের রোগ। উপদংশ বাগি ফেরঙ্গরোগ গরমি সিফিলিস। প্রমেহ গনোরিয়া। এইডস।

যৌনবিজ্ঞান কাম,-শাস্ত্র,-সূত্র,-তন্ত্র রতি,-বিদ্যা, -শাস্ত্র। কামস্থান। নারীপুরুষভেদ।

জননেন্দ্রিয়। লিঙ্গ পুরুষাঙ্গ শিশ্ন মেঢ্র ধ্বজ শেফ শেউ পুংশ্চিহ্ন। অণ্ডকোষ বিচি বৃষণ হোল পোতা মুষ্ক। বীর্য শুক্র ধাত ধাতু ঔরস রেতঃ আনন্দপ্রভব বিন্দু অংশ। শুক্রাণু। স্ত্রী,-অঙ্গ,-চিহ্ন। কোমলতা। স্তন মাই কুচ পয়োধর পয়োভার বক্ষোজ বক্ষোরুহ উরজ উরসিজ ঔধস্য কুচ,-কলিকা,-কুম্ভ। স্তনাগ্র চুচুক চুঁচি। যোনি ভগ জরায়ু গর্ভাশয় গর্ভকোষ। গর্ভকুসুম অমরা ফুল। ডিম্বাশয় ডিম্বাণু ডিম্বক। অপত্যপথ প্রসবদ্বার। ভগাঙ্কুর কাঁট।

ক্রি. সংগম করা। সহবাস করা। উপগত হওয়া। দেহদান করা। ধর্ষণ করা। ধর্মনাশ বা সতীত্বহানি করা। পাশবিক অত্যাচার করা। ঢলাঢলি করা। আদর করা (৮৯৬)। প্রেম করা (৮৯৩)।

বিণ. যৌন। কামজ। যৌনবিষয়ক। যৌনকামী। কামার্ত কামাতুর কামান্ধ কামুক কামী কামীন কামাসক্ত কামপরবশ। রিরংসু। ধৃষ্ণু ধর্ষণশীল। পারদারিক। কামোদ্দীপক। মদলেখা। সমকামী। ধর্ষকামী। পায়ুকামী। রমিত কৃতরমণ রতিপ্রাপ্ত। ধর্ষণকারী। ধর্ষিত,-া। ধৃষুৎ ধর্ষণীয়। গম্যা অভিগম্যা। অগম্যা। উভয়লিঙ্গ। দ্বিলিঙ্গ।

ক্লিব খাঁড়া নপুংসক তৃতীয়প্রকৃতি। পুরুষত্বহীন। খোজা। হিজড়া হিজড়ানী। খাসি ছিন্নমুষ্ক ছিন্নাণ্ড।

পঞ্চম শ্রেণী

সংবেদন

৪১৬। সংবেদন

বি. সংবেদন সংবেদনা সংবেদ। সংবেদনশীলতা চেতনাবোধ অনুবোধ অনুভূতি (৮২৩)। বেদিতা সংবৃত্তি সংজ্ঞা চৈতন্য চিৎ। বেদনশীলতা। চেতনা। হুঁশ সংবিৎ জ্ঞান সাড়। খেয়াল। সংজ্ঞালাভ। চৈতন্য,অনুভূতি,-ময়তা। বেদন। ইন্দ্রিয়। ইন্দ্রিয়বোধ। চেতনসত্তা। ধারণা প্রভাব। উপলব্ধি ধরাছোঁয়া। সাড়া। বোধশক্তি অনুভবতা অবধারণতা অনুভবক্ষমতা। গ্রাহিতা। ধারণক্ষমতা। গ্রহণক্ষমতা। অবধারণ। ইন্দ্রিয়,চিত্ত,হৃদয়,- গ্রাহিতা। ইন্দ্রিয়ানুভূতি ইন্দ্রিয়জ্ঞান। ইন্দ্রিয়বৃত্তি। চিত্তাকর্ষতা। সজীবতা। কোমলতা। ভাবালুতা ভাবুকতা। উত্তেজনা (৮২৫)।

ক্রি. বোধ অনুভব বা উপলব্ধি করা। সাড়া জাগানো। বেদনা অনুভব করা। সাড়া জাগা। হৃদয় মন বা চিত্ত স্পর্শ করা। বুকে লাগা। নাড়া খাওয়া। মনে গ্রহণ বা ধারণ করা। দাগ কাটা। জ্ঞান হওয়া। ঘোর কাটা। ছোঁয়া। অনুরণিত হওয়া। শিহরিত হওয়া। উত্তেজিত বা উদ্দীপ্ত করা। প্রভাব বিস্তার করা।

বিণ. সংবেদনশীল। বেদনশীল। বেদী সংবেদী সুবেদী। অনুভূতি,-ময়,-প্রবণ। চেতন সচেতন সজ্ঞান। চৈতন্য,-ময়,-বিশিষ্ট। সজাগ সতর্ক। জীবন্ত তাজা সজীব প্রাণ,-বন্ত,-বান। ইন্দ্রিয়, -গ্রাহ্য,-গোচর,-গম্য। ঐন্দ্রিক। প্রত্যক্ষ অপরোক্ষ। ইন্দ্রিয়পর। হৃদয়,চিত্ত,-গ্রাহী। চিত্তাকর্ষক আকর্ষণীয়। সূক্ষ্ম তীক্ষ্ণ। সূক্ষ্মবুদ্ধি। অনুভবক্ষম অবধারণীয় বোধগম্য। রোমান্টিক। ভাবুক ভাবালু। উদ্দীপ্ত। ব্যগ্র। উদগ্র। উচ্ছলিত। উত্তেজিত। উদ্বুদ্ধ। স্পর্শকাতর। খুঁতখুঁতে। সংবিদিত। অনুভূত। সংবেদবাদী। যৌন (৪১৫)।

৪১৭। অসংবেদন

বি. অসংবেদন। অবেদন। অসংবেদনশীলতা। অচেতনা। অবেদনশীলতা। অবেদনা নিশ্চেতনা। অচেতনতা অনুভূতিহীনতা(৮২৪)। অনুভবশক্তিহীনতা। বোধশূন্যতা। সংজ্ঞাহীনতা। চৈতন্যহীনতা। ঝিম। সাড়হীনতা। আবেশ আচ্ছন্নতা অভিভূতি। ঘোর। জড়িমা জড়তা। শীতলতা শৈত্য। ধৈর্য (৮২৭)। অকাম অক্রোধ অশোক। ঔদাস্য (৮৫২)। অনাসক্তি। শৈথিল্য। বৈকল্য বৈক্লব্য। নিস্পন্দতা। ঘুম নিদ্রা সুপ্তি সুষুপ্তি। অসাড়,-তা,-ত্ব। অবশতা বিবশতা। জ্ঞান,বাহ্যজ্ঞান,-লোপ। ভিরমি ফিট মূর্ছা। মোহ

সম্মোহন স্তম্ভন সংবেশন। দাঁতকপাটি। পক্ষাঘাত।

ক্রি. বেদনা অনুভব না করা। বোধ জ্ঞান বা চেতনা না থাকা। অচেতন করা। ভোঁতা বা অসাড় করা। মনে না করা। কেয়ার না করা। কোন ইচ্ছা বা বাসনা না থাকা। নিস্পৃহ বা নিরাসক্ত হওয়া। ভোঁতা হয়ে যাওয়া। ঝিনঝিন ঝিঁঝিঁ বা ঝিমঝিম করা। অসাড় বা নিঃসাড় হয়ে পড়া। শক্ত বা পাষাণ হওয়া। ঠাণ্ডা মারা। কালিয়ে যাওয়া। জমে যাওয়া। অজ্ঞান করা। ঘুম পাড়ানো। সম্মোহিত করা। জমা। হতবাক বা স্তম্ভিত করা। দাঁত লাগা। জ্ঞান বা সংজ্ঞা হারানো।

বিণ. অসংবেদনশীল। অবেদনশীল। অচেতন নিশ্চেতন বিচেতন হতচেতন। অজ্ঞান জ্ঞান, -শূন্য, -হীন সংজ্ঞাহীন বেহুঁশ চৈতন্যহীন অচৈতন্য। হতবুদ্ধি। বোধশক্তি,-হীন,- রহিত। অবশ বিবশ। অনুভূতিহীন। অসাড় নিঃসাড় অঘোর বেঘোর বিভোর। নিস্পন্দ স্পন্দহীন। উদাসীন। ঠাণ্ডা শীতল তুহিন। শীতল,স্নিগ্ধ,-রক্ত। শিথিল। আচ্ছন্ন আবিষ্ট। বাহ্যজ্ঞান,- হীন,-শূন্য। বিহ্বল। মোহগ্রস্ত। বিকল। সম্মোহিত সংবেশিত সংবিষ্ট। মুহ্যমান। মূর্ছিত। ধীর তটস্থ। নির্লিপ্ত নির্বিকার বিরাগী। নিশ্চেষ্ট উদ্যমহীন। দেওয়ানা। বেখেয়াল। অবিচলিত অব্যাকুল অকাতর। নিরুদ্বেগ। হৃদয়হীন। পাষাণহৃদয়। শক্ত কঠিন। নিষ্প্রাণ। সমাহিত। নিদ্রিত। সুপ্ত সুষুপ্ত। অভিভূত। বেসামাল। গণ্ডারের চামড়া। মোটা চামড়া। কাঠ। মরা। অনড়। স্তব্ধ নিস্তব্ধ। পক্ষাঘাতগ্রস্ত।

৪১৮। বেদনা

বি. বেদনা যাতনা যন্ত্রণা ব্যথা দরদ তাড়স টাড়স ধমক। পরিবেদনা কষ্ট ক্লেশ ক্লিষ্টতা পরিক্লেশ কৃচ্ছ্র। টাটানি টনটনানি কামড়ানি কামড়ি শূল শূলানি গাত্রশূল কনকনানি জ্বালা জ্বলন দহন দাহ প্রদাহ সংদাহ পুড়ন পোড়ানি জ্বালাপোড়ানি দগদগানি। চিড়িক,ফিক,-ব্যথা। শিরঃপীড়া মাথাধরা ঘূর্ণন। কামড় খিল খিঁচুনি তড়কা অঙ্গবিক্ষেপ। ঘা আঘাত জখম চোট মার। ক্ষত, -স্থান। ভাঙন ফ্র্যাকচার কম্পাউন্ড-ফ্র্যাকচার। পোড়া-ঘা দগ্ধক্ষত। ফোসকা। পীড়া আর্তি অসুখ জ্বর। কাতরানি ছটফটানি। আর্তনাদ। গর্ভযন্ত্রণা হাঁসফাঁস। হাঁপানি। হিক্কা হেঁচকি। আক্ষেপ। ধনুষ্টঙ্কার। আত্ম,-নিগ্রহ, -পীড়ন,-নিপীড়ন, -বিসর্জন। অসোয়াস্তি দুঃখানুভূতি (৮৩০)।

ক্রি. বেদনা যাতনা যন্ত্রণা ব্যথা বা দরদ করা। জ্বালা করা। আমলানো। খচখচ কটকট দপদপ বা টিপটিপ করা। মোচড় বা পাক দেওয়া। মোচড়ানো। জ্বরজ্বর লাগা। ঘা আঘাত বা চোট লাগা। কেটে বা ছড়ে যাওয়া। ছিড়ে পড়া। ফেটে যাওয়া। কামড়ানো। ঝিমঝিম বা ঝিনঝিন করা। গা বা মাথা ঝিমঝিম করা। মাথা ধরা। ম্যাজম্যাজ করা। গা খোরা বা গুলনো। গা টিসটিস করা। কাতরানো। ছটফট করা। আনচান করা। বুক টিপটিপ করা। আইঢাই করা। গোঙানো। কোঁকানো। হাঁসফাঁস করা। হাঁকুপাকু বা আঁকুপাকু করা। কাঁপা। ধুঁকানো। হাঁপানো। বিষম লাগা। গলায় লাগা। খাবি খাওয়া। দাঁতকপাটি বা দাঁতে দাঁত লাগা। চোখ উলটে যাওয়া। জিভ বেরিয়ে আসা। গাঁজলা বের হওয়া। ভিরমি লাগা।

বিণ.বেদনা,যন্ত্রণা,পীড়া,কষ্ট-দায়ক। জ্বালা, যাতনা, কষ্ট,ক্লেশ,-কর। দগ্ধ অগ্নিদগ্ধ। দগদগে। ক্ষতবিক্ষত। বেদনাতুর বেদনাগ্রস্ত বেদনার্ত বেদনাক্লিষ্ট ব্যথাতুর ব্যথা,যন্ত্রণা,-কাতর যন্ত্রণাক্লিষ্ট ক্লিষ্ট পরিক্লিষ্ট আর্ত আতুর জর্জরিত কাতর অসহ অসহনীয় দুঃসহ অসহ্য দুর্বিষহ।

অব্য. কুটকুট কনকন করকর। গা,-ঘ্যানঘ্যান, -ঘিনঘিন। গা,-চচ্চড়,-টনটন,-চিনচিন,-ছমছম, -ঝিমঝিম,-ঝনঝন,-ঝিনঝিন,-দবদব,-ধকধক, -তিড়িকতিড়িক। সুড়সুড় সড়সড় শিরশির রিরি।

৪১৯। স্পর্শন

বি. স্পর্শন স্পর্শ পরশ পরশন ছোঁয়া ধরাছোঁয়া আমর্শ আমর্শন অনুভব। স্পৃষ্টি ছোঁয়াচ ঘেঁষ। ছোঁয়াছুঁয়ি। ঘেঁষাঘেঁষি ঠেসাঠেসি ঠেকাঠেকি। ঘষটান। সংক্রম সংক্রমণ সঞ্চার। সংস্পর্শ। স্পৃষ্টাস্পৃষ্টি স্পৃষ্টাস্পৃষ্ট। স্পর্শানুভূতি (৪২০)। লেহন চোষণ চুম্বন। মর্দন মালিশ দলাইমলাই সংবাহন অঙ্গমর্দন। স্পর্শকাতরতা। স্পর্শদোষ। স্পর্শেন্দ্রিয় ত্বগিন্দ্রিয় ত্বক চামড়া চর্ম।

ক্রি. স্পর্শ কবা। ছোঁয়া। ধরা। হাত দেওয়া। অনুভব-করা। ছুঁয়ে দেখা। হাত দিয়ে দেখা। ধরে দেখা। বোধ করা। টের পাওয়া। ঘেঁষা। ঘেঁষাঘেঁষি করা। লাগা। লাগানো। গায়ে লাগানো। ঠেকানো। ঠেকাঠেকি করা। গা ছোঁয়া। গায়ে হাত দেওয়া। ঠাসা। টেপা। ডলা। দলা। মলা। মালিশ করা। রগড়ানো। আঁকড়ানো। জড়িয়ে ধরা। সাপটানো। জাপটানো। জড়ানো। লপটানো। আলিঙ্গন কবা। টানাটানি কবা। হাতড়ানো। হাত বুলানো। জিভ দেওয়া। চাটা। লেহন করা। মুখ দেওয়া। কাতুকুতু দেওয়া। সুড়সুড়ি দেওয়া।

বিণ. স্পার্শন। স্পর্শজনিত। স্পর্শনীয় স্পৃর্শ্য অনুভব্য। ধর্তব্য। স্পর্শনেন্দ্রিয়গত। ত্বগিন্দ্রিয়গ্রাহ্য। স্পৃষ্ট সংস্পৃষ্ট সম্পৃক্ত ধৃষ্ট। স্পর্শক স্পর্শী স্পৃক। ছোঁয়াচে সংক্রামক সংক্রামী স্পর্শকারী। সংক্রোমিত সঞ্চারিত। প্রবিষ্ট প্রবেশিত স্থাপিত।

৪২০। স্পর্শানুভূতি

বি. স্পর্শানুভূতি। শিহরণ রোমাঞ্চ লোমহর্ষ। কাতুকুতু সুড়সুড়ি। চিমটি আঁচড় খোঁচা। চুলকানি কণ্ডু,-য়ন দদ্রু দাদ পাঁচড়া ছুলি। ঘামাচি।

ক্রি. শিহরণজাগা। রোমাঞ্চিত হওয়া। শিউরে ওঠা। রোম খাড়া হওয়া। শিরশিরকরা। গায়ে কাঁটা দেওয়া। আঁতকে ওঠা। গা ছম ছম করা। ছ্যাঁৎ করা। কুঁকড়ে যাওয়া। কুঁকড়ে ওঠা। সুড়সুড় করা। সুড়সুড়ি বা কাতুকুতু দেওয়া। চুলকানো। আঁচড়ানো। চিমটি দেওয়া বা কাটা। চিমটানো। খোঁচা খাওয়া। খোঁচা মারা।

বিণ. স্পর্শানুকূল। স্পর্শক্ষম। স্পর্শসুখ। স্পর্শশীতল। সুখস্পর্শ। অসুখস্পর্শ। স্পর্শসহিষ্ণু। স্পর্শকাতর।

৪২১। স্বাদ

বি. স্বাদ আস্বাদ তাব বস সোয়াদ। স্বাদন আস্বাদন রসন রসগ্রহণ অবলেহন। মজা রুচি। রসনেন্দ্রিয় রসানুভূতি রসনা স্বাদযন্ত্র জিহ্বা জিভ জিব নোলা। লালা লাল। দাঁত। পেট। ষড়রসঃ লবণ অম্ল কষায় কটু তিক্ত মধুব।

ক্রি. স্বাদ বা আস্বাদন করা। স্বাদ নেওয়া বা গ্রহণ কবা। রস গ্রহণ করা। চাখা। চাখানো। চাটা। লেহন বা অবলেহন করা।

বিণ. স্বাদু সুস্বাদু মুখরোচক মজাদাব। আস্বাদ্য আস্বাদনীয় রাসন। স্বাদিত আস্বাদিত আলীঢ। গৃহীতস্বাদ। আস্বাদক আস্বাদকারী।

৪২২। স্বাদহীনতা

বি. স্বাদ,-হীনতা,-শূন্যতা। রসহীনতা বিস্বাদ। অরুচি। অস্বাদুতা (৪২৫)। একঘেয়েমি।

ক্রি. স্বাদ না লাগা বা না থাকা।

বিণ. স্বাদহীন বিস্বাদ আস্বাদ রসহীন বিরস বেতার বোদা। পানসে জোলো ভস্কা। একঘেয়ে। আলুনি ফিকা। চিটা। শুষ্ক নীরস শুখা।

৪২৩। কটুতা

বি. কটু,-তা,-ত্ব। কষায়। তিক্ততা তিতভাব তিক্তরস। পঞ্চতিক্ত: নিম গুলঞ্চ বাসক পলতা কণ্টকারী। পঞ্চনিম্ব: শিকড় ছাল পাতা ফুল ফল। লবণ নিমক নুন। স্যালাইন ব্রাইন। পঞ্চনুন: সৌর্বচল সৈন্ধব বিট ঔদ্ভিদ সামুদ্রিক। নিমক, -দান,-দানি। ঝাল লঙ্কা মরিচ কাঁচা,শুকনা, -লঙ্কা। লঙ্কাবাটা। গোলমরিচ। তেজপাতা। লবঙ্গ। জোয়ান। ঝাঁজ। তামাক। সিগারেট বিড়ি সিগার চুরুট। হুঁকা গড়গড়া। নস্য। ধোঁয়া।

বিণ. কটু কষা কষাটে কষটে কড়া তীব্র তীক্ষ্ণ উগ্র চোখানো। লবণাক্ত লোনা নোনা নুনচে নোনতা। নুন,-কাটা,-পোড়া,-গোলা। লাবণ লাবণি লাবণিক। লোনিয়া লুনিয়া লবণিয়া। ঝাল ঝাঁজালো। পচা শটা সড়া। অম্ল টক। তিক্ত তেতো তিতকুটে আতিক্ত সুতিক্ত।

৪২৪। স্বাদুতা

বি. স্বাদুতা সুস্বাদুতা সুস্বাদু সুতাব মুখরোচকতা। অমৃত। ময়ান।

ক্রি. স্বাদ লাগা। স্বাদ ভালো হওয়া। জিভে বা মুখে লাগা। সুস্বাদু বা সুতার হওয়া।

বিণ. স্বাদু স্বাদযুক্ত স্বাদিষ্ঠ। সুস্বাদু সুতার। সুস্বাদ সুরস সুরসাল সরস সরেস রসাল। রস,-ময়, -ঘন,-গর্ভ। মুখরোচক রোচক রুচিকর উপাদেয়। উপভোগ্য। তোফা খাসা চমৎকার উৎকৃষ্ট। অমৃত মিষ্টি মধুর (৪২৬)। সুখাদ্য সুপাচ্য।

৪২৫। অস্বাদুতা

বি. অস্বাদুতা স্বাদহীনতা রসহীনতা। কটুত্ব। অম্লতা।

বিণ. অস্বাদু বিস্বাদ বিরস বেতার। কটু কষা। তিক্ত তিতো। ঝাল। অখাদ্য অভোজ্য। অরুচিকর। অপাচ্য। দুষ্পাচ্য।

৪২৬। মিষ্টতা

বি. মিষ্ট,-তা,-ত্ব। মধুর,-তা,-ত্ব মধুরিমা। মিষ্টরস। অমৃত সুধা অমিয় পীযুষ। পঞ্চামৃত: দধি দুগ্ধ ঘৃত মধু চিনি। চিনি শর্করা দোবরাগুড় ভেলিগুড় নলেনগুড়। পাটালি। মিছরি। স্যাকারিন। মধু মউ আসব কুসুমাসব শীধু মকরন্দ পুষ্পভব পুষ্প,-রস,-স্বেদ,-নির্যাস,-সার। ইক্ষু আখ তাল খেজুর। মিষ্টান্ন মিঠাই পলান্ন পরমান্ন পায়েস ক্ষীর শিরনি সেমাই। হালুয়া। পিষ্টক পিঠা পুলি। রসগোল্লা সন্দেশ অমৃতি লেডিকেনি বোঁদে জিলিপি। কদমা বাতাসা। নাড়ু লাড্ডু মণ্ডা খাজা গজা বরফি মোয়া খুরমা। কেক পেস্ট্রি। লজেন্স। ময়রা হালুইকর ভিয়ান।

বিণ. মিষ্ট মিষ্টি মিঠা মিঠে মধুব মধুরমধুর সুধাময়। অমিয় অমৃত সু,-মিষ্ট,-মধুর। মিঠেকড়া।

৪২৭। অম্লতা

বি. অম্ল,-তা,-ত্ব। পচন শড়ন শটন। অম্বল তেঁতুল তিন্তিড়ি। অম্লীকরণ। ঝাঁজ। অ্যাসিড(৩৭০)। সিরকা।

ক্রি. টক দেওয়া। টকানো। টকা। টকে যাওয়া।

বিণ. অম্ল অম্বল টক চুকা খাট্টা। আম্লস্বাদ আম্ল অম্লাক্ত টোকো অম্লযুক্ত অম্লধর্মী আম্লিক অম্লাত্মক আম্লীকৃত তেঁতুলে জোঁদা। ঈষদম্ল শড়া পচা। ঝাঁজালো ঝাঝালো তীব্র উগ্র।

৪২৮। গন্ধ

বি. গন্ধ ঘ্রাণ আঘ্রাণ বাস বু। গন্ধবহ ঘ্রাণশক্তি ঘ্রাণেন্দ্রিয় নাসিকা নাক।

ক্রি. গন্ধ করা থাকা বা ছড়ানো। গন্ধ নেওয়া বা শোঁকা। ঘ্রাণ নেওয়া। শ্বাস নেওয়া।

বিণ. গন্ধময় গন্ধযুক্ত গন্ধী বাসিত। ঘ্রাত আঘ্রাত সমাঘ্রাত। ঘ্রেয় ঘ্রাতব্য। ঘ্রাতা ঘ্রাণকারী।

৪২৯। গন্ধহীনতা

বি. গন্ধ,-হীনতা,-শূন্যতা।

ক্রি. গন্ধ না থাকা। গন্ধ দূর করা।

বিণ. গন্ধ,-হীন,-শূন্য। নির্গন্ধ। গন্ধনাশক। অঘ্রাত। অঘ্রাত অনাঘ্রাত।

৪৩০। সুগন্ধ

বি. সুগন্ধ সুগন্ধি সৌগন্ধ সৌরভ সুরভি সুবাস সুঘ্রাণ খুশবু খোশবাই। গন্ধ,-সার,-দ্রব্য। স্বাদুগন্ধ। পরিমল। আমোদী। বাসন অনুবাসন সুগন্ধিকরণ। ধূপন। গন্ধতৈল ফুলেলতেল। গন্ধকাষ্ঠ: চন্দন কালাগরু। বেনা খসখস। সার নির্যাস পুষ্পসার অটো এসেন্স সেন্ট পারফিউম কোলন ওডিকোলন। চুয়া সর্জরস। অম্বর। অগরু। গুগগুল চন্দন। গোলাপি,-পানি গুলাবি কেওড়া কেয়ানির্যাস। আতর: গোলাব যসমিন হেনা বেলি খস চামেলি কস্তুরী দরবারি। তোড়া মাল্য মালা মালিকা হার। কস্তুরী মৃগনাভি মৃগমদ। জটামাংসী কিরাতিনী। গন্ধগোকুল। গন্ধোপজীবী গন্ধবণিক। গন্ধপাত্র: শিশি বোতল ধুনুচি ধূপদানি গোলাপপাশ কার্বাকারাবা আতরদান। ধূপকাঠি আগরবাতি। ধুনা ধূপধুনা।

ক্রি. সুবাসিত করা। গন্ধ দেওয়া। মিষ্টি গন্ধ হওয়া। খোশবু দেওয়া বা করা।

বিণ. সুগন্ধ সুরভিত সৌরভান্বিত সুবাসিত বাসিত অনুবাসিত আমোদিত। ভুরভুর। মিষ্ট মিষ্টি। মশলাদার।

৪৩১। দুর্গন্ধ

বি. দুর্গন্ধ দৌর্গন্ধ বদবু বদগন্ধ পূতি,-গন্ধ অম্লগন্ধ আমগন্ধি কটুগন্ধ। গন্ধমূষিক। গন্ধভাদাল। গান্ধি,গাঁধি,-পোকা।

ক্রি. দুর্গন্ধ থাকা করা বা হওয়া। বিশ্রী গন্ধ করা।

বিণ. দুর্গন্ধী। দুর্গন্ধযুক্ত পূতিময় গন্ধময়। কটু তীব্র কড়ুয়া। বিশ্রী। পচা। ঘেসো বোটকা আঁশটে। সোঁদা। গুমসা ভ্যাপসা। শ্বাসরোধকারী।

৪৩২। দৃষ্টি

বি. দৃষ্টি দর্শন দৃক্ অবলোকন বিলোকন লোকন আলোকন বিলোচন নিহারন তাকানো দেখা চাহনি নজর দিঠি লক্ষ্য ঈক্ষণ ঈক্ষা প্রেক্ষা প্রেক্ষণ প্রত্যক্ষ। নিরীক্ষণ নিরীক্ষা অবেক্ষণ পর্যবেক্ষণ সমীক্ষ সংবীক্ষণ বীক্ষা বীক্ষণ সন্দর্শন পরিদর্শন তদন্ত। ঠাহর ঠাওর। নিমিষ নিমেষ নিমিখ পলক। দৃষ্টি,-পাত,-ক্ষেপ। দৃক,দৃষ্টি,আঁখি,নেত্র,-পাত। ভ্রূক্ষেপ। অপাঙ্গ কটাক্ষ আঁখিঠার। আড়চোখ উঁকিঝুঁকি। বক্রদৃষ্টি তীক্ষ্ণ,-তীব্র,-দৃষ্টি ঝাঁকিদর্শন। নয়না বিলোলকটাক্ষ। মদিরদৃষ্টি। শূন্য, ভাবলেশহীন,-দৃষ্টি। দৃশ্য প্রেক্ষাগৃহ থিয়েটার। দিগন্ত দিকচক্রবাল দিগ্‌দিগন্ত।

দর্শনেন্দ্রিয়: চক্ষু চোখ নেত্র অক্ষি আঁখি নয়ন ঈক্ষণ লোচন। চর্মচক্ষু খালিচোখ। চোখেরপাতা চক্ষুপল্লব। চোখেরতারা মণি নয়নমণি নয়নতারা। চক্ষুগোলক। চক্ষুকোটর। অক্ষিপটল। তারারন্ধ্র কর্নিয়া। চোখেরপর্দা রেটিনা। ভোঁয়া নেত্রপক্ষ। ভ্রূ,-লতা। দৃষ্টিবিজ্ঞান অপটিকস্। চক্ষুচিকিৎসা।

চক্ষুচিকিৎসক। দৃষ্টি,-ভঙ্গি,-কোণ। দৃক্, দৃষ্টি,দর্শন,-শক্তি দর্শানুভূতি। অক্ষিবিক্ষেপ। দৃষ্টি,-পথ,-মণ্ডল,-সীমা দিশাপাশ। দেখার ইচ্ছা দিদৃক্ষা। আপাত,-দৃষ্টি,-দর্শন। প্রথম,-দেখা, -দর্শন। চোখের দেখা। সাক্ষাৎ,প্রত্যক্ষ,-দর্শন। দেখাসাক্ষাৎ। দিব্য,-চক্ষু,-নেত্র,-দৃষ্টি।

ক্রি. দেখা। তাকানো। দর্শন বা অবলোকন করা। নজর করা বা দেওয়া। চাওয়া। চোখ চাওয়া। চোখ মেলা। চেয়ে দেখা। লক্ষ্য করা। প্রত্যক্ষ করা। চাক্ষুষ করা। দৃষ্টিগোচর করা। চোখ বুলানো। চোখ দেওয়া। চোখ মারা বা ঠারা। ঠাওর করা। উঁকি উঁকিঝুঁকি বা টুকি দেওয়া বা মারা। চুপি দেওয়া। লুকিয়ে দেখা। ঝাঁকা বা ঝাঁকি মারা। ফ্যাল ফ্যাল করা বা করে তাকানো।

বিণ. দৃষ্ট নয়নগোচর অক্ষিগত ঈক্ষিত অবলোকিত দর্শিত লক্ষিত পরিলক্ষিত প্রত্যক্ষ সমক্ষ চাক্ষুষ সাক্ষাৎ প্রকাশ্য। মূর্ত মূর্তিমান। অপলক অনিমিষ অনিমিখ নির্নিমিখ নির্নিমেষ। একদৃষ্টি একাগ্রদৃষ্টি স্থিরনেত্র বদ্ধদৃষ্টি। লোল লোলুপ বিলোল। চটুল চঞ্চল। ফ্যালফ্যাল। আয়ত টানাটানা। দ্রষ্টব্য দর্শনীয় প্রেক্ষণীয় লক্ষণীয়। দৃশ্য (৪৩৭)। দিদৃক্ষু।

৪৩৩। দৃষ্টিক্ষীণতা

বি. দৃষ্টিক্ষীণতা। অল্পদৃষ্টি। অদূরবদ্ধদৃষ্টি। অদূরদর্শন। দৃষ্টিহীনতা। বিষমদৃষ্টি। বর্ণান্ধতা। তুষারান্ধতা। চক্ষুরোগ। অক্ষিপ্রদাহ। পিঁচুটি নেত্রমল। চালিশা চালশে। ছানি। অন্ধতা। টেরাচোখ। চশমা ঠুলি। পর্দা বোরখা। দৃষ্টিভ্রম অক্ষিবিভ্রম। মরীচিকা মৃগতৃষ্ণিকা অপচ্ছায়া। আলেয়া। ভূত।

ক্রি. চোখে কম দেখা। চোখ পিটপিট করা। পিটপিট করা। ঝাপসা দেখা। দূরে না দেখতে পাওয়া। ধাঁধা লাগা। ঝলসানো। চোখ ওঠা। চোখ খারাপ হওয়া। ছানি পড়া। চোখ কাটা। ছানি কাটা।

বিণ. ক্ষীণদৃষ্টি অদূরবদ্ধ। বিষম। ঝাপসা অস্পষ্ট। ঠুলিপরা। চারচোখা। টেরা। প্রায়ান্ধ। বর্ণান্ধ রংকোনা কালারব্লাইণ্ড কয়রাকানা। নক্তান্ধ রাতকানা। তুষারান্ধ।

৪৩৪। অন্ধতা

বি. অন্ধ,-তা,-ত্ব। দৃষ্টি,-হীনতা,-শূন্যতা। অদৃষ্টি নক্তান্ধতা। ক্ষীণদৃষ্টি (৪৩৩)। ব্রেলি। অন্ধীকরণ।

ক্রি. না দেখা। না দেখতে পাওয়া। অন্ধ বা কানা হওয়া। কানা করা। চোখঝলসানো। ধাঁধানো। অন্ধকারে বা আঁধারে হাতড়ানো বা ঠাওরানো। চোখের মাথা খাওয়া। চোখে ধুলো দেওয়া। ঠুলিপরা। লুকানো। গোপন করা।

বিণ. অন্ধ কানা। ঝলসাকানা। দৃষ্টি,নজর, চোখ,চক্ষু,-হীন। অদৃক্ অ,বি,-চক্ষু গতাক্ষ বিগতদৃষ্টি। একচক্ষু। চিরান্ধ। জাত্যন্ধ জন্মান্ধ। ভ্রমান্ধ। অন্ধী,-কৃত,-ভূত।

৪৩৫। দর্শক

বি. দর্শক দর্শী দ্রষ্টা। প্রত্যক্ষদর্শী। সাক্ষী চাক্ষুষসাক্ষী। সাক্ষীগোপাল। পর্যবেক্ষক পরিদর্শক। পর্যটক। চর গুপ্তচর গোয়েন্দা। প্রহরী সান্ত্রী। প্রেক্ষাঘর গ্যালারি।

ক্রি. সাক্ষী থাকা। দেখা। (৪৩২)। নিজে উপস্থিত থাকা (১৮৪)।

৪৩৬। দর্শনযন্ত্র

বি. দর্শনযন্ত্র দৃক্‌যন্ত্র। কাচ লেন্স। বিবর্ধনযন্ত্র ম্যাগনিফাইয়ার। অণুবীক্ষণযন্ত্র মাইক্রোসকোপ।

চশমা। পরকলা উপনেত্র উপাক্ষ উপ,প্রতি,-চক্ষু। গ্লাস রিডিংগ্লাস। সানগ্লাস গগ্‌ল্‌স রঙিনচশমা। প্যাশ্‌নে। কনট্যাক্ট্‌ লেন্স। ঠুলি। পেরিস্কোপ। দূরবীণ দূরবীক্ষণ টেলিস্কোপ। বাইনাকুলার। ফিল্ডগ্লাস। অপেরাগ্লাস। নাটাদূরবীণ। ত্রিপার্শ্বকাচ প্রিজম্‌। ক্যামেরা। ঘনদৃক্‌ বিচিত্রদৃক্‌। দর্পণ আয়না মুকুর আরশি। আত্মদর্শ আদর্শিকা ছায়াগ্রহ মণ্ডলক মন্দর কর্কর কর্ফর শিসা। আলোক, -বিদ্যা,-বিজ্ঞান। আলোকবিজ্ঞানী। আলোকচিত্র ফটোগ্রাফি। আলোকচিত্রকর ফটোগ্রাফার। দৃপ্তমিতি।

৪৩৭। দৃশ্যতা

বি. দৃশ্যতা দৃষ্টিগোচরতা প্রত্যক্ষতা প্রতীয়মানতা স্পষ্টতা সুস্পষ্টতা পরিস্ফুটতা। আকর্ষণীয়তা। প্রকাশ (৪৩৯)। প্রকটন। অনাবরণ। অভিব্যক্তি আভাস (৫৪৩)। দৃশ্যদিগন্ত দিগন্ত দিকচক্রবাল। চক্রবাল। দিগ্বলয় হরাইজন।

ক্রি. দেখা দেওয়া। দেখা যাওয়া। চোখে আসা বা পড়া। উপস্থিত বা হাজির থাকা। প্রকাশ পাওয়া। জাহির হওয়া। উদ্‌ঘাটিত হওয়া। উঠা। ওঠা। ফুটা। ফোটা। বের হওয়া। উঁকি বা উঁকিঝুঁকি মাবা। উদ্ভাসিত বিভাসিত বা প্রকটিত হওয়া। আকর্ষণ করা। দেখানো। দর্শানো। দর্শা। গোচরে আনা। দৃষ্টি আকর্ষণ করা। দৃষ্টি,নজর,-কাড়া। চোখ টানা। চোখ আটকে যাওয়া। প্রদর্শন করা।

বিণ. দৃশ্য,পরিদৃশ্য,বীক্ষ,বীক্ষ্য,ঈক্ষ,-মান। দৃষ্টি, নয়ন,নেত্র,অক্ষি,চক্ষু,-গোচর। নয়নপথবর্তী। দৃষ্ট পরিদৃষ্ট। প্রত্যক্ষ। আক্ষিক। চাক্ষুষ। ইন্দ্রিয়গ্রাহ্য। প্রতীয়মান। প্রকাশ্য লক্ষ্যভূত। প্রকট। প্রকাশমান দেদীপ্যমান। জাজ্বল্যমান। সুস্পষ্ট পরিস্ফুট। নির্দিষ্ট। অনস্বীকার্য। আকর্ষণীয়। দর্শিত পরিদর্শিত। প্রদর্শিত।

৪৩৮। অদৃশ্যতা

বি. অদৃশ্যতা অদৃষ্টিগোচরতা অপ্রত্যক্ষতা অপ্রতীয়মানতা। অস্পষ্টতা আবছায়া। লীনতা। গোপনতা। গূঢ়তা। অদর্শন অদেখা অসাক্ষাৎ। অপ্রেক্ষণ। দৃষ্টিভ্রম অক্ষি,দৃষ্টি,-বিভ্রম। চোখের,দেখার,-ভুল।ধন্ধ। অপেরণ। মরীচিকা মৃগতৃষ্ণা মরুমায়া। তিরস্করণী। অদৃশ্য হওয়ার বিদ্যা। জিন।

ক্রি. অদৃশ্য থাকা বা হওয়া। লুকিয়ে থাকা (৫৪৪)। চোখে না পড়া। প্রকট না হওয়া। গোপন করা (৫৪৬)। চোখের বাইরে যাওয়া। ভুল দেখা। ধাঁধা লাগা।

বিণ. অদৃশ্য অলক্ষিত অলখ অদৃষ্টিগোচর অচাক্ষুষ অপ্রেক্ষিত অদর্শিত অগোচরিত অনবলোকিত অসমক্ষ। অদৃষ্ট অদেখা আদেখা। অলক্ষ্য অগোচর। অপ্রত্যক্ষ। অপ্রকট অপ্রতীয়মান। অতর্কিত অপ্রকাশিত অগোচরীভূত দৃষ্টিবর্হির্ভূত। অস্পষ্ট আবছা ঢাকা। অন্তরালবর্তী। উধাও। ফাঁই। অদ্রষ্টব্য অদর্শনীয় অলোকনীয় অপ্রেক্ষণীয়। দুর্লক্ষ্য দুর্নিরীক্ষ্য। কুয়াশাচ্ছন্ন। অন্ধকারময় অসূর্যম্পশ্যা। লুকানো লুক্কায়িত। গায়েবি। বাতেনি গূঢ়। রহস্যময়। অশরীরী অতীন্দ্রিয়। পরোক্ষ।

ক্রি-বিণ. অলক্ষে অলক্ষিতে অগোচরে অসমক্ষে অসাক্ষাতে। আড়ালে। অলক্ষিতভাবে। গোপনে।

৪৩৯। আবির্ভাব

বি. আবির্ভাব আবির্ভবন প্রকাশ উদয় উদয়ন সঞ্চার উৎপত্তি আত্মপ্রকাশ উত্থান সমুত্থান। দৃশ্য দৃশ্যপট। ভূদৃশ্য ভূচিত্র। সমুদ্রদৃশ্য। সিন সিনারি। চিত্র ছবি আলেখ্য। যবনিকা-উত্তোলন। প্রদর্শনী শোভা বাহার মেলা। চলচ্চিত্র (৬০৩)। দৃষ্টি,

-কোণ,-ভঙ্গি। দশা কলা। আকার চাহনি চেহারা ভাব ভঙ্গিমা আচরণ। রং বর্ণ। উপস্থিত। অভিব্যক্তি। নকশারেখা। দেহরেখা। পরিলেখ। সিলুয়েট। মুখ মুখমণ্ডল। পার্শ্বচিত্র।

ক্রি. আবির্ভাব হওয়া। দেখতে পাওয়া। দেখা যাওয়া। দেখানো। প্রদর্শন করা (৫৪৩)। দৃষ্টিগোচর হওয়া।

বিণ. আবির্ভূত। উদিত সমুদিত। অবতীর্ণ। উদীয়মান। দৃশ্যমান প্রতীয়মান। বাহ্য। প্রতিভাত। অভিব্যক্ত।

ক্রি-বিণ. আপাতদৃষ্টিতে দৃশ্যত বাহ্যত।

৪৪০। তিরোভাব

বি. তিরোভাব তিরোধান। অন্তর্ধান। অজ্ঞাতবাস ভূতলবাস। আত্মগোপন। গ্রহণ। প্রস্থান। প্রয়াণ। বিলয়বিন্দু।

ক্রি. তিরোধান বা অন্তর্ধান করা। তিরোভাব হওয়া। অদৃশ্য বা গায়েব হওয়া। চোখের বাইরে যাওয়া। হারানো। হারিয়ে যাওয়া। উধাও হওয়া। গলে মুছে বা উবে যাওয়া। গ্রহণ লাগা। নিশ্চিহ্ন বা বিলুপ্ত হওয়া (৫৬১)।

বিণ. তিরোভূত তিরোহিত অন্তর্হিত। অস্তমিত। গত বিগত। নিরুদ্দেশ নিবুদ্দিষ্ট অনুদ্দিষ্ট নিখোঁজ। উধাও। গুম। লাপাত্তা বেপাত্তা নেপথ্যচারী। নিমগ্ন। দূরীভূত। বিলীন নিলীন। বিলীয়মান নিলীয়মান।

ক্রি-বিণ. বেমালুম।

৪৪১। শ্রবণ

বি. শ্রবণ শোনা শুনানি শ্রুতি শ্রুতিগোচর আকর্ণন কর্ণপাত আধান অবধান।

শ্রবণেন্দ্রিয়: শ্রোত্র শ্রুতি কর্ণ কান। শ্রুতি,-মূল, -পথ। শ্রবণবিবর কর্ণপটহ। শ্রুতি শ্রুতি, -গম্যতা,-গোচরতা শ্রবণযোগ্যতা শ্রবণীয়তা। শ্রাব্যতা শ্রাব্যস্পন্দনসংখ্যা শব্দবিদ্যা স্বনবিদ্যা। শ্রবণগুণ। শ্রোতা শ্রাবক শ্রবণকারী। শ্রোতৃ,-বৃন্দ, -গণ,-বর্গ,-মণ্ডলী। দর্শকশ্রোতা অডিয়েন্স। শ্রুতিধর।

ক্রি. শ্রবণ করা বা শোনা। কর্ণপাত করা। কান পাতা দেওয়া বা খাড়া করা। কানে নেওয়া। কানে যাওয়া বা ঢোকা। শুনতে পাওয়া। কর্ণগোচর হওয়া। কানে আসা বা ওঠা। শোনানো। কানে তোলা। কানে ঢোকান। কান ভারি করা। লাগানো। কান ভাঙানো। আড়ি বা কান-পাতা। আড়ি মারা। লুকিয়ে শোনা।

বিণ. শ্রব্য শ্রাব্য শ্রবণীয় শ্রোতব্য শ্রবণযোগ্য। শ্রূয়মাণ। শ্রুতিগম্য শ্রুতিগোচর। শ্রাবিত শ্রুত সংশ্রুত শ্রাবণ। শোনার মতো। শ্রবণোন্মুখ উৎকর্ণ কানখাড়া। উদগ্রীব শ্রুতি,শ্রবণ,-মধুর। শ্রুতি, -কটু,-কঠোর। স্বনবিদ্যা,-সংক্রান্ত।

৪৪২। বধিরতা

বি. বধির,-তা,-ত্ব বাধির্য। শ্রবণ,শ্রবণশক্তি, -হীনতা। অশ্রাব্যতা। অশ্রুতি।

ক্রি. শুনতে না পাওয়া। না শোনা। কানে কম শোনা। কান ঢোলকরা। কান ফাটানো। কানে তালা লাগা। কান ঝালাপালা করা।

বিণ. বধির কালা বয়রা ঠসা। কানে,-কালা, -খাটো। অকর্ণ শ্রুতিহীন কল্প এড়। এড়মূক হাবাকালা। শ্রবণ,শ্রুতি,-হীন শ্রবণশক্তিহীন কর্ণহীন শ্রবণ,শ্রুতি, রহিত। অশ্রাব্য। অশ্রোতব্য। অশ্রবণীয় অশ্রুতিগম্য। অশ্রুতগোচর। অশ্রূয়মাণ। অশ্রুত,-পূর্ব।

৪৪৩। শব্দ

বি. শব্দ আওয়াজ ধ্বনি রব নাদ স্বন নিস্বন নিনাদ। রণ রণন ক্বণ নিক্বণ স্বনন ধ্বনন। আরাব আধ্মান।

তান মূর্চ্ছনা অনুরণন কম্পন। স্বর। রোল। ঘোষ নির্ঘোষ। স্তনন। সাড়া,-শব্দ। টু রা। উচ্চবাচ্য। উচ্চারণ। শ্রাব্যতা। শব্দব্রহ্ম ওঙ্কার ওম প্রণব ত্র্যক্ষর ওঁ। তুড়ি অঙ্গুলিধ্বনি। কণ্ঠস্বর (৫৮২)। কল,-কল,-স্বর,-ধ্বনি,-নাদ। কাকলি কূজন। ডাক। কুহর কুহরণ। শব্দকরণ।

শব্দবিদ্যা ধ্বনিবিদ্যা। স্বনবিদ্যা অ্যাকাউস্টিকস্। ধ্বনিগ্রহ। শব্দজ্ঞান। স্বনমাপক সোনোমিটার। মাইক মাইক্রোফোন। শব্দবিবর্ধন অ্যামপ্লিফিকেশন। চোঙ মেগাফোন। লাউডস্পিকার। অ্যামপ্লিফায়ার। শব্দ,-ধারণ, -গ্রহণ। রেকর্ড। গ্রামোফোন রেকর্ড। লং প্লেয়িং রেকর্ড। গ্রামোফোন। কলের গান। ফোনোগ্রাম। রেকর্ডপ্লেয়াব। স্টিরিও প্লেয়ার। স্টিরিও রেকর্ড। বেডিওগ্রাম। টেপ,-রেকর্ডার,-রেকর্ড। ক্যাসেট। বেকর্ডিং স্টুডিও। শব্দের,-বেগ,-কম্পাঙ্ক, -তরঙ্গদৈর্ঘ্য। ডেসিবেল।

ক্রি. শব্দ হওয়া বা করা। বাজা। প্রতিধ্বনি হওয়া। ধ্বনা। তুড়ি বাজানো। রেকর্ড কবা। সাড়া দেওয়া।

বিণ. সশব্দ। সরব। শব্দ,-ময়,-মুখব,-মুখরিত। কলমুখবিত। শব্দায়মান। শব্দিত ধ্বনিত স্বনিত স্তনিত বণিত বণৎ নিনাদিত সুনাদ আহত মুখরিত বাদিত নাদিত মন্দ্রিত স্বরিত। প্রতিধ্বনিত। কুহবিত। ক্বণিত। ঘোষিত। শাব্দ শাব্দিক। ধ্বন্যাত্মক। শ্রাব্য। শ্রোতব্য। শব্দকারী। শব্দভেদী।

৪৪৪। নিঃশব্দতা

বি. নিঃশব্দতা নৈঃশব্দ্য। শব্দ,ধ্বনি,-হীনতা। স্তব্ধতা নিস্তব্ধতা নিঝুমতা নীরবতা মৌনতা (৫৮৭)। নিশুতি অরব নির্বচন। তূষ্ণীম্ভাব। চুপি। শান্তি। পিনপতন নিস্তব্ধতা। শব্দনিবারকযন্ত্র।

ক্রি. শব্দ না করা বা হওয়া। নিঃশব্দ নীরব বা চুপ থাকা বা হওয়া। কথা না বলা। চুপ করা। চুপ করে যাওয়া। চুপ মেরে যাওয়া। মুখ বোঁজা। কথা বা মুখ বন্ধ করা। কণ্ঠরোধ করা। থামানো। চুপানো।

বিণ. নিঃশব্দ। শব্দ,ধ্বনি,স্বর,সাড়াশব্দ,-হীন। অধ্বনিত স্তব্ধ নিস্তব্ধ নিঃস্বর। শুনশান। নিঝুম নিশুতি। নিসাড় নিঃসাড় নিসাড়া। নীরব চুপ মৌন মূক বোবা। নিথর নিস্তরঙ্গ নিস্পন্দ অস্পন্দ অস্পন্দিত। শান্ত সমাহিত গম্ভীর। চিত্রার্পিত।

ক্রি-বিণ. নিঃশব্দে নীরবে। চুপিচাপি চুপেচুপে চুপিসারে। বিনাবাক্যব্যয়ে। আস্তে।

অব্য. চোপ চোপরাও।

৪৪৫। গর্জন

বি. গর্জন নাদ নিনাদ মন্দ্র হ্রাদ হুংকার ঘোষ নির্ঘোষ নিস্বন স্তনন। অট্ট,-নাদ,-নিনাদ,-রোল, -রব। তারস্বর। ঢক্কানিনাদ। বিস্বন বিকটশব্দ। কম্বু,-কণ্ঠ,-নাদ। কোলাহল কলরোল কলরব কল্লোল। গণ্ডগোল উতরোল শোরগোল হাঁকাহাঁকি হৈচৈ চিৎকার (৪৫৩)। বিস্ফোরণ। ঝংকার ঝঞ্ঝনা। তোপধ্বনি। দুমদামশব্দ। অ্যালার্ম। উলুধ্বনি। হুইশেল। ভোঁ। সিটি। সাইরেন। ঝালাপালা। ঠকঠকানি।

ক্রি. গর্জন করা। শব্দে ফেটে পড়া। কান ফাটা। কান ঝালাপালা করা। চিৎকার করা (৪৫৩)। হুংকার দেওয়া (৪৫৩)।

বিণ. উচ্চ অট্ট তার তীক্ষ্ণ কড়া জোর। আঘাত উদাত্ত। কানফাটা। গর্জিত গর্জমান নিনাদিত গুরুগম্ভীর। ভয়ঙ্কর ভীষণ। নাদী হ্রাদী। গর্জন,নিনাদ,-কারী।

অব্য. ঠাস দুম দুমদাম দড়াম ফটাস ফটাফট টাট -টাট। মড়াৎ কড়াৎ হুড়মুড় দুরদার। হাহা হোহো।

ক্যাটকেটে কটমটে খট খটাখট ঘটর ঘটরমটর। খ্যাঁক খ্যাঁকখ্যাঁক। খ্যাঁচখ্যাঁচ খ্যাঁচাখ্যাঁচি খ্যাঁতখ্যাঁত। গাঁগাঁ গাঁকগাঁক। ঘটঘট। চেঁইভেঁই চেঁইমেই চোঁভোঁ চ্যাঁভ্যাঁ ঝপাঝপ। ঝমঝম বকবক মটমট রৈরৈ হাউমাউ হাউহাউ হাঁহাঁ হিহি হুটহাট।

৪৪৬। মর্মর

বি. মর্মর। ঝর্ঝর। শীৎকার। ফোঁসানি ফোঁপানি ফিসফিসানি। গুঞ্জন গুঞ্জরণ গুনগুনানি। খসখসানি। চুমকুড়ি। কুল্লি কুলিকুচা। টুঁ। মিউমিউ। গলাখাঁকারি। খকখকানি। গোঙানি। স্বরভঙ্গ। নিম্নস্বর খাদ।

ক্রি. ফিসফিস করা। বিড়বিড় করা। গুনগুন করা। গুঞ্জন করা বা ওঠা। গলা নামানো। গলা ভাঙা।

বিণ. অনুচ্চ অস্ফুট চাপা মৃদু ক্ষীণ মিহি। অব্যক্ত অঘোষ অনুদাত্ত। আধোআধো। গলাভাঙা। শব্দনিরোধক। অশ্রাব্য।

অব্য. ঝিরঝির ঝমঝম রিমঝিম শিরশির বনবন শনশন। গুনগুন কলকল খলখল কুলকুল কুলুকুলু ছরছর ছলাৎ ছলাৎ ধকধক টিকটিক টাপুরটুপুর খুটখুট খুটখাট গটমট গটগট ধুপধাপ থপথপ চপচপ ঠুসঠুস ঠাস টুন টুনটুন সপ্‌সপ্‌ বিড়বিড় মিউমিউ মর্‌মর্‌ মুড়মুড় হিহি খিকখিক খিলখিল ফিকফিক ভ্যাঁভ্যাঁ ফিচফিচ ভেউভেউ খকখক খুকখুক ক্যাঁচক্যাঁচ ঘ্যাসঘ্যাস ঢকঢক কুড়কুড় কুড়মুড় খচরখচর খচরমচর খটখট।

কচ কচাৎ কচকচ কচাকচ কচরকচর কচমচ কচরমচর কড়মড় কড়রমড়র করকর। কিচমিচ কিচিরমিচির কিড়মিড় কিরকির। কুট কুটুরকুটুর কুটুস। কুরকুর কুইকুই কেঁইমেউ কেউমেউ ক্যাঁ কোঁকোঁ। কাৎকোৎ ক্যাঁচ ক্যাঁচক্যাঁচ মচ মচমচ মট মটমট মুচ মুচমুচ ক্যাঁচরক্যাঁচর ক্যাঁটক্যাঁট খচখচ। খপ খপাৎ খপাস খুটখাট খুটুসখুটুস। খুসখুসে গজরগজর গাঁইগুঁই গুপগুপ গুপগাব গোঁগোঁ গোঁৎগোঁৎ ঘোঁতঘোঁত চিঁচিঁ চুক চুকুরচুকুর চ্যাঁচ্যাঁ ছপছপ ঝিরঝির ঝুপঝুপ ঝুমঝুম টকটক টসটস টিকিসটিকিস টিপটিপ কুটুস টুকুস টুংটোং টুনটুন ঠুকঠুক ঠুকুরঠুকুর থপ থপাস কট কটাৎ কটাস কটমট কটরমটর। ঠস ঠসঠস ধুপধাপ প্যাটপ্যাট ফসফস ফুটফুট হুপ।

৪৪৭। নির্ঘাত

বি. নির্ঘাত বজ্রপাত অশনিপাত হুংকার চিক্কুর তোপধ্বনি। বন্দুকের,গুলির,-আওয়াজ। কামানের গর্জন। বিস্ফোরণ। পতন। শঙ্খনাদ।

ক্রি. মটকানো। ভাঙা। কড়াৎ করে ভাঙা। দুড়ুমদাড়াম গুড়ুমগুড়ুম বা হুড়ুমহাড়ুম শব্দ করা। পটপট করা। ঠাস বা ঠাসাঠাস মারা। ধপাৎ ধপাস বা ঢপ করে পড়া। ধসা। কড়কড় করা।

অব্য. ঠাস দুম দুমদাম দুড়দুড় দুড়ুম ধুম দমাস ধপাস ধাঁই গুড়ুম গুড়ুমগুড়ুম ধপাৎ দড়াম ফটফট টাটা টাটটাট। মড়াৎ কড়াৎ মচাৎ পট পটাৎ পটাস পটাসপটাস পটাংফট হুড়মুড় দুরদার ধুপধাপ। ধুপ ধপাস ধম ধমাৎ ধমাস ধড়াম ধড়াস ধাঁই ধুপ্পুস ঢুপ ঢুপঢাপ ঝপাৎ।

কড়কড় কপ কপাৎ কপকপ খচাখচ ঘটাস ঘটাৎ গুমগুম গমগমে চট চটাস চড়াৎ চড়াস ছপাৎ ছপাস ঝনঝন ঝমাৎ টকাটক ঠক ঠকঠক ঠকাৎ ঠকাস ঠ্যাসঠ্যাস ঢকঢক ঢকাস ঢকাৎ ধপাধম ধুম ধুমধাম ধুমাধুম পটাপট পটাং পটাংপটাং পড়াং পড়াংপড়াং ফুটফুট ফটাফট ফটাস ফড়াৎ ফড়াস ফসাফস ফুটফাট মটাৎ মঠাস হড়াৎ হুড়ুৎ হুড়োহুড়ি।

৪৪৮। ঘর্ঘর

বি. ঘর্ঘর ঘন্টাধ্বনি ঢংঢংশব্দ ঠনঠনানি। মেঘ, -নাদ,-মন্দ্র। ঝনঝনা। ঢক্কানিনাদ দুন্দুভি

কাড়ানাকাড়া টিকারা। ডিমিডিমিশব্দ। টাপুরটুপুর শব্দ। ঝর্ঝর। জোঁকার উলু হুলুধ্বনি। ঠকঠকানি।
ক্রি. গুড়গুড় বা গুড়ুগুড়ু শব্দ করা। ঝমঝম বা ঝমরঝমর শব্দ করা। ঝনঝন করা। টাপুরটুপুর বৃষ্টি পড়া। এক টানা বা এক ঘেঁয়ে শব্দ করা। ঘন্টা বাজা। ঢেউ আছড়ে পড়া বা ভাঙা। টিক্‌টিক্ কবা। গুনগুন করা। তা-না-না করা। ধুপ-ধাপ শব্দ করা। ট্যা-ট্যা ঘ্যানঘ্যান বা ঘ্যানরঘ্যানর করা। হো-হো বা হি-হি করে হাসা।
অব্য. ঘরঘর ঘ্যাঁসঘ্যাঁস ঝিকঝিক ঘটরঘটর ঘটরমটর ক্যাঁচম্যাঁচ ভটভট ভটরভটর বোঁবোঁ ভোভো। ঠকঠক ঠুকঠুক ঠুকঠাক ঠুসঠাস। ঢংঢং ঢনঢন ঠনঠন ডিংডিং টংটং ক্রিংক্রিং ঠুংঠাং টুংটাং। গুড়ুগুড়ু গুড়গুড় কড়কড়া। খুটুরখুটুব খুটুরমুটুর খটবখটর।
কুবকুর খড়খড় খড়মড় গুম গুমগুম ঘ্যাঁচরঘ্যাঁচর ঘ্যানরঘ্যানর ঠকরঠকর ঠুকুসঠুকুস ধমাধম ফ্যাঁচবফ্যাঁচর বকরবকর হুড়হুড় হুড়হুড় হাপুসহাপুস হাপুড়হুপুড়।

৪৪৯। অনুনাদ

বি. অনুনাদ অনুরণন রণরণি ক্বণ ক্বণন নিক্বণ। ধ্বনন। ঝংকার ঝংকৃতি ঝনৎকার। ঝঞ্জনা ঝিনিঝিনি, ঝিনিকিঝিনি,-শব্দ। শিঞ্জন। ঝালা তান। মূর্ছনা। টংকার। কম্পন অনুকম্পন। গমক। গুঞ্জন। বেশ। ব্যঞ্জনা। ঘন্টাধ্বনি ঠনঠনানি। প্রতিধ্বনি। প্রতি,-স্বর,-নাদ,-নিনাদ,-রব,-শব্দ অনুধ্বনি একো। আকাশ,-দুহিতা,-নন্দিনী, -সম্ভবা। নাসিকাগর্জন। নাকসাট।
বিণ. অনুনাদিত অনুরণিত প্রতিশব্দিত প্রতিধ্বনিত ঝংকৃত শিঞ্জিত কম্পিত।
অব্য. ঝুনুঝুনু রিনিঝিনি। রিন রিনরিন খ্যানখ্যান রিমঝিম গুনগুন ঘ্যানঘ্যান ঘ্যানরঘ্যানর ঝনঝন টিংটিং ঠুংঠোং ঠুনঠান পিড়িংপিড়িং।

৪৫০। অননুনাদ

বি. অননুনাদ অননুরণন অনুচ্চারণ অপ্রতিধ্বনি।
ক্রি. শব্দ না করা। শব্দ কমানো চাপা দেওয়া বা রোধ করা। ধুপ করে পড়া। ধপ করে আওয়াজ করা। আওয়াজ না করা। ভাঙা বা অস্ফুট শব্দ হওয়া।
বিণ. অননুনাদিত অননুরণিত অনুচ্চ ক্ষীণ অব্যক্ত অস্ফুট। বোবা মূক। রুদ্ধ। ভাঙা ভগ্ন।
অব্য. থপ থপাস ঠস।

৪৫১। উষ্মধ্বনি

বি. উষ্মধ্বনি ফিসফিসানি হিস্‌হিসানি ফোঁসফোঁসানি। শিস।
ক্রি. হিস্‌হিস্ করা। ফিস্‌ফিস্ করা। ফোঁসানো। ফোঁপানো। ফোঁস করা। শিস দেওয়া। সোঁ সোঁ বা ভোঁ ভোঁ শব্দ করা।
অব্য. সোঁসোঁ ভোঁভোঁ সাঁইসাঁই সাঁসাঁ হুহু। ফুসফাস ফুসফুস ফোঁসফাঁস ফ্যাঁচ ফ্যাঁচফ্যাঁচ হাঁসফাঁস হুমহুম।

৪৫২। কর্কশধ্বনি

বি. কর্কশ,-ধ্বনি,-শব্দ। কাংস্য,-ধ্বনি,-নিনাদ। কার্কশ্য। কড়কড়,কিরকির,-শব্দ। চিৎকার চিক্কুর আর্তনাদ।
ক্রি. কড়কড় বা কিরকির করা। দাঁতে দাঁত ঘষা। কিড়মিড় করা। নাক ডাকা। চিৎকার করা। কান ফাটানো। কানে তালা লাগানো। হুংকার দেওয়া (৪৫৩)। ভোঁ ভোঁ শব্দ করা (৪৫০)। কানে বাজা বা ঠেকা।

বিণ. কর্কশ শ্রুতিকটু। মোটা তীক্ষ্ণ কড়া হেঁড়ে বাজখাঁই। কর্ণপীড়ক। কির্‌কিরে কড়কড়ে। ধাতব। কানফাটা। খন্‌খনে ঝন্‌ঝনায়মান।

অব্য. কড়কড় কিড়কিড় কিড়িমিড়ি কটরমটর ঘটরমটর।

৪৫৩। চিৎকার

বি. চিৎকার চেঁচানি চেঁচামিচি চেল্লাচেল্লি চিল্লুর। গলাবাজি কোলাহল কলরব গণ্ডগোল গোলমাল শোরগোল হট্টগোল হররা হৈচৈ। হাঁকডাক হাঁকাহাঁকি ডাকাডাকি উতরোল উচ্চরোল উচ্চবাচ্য। হল্লা হৈ-হল্লা জিগির উচ্চরব হুল্লোড় হৈ-হট্টগোল ফুকার হুংকার হুহুংকার। সিংহ,ভীম,-নাদ। কল্লোল। জয়ধ্বনি। হর্ষকোলাহল। শ্লোগান। মরাকান্না। হাহাকার। ক্রন্দনরোল। খেঁকানি। গাঁক গাঁক। গোঙানি। ঘেঙানি হাউমাউ আর্তনাদ অট্টনাদ। কোরাস ঐকতান সমবেতসংগীত আবাহন। কীর্তন হুলুধ্বনি উলু জোঁকার। আজান।

ক্রি. চিৎকার করা। চেঁচানো। চেল্লানো। হাঁকড়ানো। ফুকরানো। হাঁকা। ডাকা। হাঁক ডাক করা। ডাক ছাড়া পাড়া বা দেওয়া। বাড়ি বা পাড়া মাথায় করা। কাকচিল বসতে না পারা। চেঁচিয়ে সাতপাড়া মাথায় করা। সাতগাঁয়ের লোক একত্র করা। রব বা জিগির তোলা। কান ঝালাপালা করা। কানের পোকা বার করা। কান ফাটানো। কানে তালা লাগানো। গলা ফাটানো। গলাবাজি করা। আকাশ ফাটানো। জিন্দাবাদ দেওয়া। হৈ-চৈ বা হররা করা। শোর রব বা গোল ওঠানো। হোহো বা হিহি করা। গোঙানো। ঘেঙানো। ডুকরানো। ডুকরে ওঠা। আর্তনাদ করা। ঘ্যান ঘ্যান করা। ভেউ ভেউ করে কাঁদা। ফোঁসানো। ফোঁপানো। নাক ডাকা। গর্জন করা। তর্জন গর্জন করা। হুংকার দেওয়া।

বিণ. চিৎকৃত গর্জিত নিনাদিত। হুংকারিত। কোলাহলপূর্ণ।

ক্রি.বিণ. চেঁচিয়ে জোরগলায় গলা ফাটিয়ে জোরে তারস্বরে উচ্চকণ্ঠে।

৪৫৪। প্রাণীর ডাক

বি. প্রাণীর,-ডাক,-চিৎকার,-আওয়াজ। পাখি: কূজন কুহরণ কাকলি। কিচমিচ। কোকিল: কুহু,-রব,-তান,-ধ্বনি পিক,-রব,-তান। ময়ূর: কেকা। কাক: কা কা। পায়রা: বকবকম। প্যাঁচা: ঘূৎকার। মোরগ: কোকর কোঁ। হাঁস। হংস,-ধ্বনি,-নাদ ক্রেংকার প্যাঁকপ্যাঁক। গোরু: হাম্বা,-রব রেভন। ঘোড়া: হ্রেষা। সিংহ: হুংকার হুহুংকার সিংহাণ সিংহ,-নাদ,-গর্জন,-ধ্বনি। বাঘ: হালুম। বানর: হুপ। হাতি: বৃংহণ বৃংহিত। কুকুর: ঘেউঘেউ ভৌভৌ কেঁউকেঁউ কেঁইকেঁই। বিড়াল: মিউমিউ ম্যাও,-ম্যাও। শূকর: ঘোঁৎ ঘোঁৎ। ব্যাঙ: ভেকরব মকমক মকমকি। সাপ: ফোঁসফোঁস হিসহিস। শিয়াল: হুক্কাহুয়া শিবারব। ইঁদুর: কিচ্‌কিচ্‌ কিচ্‌মিচ্‌। রাক্ষস: হাউমাউ খাউ।

৪৫৫। সুর

বি. সুর (৪৫৭)। তাল লয় মান মাত্রা ছন্দ (৫৭৯)। রাগরাগিণী (৪৫৮)। তান গৎ বোল। ধুন। সুরলহরী। স্বর,-সংগতি,-সাম্য। হার্মনি। স্বর স্বরভঙ্গি টোন। স্বনসংগতি টোনালিটি। সু,-স্বন,-তান মেলোডি। সুস্বনতা সুমধুরতা। সুরসুধা। আলাপ কর্তব পেশকরা। সংগত মিল। মূর্চ্ছনা গমক ঝালা। খেই সূত্র। সুরবিন্যাস সুরলিপি। সুর,-জ্ঞান,-বোধ। তাল,লয়,মাত্রা,-জ্ঞান। গায়কী লোকসুর। রাগসুর।

ক্রি. সুর ভাঁজা। সুর দেওয়া। সুর তোলা। তান ছাড়া তোলা বা ধরা। তেলেনা ভাঁজা। আলাপ করা। গলা সাধা। গাওয়া। গান গাওয়া বা করা। গুনগুন করা। শিস দেওয়া।

বিণ. সুরেলা গীতল মধুর সুকণ্ঠ সুকণ্ঠী সুস্বর সুধাস্বর সুস্বন। শ্রুতিমধুর সুশ্রাব্য। সুমিষ্ট সুমধুর মিষ্টি। কোকিলকণ্ঠী। সুরধর্মী গীতিধর্মী।

৪৫৬। সুরহীনতা

বি. সুরহীনতা তাললয়মাত্রাহীনতা সুরপতন ছন্দপতন তালভঙ্গ বেতাল। কাংস্যনিনাদ কার্কশ্য। (৪৫২)। মাত্রাজ্ঞানহীনতা। তালজ্ঞানের অভাব।

ক্রি. সুর ঠিক না হওয়া। তাল লয়মাত্রা না মানা। তালগোল পাকানো। তাল কাটা। কানে ঠেকা বা বাজা (৪৫২)।

বিণ. বেসুর বেসুরো সুরহীন। সুরকানা। বেতাল বেতালা তালহীন তালকানা। তাল-লয়-হীন। বাজখাঁই কর্কশ রুক্ষ শ্রুতিকটু। বিস্বর বাসভনিন্দিত। অনাহত। আসাধা। মেঠো। অনিবদ্ধ।

৪৫৭। সংগীত

বি. সংগীত মিউজিক গীত বাদ্য গানবাজনা। সুরসংগত। সংগীত,-বিদ্যা,-শাস্ত্র সংগীতকলা। নৃত্যগীতবিদ্যা তৌর্যত্রিক গন্ধর্ববিদ্যা। নাচগান নৃত্যগীত নাচগান-বাজনা কৌশিলব্য। নাদ,-ব্রহ্ম। গান গীত গীতি। কথা বোল পদ ধুন। সংগীত,গীত,-সুধা। সংগীতরস। গীতিধর্মিতা। উদ্‌গীত উদ্‌গীতি। গানের অংশ: সঞ্চারী অন্তরা আস্থায়ী অস্থায়ী আভোগ স্থায়ী। কলি চরণ স্তবক। তুক। ধুয়া ধ্রুবকা ধ্রুবপদ। আখর। গৌরচন্দ্রিকা গৌরচন্দ্র। চিতেন। আলাপ বিস্তার জোড় ঝালা গৎ বন্দিশ বন্দেশ মুখ তান তানকরতব কবতব হলকতান বোলতান গিটকিরি গমক মূর্চ্ছনা শ্রুতি মিড় মুরকি।

সুর (৪৫৫)। স্বর সপ্তস্বর সপ্তক সপ্তসুর সুরসপ্তক। অকটেভ। অষ্টক। সা-রে-গা-মা-পা -ধা-নি-সা। সা ষড়জ খরজ। রে রেখভ ঋষভ। গা গান্ধার। মা মধ্যম কড়িমধ্যম তীব্রমধ্যম। পা পঞ্চম। ধা ধৈবত। নি নিষাদ নিখাদ। অচলস্বর সা পা। কড়ি তীব্র। কোমল বিকৃত অতিকোমল। শুদ্ধস্বর। নিম্নসপ্তক উদারা মন্দ্রসপ্তক। মুদারা। তারা তারসপ্তক। খাদ। স্বর,-গ্রাম,-লহরী। সুরতরঙ্গ। বাদী সম্বাদী। অনুবাদী। আরোহ উত্থান অনুলোম। অবরোহ পতন অওরো বিলোম। স্বরলিপি নোটেশন। আকারমাত্রিক স্বরলিপি। সরগম। রাগরাগিণী (৪৫৮)।

তাল টাইম মিটার। মাত্রা বিট। লয় টেম্পো। লয়প্রবাহ রিদ্‌ম্‌। দ্রুত লয় জলদ। মধ্য রূপক লয়। বিলম্বিত লয় ঢিমে,-তাল,-লয়। সম। তেহাই। ফাঁক। একতাল ত্রিতাল তিনতাল তেতালা। মধ্যমান। পাঞ্জাবি ঠেকা। পোস্ত। কাশ্মিরি খেমটা। কাওয়ালি। ছপকা। আড়াঠেকা। তিলোয়াড়া। কাহারবা। দাদরা আড়খেমটা। ঝাঁপতাল। তেওড়া। সুরফাঁকতাল শূলতাল। ধামার। তেওট। চৌতাল। আর্ধা। যৎ। ধনতাল। দীপচণ্ডি। আড়াচৌতাল। দশকোষি। আদিতাল। আড় আড়ি। রাবীন্দ্রিক তাল: ঝম্পক ষষ্ঠী উলটাষষ্ঠী রূপকড়া নবতাল একাদশী নবপঞ্চ। তালফেরতা। তালসংগত। তবলাসংগত।

কণ্ঠসংগীত। নারীকণ্ঠ: সোপ্রানো মেদ্‌জো -সোপ্রানো অলটো। কনট্রালটো। পুরুষকণ্ঠ: টেনর ব্যারিটোন বেস। ফলসেটো। যন্ত্রসংগীত (৪৫৯)। বাদ্যযন্ত্র (৪৬০)। উচ্চাঙ্গ,ধ্রুপদী,-সংগীত। ক্ল্যাসিক্যাল গান। মার্গসংগীত। শাস্ত্রীয় সংগীত। কালোয়াতি গান। ওস্তাদি গান। হিন্দুস্থানি সংগীত।

ধ্রুপদ। ধামার। খেয়াল। ঠুংরি। তারানা তেলেনা। রাগপ্রধান গান। টপ্পা। দাদরা। গজল। কাজরি। কাওয়ালি। লোক,-সংগীত,-গীতি। পল্লী,-গীতি, -সংগীত। বাউল দেহতত্ত্ব লালনগীতি। ভাটিয়ালি। জারি সারি। ভাওয়াইয়া। গম্ভীরা আলকাপ। তরজা কবিগান চিতেন ঝুমুর। ঘুমপাড়ানি। ভাসান গাজন। ঘাটুযাত্রা টুসু ভাদু। হাপু। জাগ। চটকা। চৈতি। হোলি ঢপকীর্তন ধানকাটারগান। বারমাসী বারমাস্যা। ধর্মসংগীত। ভক্তি,-সংগীত, -গীতি, --মূলকগান। হামদ নাত মুর্শিদি শরিয়তি হকিয়তি। ভজন। কীর্তন পালাকীর্তন পালা। শ্যামাসংগীত শাক্তপদাবলী রামপ্রসাদী। ব্রহ্মসংগীত। চর্যাগীতি। জাতীয়সংগীত কওমিতারানা। প্রভাতফেরি। স্বদেশী, দেশাত্মবোধক,-গান। গণসংগীত। কাব্যসংগীত লিরিক গাথা। রবীন্দ্রসংগীত। নজরুল সংগীত। আধুনিক সংগীত। লঘুসংগীত সুগমসংগীত পপ,-মিউজিক,-সং। ফিল্মসংগীত। শোক,-গাথা, -গীতি,-সংগীত। মর্সিয়া জারি। বুজ্ উদ্বোধনসংগীত। সমাপ্তিসংগীত। আনুষ্ঠানিক সংগীত। কোরাস সমবেতসংগীত। দ্বৈতসংগীত। এককসংগীত সোলো। আবহসংগীত ব্যাকগ্রাউন্ডমিউজিক। জলসা সংগীতানুষ্ঠান গানের আসর সংগীতসম্মেলন মহ্ফিল। আখড়াই হাফআখড়াই। গাওনা মুজরা। সংগীত,-সাধনা, -চর্চা,-শিক্ষা। স্বরসাধনা রেওয়াজ। গায়কী। ঘরানা।

সংগীতজ্ঞ সংগীতবিৎ সংগীতকার সংগীতশিল্পী গীতজ্ঞ। সুরকার শিল্পী সংগীতপরিচালক। সংগীত,-গুরু,-শিক্ষক। ওস্তাদ পণ্ডিত। কালোয়াত কলাবত। গায়ক গাইয়ে গায়েন গায়িকা। উদ্‌গাতা। খেয়ালিয়া। ধ্রুপদিয়া। কীর্তক কীর্তনীয়া। পালাকার কবি কবিয়াল কাউয়াল। বাউল। সহগায়ক দোহার। বাদক বাজিয়ে বায়েন বাদ্যকর বাজনদার ঢুলি তবলচি। বংশীবাদক। ভায়োলিনবাদক। যন্ত্রী যন্ত্রশিল্পী। সংগীত, -রসিক,-প্রেমী। গানপাগল। গীতিকার।

ক্রি. স্বরলিপি রচনা করা। গান লেখা। গান গাওয়া। গান করা। সুর তোলা। সুর দেওয়া। সুর ধরা। সুর ভাঁজা। গুনগুন করা। গলাছেড়ে গান গাওয়া। বাজানো। ঠেকা দেওয়া। সংগত করা। গান শেখা। সরগম ভাঁজা। রেওয়াজ করা। চিতেন কাটা। তুড়ি বাজানো। তালি দেওয়া। শিস দেওয়া। বিণ. গীতল সুরধর্মী। গীতি,-ধর্মী,-ময়। গেয় গাতব্য। গীত সুমুদ্‌গীত। সাংগীতিক।

৪৫৮। রাগরাগিণী

বি. রাগ রাগরাগিণী। ছয়রাগ ছত্রিশরাগিণী। আরোহ্ অবরোহ্ জাতি বাদী সম্বাদী ঠাট পকড়। ঠাঠ মেল: বিলাওল কাফি ভৈরবী ভৈরব কল্যাণ আশাবরী পূরবী মারোয়া টোড়ি খাম্বাজ। ঔড়ব ষড়ব খাণ্ডব সম্পূর্ণ। রাগ: অরুণমল্লার অঞ্জনীটোড়ি অলংকগুর্জরী আড়ানা আনন্দভৈরব আনন্দভৈরবী আভিরি আভোগী আলাহিয়া আলাহিয়াবিলাওল আশাবরী আহিরভৈরব আহিরীটোড়ি ইমন ইমনকল্যাণ ইমনবিলাওল কর্ণাট কল্যাণ কল্যাণনট কলিঙ্গড়া কাফি কাফিকানাড়া কাফিটোড়ি কামোদ কামোদনট কুকুভা কুমারী কেদারা কেদারানট কোমল -আশাবরী কোমলবাগেশ্রী কোমল-কানাড়া কৌশিকী-কানাড়া কৌশী কৌশিভৈবব কৌশিভৈরবী খট খাম্বাজ খাম্বাবতী খোকর গাউতি গান্ধারী গারা গারাকানাড়া গুণকেলি গুর্জরি গোপীবসন্ত গৌড়মল্লার গৌড়সারঙ্গ গৌরী চন্দ্রকান্ত চন্দ্রকোষ চর্জুকীমল্লার চিত্রাগৌরী ছায়া ছায়াটোড়ি ছায়ানট জংলা জয়জয়ন্তী জয়জয়-বিলাওল

জয়শ্রী জয়েৎ জয়েৎকল্যাণ জয়েৎমল্লার জলধরকেদারা জাজমল্লার জিল্‌হা জৌনপুরি ঝিঁঝিট ঝিলফ টঙ্কশ্রী টঙ্ককানাড়া টোড়ি তিলং তিলককামোদ ত্রিবেণী দরবাবি দরবারিকানাড়া দরবারিটোড়ি দীপক দুর্গা দেবগান্ধার দেবগিরি দেবরঞ্জনী দেবশাখ দেশ দেশকার দেশগৌড় দেশী দেশীটোড়ি ধবলাশ্রী ধানশ্রী ধানী ধুরিয়ামল্লার নটনারায়ণী নটবিলাওল নটমল্লার নাগধ্বনিকানাড়া নাগস্বরাবলী লাচাড়িটোড়ি নট নায়কিকানাড়া নারায়ণবিলাওল নারায়ণী নিশাশাখ নীলাম্বরী পঞ্চম পটদীপ পটদীপকী পটবিহাগ পটমঞ্জরী পরজ পলাসি পাহাড়ি পিলু পূরবী পূর্বকল্যাণ পূর্ব্যা পূরিয়া পূরিয়াকল্যাণ পূরিয়াধানশ্রী প্রতাপবরালী প্রদীপকী প্রভাত প্রভাতভৈরবী ফিরোজখানিটোড়ী বঙ্গালবিলাওল বঙ্গালভৈরব বঙ্গালী বড়হংস বরারী বসন্তমুখারী বাগেশ্রী বারোঁয়া বাহার বাহাদুরিটোড়ি বিভাস বিলাওল বিলাসখানিটোড়ি বিহগবা বিহাবী বৃন্দাবনিসারং বৃহন্নট বেহাগ বেহাগনট বৈরাগীভৈরব ভংখার ভবশাখ ভাটিয়ার ভিন্নষড়জ ভীম ভীমপলশ্রী ভূপাল ভূপালী ভৈরব ভৈরববাহার ভৈরবী ভৌপাল মঙ্গল মঙ্গলকানাড়া মঙ্গলভৈরব মধুমন্তী মধুমাধবীসারং মনোহর মল্লাব মাঁড় মাঝ মাঢ মাড়োয়া মালকৌশ মালগুঞ্জ মালবকৌশিকী মালবী মালশ্রী মালীগৌরী মিঞামল্লাব মিঞাসারং মিঞাকীকানাড়া মীবাবাঈকিমল্লার মীবামল্লার মীবাসারং মুখারী মুদ্রাকিকানাড়া মুদ্রাকিটোড়ি মুলতান মেঘ মেঘমল্লার মেঘরঞ্জনী যোগ–আশাবরী যোগিয়া রক্ত হংসসারং রাগেশ্রী রাজবিজয় রামকেলি বামদাসীমল্লার রেবা লক্ষ্মীটোড়ি লঙ্কাদহনসাবং লচ্ছাশাখ লচ্ছাসার ললিত ললিতাগৌরী লাচাড়ীটোড়ি লুম শঙ্করা শঙ্করাভরণ শরৎ শিবমতভৈরব শিবরঞ্জনী শুক্লবিলাওল শুদ্ধকল্যাণ শুদ্ধবিলাওল শুদ্ধমল্লার শুদ্ধসারং শ্রী শ্রীরঞ্জনী শ্যাম শ্যামকল্যাণ শ্যামকানাড়া সরপরদা সরস্বতী সাজগিরি সাবনীকল্যাণ সাবেরি সামন্তসারং সাহানা সিন্ধু সিন্ধুরা সিন্ধুভৈরবী সুঘরাই সুঘরাইকানাড়া সুঘরাইটোড়ি সুরট সুরদাসীমল্লার সুহা সুহাটোড়ি সোহিনী সোহিনীভাটিয়ার সৌরাষ্ট্র হংসেকঙ্কনী হংসধ্বনি হংসনারায়ণ হরিদাসীমল্লার হাম্বীর হিজাজ হিন্দোল হিম হেমকল্যাণ হোসেনিকানাড়া।

সকালের রাগ: মধুমাধবী দেশাখ্য ভূপালী ভৈরবী বিলাওলী মল্লারী বঙ্গালী শ্যাম গুর্জরী ধানশ্রী মালবশ্রী মেঘ পঞ্চম দেশকার ভৈরব ললিত বসন্ত। দুপুরের রাগ: গুর্জরী কৌশিকী সাবেরি পটমঞ্জরী রেবা গুণকিরী ভৈরবী রামকেলী সৌরাটী।

বিকালের রাগ: বৈরাটী তোড়ি কামোদী কুড়ারিকা গান্ধারী নাগশব্দী শঙ্করাভরণী দেশী।

সন্ধ্যার রাগ: শ্রী মালব গৌরী ত্রিবেণ নটকল্যাণ সারঙ্গ নট নাট কেদারী কর্ণাটী আভিরিকা বড়হংসী পাহাড়ি।

রাত্রির রাগ। প্রথম প্রহর: আহির ভৈরব ইমন ইমনকল্যাণ কল্যাণ কামোদ কামোদনট কেদারা গৌড় চন্দ্রকান্ত নটনারায়ণী পূরিয়া বৃহন্নট ভূপালী মঙ্গল মলুহা মাড়োয়া লচ্ছাসার শ্যাম শ্যামকল্যাণ সাবনীকল্যাণ হাম্বীর হেমকল্যাণ হংসধ্বনি।

দ্বিতীয় প্রহর: অরুণমল্লার কর্ণাট কাফি কাফিকানাড়া কোহলকানাড়া কৌশিকীকানাড়া কৌশী খাম্বাজ গারা গারাকানাড়া ছায়া জয়জয়ন্তী ঝিঁঝিট তিলক কামোদ দরবারিকানাড়া দরবারিটোড়ি দেবগিরি দেশ ধুরিয়ামল্লার নটমল্লার নাগধ্বনি কানাড়া নাগস্বরাবলী নাচাড়িটোড়ি নারায়ণী নায়কিকানাড়া পটমঞ্জরী প্রতাপবরালী

পাহাড়ি বারোঁয়া বাহার বিহারী বেহাগনট মল্লার মাঝ মালগুঞ্জ মাঢ় মীরামল্লার মুখারী মুদ্রাকিকানাড়া মেঘমল্লার মিঞামল্লার রাগেশ্রী রামদাসীমল্লার লুম শরৎ শ্রীরঞ্জনী। শংকরা শংকেরাভরণ সাহানা সিন্ধু সিন্ধুড়া সুঘরাইকানাড়া সুরদাসীমল্লার সুরট জয়েতমল্লার।

তৃতীয় প্রহর: আড়ানা চন্দ্রকোষ দীপক বসন্ত বাগেশ্রী বিহগরা বেহাগ ভংখার মালকৌশ শিবরঞ্জনী সোহিনী হিন্দোল গোঁড়মল্লার গৌড়মল্লার চর্জুকীমল্লার টঙ্ককানাড়া পটবেহাগ মঙ্গলকানাড়া মিঞাকীকানাড়া শুদ্ধমল্লার শ্যামকানাড়া ।

শেষ প্রহর: পঞ্চম পরজ প্রদীপকী মেঘরঞ্জনী ললিত।

৪৫৯। যন্ত্রসংগীত

বি. যন্ত্রসংগীত। বাজনা বাজন বাজা বাদ্য বাদ্যি বাদ্যধ্বনি বাদন। বাদন বায়ন। বাদ্যবৃন্দ বৃন্দবাদন ঐকতানবাদন সমবেতযন্ত্রসংগীত সাজবাজান আর্সাব্‌ল অর্কেস্ট্রা কনসার্ট। জ্যাজ। ব্যান্ড। পাইপ ব্যাণ্ড। পাইপস অ্যান্ড ড্রামস। ব্রাস ব্যান্ড। গড়ের বাদ্যি। রণবাদ্য। মিলিটারি ব্যান্ড। চতুরঙ্গ। নহবত। রোশনচৌকি। নহবত,হাফার,-খানা।

সংগত। তালসংগত। তবলা,পাখোয়াজ,- সংগত। তবলাতরঙ্গ। তবলালহরা। ঢাকেরবাদ্য ধুমুল ধুম্বল। আলাপ। জোড়। ঝালা। গৎ। মসিদখানি। রেজাখানি। জোয়ারি। অনুরণন। ক্বণ নিক্কণ। শিঞ্জন শিঞ্জিনী। টুং টাং। ঠুং ঠাং। টিন টিন। টং টং। ঢন ঢন। ঠ্যান ঠ্যান। প্যাঁ প্যাঁ। পোঁ পোঁ। পিঁ পিঁ। কোঁ কোঁ। ক্যাঁ ক্যাঁ। ঝন ঝন। ঠন ঠন। ঝনৎকার ঝনাৎকার ঝনঝনানি ঝুমঝুম ঝুমাঝুম ঝিনি ঝিনিনি ঝিনিঝিনি রিনিঝিনি ঝিনিকিঝিনিক ঝনকঝনক ঝমরঝমর ঝনাৎঝনাৎ রুমঝুম। টাক ডুমাডুম। তাক ধিনাধিন। ড্যাডাং ড্যাডাং। ঢ্যাম কুড় কুড়। ধিনতা ধিনা তা ধিন ধিন। ডিম ডিম। দুম দুম।

যন্ত্রী যন্ত্রশিল্পী। বাদক বাদ্যকর বাজিয়ে বাজ,বাজনা,-দার বাজানেওয়ালা। বায়ান বায়ক বায়েন বাইন বাইতি। ব্যান্ডমাস্টার। কনডাকটার। পরিচালক। ঢাকি ঢুলি। তবলচি তবলিয়া তবলাবাদক। খোলবাদক খুলি। মৃদঙ্গবাদক মৃদঙ্গী। পাখোয়াজি। সেতারি সেতারবাদক। সরোদিয়া সরোদি সরোদবাদক। বীণকার বীণাবাদক। বংশীবাদক।

ক্রি. বাজানো। সংগত করা। তাল সংগত করা। ঠেকা দেওয়া। তবলা বা পাখোয়াজ সংগত করা।

বিণ. বাদিত শিঞ্জিত ক্বণিত ঝংকৃত শব্দিত।

৪৬০। বাদ্যযন্ত্র

বি. বাদ্যযন্ত্র স্বনক বাদিত্র বাজনা। বাদ্যভাণ্ড। আতোদ্য: আনদ্ধ তত সুষির ঘন।

আনদ্ধযন্ত্র: আনদ্ধ তালবাদ্য। কাহল। ঢাক বাহিক ঢক্ক ঢক্কা জয়ঢাক। ঢেঁড়া ঢেঁড়ি। পটহ। আনক। ভেরি। কাড়া কাড়। নাকাড়া। কাড়ানাকাড়া। দুন্দুভি। কাড়াদুন্দুভি। টিকারা। মুরজ পণব। ধামসা। ডিণ্ডিম। ডঙ্কা। টেঁটরা। দামামা। দগড় চর্চরী। ডম্ফ। জগঝম্প। চিকারি। টেঁটরা। ঢোল ঢোলক। তবলা। বাঁয়া ডুগি। বাঁয়াতবলা তবলাডুগি। খোল শ্রীখোল। মৃদঙ্গ পাখোয়াজ। মাদল। তাসা। ডম্বরু ডমরু পিনাক। ডুগডুগি। ড্রাম। বিগ,সাইড,কেটল,-ড্রাম। বঙ্গো। কঙ্গো।

তারযন্ত্র ততযন্ত্র: বীণ বীণা। সরস্বতী,-কচ্ছপী, -বীণা। রবাব। সুরবাহার সুরশৃঙ্গার। সেতার ত্রিতন্ত্রী। সরোদ। দিলরুবা এক,-তারা,-তন্ত্রী, -তন্ত্রিকা। দোতারা। খমক। গোপিযন্ত্র আনন্দলহরি

গাবগুবাগুব। ম্যানডোলিন। ব্যাঞ্জো ব্যাঞ্জোলিন। ট্রাইসোকোটা। গিটার। স্প্যানিস,হাওইয়ান, –গিটার। পিয়ানো। বল্লকী। কানুন। তানপুরা তম্বুরা। তুম্ব তুম্বক তুম্বি। সারেঙ্গি। সারেং। সারিন্দা। বেহালা ভায়োলিন। এস্রাজ। তারসানাই। চেলো। ভাওলা। বীণাবয়ব কোলম্বক। মিজরাব। ছড়ি ছড় বো। তার তন্ত্রী। তরফের তার। পর্দা ঘাট ফ্রেট।

ঘনযন্ত্র: ঘন করতাল কত্তাল খত্তাল খঞ্জনি কঙ্কমালা। ঝল্লরি ঝল্লক ঝল্লী ঝাঁঝ ঝাঁজর। মন্দিরা একবর্ণী। ঘন্টা ঘন্টি বেল বেলা। নূপুর ঘুঙুর মঞ্জীর মঞ্জিবা কঙ্কণী শিঞ্জিনী পাঁয়জোব। জলতরঙ্গ সপ্তস্বরা। কাষ্ঠতরঙ্গ। জাইলোফোন।

সুষিরযন্ত্র: সুষির। বাঁশি বংশী বাঁশরী মুরলী বেণু। আড়বাঁশী। ফ্লুট ওবো পিকুলু। ভেঁপু। শিঙা। বিষাণ। রামশিঙা। তূর্য তূরী রণশিঙা। সানাই সানিকা। নাগেশ্বরম। ক্ল্যারিওনেট। ব্যাগপাইপ। বিউগল। শঙ্খ শাঁখ কম্বু মহাশঙ্খ। কর্নেট হর্ন স্যাক্সহর্ন। টিউবা। বেসটিউবা। ট্রম্বোন। স্যাক্সফোন। হারমোনিয়াম। অর্গান। অ্যাকর্ডিয়ান পিয়ানোঅ্যাকর্ডিয়ান। মিউজিক বক্‌স। অর্কেস্ট্রিনা। ইলেকট্রনিক বাদ্যযন্ত্র। ইউনিভক্স। ইলেকট্রনিক অর্গান। সিনথেসাইজার।

ষষ্ঠ শ্রেণী

বুদ্ধিবৃত্তি

৪৬১। বুদ্ধি

বি. বুদ্ধি মন মানস মতি। আক্কেল। মানসিকতা মনোবৃত্তি। বুদ্ধি,-বৃত্তি,-শক্তি,-মত্তা (৪৬৩)। বোধশক্তি সহজবুদ্ধি। চেতনা। মনন সম্বিৎ ধারণা ধ্যানধারণা। বুঝ সমঝ বোধ উপলব্ধি। বুদ্ধিবাদ। বুদ্ধির দৌড়। বুদ্ধ্যঙ্ক। বোধোদয় চৈতন্যোদয়। অহং আত্মা নাফ্‌স খুদি। হৃৎ হৃদয় দিল অন্তর অন্তরাত্মা। অন্তঃকরণ অন্তস্থল। বক্ষ বুক। মানস,-পট,-রাজ্য,-লোক। জ্ঞানেন্দ্রিয়। অন্তরিন্দ্রিয়: মন বুদ্ধি অহংকার চিত্ত। মন মর্ম, -স্থল। চেতন অবচেতন মগ্নচৈতন্য চিত্তভূমি মনোভূমি। মনোজগৎ অন্তর্জগৎ ভাবলোক। মাথা মস্তিষ্ক ঘট মগজ মেধা ধী ঘিলু মাথার ঘি ব্রেন। হেড আপার-চেম্বার। পুরো,মধ্য,পশ্চাদ, -মস্তিষ্ক। লঘুমস্তিষ্ক। গুরুমস্তিষ্ক। ঝিকুট। মেডুলা-অবলংগাটা সুষুম্নাশীর্ষ। মনো,-বিদ্যা, বিজ্ঞান। মনঃসমীক্ষণ। মর্মবাদ অতীন্দ্রিয়বাদ। টেলিপ্যাথি অলোকদৃষ্টি।

ক্রি. বুদ্ধি দিয়ে বোঝা বা বিচার করা। অনুধাবন করা। বিবেচনা করা। চিন্তা করা (৪৬৯)। মাথা থাকা। বুদ্ধি দেওয়া। চোখ ফোটা।

বিণ. বুদ্ধিগত। বৌদ্ধিক। বুদ্ধিবৃত্তিসংক্রান্ত। বুদ্ধিগম্য। বুদ্ধিগ্রাহ্য। বোধগম্য। মানসিক। মননশীল। যৌক্তিক। যুক্তিগ্রাহ্য যুক্তিপূর্ণ। যুক্তিসংক্রান্ত।

৪৬২। বুদ্ধিহীনতা

বি. বুদ্ধি,-হীনতা,-শূন্যতা নির্বুদ্ধিতা বোকামি। বুদ্ধি,-নাশ,-লোপ,-হানি। বুদ্ধি,-ভ্রম,-ভ্রংশ। মতি,-ভ্রংশ,-ভ্রম, হীনতা। অজ্ঞানতা মূঢ়তা (৪৬৪)।

ক্রি. মত বা সম্মতি দেওয়া। রাজি হওয়া। স্বীকার করা। কবুল করা। হাঁ করা বা বলা। ইচ্ছা করা বা জানানো। মাথা নাড়া বা হেলানো। ঘাড় নাড়া। হাত তোলা। সায় দেওয়া বা জানানো। অনুমতি দেওয়া। চুপ থাকা। সমর্থন করা বা জানানো। অভিপ্রায় জানানো বা প্রকাশ করা। অনুমোদন করা। আজ্ঞা বা পারমিশন দেওয়া। মতে মত দেওয়া। মদদ দেওয়া। পক্ষ নেওয়া। একমত হওয়া। দলের সাথে থাকা। সত্যতা স্বীকাব করা। প্রাপ্তি স্বীকার কবা। অপরাধ স্বীকার কবা। ছেড়ে দেওয়া। মেনে নেওয়া। বলবৎ করা। প্রতিস্বাক্ষব দেওয়া। পৃষ্ঠাঙ্কিত করা। সহি বা সই করা।

বিণ. সম্মতিসূচক। সমর্থিত। অনুমোদিত অনুমোদনপ্রাপ্ত মঞ্জুর মঞ্জুরীকৃত। সমর্থনপুষ্ট। সর্বসম্মত অবিসংবাদিত অবিবুদ্ধ। প্রশ্নাতীত। স্বীকার্য স্বীকর্তব্য। স্বতঃসিদ্ধ। সম্মত রাজি স্বীকৃত প্রতীষ্ট ইচ্ছুক। নিমরাজি।

ক্রি-বিণ. সম্মতিক্রমে মতে অনুমতিক্রমে। ইচ্ছায় স্বেচ্ছায়। সর্বসম্মতিক্রমে। একবাক্যে এক, স্বরে, -সুরে। অনুমতি সাপেক্ষে।

অব্য. হ্যাঁ। আচ্ছা। বিলক্ষণ। অবশ্যই নিশ্চয়ই। ঠিক আছে। আচ্ছা বেশ। তথাস্তু। তাই হোক।

৫১৩। অসম্মতি

বি. অসম্মতি অমত। অস্বীকার অস্বীকৃতি। ইনকার। দ্বিমত দ্বৈধ মত,-পার্থক্য,-বিরোধ। মতের অমিল। মতানৈক্য মতদ্বৈধতা দ্বৈধতা বিরোধ কলহ। ছাড়াছাড়ি (৬১৫)। মতপরিবর্তন

(৬১০)। অসমর্থন অননুমোদন অননুমতি (৯৩৬)। নারাজি। অনভিপ্রায় টালবাহানা বিমত আপত্তি ওজর বাধা। প্রত্যাখ্যান (৭৪৯)। নিষেধ নিষেধাজ্ঞা (৭৫১)। বিরোধিতা (৭৬০)। অসম্পাদন (৬৯৮)।

ক্রি. মত না দেওয়া। না করা। রাজি না হওয়া। মাথা নাড়া। অমত করা। অস্বীকার করা। ইনকার করা। প্রত্যাখ্যান করা। মতবিরোধ হওয়া। আলাদা,-ভিন্ন,-মত পোষণ করা। পার্থক্য থাকা বা রাখা। মত পালটানো বা পরিবর্তন কবা। কথা ফেরত নেওয়া। কথা না রাখা। কথা ফেলা। কথা না শোনা। অমান্য করা। না মানা।

বিণ. অসম্মত নারাজ অরাজি গররাজি অনিচ্ছুক (৬০৫)। অস্বীকৃত অননুমোদিত অননুমিত অনভিমত। অনভিপ্রেত অসন্তুষ্ট।

ক্রি-বিণ. অমতে অনিচ্ছায়। অসম্মতিক্রমে বিনাঅনুমতিতে। ইচ্ছাব বিরুদ্ধে। অন্যথায়।

অব্য. না। উহুঁ।

৫১৪। সত্যতা স্বীকার

বি. সত্যতা,-স্বীকার, সমর্থন। মুকির। স্বীকারোক্তি স্বীকৃতি প্রাপ্তিস্বীকার। কথা বাত উক্তি। দৃঢউক্তি। ঘোষণা সত্যার্পণ শপথ হলফ। শপথ,হলফ,-নামা এফিডেভিট ভেরিফিকেশন সত্যপাঠ তহকিক তসদিক। জবানবন্দী। প্রতিবাদ। অভিযোগ। দৃঢতা নিশ্চয়তা। জোর। বিশ্বাস অন্ধবিশ্বাস। নির্বাচন ভোট। স্বর,ধ্বনি,-ভোট। গুপ্তভোট। ভোটাধিকার। বর স্বয়ংবর। মন্তব্য। উল্লেখ। আপ্তবাক্য। বায়। শেষকথা।

ক্রি. সত্যতা বা যাথার্থ্য সমর্থন করা। কথা দেওয়া। ঘোষণা বা জাহির করা। জিদ করা। দাবি করা। হলফ বা শপথ করা। কিরা খাওয়া। বিশ্বাস করা। জোর দিয়ে বা দৃঢ়তার সাথে বলা। বারবার বলা। সায় দেওয়া। মেনে নেওয়া। কবুল করা। ঘাট মানা। অন্যায় বা অপরাধ স্বীকার করা। কথা মতো চলা। মুচলেকা দেওয়া। সত্যতা স্বীকার করানো। কবলানো।

বিণ. দৃঢ়তাব্যঞ্জক। নিশ্চয়তাব্যঞ্জক। ঘোষণামূলক। নিশ্চিত স্থিরনিশ্চিত। সন্দেহাতীত অভ্রান্ত। পরিষ্কার। দ্ব্যর্থহীন। পরম চরম চূড়ান্ত। অবশ্যস্বীকার্য। হ্যাঁ-সূচক। সমর্থিত।

৫১৫। সত্যতা অস্বীকার

বি. সত্যতা অস্বীকার। অপলাপ অপহ্নুতি। অস্বীকার। ইনকার প্রত্যাখ্যান অসমর্থন অসম্মতি (৫১৩)। আপত্তি প্রতিবাদ। শর্তারোপ (৪৯৮) বাতিল প্রত্যাহার (৭৫২)। রদ ত্যাগ পরিত্যাগ। প্রতিঘাত। প্রত্যুত্তর। খণ্ডন অপ্রমাণ।

ক্রি. সত্যতা অস্বীকার করা। আপত্তি করা। প্রতিবাদ করা। অসমর্থন করা। না করা। প্রত্যাহার রদ বা বাতিল করা। পিছিয়ে আসা। বেঁকে বসা। কথা ফিরিয়ে নেওয়া। কথা না রাখা। কথার নড়চড় হওয়া। কথা পালটানো। কথার খেলাপ করা। না মানা। অবজ্ঞা করা। প্রত্যাখ্যান করা (৭৪৯)। বাদ দেওয়া। ত্যাগ করা।

বিণ. পরস্পরবিরোধী। নেতিবাচক। অস্বীকারমূলক। অস্বীকৃত অমতসূচক অসমর্থিত। দ্বন্দ্বমূলক।

৫১৬। মানসিক দৃষ্টিভঙ্গি

বি. মানসিক দৃষ্টিভঙ্গি। মানসিকতা। মনমানসিকতা মানসতা। মনোভাব মনোভাবনা। মতি,-গতি ধ্যানধারণা ধারণা চিন্তাভাবনা (৪৬৯)। ধ্যানজ্ঞান বিশ্বাস (৪৯১)। ধ্রুব,-দৃঢ,-বিশ্বাস।

মনোবৃত্তি (৮২১) চিত্ত,হৃদয়,-বৃত্তি। স্বভাব খসলত প্রকৃতি ধর্ম গুণ চরিত্র স্বভাবধর্ম স্বরূপ, -ত্ব,-তা স্ব,নিজ,-মূর্তি। অভ্যাস আদত ধাতু। মতি মরজি মেজাজ। আসক্তি ঝোঁক প্রবণতা স্নেহ অনুরাগ বিরাগ পক্ষপাতিত্ব। খেয়াল (৬১১)। খুশি খামখেয়াল। মানসিক ঔদার্য (৫১৭)। মানসিক সংকীর্ণতা (৫১৮)। মানসিক,-আবহাওয়া, -পরিবেশ। বাতাবরণ।

ক্রি. ধারণা করা বা হওয়া। অনুভব করা। ধারণা করে নেওয়া। দেখা। বিশেষ আলোকে দেখা। মনের মুকুরে দেখা।

বিণ. মানসিক মানস। স্বভাব,প্রকৃতি,চরিত্র,-গত চারিত্রিক স্বভাব,-সুলভ,-সংগত,-সম্মত প্রকৃতিসিদ্ধ। ধাতসহ গা-সহা মজ্জাগত বদ্ধমূল। ধাতস্থ অভ্যস্ত চিরাভ্যস্ত। স্বাভাবিক প্রাকৃতিক। সাহজিক। স্বাভাব্য স্বতঃ,-স্ফূর্ত,-প্রবৃত্ত।

ক্রি-বিণ. স্বভাবত স্বভাব,-বশত,-গুণে স্বভাবে। অভ্যাসবশত অভ্যাসে। সহজে। আপনা আপনি। শিরায়শিরায় মজ্জায়মজ্জায় মনেপ্রাণে।

৫১৭। মানসিক ঔদার্য

বি. মানসিক,-ঔদার্য,-উদারতা,-প্রসার, -প্রশস্ততা। উদার,প্রশস্ত,অসংকীর্ণ,-চিত্ততা বড়, মন,-চোখ দরাজ,মুক্ত,-মন খোলামন তশরিফ মহানুভবতা বদান্যতা দাক্ষিণ্য মহাশয়,-ত্ব,-তা মহত্ত্ব সদাশয়তা সদিচ্ছা সদভিপ্রায় সুবাসনা মঙ্গলকামনা। সহৃদয়তা সহানুভূতি সম,-ব্যথা, -বেদনা অনুকম্পা। সহিষ্ণুতা তিতিক্ষা ক্ষমা। সুস্থ মানসিকতা। মানবিকতা মানবহিতৈষণা। অসাম্প্রদায়িকতা অপক্ষপাতিত্ব। নৈর্ব্যক্তিকতা স্বার্থশূন্যতা। উদার,-নীতি,-পন্থা,-তন্ত্র,-মত লিবারালিজম।

ক্রি. মন উন্মুক্ত রাখা। খোলা মনে চিন্তা করা। সকলের স্বার্থ দেখা। সকলকে সমান দেখা। উভয় পক্ষ শুনে মতামত দেওয়া। সহ্য করা। ক্ষমা করা। ভালো দেখা। দোষ উপেক্ষা করা। পক্ষপাতিত্ব না করা।

বিণ. উদার,-হৃদয়,-চিত্ত,-চেতা,-মতি,-মনা। উদার,-চরিত্র,-স্বভাব,-প্রকৃতি। উন্নত,-চিত্ত, -মনা। উচ্চ,-হৃদয়,-মনা। প্রশস্ত,-চিত্ত,-হৃদয়। দরাজ,-হৃদয়,-মনা,-দিল। মহানুভব মহাপ্রাণ মহোদয় মহাশয় মহদাশয় উচ্চাশয় মহা,-মনা, -মতি। সুমনস্ক সুমনা বড়,-মন,-চোখ। মুক্তমনা দিল,মন,-খোলা দিলদরিয়া সদাশিব। সদাশয় সদাত্মা শরিফ সদন্তঃকরণবিশিষ্ট। মহত্ত্বপূর্ণ। হৃদয়বান সহৃদয় সুহৃদয় সমুদ্রহৃদয়। অসংকীর্ণচিত্ত দরদি মরমী মেহেরবান দয়ালু সহানুভূতিশীল। বিবেকী বিবেকবান নিরপেক্ষ। নিরাবেগ নিঃস্বার্থ। উদার,-নীতিক,-নৈতিক, -মতাবলম্বী,-তন্ত্রী,-পন্থী লিবারেল।

৫১৮। মানসিক সংকীর্ণতা

বি. মানসিক,-সংকীর্ণতা,-অনুদারতা,-নীচতা, -হীনতা। ঔদার্যহীনতা ক্ষুদ্রাশয়তা নীচতা হীনতা সংকীর্ণমনস্কতা। ছোট,-মন,-চোখ। আত্মরতি স্বার্থান্ধতা। অক্ষমা আপসহীনতা আক্রোশপরায়ণতা। পক্ষপাতিত্ব। বিদ্বেষ বিরাগ বিরূপতা। পূর্বধারণা পূর্বাসক্তি। টান আসক্তি স্বজনতোষণ। গোঁড়ামি ধর্মান্ধতা কুসংস্কার সাম্প্রদায়িকতা কমিউন্যালিজম। শ্রেণী,-স্বার্থ, -বিদ্বেষ। সামাজিক বৈষম্য। বর্ণবাদ বর্ণবৈষম্য কালারবার অ্যাপারটহেইট।

ক্রি. মনের দরজা বন্ধ করা। নাকের বাইরে দেখতে না পাওয়া। নিজের স্বার্থ দেখা। কাউরি দিকে না

তাকানো। টান টেনে কথা বলা। না শুনে বিচার করা। আক্রোশ বা বিদ্বেষ পোষা। এক চোখে দেখা। অপর পক্ষের কথা না ভাবা।

বিণ. সংকীর্ণ,অনুদার নীচ হীন ক্ষুদ্রাশয়। সংকীর্ণচিত্ত। হীনচেতা বিরূপচিত্ত। বিদ্বেষ -মনোভাবাপন্ন। অসূয়াপরবশ। স্বার্থান্ধ। ধর্মান্ধ গোঁড়া সাম্প্রদায়িক কমিউন্যাল। একচোখা।

৫১৯। কৌতূহল

বি. কৌতূহল কুতুহল কৌতুক ঔৎসুক্য। জিজ্ঞাসন জিজ্ঞাসা। বুভুৎসা। অতিকৌতূহল। প্রশ্ন পৃচ্ছা আপৃচ্ছা আপ্রচ্ছন বিপ্রশ্নিকা। জ্ঞান,-তৃষ্ণা, -তৃষা,-পিপাসা। সন্ধিৎসা অনুসন্ধিৎসা অন্বেষা এষণা। দিদৃক্ষা আগ্রহ উৎসাহ। সন্ধান অনুসন্ধান তদন্ত (৪৭৬)। অনধিকারচর্চা। উৎকণ্ঠা।

ক্রি. কৌতূহল বা ঔৎসুক্য দেখানো। জানতে চাওয়া। জিজ্ঞাসা করা। শুধা। শুধানো। প্রশ্ন করা। পুছা। পোছা। অনুসন্ধান বা তদন্ত করা। দেখা। তাকানো। মাথা বা নাক গলানো। কান বা আড়ি পাতা। উঁকি বা উঁকিঝুঁকি মারা।

বিণ. কৌতূহলী কুতুহলী। কৌতূহলপর। কৌতূহলাবিষ্ট কৌতূহলাক্রান্ত। উৎসুক। জিজ্ঞাসক জিজ্ঞাসু বীভৎসু। অনুসন্ধিৎসু সন্ধিৎসু। আগ্রহী আগ্রহান্বিত। ব্যগ্র। উদ্‌গ্রীব। সন্দিহান। জিজ্ঞাস্য জিজ্ঞাসনীয় জিজ্ঞাসার্হ দ্রষ্টব্য। জিজ্ঞাসিত অর্থিত পৃষ্ট কৃতপ্রশ্ন। প্রশ্নাত্মক। কৌতূহলোদ্দীপক।

অব্য. কি কী। কেন। কি জন্য। কি কারণে। কোথা কোথায় কোনখানে কই। কে কাহারা কারা কোনজন। কবে কখন কোন,-সময়ে,-কালে। কোন কশ্চিৎ।

৫২০। অকৌতূহল

বি. অকৌতূহল অজিজ্ঞাসা। ঔদাসীন্য উদাসীনতা অনীহা। নির্লিপ্ততা অনাসক্তি অনুৎসাহ অনাগ্রহ।

ক্রি. কৌতূহল না থাকা। কোন কিছু জিজ্ঞাসা না করা। আগ্রহ বা উৎসাহ না থাকা বা না নেওয়া বা না দেখানো। বিরক্ত হওয়া।

বিণ. অকৌতূহল অনুৎসুক অনুৎসাহী নিরুৎসুক। অনাসক্ত নিরাসক্ত উদাসীন নির্লিপ্ত। কূপমণ্ডূক।

৫২১। মনোযোগ

বি. মনোযোগ মনোনিবেশ মনঃসংযোগ। নিবিষ্টতা। আবেশ অভিনিবেশ অবধান। অবধারণ অনুধাবন প্রণিধান অবমর্শন বিমর্শ বিমর্শন। আত্ম,-নিয়োগ, -নিবেশ। আত্ম,-নিষ্ঠা,-মগ্নতা। তন্মনা তদ্‌গতি। চিন্তা (৪৬৯)। পর্যবেক্ষণ অবলোকন পরিদর্শন। পরিচিন্তন। বিবেচনা বিচার। সাবধানতা। সতর্কতা একাগ্রতা মনোযোগিতা ঐকাগ্র্য। নিষ্ঠা ঐকান্তিকতা তন্নিষ্ঠা অনন্য,-চিত্ত,-চিন্ত্য,-বৃত্তি, -মনস্কতা তন্ময়,-তা,-ত্ব তদ্‌গতচিত্ততা প্রণিধান মগ্নতা নিবিষ্টচিত্ততা ধৈর্য (৮২৭)। সানুরাগ যত্ন (৫২৪)। তদন্ত অনুসন্ধান (৪৭৬)। পরীক্ষা (৪৮০)। পুনর্বিলোকন পুনর্বিবেচনা। পুঙ্খানুপুঙ্খতা খুঁটিনাটি। উৎসাহ।

ক্রি. মনোযোগ দেওয়া। মন লাগানো বা দেওয়া। গা করা বা দেওয়া। দেখা। তাকানো। লক্ষ্য করা। নজর দেওয়া। সময় দেওয়া। যত্ন নেওয়া। চিন্তা করা (৪৬৯)। মাথা ঘামানো। অনুসন্ধান তদন্ত বা পরীক্ষা করা। বিচার বা বিবেচনা করা। পুনরায় বিচার করা। সানি করা। দৃষ্টি আকর্ষণ করা। বিবেচনাধীন রাখা। বিবেচনাধীন থাকা। উল্লেখ করা। দেখানো। হিসাব করা।

বিণ. মনো,-যোগী,-নিবিষ্ট মনোনিবেশকারী। নিবিষ্ট,-চিত্ত,-মনা। অভিনিবিষ্ট। অবহিত। একাগ্র ঐকান্তিক। হুঁশিয়ার সচেতন সতর্ক সাবধান। সজাগ। তদ্‌গত তদাতক তদ্‌গতচিত্ত তন্মনা তন্মনশ তনিবিষ্ট তনিষ্ঠ। প্রণিহিত। আত,-গত, -মগ্ন,-নিমগ্ন,-লীন,-সমাহিত,-নিবিষ্ট,-স্থ,-নিষ্ঠ। আবিষ্ট সমাবিষ্ট সংবিষ্ট। তন্ময় মশ্‌গুল বিভোর। অবগাঢ় অন্তঃপ্রবিষ্ট। ওয়াকিফহাল।

ক্রি-বিণ. মনোযোগ সহকারে। মন দিয়ে। কায়মনোবাক্যে। নিবিষ্ট,একাগ্র,তদ্‌গত,-চিত্তে। এক,নিবিষ্ট,অনন্য,-মনে। দৃঢ়পদে স্থিরপায়ে। প্রাণপণে। যত্নে সযত্নে যত্ন,-পূর্বক,-সহকারে।

৫২২। অমনোযোগ

বি. অমনোযোগ মনোযোগ,-শূন্যতা,-হীনতা অন্যমনশতা বিমনস্কতা আনমনাভাব অনাবেশ অমনোযোগিতা অপ্রণিধান। অনবধানতা অবিবেচনা বিবেচনাশক্তিহীনতা। অবহেলা উপেক্ষা ঔদাসীন্য অনুৎসাহ নির্লিপ্ততা তাচ্ছিল্য গাফিলতি। ভাবাবেগ আচ্ছন্নতা। অস্থিরতা অধৈর্য (৮২৮)। চিত্তবিক্ষেপ (৫২৩)। উৎকণ্ঠা উদ্বেগ ব্যাকুলতা (৮৫৯)। অযত্ন (৫২৫)।

ক্রি. মনোযোগ না দেওয়া। মন না দেওয়া। না দেখা। না শোনা। গা না করা। মন না থাকা। চোখ বুলানো। অবহেলা করা। চিন্তা না করা। কানে না শোনা। চোখের মাথা খাওয়া। জটপাকানো। গোলমাল বা তালগোল পাকানো। গোলে হরিবোল দেওয়া। অবাক বা হতভম্ব হওয়া।

বিণ. অমনোযোগী। গাফিল গাফেল অনবহিত অপ্রণিহিত। অনবধান অবিবেচন অবিমৃশ্যকারী। উদাসীন। উদাস উদাসী আপন,আত,-ভোলা। ভুলো বেখেয়াল। কাজভোলা। বেসামাল অসামাল। অন্য,-মনা,-মনস্ক বিমনশ বিমনা। উন্মনা আনমনা। শূন্যমনা অনাসক্ত নির্লিপ্ত। অসতর্ক অসাবধান। অগোছালো বিশৃঙ্খল। ধৈর্যহীন (৮২৮)। অস্থির অনবস্থ অনব,-স্থিত, -স্থিতচিত্ত। দুরন্ত ছটফটে তিড়বিড়ে। হঠকারী।

৫২৩। চিত্তবিক্ষেপ

বি. চিত্তবিক্ষেপ মনোযোগহরণ। আবেশন আবেশ ভাবাবেশ অন্যমনশতা মনোহরণ মনোবিকার চাঞ্চল্য মনশ্চাঞ্চল্য হৈচৈ অস্থিরতা বিক্ষোভ ভ্রষ্টতা মনোভঙ্গ মনোভার বিব্রতবোধ বিস্ময় বিমূঢ়তা কিংকর্তব্যবিমূঢ়তা। দুরন্তপনা চাপল্য। উড়ুউড়ুভাব পালাইপালাইভাব চুলবুলানি উসখুসানি ছটফটানি। চিন্তাহীনতা (৪৭১)। দিবাস্বপ্ন।

ক্রি. মন স্থির না থাকা। মন চঞ্চল হওয়া। মন আনচান করা। আকাশ পাতাল ভাবা। অবাক বা কিংকর্তব্যবিমূঢ় হওয়া। বিব্রত বোধ করা। ইতস্তত করা। বিরক্ত হওয়া। মাথা ঘোরা। মাথা ঝিমঝিম করা। হড়বড় করা। তিড়বিড় করা। ছটফট করা। নিশপিশ করা। চুলবুল করা। উসখুস করা। মন উড়ু উড়ু করা। চৈতে পাওয়া। অন্য কোথাও মন পড়ে থাকা। দিবাস্বপ্ন দেখা। বিভোর হওয়া।

বিণ. বিক্ষিপ্ত,-চিত্ত বিক্ষুব্ধ বিভ্রান্ত হতবুদ্ধি চন্দ্রাহত কিংকর্তব্যবিমূঢ়। আনমনা অন্যমনস্ক বেখেয়াল। অস্থির,-চিত্ত,-মতি,-মনা চঞ্চলমতি চপল,-মতি,-মনা। চঞ্চল অশান্ত দুরন্ত। হড়বড়ে তিড়বিড়ে চুলবুলে ছটফটে। আবিষ্ট সমাহিত।

৫২৪। যত্ন

বি. যত্ন। সানুরাগ মনোযোগ। আগ্রহ। উদ্বেগ উৎকণ্ঠা। সংকোচ দ্বিধা। সতর্কতা সাবধানতা উনিদ্রা। একাগ্রতা ঐকাগ্র্য ঐকান্তিকতা নিষ্ঠা।

কেয়ার গরজ তৎপরতা প্রযত্ন তত্ত্বাবধান রক্ষণাবেক্ষণ হেফাজত। দায়িত্ব। তদারক তদবির দেখাশোনা তত্ত্বতালাশ খবরদারি। যথার্থতা যাথার্থ্য যথাযথতা সঠিকতা। নজর পাহারা।

ক্রি. যত্ন নেওয়া। যত্নবান হওয়া। মনোযোগ দেওয়া (৫২১)। আমল করা। কেয়ার করা। দেখাশোনা করা। তত্ত্বাবধান বা রক্ষণাবেক্ষণ করা। চোখ রাখা। নজর দেওয়া। পাহারা দেওয়া।

বিণ. যত্ন,-বান,-শীল। আগ্রহশীল। মনোযোগী তৎপর সতর্ক। জাগ্রত সজাগ অতন্দ্র উন্নিদ্র উজাগর। সাবধানী হুঁশিয়ার। বিবেচক। বিবেকী। আদবকায়দাদুরস্ত। পরিষ্কার পরিচ্ছন্ন। নির্ভুল সঠিক যথাযথ যথার্থ।

ক্রি-বিণ. সযত্নে যত্নপূর্বক।

৫২৫। অযত্ন

বি. অযত্ন অবহেলা হেলা হেলাফেলা অমনোযোগ। গাফিলতি। অনবধানতা অনতিযত্ন অনিষ্ঠা। দায়িত্ব,-হীনতা,-জ্ঞানহীনতা। ত্রুটি বিচ্যুতি ভুল গলদ। গাছাড়াভাব। দায়সারাভাব। অবজ্ঞা উপেক্ষা। ঔদাসীন্য। টালবাহানা গড়িমসি দীর্ঘসূত্রতা। আলস্য। অবিবেচনা। হঠকারিতা। অপরিচ্ছন্নতা। বিশৃঙ্খলা। অযথাযথতা।

ক্রি. অযত্ন বা অবহেলা করা। দেরি বিলম্ব বা টালবাহানা করা। উপেক্ষা বা অবজ্ঞা করা। ভুল করা। গলদ রাখা। ঠিকমত কাজ না করা। যেমন তেমন করে কাজ করা। কাজ সারা। দায়সারা কাজ করা। কেয়ার না করা। কেয়ার না দেওয়া। কোন রকমে করা। জোড়াতালি জোড়াতাড়া বা গোঁজামিল দেওয়া। ঠেলা গোঁজা। আমল না করা। উপর উপর দেখা। দেখেও না দেখা।

বিণ. অযত্নশীল। যত্নহীন। অবহেলাকারী। অমনোযোগী (৫২২)। ফাঁকিবাজ। দায়িত্ব,-হীন, -জ্ঞানহীন। অবিবেচক। অন্যমনস্ক। অগোছালো বিশৃঙ্খল এলোমেলো। নোংরা অপরিষ্কার। ভুল। গলদ,ত্রুটি,-পূর্ণ। বেঠিক অযথার্থ। অবহেলিত। পরিত্যক্ত। অরক্ষিত।

৫২৬। কল্পনা

বি. কল্পন,-া। কাল্পনিকতা। কল্পনাশক্তি। চিচ্ছায়া। ভাবনা ভাব(৪৭০)। পরিকল্পনা (৬৩২)। জল্পনাকল্পনা। স্বকীয়তা। উদ্ভাবনা আবিষ্কার (৪৭৯)। অনুপ্রেরণা অনুপ্রাণন প্রেরণা। মানস, -নেত্র,-লোচন। মনশ্চক্ষু। মানসলোক। মানস, -মূর্তি,-প্রতিমা,-সুন্দরী মানসী। কল্প,-লোক, -জগৎ। কাব্য,-লোক,-জগৎ। চিত্র,রূপ,-কল্প। ভাবচ্ছবি। ভাবমূর্তি। দূরকল্পনা অনুমান। কানুনিকল্পনা। আসমানদারি। অকষ্টকল্পনা অনায়াসকল্পনা। আরোপণ। অধ্যাস মায়া। আদর্শবাদ। রোমান্টিসিজম ভাববাদ। রোমান্টিকতা আত্মপন্থা। ভাব,-বিলাস,-বিলাসিতা,-প্রবণতা ভাবুকতা ভাবালুতা। খেয়াল ধারণা। স্বপ্ন খোয়াব। দিবাস্বপ্ন। কল্পনাবিলাস। কল্পনানির্ভরতা। ধ্যান অনুধ্যান চিন্তা। তন্ময়তা ভাবাবেশ ভাবাচ্ছন্নতা সমাধি। মহানন্দ তুরীয়ানন্দ পরমানন্দ। সবপেয়েছির দেশ। এলডোরাডো। কল্প,-তরু, -দ্রুম,-পাদপ,-বৃক্ষ। ইচ্ছা,বাঞ্ছা,-কল্পতরু। কষ্টকল্পনা। কপোলকল্পনা। রূপকথা। পুরাণ মিথ গল্পকথা। কল্পবিজ্ঞান সায়ান্সফিকশান। আষাঢ়ে গল্প। গালগল্প। গুল গ্যাস। গুজব। আকাশকুসুম। তাসের ঘর। আলেয়ার আলো। ছায়া অপচ্ছায়া। দুঃস্বপ্ন। অবাস্তবতা। জাদু। চিন্তা,স্পর্শ,-মণি

পরশপাথর। কবি লেখক শিল্পী। সৃজনশীল রচনা: উপন্যাস(৬০১)। কবিতা (৫৯৭)। নাটক (৬০২)। সংগীত (৪৫৭)। চিত্রকলা (৫৬৭)। ভাস্কর্য (৫৬৯)। স্থাপত্য (৫৭০)।

ক্রি. কল্পনা করা। ধারণা করা। অনুমান করা। স্বপ্ন বা খোয়াব দেখা। ধ্যান করা। তৈরি বা রচনা করা। বানানো। উদ্ভাবন বা আবিষ্কার করা। চয়ন করা। সাতপাঁচ ভাবা। অসার বা অলীক ধারণা বা চিন্তা করা। মনকলা খাওয়া। আকাশকুসুম চিন্তা করা।

বিণ. কল্পিত কল্পনা,মানস,-প্রসূত। কাল্পনিক। রোমান্টিক কল্পনাসমৃদ্ধ। কল্প্য কল্পনীয় কল্পনানির্ভর কল্পনাশ্রয়ী। কল্পনাযোগ্য। পরিকল্পিত। উদ্ভাবিত। মনঃকল্পিত। বানানো। স্বকপোল,কপোল,-কল্পিত। কষ্টকল্পিত। মনগড়া। পৌরাণিক। উড়ো মিথ্যা অবাস্তব আজব আজগুবি অবিশ্বাস্য অলীক অলৌকিক। সৃজনশীল সৃজনী। উদ্ভাবনী। গবেষণামূলক। আদর্শমূলক। বুদ্ধিভিত্তিক। ফলপ্রসূ। সার্থক।

কল্পী কল্পনাকারী। কল্পনা,-প্রিয়,-প্রবণ,-বিলাসী। কল্পক ভাবুক ভাবালু ভাব,-প্রবণ,-বিলাসী,-গ্রাহী ভাবোন্মাদ ভাবোন্মত্ত। আবেগপরায়ণ রোমান্টিক। আদর্শবাদী ভাববাদী। পরিকল্পক। উদ্ভাবক।

৫২৭। অকল্পনা

বি. অকল্পনা কল্পনাহীনতা। ভাব,আবেগ,আদর্শ, -হীনতা। রস,রসকষ,রসবোধ,-হীনতা (৮৪৯)। নীরসতা। শুষ্কতা। বন্ধ্যাত্ব। অনুদ্ভাবনা। অচিন্তা ভাবাভাব। অকাল্পনিকতা বাস্তববাদিতা। বাস্তববাদ। প্রয়োগ,প্রয়োজন,-বাদ। ভোগবাদ। পার্থিবতা। কেজো কথা। গদ্য। যৌক্তিকতা।

ক্রি. কল্পনা না করা। কল্পনা না করতে পারা। না ভাবা। ভাবের ধার না ধারা। রস বা রসকষ না থাকা।

বিণ. কল্পনাশক্তিহীন কল্পনা,- হীন,-বিহীন। ভাব,আবেগ,আদর্শ,-হীন। কবিত্বহীন। অকবি। রস,রসকষ,-হীন। কাঠখোট্টা শুষ্ক নীরস (৮৪৯)। বন্ধ্যা। উদ্ভাবনাশক্তিহীন। বাস্তববাদী স্থূলদর্শী কেজো সংসারী। যুক্তিবাদী। বৈজ্ঞানিক। প্রয়োগবাদী। গদ্য,-বৎ,-তুল্য গদ্য,-ময়। একেবারে গদ্য। যুক্তিবাদী অক্ষরবদ্ধ। আক্ষরিক। রূপক,উপমা,-বর্জিত। অকল্পিত। অকাল্পনিক সত্য (৫০৭)।

৫২৮। স্মৃতি

বি. স্মৃতি স্মরণ স্মর সংস্মৃতি। অবিস্মরণ অবিস্মৃতি ধ্যান আধ্যান খেয়াল ইয়াদ অনু,-ধ্যান, -স্মরণ,-স্মৃতি। মতি। স্মরণ,স্মৃতি,-শক্তি। ধারণশক্তি। ধীশক্তি। চিন্তা। পরিচিন্তন। প্রত্যভিজ্ঞা। পশ্চাৎচিন্তা। সাজেশন অভিভাব অভিভাবন। নিদর্শন চিহ্ন স্মরণিকা। অভিজ্ঞান। স্মৃতি,-চিহ্ন,-স্তম্ভ,-প্রস্তর,-ফলক,-পট্ট,-পট, -মন্দির,-বার্ষিকী,-ভাণ্ডার,-রক্ষা। মুখস্থবিদ্যা। স্মৃতি,-কথা,-চারণ,-চারণা,-রোমন্থন। স্মরণকারী। শ্রুতিধর। জাতিস্মর। নাম সুনাম প্রসিদ্ধি (৮৮২)।

ক্রি. স্মরণ করা। মনে করা। ইয়াদ করা। মনে বা স্মরণে আনা। চিন্তা করা। ধ্যান করা। চেনা। মনে বা মাথায় রাখা। স্মরণ রাখা। মনে পড়া। মনে বা স্মরণে আসা। হুঁশ বা টনক নড়া। মনে করানো। স্মরণ করানো। তাগাদা দেওয়া। মুখস্থ বা কণ্ঠস্থ করা। মনে বা মাথায় থাকা। কানে লেগে থাকা। না ভোলা। স্মৃতি থেকে উদ্ধার করা। মুখস্থ বলা। দাগ কাটা বা থাকা।

বিণ. স্মরণার্হ স্মরণীয় স্মর্তব্য। স্মরণযোগ্য স্মার্ত স্মরণার্থ ধ্যাতব্য। স্মারিত ধ্যাত অবিস্মৃত। অবিস্মরণীয়। স্মৃতিগত কণ্ঠস্থ মুখস্থ। স্মারক

স্মরণিক। ইয়াদদাস্ত। অভিভাব্য অভিভাবীয়। অটুট সুস্পষ্ট।

ক্রি-বিণ. স্মরণে, স্মৃতিকল্পে। অক্ষরে অক্ষরে। হুবহু।

৫২৯। বিস্মৃতি

বি. বিস্মৃতি বিস্মরণ অস্মরণ অস্মৃতি। স্মৃতি,-ভ্রংশ,-বিভ্রম,-লোপ-হানি। ভুলুনি। পাসর পাসরণ বিসরণ। মতি,-ভ্রম,-ভ্রান্তি। মতি,-ভ্রংশ,-হীনতা। স্মৃতিবিভ্রম। ভ্রম ভ্রান্তি বিভ্রান্তি। বিলুপ্তি বিনাশ।

ক্রি. ভোলা। ভুলা। ভুলে যাওয়া। ভুলে মেরে দেওয়া। বিস্মৃত হওয়া। মনে না পড়া। স্মরণ করতে না পারা। মাথায় না রাখা। গুলিয়ে যাওয়া। ভুলানো। হারিয়ে যাওয়া। মুছে যাওয়া। নিশ্চিহ্ন হওয়া।

বিণ. বিস্মৃত বিসরিত অস্মৃত স্মৃতিভ্রষ্ট। ভ্রান্ত বিস্মরণীয়। অসস্মরণীয়। বিস্মরণশীল। ভোলা। ভুলা। আত্ম,আপন,মন,-ভোলা বেখেয়াল। মতি,-ভ্রষ্ট,-হীন,-ভ্রান্ত। অমনোযোগী। স্মরণাতীত।

ক্রি-বি. ভুলে। ভ্রম,ভ্রান্তি,-বশত,-হেতু।

৫৩০। প্রত্যাশা

বি. প্রত্যাশা আশা প্রতীক্ষা অপেক্ষা। হাপিত্যেশ। সম্ভাবনা (৫০২)। ভবিষ্যাপেক্ষতা। অগ্রজ্ঞান পূর্ব, ধারণা,-জ্ঞান,-দৃষ্টি। নিলম্বন নিবর্তন। ভরসা আস্থা বিশ্বাস। মনস্কামনা। ফলাকাঙ্ক্ষা। বকাণ্ডপ্রত্যাশা। লক্ষণ পূর্বলক্ষণ (৫৩৫)। আশঙ্কা।

ক্রি. প্রত্যাশা করা। আশা করা। পথ চাওয়া। মুখ চাওয়া। প্রহর গণা। দিন গণা। প্রতীক্ষা করা। সবুর কবা। হা করে থাকা। ভরসা আস্থা বা বিশ্বাস করা বা রাখা। মনে রাখা। প্রস্তুত হওয়া। লক্ষণ দেখা। ভবিষ্যদ্বাণী করা। হিসাব করা।

বিণ. প্রত্যাশিত প্রতীক্ষিত। আসন্ন প্রত্যাসন্ন। প্রত্যাশী প্রতীক্ষ্যমাণ।

৫৩১। অপ্রত্যাশা

বি. অপ্রত্যাশা। অভাবনীয়তা। অনির্দিষ্টতা। সাপেক্ষতা। বেহিসাব। মিথ্যা আশা। হতাশা। মায়া। দুরাশা। বিস্ময়। বিনামেঘে বজ্রপাত। শাপে বর। কেঁচো খুঁড়তে সাপ। শিব গড়তে বাঁদর। হিতে বিপরীত। হরিষে বিষাদ। উলটা উৎপত্তি। হতভম্বতা।

ক্রি. প্রত্যাশা না করা। আশা ভরসা বা আস্থা না রাখা। হঠাৎ ঘটা। আশ্চর্য করা। বিস্মিত হওয়া। হতভম্ব হওয়া। তাল না পাওয়া। হিসাবের বাইরে ঘটা।

বিণ. অপ্রত্যাশিত। অপ্রতীক্ষিত। অযাচিত। অনপ্রেক্ষিত। অভাব্য অভাবনীয় অভাবিত অচিন্তিত। আকস্মিক আচমকা অতর্কিত।

ক্রি-বিণ. সহসা অকস্মাৎ আলটপকা হঠাৎ অকারণ (১৫৪)। অপ্রত্যাশিত,অযাচিত,-ভাবে।

৫৩২। হতাশা

বি. হতাশা। নৈরাশ্য নিরাশা নির্বেদ। অভরসা। আশা,ভরসা,-হীনতা। মোহনিরসন। ভগ্নোদ্যম ভগ্নোৎসাহ হতোদ্যম। বেহিসাব। আশাভঙ্গ।

ক্রি. হতাশ হওয়া। নিরাশ হওয়া। উদাস চোখে তাকানো। দীর্ঘশ্বাস বা দীর্ঘ নিশ্বাস ফেলা। হতাশ করা। আশা ভাঙা। হতভম্ব হওয়া। অসন্তুষ্ট হওয়া।

বিণ. হতাশ হতাশাগ্রস্ত হতাশ্বাস আশাভঙ্গ। নিরাশ আশা,ভরসা,-হীন।

৫৩৩। দূরদৃষ্টি

বি. দূরদৃষ্টি। দূর,ভবিষ্যৎ,পরিণাম,-দর্শিতা। পূর্ব, -ধারণা,-জ্ঞান,-দৃষ্টি। পূর্বানুমান। পূর্বচিন্তা অগ্রচিন্তা অগ্রজ্ঞান। পূর্ব,-লক্ষণ,-বোধ। পূর্বাভাস। আশঙ্কা। ভবিষ্যাপেক্ষতা। অবশ্যম্ভাবিতা।

ক্রি. দূরদৃষ্টি থাকা। আগে থেকে দেখতে বুঝতে জানতে বা চিনতে পারা। অনুমান বা আন্দাজ করা। প্রত্যাশা করা। ভবিষ্যদ্বাণী করা।

বিণ. দূর,ভবিষ্যৎ,পরিণাম,-দর্শী। দূর,ভবিষ্যৎ, -দ্রষ্টা। দূরদৃষ্টিসম্পন্ন। দীর্ঘদর্শী। প্রত্যাশিত (৫৩০)। ভবিষ্যাপেক্ষ।

৫৩৪। ভবিষ্যদ্‌বাণী

বি. ভবিষ্যদ্‌বাণী ভবিষ্যদ্‌বাক্য ভাবীকথন ভাববাণী। কর্মপন্থা কার্যক্রম। পূর্বাভাস। পূর্বাশঙ্কা। পূর্বলক্ষণ (৫৩৫)। করকোষ্ঠী কুষ্ঠি ঠিকুজি। রাশি রাশিচক্র। গণনা সামুদ্রিকবিদ্যা জ্যোতিষ ফলিতজ্যোতিষ হস্তরেখাবিদ্যা। জাদুমন্ত্র (৯৯৮)। দৈববাণী। গূঢ়বাণী। ভবিষ্যদ্বক্তা ভবিষ্যদ্‌বেত্তা। ভবিষ্যদ্‌দ্রষ্টা নিমিত্তজ্ঞ। দৈবজ্ঞানী দৈবজ্ঞ। মহাপুরুষ। নবী পয়গম্বর রসুল। গণক গণৎকার হস্তরেখাবিদ্‌। গ্রন্থিক গ্রহাচার্য। জাদুকর রোজা। ডাইনী (৯৯৮)।

ক্রি. ভবিষ্যদ্‌বাণী করা। গণা। গণনা করা। হাত দেখা। ছক কাটা। খড়ি পাতা। কুষ্ঠি বা ঠিকুজি তৈরী করা। আশঙ্কা করা। সংকেত বা ইশারা দেওয়া বা পাওয়া। আবির্ভাব হওয়া।

বিণ. ভবিষ্যদ্‌বাণী,-সূচক,-মূলক,-পূর্ণ।

৫৩৫। পূর্বলক্ষণ

বি. পূর্বলক্ষণ। লক্ষণ নিমিত্ত। পূর্বাভাস অগ্র,পূর্ব, -সূচনা। পূর্ব,আগাম,-জ্ঞান। নিদান। পয় সুলক্ষণ। অপয় অলক্ষণ কুলক্ষণ দুর্লক্ষণ দুর্নিমিত্ত। নিমিত্তজ্ঞ কাক। প্যাঁচা। ইঙ্গিত। আলামত। সংকেত (৫৫৯)।

বিণ. পূর্বলক্ষণ,-সূচক,-মূলক। শুভ পয়া পয়মন্ত লক্ষ্মীমন্ত। সুলক্ষণে। অশুভ অলক্ষুণে কুলক্ষণে অপয়া। কুফা। কুসাইত।

৫৩৬। অর্থ

বি. অর্থ মানে তাৎপর্য মর্ম মর্মকথা। যাথার্থ্য প্রকৃতার্থ। সারত্ব সার,-মর্ম,-বস্তু সারবত্তা। গূঢ়ার্থ মর্মার্থ ভাবার্থ নিগূঢ়ার্থ নির্গলিতার্থ নিষ্কর্ষ। শব্দার্থ। সংজ্ঞার্থ। বাচ্যার্থ। ব্যঙ্গার্থ ব্যঞ্জনার্থ। লক্ষ্যার্থ। গূঢ়মর্ম রহস্য। উদ্দেশ্য। ভাব। রস। ধরন ধারণ দশা আচরণ ভঙ্গিমা। ব্যঞ্জনা। দ্যোতনা। অর্থচ্ছটা। অভিব্যক্তি। উল্লেখ। উদাহরণ। অভিভাব,-ন। বিষয় ব্যাপার বক্তব্য প্রসঙ্গ। মূল সার সারাংশ। যুক্তি। বুদ্ধি। অর্থান্তর অর্থভেদ। অপরার্থ ভিন্নার্থ। ফলিতার্থ। ব্যাখ্যা (৫৪১)।

ক্রি. অর্থ বা মানে করা বা হওয়া। বক্তব্য পেশ বা প্রকাশ করা। উদ্দেশ্য জানা বা জানানো। বলা। ছোঁয়া বা স্পর্শ করা। ঘোষণা করা। ইঙ্গিত বা সংকেত দেওয়া। বোঝা। মর্মগ্রহণ করা। হৃদয়ংগম করা। মর্মোদ্‌ঘাটন করা। বোঝানো। প্রকাশ করা। ভাবপ্রকাশ করা।

বিণ. অর্থ-পূর্ণ,-বহ,-বাহী,-ব্যঞ্জক,-দ্যোতক, -বোধক,-জ্ঞাপক,-যুক্ত। অর্থ্য অর্থাঢ্য। অর্থানুগত। তাৎপর্যপূর্ণ সারগর্ভ। ভাবাত্মক ভাব, -ব্যঞ্জক,-দ্যোতক,-সূচক। দ্যোতক সূচক ব্যঞ্জক বোধক প্রকাশক। বোধগম্য (৫৩৮)। সদর্থক। যথার্থ অন্বর্থ। ঐক্য একার্থ সমার্থক। নিহিত অন্তর্নিহিত গূঢ়। পরোক্ষ। অকথিত অপ্রকাশ্য। সার্থক। আক্ষরিক। ব্যাখ্যেয়।

অব্য. অর্থাৎ। মানে।

৫৩৭। অর্থহীনতা

বি. অর্থ-হীনতা,-শূন্যতা। অযাথার্থ্য নিরর্থকতা আনর্থ অনর্থকতা। অর্থসংকট। মানেবিভ্রাট। গিডিমিডি আগড়ম-বাগড়ম অগড়বগড় আবোল -তাবোল। ধানাইপানাই আলতুফালতু। প্রলাপ। দ্ব্যর্থতা। অসংগতি। অস্পষ্টতা (৫১২)। ধূম্রজাল বাকজাল। হিংটিংছট। পণ্ডিতিপনা। কেতাবিবাত। বাজেকথা। মূর্খতা।

ক্রি. কোন অর্থ বা মানে না হওয়া। তাৎপর্য না থাকা। প্রলাপ বকা। হেঁয়ালি করা। আঁচড় টানা। হিজিবিজি লেখা। ভুল বোঝা। ভুল বোঝানো। তেলে না ভাজা।

বিণ. অর্থ,-হীন,-শূন্য। নিরর্থক অনর্থক। নিরর্থ অনর্থ। বাজে যা-তা অসার। মর্ম,সার,অন্তঃসার, -হীন তাৎপর্যহীন। সংগতিহীন অপ্রকাশিতব্য অপাঙক্তেয়। অবোধ্য অস্পষ্ট (৫৩৯)।

৫৩৮। বোধগম্যতা

বি. বোধগম্যতা সু,সহজ,-বোধগম্যতা। অধিগম্যতা স্পষ্টতা স্বচ্ছতা পরিস্ফুটতা প্রাঞ্জলতা বিশদতা। যথাযথতা যথার্থতা সহজতা। সংগতি সামঞ্জস্য।

ক্রি. বোধগম্য করা। পরিষ্কার করা। ভাবপ্রকাশ করা। সহজ করা। জল বা পানি করা বা হওয়া। খুলে বলা। বাংলা করে বলা। ব্যাখ্যা করা। সম্প্রসারিত করা। উদাহরণ দেওয়া। বোঝা। বুঝতে পারা। অধিগম করা। ধারণা করা। আয়ত্ত কবা। মর্ম গ্রহণ করা। হৃদয়ংগম করা। মাথায় ঢোকা।

বিণ. বোধগম্য জ্ঞানগম্য হৃদয়ংগম। অধিগম্য। বোধ্য সুবোধ্য। লঘুবোধ্য। স্বচ্ছ স্পষ্ট পরিস্ফুট বিশদ প্রাঞ্জল। পরিষ্কার সাফ। সহজ সোজা সরল। চাঁচাছোলা। বোধক বাচক।

৫৩৯। অবোধগম্যতা

বি. অবোধগম্যতা অবোধ্যতা। দুর্বোধ্যতা দুরধিগম্যতা দুজ্ঞেয়তা। কঠিনতা। কটমটি। কূটার্থ। গুপ্তঅর্থ। অর্থসংকট। মানেবিভ্রাট। ব্যসকূট। হিজিবিজি। অস্পষ্টতা অপরিস্ফুটতা। অস্বচ্ছতা। অসম্বদ্ধতা অসংলগ্নতা সংগতিশূন্যতা পারম্পর্যহীনতা। দ্ব্যর্থতা। জট জটিলতা। ধূম্রিমা। সমস্যা। অনুত্তর প্রশ্ন। রহস্য। প্রহেলিকা হেঁয়ালি ধাঁধা। কদক্ষর।

ক্রি. অবোধ্য বা অবোধগম্যতা হওয়া বা করা। জটিল বা কঠিন করা। তালগোল পাকানো। গোপন করা।

বিণ. অবোধগম্য। অনধিগম্য। অবোধ্য। অজ্ঞেয়। দুরভিগ্রহ দুরবগাহ দুরধিগম দুরধিগম্য দুর্বোধ্য দুর্জ্ঞেয় দুরূহ। কূট কূটকচালে প্যাঁচালো। ঘোরপ্যাঁচওয়ালা। দুষ্পাঠ্য অপাঠ্য দুরধ্যয়। বিদঘুটে অনুত্তর। অস্পষ্ট অপরিস্ফুট অস্বচ্ছ। দ্ব্যর্থ। অনির্দিষ্ট। জটিল কঠিন। নীরস। খটোমটো কটমট। অসম্বদ্ধ অসংলগ্ন। অসংগতিপূর্ণ। পারম্পর্যহীন। নিগূঢ়। অপ্রকাশিতব্য অবাচ্য অনুচ্চার্য।

৫৪০। দ্ব্যর্থতা

বি. দ্ব্যর্থতা। বাকছল বাকচাতুরি। ব্যঙ্গ শ্লেষ। বক্রোক্তি। কটাক্ষ। ছলনা (৫৫৬)। বিভ্রান্তি। ধাঁধা। ফুসমন্তর। স্ফিংস। গূঢ়বাণী।

ক্রি. এক মুখে দুই কথা বলা। হেঁয়ালি করা। ছলনা করা (৫৫৬)।

বিণ. দ্ব্যর্থ,-ক। নানার্থক বহ্বর্থ বিবিধার্থক। ব্যঙ্গ। শ্লিষ্ট নিগূঢ় প্রচ্ছন্ন। বিভ্রান্তিকর। সন্দেহজনক। কপট।

৫৪১। ব্যাখ্যা

বি. ব্যাখ্যা। সংজ্ঞার্থ। টীকা ভাষ্য টীকাভাষ্য। পাদটীকা। তাৎপর্য। অর্থ,-বোধ,-নির্ধারণ, -নিরূপণ,-গ্রহ। বিশ্লেষণ বিশ্লেষ। সারোদ্ধার মর্মোদ্ধার মর্মোদ্ভেদ মর্মোদ্‌ঘাটন। নিরুক্তি নির্বচন। বিশদবিবরণ ভাবসম্প্রসারণ ব্যাখ্যান সূত্রবিবৃতি। নিদানবর্ণন। সমাধান উত্তর কৈফিয়ত অর্থ (৫৩৬)। সূত্র। অনুবাদ আক্ষরিক-অনুবাদ স্বচ্ছন্দ-অনুবাদ। নিবন্ধ। মন্তব্য টিপ্পনী। দৃষ্টান্ত উদাহরণ। অভিধান (৫৭৪)। ভবিষ্যদ্‌বাণী (৫৩৪)।

ব্যাখ্যাতা ব্যাখ্যা,-কার,-কারী। বর্ণনাকারী। প্রদর্শনকারী। ভাষ্য,টিকা,নিবন্ধ,-কার। সূত্রার্থপ্রকাশক। প্রকাশক। অনুবাদক। দৈবজ্ঞ (৫৩৪)। দোভাষ। বক্তা মুখপাত্র। ফোরম্যান। সর্দার। উকিল। প্রতিনিধি দূত। প্রদর্শক। পথপ্রদর্শক পাইলট। ঘোষক।

ক্রি. ব্যাখ্যা করা। সংজ্ঞা দেওয়া। মানে করা। অনুবাদ করা। টীকা লেখা। বয়ান করা। ভাবসম্প্রসারণ করা। উদাহরণ বা দৃষ্টান্ত দেওয়া। বোঝানো। সহজ করা। মন্তব্য করা।

বিণ. ব্যাখ্যাত বিবৃত বিশ্লেষিত। ব্যাখ্যামূলক। উদাহরণমূলক। দৃষ্টান্তস্বরূপ। সমার্থক। পরস্পরপরিবর্তনীয়। আক্ষরিক। রূপক। ব্যাখ্যেয়। বর্ণনীয়।

৫৪২। দুর্ব্যাখ্যা

বি. দুর্ব্যাখ্যা কুব্যাখ্যা ভুল,ভ্রান্ত,-ব্যাখ্যা। ভুলঅর্থ। অর্থভ্রম (৫০৯)। কদর্থ। অর্থ,-বিরোধ, -বৈকল্য। কথার ফাঁকি। বিতথ্য অসত্যবর্ণনা। মিথ্যাবর্ণনা। ভুজুংভাজাং। বিকৃতকরণ। অতিরঞ্জন। অপলাপ। অপপ্রয়োগ। বাকছল। শ্লেষ লালিকা।

ক্রি. দুর্ব্যাখ্যা বা কদর্থ করা। ভুল অর্থ করা। বিকৃত করা। ভুল বোঝানো। অশুদ্ধ ব্যাখ্যা দেওয়া। ভুজুংভাজাং দেওয়া। ধূম্রজাল রচনা করা। কথার অযথা জের টানা। ভেংচানো। কথার জোড়াতালি দেওয়া। তালগোল পাকানো। গুলিয়ে দেওয়া।

বিণ. কদর্থীয়। ভ্রমাত্মক। অশুদ্ধ। বিভ্রান্তিকর। অগোছালো। ধোঁয়াটে।

৫৪৩। প্রকটন

বি. প্রকটন প্রকাশন বিকাশ উদ্ভাস উদ্ভাসন। বিস্তার প্রসার প্রস্ফুটন উন্মেষ উন্মীলন উন্মোচন। অভিব্যক্তি ক্রমবিকাশ। আভাস ইশারা ইঙ্গিত। ব্যঞ্জনা দ্যোতনা। রূপায়ণ। প্রদর্শন। প্রদর্শনীঅনুষ্ঠান। প্রচার (৫৪৮)। উদ্‌ঘাটন (৫৪৭)। উন্মুক্ততা। অকপটতা। বৈশিষ্ট্য লক্ষণীয়তা।

ক্রি. প্রকটিত বিকশিত বা প্রকাশিত হওয়া। উন্মোচিত বা প্রস্ফুটিত হওয়া। উদ্‌ঘাটিত হওয়া। প্রকাশ করা। দেখানো। প্রদর্শন করা। উন্মোচন করা। প্রচার করা। উদ্‌ঘাটন করা। আভাস দেওয়া। আবিষ্কার করা। মর্মোদ্ধার করা। আলোকপাত করা। বিকশিত হওয়া। দৃষ্টিগোচর হওয়া (৪৩৭)। চোখে পড়া। কানে আসা।

বিণ. প্রকটিত বিকশিত প্রকাশিত উন্মীলিত উন্মোচিত প্রস্ফুটিত উদ্‌ঘাটিত উন্মেষিত উদ্ভিন্ন উদ্ব্যক্ত। মূর্ত। অভিব্যক্ত। প্রতীয়মান আকর্ষণীয়। স্পষ্ট। পরিস্ফুট। বিশদ প্রাঞ্জল। প্রকট। সহজ সরল। প্রকাশ্য জাহির। উন্মুক্ত। খোলা নগ্ন। খোলাখুলি নিঃসঙ্কোচ অকুণ্ঠিত প্রগল্‌ভ নির্ভীক। চূড়ান্ত অভ্রান্ত। স্বতঃসিদ্ধ প্রমাণিত। স্বতঃস্ফূর্ত স্বাভাবিক।

ক্রি-বিণ. প্রকাশ্যদিবালোকে। অসংকোচে।

৫৪৪। প্রচ্ছন্নতা

বি. প্রচ্ছন্নতা অস্ফুটতা। অস্পষ্টতা। অব্যক্ততা। সুপ্তি। লীনতা। গূঢ়তা নিগূঢ়তা। দ্ব্যর্থতা। গোপনতা। রহস্য। প্রহেলিকা। গূঢ়ার্থ গূঢ়মর্ম মর্মার্থ। মর্মবাদ সুফিবাদ। অতীন্দ্রিয়বাদ। প্রতীকবাদ। পরোক্ষোক্তি। ব্যঙ্গোক্তি বক্রোক্তি। অবভাষণ। অদৃশ্যহস্ত। আসললোক। তলস্রোত।

ক্রি. প্রচ্ছন্ন লীন বা নিহিত থাকা। দৃষ্টিগোচর না হওয়া। চোখে না পড়া। লুকিয়ে থাকা। ওত পাতা। গোপন করা (৫৪৬)। জড়িত থাকা। মিশে থাকা। প্রতীক হিসাবে প্রকাশ করা। আভাস বা ইঙ্গিত দেওয়া। অনুমিত হওয়া। সূচিত হওয়া।

বিণ. প্রচ্ছন্ন অপ্রচ্ছন্ন। নিহিত অন্তর্নিহিত। অন্তঃশীল। সুপ্ত শায়িত। লীন অন্তর্লীন। বাতেন। গূঢ় নিগূঢ়। গুহ্য লুক্কায়িত গুপ্ত অজ্ঞাত দুর্জ্ঞেয়। অনুদিত অনুদাত্ত অনুক্ত অব্যক্ত উহ্য। অপ্রকট অপ্রকাশ অপ্রতীয়মান। অবিকশিত অপ্রকাশিত অপ্রদর্শিত অভাষিত অনুচ্চারিত অনুদ্‌ঘাটিত। চাপা। ঘুষঘুষে। গোপন। রহস্যজনক। অভ্যন্তরীণ। অতীন্দ্রিয়। অগোচর অদৃশ্য। (৪৩৮)। প্রতীকমূলক সাংকেতিক। অপ্রত্যক্ষ। বিমূর্ত। অনতিপরিচিত। বাঁকা বক্র। চোরা।

৫৪৫। জ্ঞাপন

বি. জ্ঞাপন জ্ঞাতকরণ প্রজ্ঞাপন বিবোধন সূচন। আলোকপাত। পরিচয় জানাশোনা। অভিজ্ঞতা। প্রচার (৫৪৮)। ধর্মপ্রচার তবলিগ। প্রখ্যাতি কীর্তি। উল্লেখ বলাকহা বলাবলি জানাজানি আদানপ্রদান বাতচিত। বিজ্ঞাপন বিজ্ঞাপনী জ্ঞাপনী বিখ্যাপন সংজ্ঞাপন সংজ্ঞপ্তি অ্যাডভারটাইজমেন্ট। বিজ্ঞপ্তি প্রজ্ঞপ্তি পরিপত্র সার্কুলার শোহরত নোটিশ এত্তেলা হুঁশিয়ারি। বিজ্ঞাপনী ইশতিহার। এলান ঘোষণা ঘোষণ বিঘোষণ প্রখ্যাপন উৎকীর্তন। বার্তা বারতা বিবৃতি বর্ণন বিবরণ। প্রতিবেদ প্রতিবেদন রিপোর্টিং। ব্যাখ্যান। ভাষ্য কমেন্টারি। ধারা, -ভাষণ,-বিবরণী রানিংকমেন্টারি। বেতার -বিবরণী। উপদেশ নির্দেশ। খবর সংবাদ সমাচার। বিবরণী হিসাব বর্ণনা। প্রাক্কলন মূল্যানুমান। নিদর্শন। প্রদর্শন জাহির স্বপ্রচার। উল্লেখ উল্লেখন। দৃষ্টি আকর্ষণ। সূচিপত্র নির্ঘণ্ট নির্দেশিকা। সূচনাপত্র। মুখ,-পত্র,-পাত। নোটিশবোর্ড। মানচিত্র নকশা। ভ্রমণসূচি। সংকেত ইঙ্গিত আভাস ইশারা। সূত্র। অভিভাবন। উসকানি। বক্রোক্তি কানাকানি কর্ণান্তর। জন,লোক,-শ্রুতি কিংবদন্তি। রটনা।

জ্ঞাপক জ্ঞাপয়িতা প্রত্যায়ক সূচক বোধক। প্রচারক। বিজ্ঞাপক বিজ্ঞাপনদাতা। প্রখ্যাপক খ্যাপক। ঘোষক ঘোষণাকারী প্রঘোষক নকিব। প্রতিবেদক প্রতিবেদনকারী সংবাদদাতা রিপোর্টার। ভাষ্য,ধারাভাষ্য,-কার কমেন্টেটার কম্পিয়ার। স্পোকস্‌ম্যান মুখপাত্র (৭৫৪)। পথ,প্রদর্শক, -নির্দেশক। দিশারী পাইলট। রটনাকারী।

ক্রি. জানানো। জ্ঞাপন করা। অবগত করা। অবহিত করা। জ্ঞাত করা বা করানো। বলাকহা। খবর দেওয়া। বলাবলি করা। চেনানো। পরিচয় করানো। প্রকাশ বা প্রচার করা। ঘোষণা করা বা দেওয়া। এলান করা। দেখানো। জাহির করা। কানে,-তোলা,-লাগানো। উল্লেখ করা। দৃষ্টি আকর্ষণ করা। নির্দেশ উপদেশ বা শিক্ষা দেওয়া। রিপোর্ট করা। সংবাদ দেওয়া। টেলিফোন করা। টেলিগ্রাম বা তার পাঠানো। বিবৃতি দেওয়া। বর্ণনা করা। প্রতিবেদন করা। সত্যতা উদ্ধার করা। ফাঁস করা (৫৪৭)। ব্যাখ্যা করা। ঠিক করা। জানাজানি হওয়া। আভাস ইঙ্গিত বা ইশারা করা। চোখ ঠারা। উসকানি দেওয়া। রটনা করা।

বিণ. জ্ঞাত পরিজ্ঞাত অবগত বিদিত সুবিদিত। সূচিত। বিজ্ঞাপিত জ্ঞাপিত রটিত। প্রচারিত। প্রতিবেদিত। ঘোষিত বিঘোষিত আঘোষিত প্রখ্যাপিত উৎকীর্তিত অভিশব্দিত। বিবৃত উল্লিখিত। জ্ঞাতব্য জ্ঞেয় জ্ঞানগোচর জ্ঞাপনীয় বিজ্ঞাপনীয় প্রখ্যাপনীয় সূচনীয় সূচ্য সূচয়িতব্য। উল্লেখ্য উল্লেখনীয়। ব্যাখ্যাত। জ্ঞাপক দ্যোতক ব্যঞ্জক প্রকাশক। নির্দেশক। তথ্য,-মূলক, -সংক্রান্ত। স্পষ্ট বিশদ। অভিভাব্য। ঘোষণামূলক। বর্ণনামূলক। পরিচায়ক।

৫৪৬। গোপন

বি. গোপন গোপনতা গোপনীয়তা। সংগোপন গুপ্তি সংগুপ্তি। সংবরণ। অপলাপ। চাপাচাপি। ছাপাছাপি ঢাকাঢাকি ঢাকঢাক-গুড়গুড় লুকোচুরি। স্বগতোক্তি। আড়ি আড়াল আড় আবডাল অন্তরাল। আবরণ পর্দা ঘোমটা। যবনিকা। ছায়া। সিন্দুক। চোরাকুঠরি। ভোল মুখোশ ছদ্মবেশ। অপলাপ নামগোপন। আত্মগোপন। আন্ডারগ্রাউন্ড। অজ্ঞাত,ভূতল,-বাস। গুমি। চাতুর্য। সাট ইঙ্গিত ইশারা হাতছানি। টিপুনি অন্তরটিপুনি। গুজগুজানি। ফুসমন্তর। সাঁট সড় ষড়যন্ত্র চক্রান্ত। নীরবতা চুপি। মৌন। রহস্য সন্ধান। গুপ্তকথা ঘরের,পেটের,-কথা। হাঁড়ির খবর। অজ্ঞাত কাহিনী। মন্ত্রগুপ্তি। গুপ্তধন। কানাকানি কানাঘুষা।

ক্রি. গোপন করা। লুকানো ছাপানো বা ঢাকা। গুপ্ত বা লুক্কায়িত রাখা। উহ্য রাখা। লুকিয়ে থাকা। আত্মগোপন করা। নাম বা পরিচয় গোপন করা। নাম ভাঁড়ানো। ডুব মারা। গা ঢাকা দেওয়া। গায়েব বা গাপ হওয়া। ওত পাতা। গুঁড়ি বা গুঁড়িগুঁড়ি মারা। ঘুপটি বা ঘাপ্টি মারা। ফাঁদ পাতা (৬৭৬)। আড়ি পাতা বা মারা। ফিসফিস করা। গুজগুজ করা। টিপে দেওয়া। চোখ টেপা। গায়েব বা গুম করা। চোখে ধুলো দেওয়া। ধোঁকা দেওয়া। ডুবে ডুবে জল খাওয়া। চাপা মারা। চেপে দেওয়া। চেপে যাওয়া। ধামাচাপা দেওয়া।

বিণ. গোপন গুপ্ত সংগুপ্ত সংগোপিত সুগুপ্ত। লুকানো লুক্কায়িত। ছাপানো চাপা ঢাকা সংবৃত। ধামাচাপা। অদৃশ্য। অজানা অজ্ঞাত বেমালুম। দুর্জ্ঞেয় নির্জ্ঞেয়। রহস্য,-জনক,-ময়,-পূর্ণ। গায়েবি। গূঢ় নিগূঢ় গুহ্য। প্রচ্ছন্ন। নিভৃত অন্তরস্থ। ব্যক্তিগত বৈয়ক্তিক। গোপনীয় অপ্রকাশিতব্য অপ্রচারণ্য। অপ্রচারণীয়। গোপ্তব্য গোপ্য। মুখচাপা। গুজগুজে। নির্বাক নীরব স্বল্পভাষী। চোরা চোরাগোপ্তা। গাপ গায়েব পুশিদা। আবৃত অনাবিষ্কৃত অবোধ্য।

ক্রি-বিণ. গোপনে লুকিসারে চুপিসারে চুপেচাপে। অগোচরে অপ্রকাশ্যে। অসাক্ষাতে অসমক্ষে। আড়ালে আবডালে। অজ্ঞান্তে। নেপথ্যে। তলে তলে। ফাঁকে ফাঁকে।

৫৪৭। প্রকাশ

বি. প্রকাশ বিকচ প্রকটন (৫৪৩)। প্রকাশন স্ফুটন প্রস্ফুটন ফুটন স্ফুরণ স্ফূর্তি স্ফার স্ফারণ বিস্ফার। উদ্‌ঘাটন উন্মোচন উদ্ভাসন উদ্‌গিরণ উদ্ব্যক্তি। জ্ঞাপন কথন। উদ্ভাবন। প্রচার ঘোষণা রটনা। প্রদর্শন। বিকাশ প্রতিভাস অভিদ্যোতনা ক্রমপ্রকাশ অভিব্যক্তি বিবর্তন। উদয়। উদ্ভেদ। বাহিব অনিভৃতি। বহিরাগমন। জানাজানি। ঢিঢি। প্রাপ্তিস্বীকার কৃতজ্ঞতাস্বীকার। স্বীকৃতি স্বীকারোক্তি কবুলজবাব অপরাধস্বীকার। চিচিংফাঁক। প্রকাশক প্রকাশকারী। উদ্‌ঘাটক উদ্‌ঘাটনকারী। উদ্ভাসক উদ্ভাসনকারী। অভিদ্যোতক।

ক্রি. প্রকাশ করা। অনাবৃত উন্মুক্ত উদ্‌ঘাটন বা উন্মোচন করা। খোলা। চোখ খোলা। রহস্য উদ্‌ঘাটন করা। বলা (৫৪৫)। উচ্চারণ করা। মুখ খোলা। খোলসা করা। হাটে হাঁড়ি ভাঙা। ফাঁস করা। বার করা। গোপন না করা। মুখ ফুটে বলা। কথা ভাঙা। খবর দেওয়া। বিশ্বাসঘাতকতা করা। ফোটা। ফুটে ওঠা। মেলা। মেলে দেওয়া। বার হওয়া। বাইরে আসা। জাহির বা রটনা করা। কানাকানি বা কানাঘুষা করা। স্বীকার বা কবুল করা। সত্যতা স্বীকার করা। বুকে হাত দিয়ে বলা। শপথ করা। মন খোলা। জাহির হওয়া। প্রকাশ পাওয়া। জানাজানি হওয়া। ফাঁস হওয়া। ঢিঢি পড়া। কানে আসা। চোখে পড়া। দিবালোকের মত পরিষ্কার হওয়া।

বিণ. প্রকাশিত প্রকটিত। স্ফুট স্ফুটিত প্রস্ফুট পরিস্ফুট প্রস্ফুটিত বিকচ। স্ফুরিত। স্পষ্ট সুস্পষ্ট। মূর্ত প্রমূর্ত অনাবৃত অভিব্যক্ত। উন্মুক্ত উদ্‌ঘাটিত উন্মোচিত উদ্ব্যক্ত উদ্ভিন্ন। অগোপন অগুপ্ত অগুহ্য অগূঢ় অগোপনীয় বেফাঁস। উদিত সমুদিত। প্রচারিত প্রদর্শিত ব্যক্ত। উদ্ভাবিত। অনিবারিত। প্রকাশ্য প্রতীয়মান প্রকট। দৃশ্য। বিকাশ,প্রকাশ,-মান উদয়মান স্ফুটনোন্মুখ স্ফুটনোদ্যত বিকচোন্মুখ। প্রকাশিতব্য প্রকাশনীয় স্ফুটনীয়। স্ফূর্তিমান। স্বীকৃত কবুল। ফাঁস।

ক্রি-বিণ. প্রকাশ্যে প্রকাশ্যদিবালোকে। খোলাখুলি ভাবে। চোখের সামনে। সবারসামনে সর্বসমক্ষে হাটের মধ্যে। মুক্তকণ্ঠে অসংকোচে।

৫৪৮। প্রকাশন

বি. প্রকাশ,-ন,-না। বিকাশন। ঘোষণা এলান বিবৃতি বিজ্ঞপ্তি ইশতিহার। শোহরত। ঢোলশোহরত ঢেঁড়া ঢ্যাবাডোবা ধমল। উদ্‌ঘাটন ফাঁস। শোর আওয়াজ শোরগোল। হুকুমজারি। আইনপ্রবর্তনা। ডিক্রিজারি। হুলিয়া। প্রচার,-ণ, -ণা প্রচারকরণ। অনুকীর্তন পাবলিসিটি। সম্প্রচার সম্প্রসারণ ব্রডকাস্ট টেলিকাস্ট। সংবাদ (৫৪৯)। রটনা রটন চাউড় জানাজানি কানাকানি কর্ণান্তর কানাঘুষা কর্ণোপকর্ণিতা বলাবলি কথাচালাচালি লোকজানাজানি। ঢিঢিক্কার। কথন খ্যাতি। চল প্রচলন। জনরব গুঞ্জন গুজব। হুজুগ। হৈচৈ। বৃত্তান্ত। প্রেস। সংবাদপত্র খবরেরকাগজ (৫৪৯)। পত্রিকা গেজেট। বিজ্ঞাপন। প্রচারপত্র ঘোষণাপত্র বুলেটিন। পুস্তিকা বুকলেট প্রচারপুস্তিকা। বিল হ্যান্ডবিল লিফলেট। পোস্টার প্ল্যাকার্ড ব্যানার হোর্ডিং সাইনবোর্ড। নামফলক নেমপ্লেট লেটারহেড। ভিজিটিং কার্ড। পরিচয়,প্রমাণ,-পত্র আইডেন্টিটি কার্ড। প্রাচীরপত্র দেয়াল,-পত্র, -লিপি,-লিখন। নোটিশ। প্রোগ্রাম। বিবরণ কর্মসূচি। ম্যানিফেস্টো কর্মপন্থা। প্রচার,গণ,জন, -মাধ্যম প্রচারযন্ত্র মিডিয়া। প্রকাশক প্রচারক প্রচার,-কারী,-বিদ,-বিশেষজ্ঞ। সম্প্রচারক। রটনাকারী।

ক্রি. প্রকাশ করা। প্রচার করা। ঘোষণা বা এলান করা। জারী করা। রাষ্ট্র করা। রটানো। রটা। ঢোলশোহরত করা। ঢোল দেওয়া। ঢেঁড়া বা ঢাক পিটানো। প্রকাশ হয়ে যাওয়া। শোর আওয়াজ শোরগোল বা রব তোলা। হৈচৈ বাধানো। প্রবর্তন বা প্রচলন করা। হাটে হাঁড়ি ফাটানো বা ভাঙা। বেরিয়ে পড়া। গুজব ছড়ানো। ঢিঢি পড়া। নিন্দা রটা। পাঁচ কান করা। বলে বেড়ানো। রব ওঠা। মুখে মুখে ফেরা। হাওয়ায় রটা। ছড়ানো। জানানো। জানাজানি হওয়া। কানাকানি কানাঘুষা বা কথাচালাচালি করা। লোকজানাজানি হওয়া। টেলিগ্রাফ কেবল্ বা তার করা। পৃথিবীকে জানানো।

বিণ. প্রকাশিত প্রচারিত সম্প্রচারিত। প্রচলিত। সর্বজনবিদিত। জলজ্যান্ত। খ্যাত কুখ্যাত।

ক্রি–বিণ. লোকমুখে মুখেমুখে লোকপরম্পরায়। সর্বসমক্ষে দিবালোকে।

৫৪৯। সংবাদ

বি. সংবাদ খবর নিউজ খবরাখবর বার্তা উদ্দেশ সমাচার সন্দেশ। বৃত্তান্ত বিবরণ। কাগজের,পেপারের,–খবর। বেতারবার্তা রেডিওর খবর টিভিনিউজ টিভির খবর। তথ্য। ঠিকঠিকানা সন্ধান পাত্তা। খোঁজ,–খবর তত্ত্বতালাশ। তথ্যসন্ধান। হাট,হাড়,–হদ্দ নাড়ীনক্ষত্র হাঁড়ির খবর গুহ্যসংবাদ ভেতরের কথা। গোপনসংবাদ স্কুপ। স্থানীয়সংবাদ। মফস্বলসমাচার। বাত কথা। বিবৃতি বাণী। প্রতিবেদন। নির্দেশ উপদেশ। বুলেটিন। তার টেলিগ্রাম কেব্‌ল্‌। রেডিওগ্রাম অয়্যারলেস। টেলিফোন ফোন দূরালাপনী। বিবরণ রিপোর্ট। জনরব জনশ্রুতি শোনাকথা গুজব আওয়াজ গোলযোগ হৈচৈ। আলোচনা খ্যাতি। ঢিঢি,–কার, -রব,–কার। আড্ডা বকবকানি। সু,–সংবাদ, -খবর,–বৃত্তান্ত। শুভসংবাদ খোশ,ভালো,–খবর। কুশল, -সংবাদ,–বার্তা মঙ্গলবার্তা। তাজা,টাটকা, –খবর লেটেস্টনিউজ। ঠিক,পাকা,–খবব। ঘোড়ার মুখের খবর। বাজে,উড়ো,–খবর। মিথ্যেখবর। ভুল,-তথ্য,–খবর। দুঃখজনক,আতঙ্কজনক, –সংবাদ। খারাপখবর। অপরাধজগতের খবর। দুর্ঘটনা সংবাদ। কেলেঙ্কারি।

সংবাদপত্র খবরেরকাগজ পত্রিকা আখবার নিউজপেপার গেজেট গেজেটিয়ার। কাগজ পেপার। মুখপত্র। দৈনিক,–সংবাদপত্র,–কাগজ, –পত্রিকা ডেলি। প্রভাতীসংবাদপত্র। সান্ধ্যদৈনিক। সাময়িকপত্রিকা সাময়িকী বারত্রয়িক সাপ্তাহিক পাক্ষিক মাসিক দ্বিমাসিক ত্রৈমাসিক ষান্মাসিক বার্ষিক বাৎসরিক। ঈদ,পূজা,বিশেষ,–সংখ্যা। জয়ন্তীসংখ্যা। ক্রোড়পত্র কোলপাতি। পত্রপত্রিকা ম্যাগাজিন জার্নাল। মনোগ্রাফ। লিটলম্যাগাজিন অপেশাদারিকাগজ। ব্রুসিওর। স্মরণিকা স্মারকপত্র স্যুভেনির। প্রেস,–বিজ্ঞপ্তি,–রিলিজ। সম্পাদকীয় এডিটোরিয়াল।

সাংবাদিকতা জার্নালিজম। সংবাদজগৎ সংবাদ, –সংস্থা প্রতিষ্ঠান নিউজ,–এজেন্সি,–ব্যুরো। সংবাদ,প্রচার,-মাধ্যম মিডিয়া। সম্পাদন সম্পাদনা সম্পাদকতা। সাংবাদিকসম্মেলন প্রেস,–বৈঠক, –কনফারেন্স। সম্পাদক এডিটর। সাবএডিটর সহসম্পাদক। বার্তাসম্পাদক নিউজএডিটর। ক্রীড়াসম্পাদক। সাংবাদিক জার্নালিস্ট। রিপোর্টার প্রতিবেদক। সংবাদদাতা নিজস্ব,বিশেষ, –সংবাদদাতা প্রতিনিধি স্টাফ রিপোর্টার। ক্রীড়াসাংবাদিক। সংবাদ,–বহ,–বাহী,–বাহক বার্তাবহ খবরগির হরকরা। খবর,সমাচার,–দাতা। কলমচি কলামনিস্ট। ভাষ্যকার। ঐতিহাসিক কথক বয়াতী। রটনাকারী। নিন্দুক। আড্ডাবাজ বাচাল পাড়ারগেজেট। ফোঁপরদালাল। চর,–দূত বার্তন বার্তায়ন বরাতি। স্পাই গুপ্ত,-চর,–দূত। দূতী কুটনী। গোয়েন্দা ডিটেকটিভ। ভগ্নদূত। দৌত্য,–গিরি দূতিয়ালি। গুপ্তচরবৃত্তি।

ক্রি. সংবাদ বা খবর পাওয়া দেওয়া বা সংগ্রহ করা। নাড়ীনক্ষত্র টেনে বের করা। খবর বের করা। স্কুপ করা। ফাঁস বা প্রকাশ করা। রটনা করা। মুখে মুখে খবর ছড়িয়ে পড়া। জানাজানি হওয়া। কাকের মুখে খবর পাওয়া। বাতাসের আগে খবর ছোটা।

বিণ. সংবাদে প্রকাশিত। কথিত। প্রচারিত। প্রচলিত। তথাকথিত। তথ্য,-মূলক,-সংক্রান্ত চাঞ্চল্যকর লোমহর্ষক মুখরোচক কলঙ্কময়।

৫৫০। যোগাযোগ

বি যোগাযোগ,-ব্যবস্থা কমিউনিকেশন। খবর, -আদানপ্রদান,-দেওয়ানেওয়া,-লেনদেন। সংযোগ। যাতায়াত পরিবহন (২৬৫)। সরাসরি,প্রত্যক্ষ,-যোগাযোগ। পরোক্ষ,-সংযোগ, -যোগাযোগ। ডাক,-ব্যবস্থা,-যোগাযোগ পোস্টালসার্ভিস। ডাকঘর পোস্টঅফিস। ডাক, -টিকিট,-মাশুল,-খরচ। খাম লেফাপা এনভেলাপ। পোস্টকার্ড। অন্তর্দেশীয়পত্র ইনল্যান্ডলেটার। বিদেশের চিঠি ফরেনলেটার। সিল ছাপ মোহর ফ্র্যাঙ্কিং। মনিঅর্ডার। রেজিস্ট্রেশন। প্রাপ্তিস্বীকার। ভিপি। ডাকবাক্স। ডাকমেইল। ডাকগাড়ি। ডাক,-পিওন,-ওয়ালা পোস্টম্যান। ডাকহরকরা রানার। পোস্টমাস্টার ডাকবাবু। বিমানডাক এয়ার-মেইল। সি-মেইল। সারফেস-মেইল। চিঠি (৫৯৪)। পত্র লিপি লেটার। পত্রবিনিময় চিঠিচাপাটি। পত্রোত্তর চিঠির উত্তর। পত্রবন্ধু পেনফ্রেন্ড।

টেলি,-গ্রাফ,-গ্রাম তার কেবল। টেলি,-প্রিন্টার, -টাইপরাইটার। টেলেক্স। মর্সকোড টরেটক্কা। টেলিগ্রাফ অফিস তারঘর। টেলিগ্রাফের,-তার, -পোস্ট,-খুঁটি। টেলিফোন ফোন দূরালাপনী। রিসিভার গ্রাহকযন্ত্র। টেলিফোন,-ফোন,-কেন্দ্র, -এক্সচেঞ্জ। অটোমেটিক,স্বয়ংক্রিয়,-টেলিফোন। ডায়াল,-টোন। বিজি,ব্যস্ত,-টোন। রিং-ব্যাক -টোন। ক্রস-কানেকশন। কল। ট্রাঙ্ক,-কল, -টেলিফোন। টেলি,-যোগাযোগ,-কমিউনিকেশন। রেডিও (৩৩৫)। রেডিও টেলিফোন। টেলিভিশন (৩৩৬)। যোগাযোগ উপগ্রহ কমিউনিকেশন -স্যাটেলাইট। মাইক্রোওয়েভ অনুতরঙ্গ। বেতার। আলোকতরঙ্গপ্রকৌশল। অপটিক্যালফাইবর গ্লাসফাইবর।

ক্রি. যোগাযোগ স্থাপন করা বা রাখা। সংযোগ রক্ষা করা। চিঠি লেখা। টেলিফোন করা। ডায়াল বা রিং করা। কথা বলা।

বিণ. যোগাযোগ,-সংক্রান্ত,-বিষয়ক। সডাক। ডাকমাশুলসহ।

৫৫১। শিক্ষা

বি. শিক্ষা শিক্ষাদীক্ষা এডুকেশন শিক্ষণ শিক্ষাগ্রহণ শিক্ষাদান তালিম টিচিং প্রশিক্ষণ কোচিং ট্রেনিং। দীক্ষা,-দান। বিদ্যা,জ্ঞান,-দান জ্ঞানসঞ্চার। পাঠন বিনয়ন। শিক্ষকতা মাস্টারি গুরুগিরি অধ্যাপন অধ্যাপনা পণ্ডিতি অধ্যক্ষ,-তা,-ত্ব। গৃহশিক্ষকতা টিউশনি। শাসন অনুশাসন। নির্দেশ আদেশ উপদেশ সবক হিতোপদেশ নীতিকথা। শিক্ষা, -লাভ,-প্রাপ্তি। বিদ্যা,-লাভ,-অর্জন,-চর্চা,-শিক্ষা বিদ্যোপার্জন বিদ্যাভ্যাস বিদ্যানুশীলন। জ্ঞান, -লাভ,-চর্চা,-পিপাসা জ্ঞানার্জন জ্ঞানানুশীলন। প্রস্তুতি যোগ্যতা।

অনুশীলন চর্চা অভ্যাস। পাঠ পঠন আবৃত্তি। ব্যায়াম। বক্তৃতা তকরির। আলোচনা। বাহাস। শিক্ষা,-প্রণালী,-বিধি। পাঠনরীতি পড়ানোর ধরন। শিক্ষা,-বিস্তার,-প্রসার বিদ্যা,জ্ঞান,-বিস্তার। প্রাথমিক,বুনিয়াদি,মাধ্যমিক,কলেজি,উচ্চ, সাধারণ, বৃত্তিমূলক,-শিক্ষা। হাতেকলমে শিক্ষা। প্রত্যক্ষজ্ঞান। পরোক্ষজ্ঞান। শিক্ষাবিভাগ। শিক্ষার,-অধিকার,-সুযোগ। জনশিক্ষা বয়স্কশিক্ষা। নিরক্ষরতাদূরীকরণ। শিক্ষাকেন্দ্র (৫৫৪)। শিক্ষামাধ্যম। পাঠ্য,-গ্রন্থ,-পুস্তক

টেক্সটবই। পাঠ্য,-সূচী,-ক্রম,-তালিকা পাঠক্রম সিলেবাস শিক্ষাক্রম। বিজ্ঞান সায়ান্স। মানবিক বিদ্যা হিউম্যানিটিজ। পরীক্ষা (৪৮০)।

শিক্ষক শিক্ষা,-গুরু,-দাতা দীক্ষক দীক্ষাদাতা মাস্টার,-মশাই টিচার। শিক্ষয়িতা শিক্ষয়িত্রী শিক্ষিকা মাস্টারনী। গুরু,-মশাই আচার্য মহাগুরু। আচার্যা। গুর্বী গুরুপত্নী গুরুমা। বিদ্যাদাতা বিনেতা জ্ঞান,-দা,-দাতা। শিক্ষা,-বিদ,-বেত্তা,-ব্রতী। গুণী জ্ঞানী। উপদেষ্টা। সাঁই পির। পণ্ডিত ভট্টারক উপাধ্যায় হেডপণ্ডিত টুলোপণ্ডিত। অধ্যাপক অধ্যাপিকা অধ্যাপয়িতা লেকচারার রিডার প্রফেসর। অধ্যক্ষ অধ্যক্ষা প্রিন্সিপাল। উপাধ্যক্ষ ভাইসপ্রিন্সিপাল। রেক্টর। উপাচার্য ভাইসচ্যান্সেলর। আচার্য চ্যান্সেলর। ফেলো। মখদুম মৌলভি মওলানা আলেম মুনশি। স্কুলমাস্টার স্কুলমিস্ট্রেস। প্রধানশিক্ষক হেডমাস্টার। প্রধানা,-শিক্ষিকা,-শিক্ষয়িত্রী হেডমিস্ট্রেস। সহ,-শিক্ষক,-শিক্ষিকা। গৃহশিক্ষক টিউটর প্রাইভেটটিউটর। কোচ। ছাত্র (৫৫৩)।

ক্রি. শেখা। শেখানো। শিক্ষা জ্ঞান উপদেশ সবক বা নির্দেশ দেওয়া বা দান করা। শেখানোপড়ানো। তালিম প্রশিক্ষণ বা ট্রেনিং দেওয়া। পড়ানো। শিক্ষকতা বা অধ্যাপনা করা। টিউশনি করা। বাড়িতে পড়ানো। গৃহশিক্ষকের কাজ করা। পড়া ধরা। পড়া লওয়া। মুখস্থ করানো। গুলে খাওয়ানো। বাতলানো। জানানো। ধারণা করানো। মাথায় ঢোকানো। মনে সঞ্চারিত করা। ব্যাখ্যা করা। বক্তৃতা দেওয়া। তকরির করা। প্রচার করা। গড়ে তোলা। কোচ করা। প্রস্তুত করানো। অভ্যাস করানো। উপযুক্ত করা। শিক্ষিত করা। মানুষ করা। পথ প্রদর্শন করা। পথ দেখানো। মন্ত্রণা দেওয়া। শিক্ষাগ্রহণ করা। চোখ খুলে যাওয়া। ঠেকে শেখা। দেখে শেখা।

বিণ. শিক্ষা,-মূলক,-প্রদ,-দায়ক। শিক্ষা,-সম্বন্ধীয়,-সংক্রান্ত। শিক্ষাগত। জ্ঞান,-দ,-দায়ক,-পূর্ণ,-গর্ভ। অ্যাকাডেমিক। সাংস্কৃতিক। মানবিক। বৈজ্ঞানিক। কারিগরি বাস্তবোপযোগী ব্যবহারমূলক। নীতিমূলক। পাণ্ডিত্য,-পূর্ণ,-মূলক। শিক্ষণীয় শিক্ষ্য। দীক্ষণীয়।

তালিমপ্রাপ্ত তালিমি ট্রেইনড্। শিক্ষিত শিক্ষাপ্রাপ্ত। দীক্ষিত দীক্ষাপ্রাপ্ত। উচ্চশিক্ষিত। স্নাতক। স্নাতকোত্তর।

৫৫২। অশিক্ষা

বি. অশিক্ষা শিক্ষাভাব জ্ঞানাভাব। অধ্যয়নাভাব পাঠাভাব। অজ্ঞ,-তা,-ত্ব অজ্ঞানতা। মূর্খ,-তা,-ত্ব মূর্খামি। অবিজ্ঞতা ব্যামোহ নির্বুদ্ধিতা মূঢ়তা। নিরক্ষরতা অসাক্ষরতা অক্ষর,-জ্ঞানহীনতা,-পরিচয়শূন্যতা। জাহেলিয়া অজ্ঞানতিমির অজ্ঞানের অন্ধকার। অল্প,অগভীর,-বিদ্যা। অদক্ষতা অনভিজ্ঞতা। অপ,অসৎ,কু,মন্দ,ভুল,ভ্রান্ত,-শিক্ষা। ভ্রান্তোপদেশ। ভ্রান্তবিবরণ। বিকৃতি। দুর্ব্যাখ্যা কুব্যাখ্যা। হেত্বাভ্যাস তর্কাভ্যাস।

ক্রি. শিক্ষা না পাওয়া। শিক্ষার আলো না দেখা। শিক্ষা না দেওয়া। কুশিক্ষা অশিক্ষা বা ভুল শিক্ষা দেওয়া। বিপথে বা ভুলপথে চালনা করা। ভুল উপদেশ বা বুদ্ধি দেওয়া। ভুল বোঝানো। গুলিয়ে দেওয়া। কুপরামর্শ দেওয়া। প্রবঞ্চনা করা। ঠকানো। মিথ্যা বলা। অবোধ্য বা দুর্বোধ্য করা। দুর্ব্যাখ্যা বা কুব্যাখ্যা করা। ধূম্রজাল রচনা করা। অযথা পাণ্ডিত্য দেখানো। বিদ্যা ফলানো। তালগোল পাকানো।

বিণ. অশিক্ষা,অজ্ঞতা,অবিজ্ঞতা,-প্রসূত। অজ্ঞতা, নির্বুদ্ধিতা,কুশিক্ষা,-মূলক।

অশিক্ষিত গোলা অজ্ঞ অপ্রাপ্তশিক্ষা অজ্ঞান অজ্ঞানী জ্ঞান,-হীন,-শূন্য বিদ্যাহীন জাহেল। মূর্খ আকাট,গন্ড,-মূর্খ আকাট নির্বোধ মূঢ়। অবিজ্ঞ অপণ্ডিত অব্যুৎপন্ন অকোবিদ অবিদ্বান অবিদগ্ধ অপ্রাজ্ঞ। নিরক্ষর অনক্ষর উম্মি অসাক্ষর বর্ণপরিচয়হীন অক্ষর,-জ্ঞানহীন,-পরিচয়হীন। ক -অক্ষর-বরাহমাংস। অনুপদিষ্ট। অজ্ঞান, -তিমিরাচ্ছন্ন,-তিমিরান্ধ। পণ্ডিত,-মন্য,-মানী। অবোদ্ধা। পণ্ডিতমূর্খ। অল্প,-বিদ্যা,-শিক্ষিত অল্পজ্ঞ অর্ধশিক্ষিত।

৫৫৩। অধ্যয়ন

বি. অধ্যয়ন অধীতী এডুকেশন। শিক্ষা শিক্ষণ শিক্ষাগ্রহণ। বিদ্যাশিক্ষা জ্ঞানার্জন (৫৫১)। পাঠ পাঠাভ্যাস পঠন পঠনপাঠন প্রাধ্যয়ন পড়াশোনা লেখাপড়া। অধি,-গম,-গমন। মানসচর্চা। অভ্যাস চর্চা অনুশীলন তালিম (৫৫১)। অধ্যায়। অনুধ্যান। বিদ্যা বিদ্যাবত্তা এলেম জ্ঞান পাণ্ডিত্য। পরীক্ষা ইমতেহান। গবেষণা (৪৮০)। শিক্ষারম্ভ বিদ্যারম্ভ হাতে খড়ি। নবিশি শিক্ষানবিশি। ছাত্রত্ব শিষ্যত্ব শাগরেদি চেলাগিরি।

ছাত্র ছাত্রী শিক্ষার্থী শিক্ষার্থিনী অধীয়ান অধ্যয়নকারী অধ্যায়ী অধীতী অধ্যেতা পাঠার্থী পড়ুয়া পোড়ো বিদ্যার্থী বিদ্যার্থিনী বিদ্যাভ্যাসী। জ্ঞানার্থী শিশিক্ষু। তালেবেএলেম। মুদাররেস। হাফেজ। শিষ্য শিষ্যা চেলা শাগরেদ শাহারিদ উত্তবসাধক অন্তেবাসী। প্র,উপ,অনু,-শিষ্য। অনুগামী পন্থী। শিক্ষানবিশ অ্যাপ্রেন্টিস নবিশ ট্রেনি। সহ,এক,সম,-পাঠী সহাধ্যায়ী সমাধ্যায়ী সমানধ্যায় ক্লাস,-ফ্রেন্ড,-মেট সতীর্থ এক,-তীর্থ, -তীর্থী,-গুরু। ভাল,-ছাত্র,-ছেলে মেধাবী ছাত্র। খারাপ,-ছাত্র,-ছেলে অশিষ্য কুশিষ্য। স্কুলের ছেলে স্কুলছাত্র। কলেজছাত্র। ছাত্র,-জীবন,-দশা ছাত্রাবস্থা পাঠ্যাবস্থা পঠদ্দশা পাঠ্যজীবন। স্কুল,কলেজ,-জীবন। ছাত্রাবাস।

ক্রি. অধ্যয়ন করা। শেখা। শিক্ষা করা। পড়া। জ্ঞানার্জন করা। তালিম বা ট্রেনিং নেওয়া। লেখাপড়া করা। আয়ত্ত করা। মুখস্থ কণ্ঠস্থ বা হেফজ করা। নাড়া বাঁধা। হৃদয়ংগম করা। বোঝা। পাঠ করা। পড়া পারা। পড়া করা। পড়া দেওয়া। বইয়ের মধ্যে ডুবে থাকা। পাতা উল্টানো। চোখ বুলানো।

বিণ. অধীত কৃতপাঠ পঠিত অধিগত আয়ত্ত জ্ঞাত। মুখস্থ কণ্ঠস্থ। পাঠ্য পঠনীয় পঠিতব্য অনুধেয় অনুধ্যেয় অধিগম্য অভিগম্য অনুধাবনযোগ্য ধ্যেয়। জ্ঞাতব্য জ্ঞেয়। সু,সুখ, -পাঠ্য পাঠসুখকর। শিক্ষণীয়। শিক্ষা,-মূলক, -গত। অধ্যবসায়ী। মনোযোগী। অধ্যয়ন,-রত, -শীল,-নিরত অধ্যয়নার্থী অধীয়মান পাঠ্যমান পাঠ,-রত,-শীল। পাঠক। শিক্ষিত বিদ্বান।

৫৫৪। বিদ্যালয়

বি. বিদ্যালয় বিদ্যায়তন বিদ্যা,-পীঠ,-মন্দির, -নিকেতন,-স্থান,-কেন্দ্র,-ভবন। পাঠ,-মন্দির, -ভবন,-শালা,-শাল শিক্ষালয় শিক্ষাগার শিক্ষায়তন শিক্ষা,-কেন্দ্র,-নিকেতন। বাণীমন্দির। শিক্ষণকেন্দ্র। স্কুল ইনস্টিটিউট। গুরুগৃহ চতুষ্পাঠী চৌ,-পাড়,-পাঠি,-বাটী,-বাড়ি টোল। মাদ্রাসা মক্তব। নার্সারি মন্টেসারি কিন্ডারগার্টেন। প্রাথমিকবিদ্যালয় প্রাইমারিস্কুল। নিম্ন প্রাথমিক বিদ্যালয়। বুনিয়াদি বিদ্যালয়। বেসিক স্কুল। মাধ্যমিকবিদ্যালয় সেকেন্ডারি স্কুল। উচ্চমাধ্যমিক বিদ্যালয় হায়ারসেকেন্ডারি স্কুল। উচ্চ,-বিদ্যালয়, -শিক্ষালয়। বিদ্যাশ্রম আবাসিকবিদ্যালয়

বোর্ডিংস্কুল। পাবলিকস্কুল। ডিপ্লোমাস্কুল। কলেজ মহাবিদ্যালয়। ডিগ্রিকলেজ। কারিগরিবিদ্যালয় টেকনিক্যাল,-স্কুল,-কলেজ পলিটেকনিক। বিশ্ববিদ্যালয় ইউনিভার্সিটি। ইঞ্জিনিয়ারিং,-কলেজ,-ইউনিভার্সিটি। মেডিক্যালকলেজ চিকিৎসা মহাবিদ্যালয় ডাক্তারিকলেজ। কৃষিবিশ্ববিদ্যালয়। শিল্পবিদ্যালয় আর্টকলেজ চারুকলামহাবিদ্যালয় কারুশিক্ষালয়। ক্লাস শ্রেণী। উঁচুক্লাস উচ্চশ্রেণী। নিচুক্লাস নিম্নশ্রেণী। ক্লাস,-রুম,-ঘর শ্রেণীকক্ষ। লেকচার,-রুম,-থিয়েটার। মিলনায়তন। কমনরুম। ডেস্ক বেঞ্চি মঞ্চ। পাঠ্যপুস্তক। প্রাথমিক পাঠ। ব্যাকরণ। পরীক্ষা পরীক্ষার্থী পরীক্ষক পাশ ফেল (৪৮০)। ডিগ্রি ডিপ্লোমা। ডক্টরেট। সার্টিফিকেট সনদপত্র। উপাধি,অভিধা,-ধারী। সমাবর্তন,-উৎসব কনভোকেশন উপাধিবিতরণসভা বিদ্যোদ্বোধনসভা। শিক্ষক (৫৫১)। ছাত্র (৫৫৩)।

৫৫৫। সত্যবাদিতা

বি. সত্যবাদি,-তা,-ত্ব। সত্য,-কথন,-কথা,-ভাষণ। স্পষ্ট,-কথা,-বাদিতা। প্রকৃত ভাষণ। সত্য,-পথ,-পন্থা। সত্যতা(৫০৭)। সরলতা ঋজুতা। অকপটতা। উন্মুক্ততা। অমায়িকতা। বিশ্বস্ততা। সত্য,-পরায়ণতা,-নিষ্ঠতা সত্য,-প্রীতি,-নিষ্ঠা। সত্যানুরাগ সত্যাচারণ সত্যাবলম্বন সত্যাশ্রয়িতা। সত্য,-পালন,-সাধন,-প্রতিষ্ঠা,-রক্ষা। সততা (৯৪২)।

ক্রি. সত্য বলা। সোজা বলা। খুলে বলা। মনে কিছু না রেখে বলা। বলে ফেলা। মনের কথা বলা। মন বা দিল খোলাসা করা। শপথ হলফ বা কিরা করে বলা। ফাঁস করা (৫৪৭)।

বিণ. সত্য,-বাদী,-বাক্,-ভাষী। যথার্থবাদী। সত্য,-শীল,-পরায়ণ,-নিষ্ঠ,-প্রিয়। সত্য,-ব্রত,-সংকল্প,-প্রতিজ্ঞ। সত্যাশ্রয়ী সত্যাভিলাষী সত্যানুরাগী সত্যানুরক্ত। সত্যান্বেষী সত্যসন্ধানী। ঋত,-বান,-স্বর। সত্য,-দ্রষ্টা,-দর্শী। সত্যসন্ধ। সাধু সদাত্মা। সত্য,-পালক,-পালনকারী। সরল সোজা। অকপট নির্ব্যাজ ছলনাহীন। সাদা। অমায়িক খোলা,-মন। দিলখোলা।

৫৫৬। মিথ্যাবাদিতা

বি. মিথ্যাবাদিতা। মিথ্যা,-কথা,-বাদ,-ভাষণ,-চার,-চারণ,-চারিতা অসত্যবাদিতা। অসত্য,-কথন,-ভাষণ। কৈতব,-অনৃত,-বাদ। অনৃত,-ভাষণ,-ভাষিতা। মিছা কথা। অপলাপ অপহ্নব অপহ্নুতি। বিতথ্য। প্রবঞ্চনা (৫৫৭)। অসত্য (৫০৮)। কৈতব কপটতা অসরলতা। ব্যাজস্তুতি। মিথ্যাসাক্ষ্য কপট,কূট,-সাক্ষ্য। যোগসাজশ। অসাধুতা (৯৪৩)। কূটজাল ঘোরপ্যাঁচ মারপ্যাঁচ। বিকৃতি। অতিরঞ্জন। চাণক্যবুদ্ধি। মৌখিকতা। বিশ্বাসঘাতকতা। ছল ছলনা ভান ন্যাকামি। দমবাজি ফেরেববাজি ধড়িবাজি ধাপ্পা,ধোঁকা,ফাঁকি,-বাজি। বুজরুকি (৭১১)।

ক্রি. মিথ্যা বলা। মিছাকথা বলা। মিথ্যা শপথ করা। মিথ্যা সাক্ষ্য দেওয়া। মিথ্যাভাষণ দেওয়া। কদর্থ করা (৫৪২)। বিকৃত করা। রং লাগানো বা দেওয়া। সাজানো। বানানো। অতিরঞ্জন করা। ফাঁকি দেওয়া বা মারা। ভুজুং দেওয়া। ধাপ্পা দেওয়া। গুল দেওয়া বা মারা। গ্যাস দেওয়া বা মারা। ধোঁকা দেওয়া। এক মুখে দ'কথা বলা। এলোপাতাড়ি বলা। ভান করা। ছলনা করা। ন্যাকামি করা। ছিনালি করা। মুখে মধু ঢালা। সাধু সাজা (৫৪৭)।

বিণ. মিথ্যাবাদী মিথ্যুক। অসত্য। ঝুট ঝুটা ভুয়া ভুয়ো। অনৃত কৈতব অযথা অযথার্থ। বিতথ অতথ অতথোচিত অতথ্য বিতথ্য। অবাস্তব অলীক অলৌকিক। আষাঢ়ে গাঁজাখুরি। বানোয়াট। সাজানো। জাল মেকি। ভেজাল ভেল। কুটিল প্যাঁচাল। চাতুর্যপূর্ণ বুজরুকিপূর্ণ। বিশ্বাসঘাতকতাপূর্ণ। ভান কৃত্রিম। কপট। লোকদেখানো। মৌখিক। উপরউপর ভাসাভাসা। দ'মুখো। মিষ্টিমুখো। অসৎ অসাধু। উদ্দেশ্যমূলক।

৫৫৭। প্রতারণা

বি. প্রতারণ,-া। প্রবঞ্চনা প্রপঞ্চ ঠকামি শঠতা। বঞ্চন তঞ্চকতা বিপ্রলম্ভ প্রলম্ভ কুহনা তঞ্চ ত্বঞ্চ। মিথ্যা অসত্য (৫০৮)। ভাঁওতা ধাপ্পা গুল,-পট্টি। ধোঁকা ভোগা ফাঁকি ফক্কিকা। ধাপ্পা,ধোঁকা,ফাঁকি,-বাজি। ফাঁকিজুখি। ফক্কিকারী। ফেরেববাজি। ভণ্ডামি ছল ছুতা ছলা ছলনা ছলচাতুরী। চাতুর্য চাতুরী চালাকি। জোচ্চুরি জালিয়াতি কারচুপি। ধূর্ততা ধূর্তামি। ধড়িবাজি চোট্টামি। ওজর অছিলা। ফাঁদ জাল। কূনকী। কৌশল মারপ্যাঁচ চক্রান্ত ষড়যন্ত্র যোগসাজশ। চার টোপ। ওত ঘুপটি। খপ্পর কবল। ছদ্মবেশ ভোল মুখোশ। ব্যপদেশ ভাঁড়ামি। মায়া,-কান্না। কুম্ভিরাশ্রু। কুমিরের কান্না। কপটকান্না। অতিভক্তি। অতিভক্তি চোরের লক্ষণ। বিশ্বাসঘাতকতা। আত্ম,-প্রতারণা, প্রবঞ্চনা,-বঞ্চনা। দমবাজি। মরীচিকা (৪৩৩)। ভাবের ঘরে চুরি।

প্রতারক প্রতারণাকারী প্রবঞ্চক তঞ্চক বঞ্চক। বঞ্চনাকারী শঠ বিট ধূর্ত খল। ভণ্ড। ফাঁকি,ধোঁকা, ধাপ্পা,পট্টি,ভাঁওতা,ফেরেব,গুল, গাপ্পি,-বাজ। মিথ্যাবাদী। মিথ্যা,বানোয়াট, পেশাদার,-সাক্ষী। ধড়িবাজ বুজরুক চোট্টা জোচ্চোর। স্থগ প্রতিহারক বঞ্চুক। চিট ফোরটুয়েন্টি। ঠক ঠগ ঠগী। জালকারী জালক জালিক জালিয়াত। বাটপাড় নেপো। পাজি। নকলদাবিদার। ভণ্ডউমেদার দমবাজ দাম্ভিক নিন্দুক। দাঁওবাজ। ফাটকাবাজ। বিশ্বাসঘাতক। বাজিগর জাদুকর মায়াবী ডাইনী। ছদ্ম,-বেশী,-বেশধারী ভেকধারী। আত্ম, -প্রতারক,-প্রবঞ্চক। জ্ঞানপাপী। হাতুড়ে। ভণ্ডফকির বকধার্মিক। শিয়ালপণ্ডিত।

ক্রি. প্রতারণা বা প্রবঞ্চনা করা। ঠকানো। বিপথে চালনা করা। পথে বসানো। ধোঁকা ধাপ্পা বা ভাঁওতা দেওয়া। মিথ্যা বলা (৫৫৬)। ফাঁকি দেওয়া। চোখে ধুলো দেওয়া। ফাঁদে ফেলা। ফাঁসানো। বিশ্বাস প্রতিশ্রুতি বা চুক্তি ভঙ্গ করা। কথা না রাখা। ভুলানো। মোহিত করা। বোকা বানানো। চালাকি করা। টোপ ফেলা। কলা দেখানো। লবডঙ্কা দেখানো। টুপি পরানো। মাথায় কাঁঠাল ভাঙা। মাথায় হাত বুলানো। মনকে চোখ ঠারা। দেখেও না দেখা।

বিণ. প্রতারণা প্রবঞ্চনা,-মূলক। বঞ্চনীয় বঞ্চনযোগ্য। বঞ্চনামূলক। ছলনাময়। প্রতারিত প্রবঞ্চিত বঞ্চিত ছলিত বিপ্রলব্ধ। অসত্য (৫০৮)। বানোয়াট। নকল ঝুটা। ভণ্ডামিপূর্ণ। জাল জালিয়াতিপূর্ণ। অবৈধ। নিষিদ্ধ চোরাই। ভেজাল। ঠুনকো ভঙ্গুর।

৫৫৮। অতিরঞ্জন

বি. অতিরঞ্জন অত্যুক্তি অতিশায়ন অতিশয়োক্তি অত্যুদব্যক্তি অতিরঞ্জনপ্রিয়তা। মাত্রাতিরিক্ততা অতিমান (৪৮৭)। বিস্তার বাখান সম্প্রসারণ। অলংকার (৮৭১)। কারুকার্য। মিডিয়া-ক্র্যু। চটক ভড়ং আড়ম্বর বাড়াবাড়ি আস্ফালন (৮৭৯)। ভোটের বচন।

ক্রি. অতিরঞ্জন করা। বাড়িয়ে বলা। ফলাও করে বলা। সোনার চোখে দেখা। ফাঁপানো। ফুলানো। ফেনানো। রং চড়ানো। বাখান করা। ইনিয়ে বিনিয়ে বলা। পুঁথি বাড়ানো। তিলকে তাল করা। আকাশে তোলা। তুঙ্গে তোলা। তুফান তোলা। মাত্রা বা সীমা ছাড়ানো।

বিণ. অতিরঞ্জিত অতিঅঙ্কিত অতিকৃত। অত্যুদব্যক্ত। আড়ম্বরপূর্ণ। চটকদার ভড়ংদার। অস্বাভাবিক অবিশ্বাস্য। চূড়ান্ত।

ক্রি-বি. বাড়িয়ে। ফুলিয়ে ফাঁপিয়ে। ফেনিয়ে। রং চড়িয়ে। বিস্তারিতভাবে সবিস্তারে।

৫৫৯। ইঙ্গিত

বি. ইঙ্গিত ইশারা সংকেত আভাস আকারইঙ্গিত সাইন। নিদর্শন উদাহরণ দৃষ্টান্তপ্রদর্শন। চিহ্ন প্রতীক সুপ্রতীক। সূচনা লক্ষণ। সুলক্ষণ উপলক্ষণ উপসর্গ। নিদান। সু,শুভ,-লক্ষণ পয়। অ,কু, -লক্ষণ। অশুভচিহ্ন। পূর্বলক্ষণ পূর্বাভাস। সামান্যাভাস ঘুণাক্ষর। আদল। আদরা নমুনা। আকৃতি প্রকৃতি বৈশিষ্ট্য চরিত্র। হাবভাব ভঙ্গি অঙ্গভঙ্গি। ঠারঠোর ঠমক ছলাকলা। চোখঠারা কটাক্ষ। অঙ্গুলি,-ঠার,-নির্দেশ,-চালন,-সংজ্ঞা, -সংকেত,-সন্দেশ,-হেলন। ভ্রূসংকেত। শিরহেলন মাথাঝাঁকুনি। হাতছানি চিমটি কনুয়েরঠেস। সাঁট। পদচিহ্ন দাগ আঁক ছাপ। পদচিহ্ন। গন্ধ। সূত্র সুরুক। বিপদসংকেত। সিগনাল। কোড। আলোক,অগ্নি,-সংকেত। ঘন্টা শঙ্খ। সন্ধানীবাতি। বাতিঘর। আলোকস্তম্ভ। রেখা সীমারেখা আঁচড় দাগ মার্কা। টিক।

যতি,বিরাম,-চিহ্ন: দাঁড়ি পূর্ণচ্ছেদ কমা কোলন কোলনড্যাস সেমিকোলন সীমিকা ড্যাশ হাইফেন ফুলস্টপ। উর্ধ্বকমা অ্যাপোসট্রফি। বিস্ময়, আশ্চর্যবোধক,-চিহ্ন। প্রশ্ন,প্রশ্নবোধক,-চিহ্ন। উদ্ধৃতিচিহ্ন। তলরেখা আন্ডারলাইন। তোলালেখা। বন্ধনী ব্র্যাকেট। ইলেক। বিন্দু ফুটকি পয়েন্ট নোখতা। মানচিত্র ম্যাপ। দ্রাঘিমা অক্ষাংশ অক্ষরেখা বিষুবরেখা।

নিদর্শনচিহ্ন: চাপরাস আঁক ব্যাজ লেবেল। লোগো। এমব্লেম। কোট অব আর্মস। শীল্ড। লিভার ইউনিফর্ম উর্দি। জার্সি। রেখা টিপ আঙুলের ছাপ। বাম বৃদ্ধাঙ্গুলির ছাপ। অটোগ্রাফ দস্তখত হস্তাক্ষর। অভিজ্ঞান। সিলমোহর পাঞ্জা। তিলক। পৈতা উপবীত শিখা টিকি চৈতন। টিপ ফোঁটা। সিঁদুর। অঙ্গুরীয় আংটি।

পতাকা নিশান জয়ন্তী ধ্বজ ধ্বজা কেতন কেতু লাঞ্ছন ঝাণ্ডা ফ্ল্যাগ। জাতীয়,রাষ্ট্রীয়,-পতাকা। কালো,কৃষ্ণ,-পতাকা। সাদা,শ্বেত,-পতাকা। লাল,-ঝাণ্ডা,-পতাকা রক্তনিশান। বৈজয়ন্তী জয়পতাকা। ধ্বজ,-স্তম্ভ,-দণ্ড ফ্ল্যাগমাস্ট। অর্ধনমিত পতাকা। ভবিষ্যদ্‌বাণী। দেয়ালের লিখন। অতীতের,-সাক্ষ্য,-নজীর। রাজ,-দণ্ড, -চিহ্ন প্রভুত্বচিহ্ন সিংহাসন মসনদ তক্ত চেয়ার গদি পদ অফিস। মুকুট তাজ কিরীট। মিম্বর মঞ্চ। জয়,-চিহ্ন,-স্মৃতি,-স্তম্ভ। মানচিহ্ন। দূরত্বচিহ্ন। দাসত্বচিহ্ন।

ক্রি. নির্দেশ করা। প্রদর্শন করা। দেখানো। বোঝানো। চিহ্নিত করা। ভাব প্রকাশ করা। সূচনা করা। ইশারা ইঙ্গিত বা সংকেত করা বা দেওয়া। আভাস দেওয়া। কটাক্ষ কবা। মাথা নাড়ানো। মাথা ঝাঁকানো। চোখ ঠাবা। চোখ টেপা। চোখ মটকানো। মাথা হেলানো। অঙ্গুলিনির্দেশ করা। হাতছানি দেওয়া। আকারে প্রকারে জানানো। অঙ্গভঙ্গি করা। সই বা স্বাক্ষর করা। সিল দেওয়া। সাক্ষী বা ইসাদি হওয়া। দাগানো। শব্দের নীচে কষি বা দাগ টানা।

বিণ. নিদর্শক নিদর্শনমূলক। সূচনামূলক। লক্ষণীয় লক্ষণমূলক। লক্ষণযুক্ত উপলক্ষিত সূচিত ঔপসর্গিক। বৈশিষ্ট্যমূলক চারিত্রিক। প্রতীকমূলক প্রতিকী। নিদানমূলক। ইঙ্গিত,-পূর্ণ,-ময়। সংকেত,-মূলক,-পূর্ণ। সাংকেতিক। অঙ্কিত চিহ্নিত লাঞ্ছিত নামাঙ্কিত স্বাক্ষরিত। অংশাঙ্কিত। দাগি। মার্কামারা। স্মারক।

ক্রি-বিণ. ইঙ্গিতে সংকেতে ইশারায় আভাসে। আভাসে,আকারে,-ইঙ্গিতে। হাবেভাবে ঠারে, -ঠোরে। ঘুণাক্ষরে।

৫৬০। নিদর্শন

বি. নিদর্শন চিন চিহ্ন অঙ্ক আঁক মার্কা নিশানা। দাগ ছাপ লেখা রেখা। রেখাপাত। পুরাচিহ্ন ধ্বংসাবশেষ। নাম নিশানা ক্ষতচিহ্ন। কিণ কড়া। পদচিহ্ন পদাঙ্ক। পথ,-চিহ্ন,-রেখা। লিক গাড়িরদাগ। গন্ধ। অভিজ্ঞান। পরিচায়ক প্রতীক। স্মাবক স্ট্যাম্প সিল মোহর সিলমোহর মুদ্রা। স্মৃতিচিহ্ন: স্মৃতি,-ফলক,-স্তম্ভ,-সৌধ,-পদক। স্মৃতিবার্ষিকী (৫২৮)। স্মারকলিপি। শিলা, মুদ্রা,তাম্র,-লিপি। স্মরণিকা। দৃষ্টান্ত উদাহরণ উল্লেখ। প্রমাণ। অভিলেখ রেকর্ড বিবরণী। লেখ্য দলিলদস্তাবেজ। দলিলের ফিরিস্তি। জব্দতালিকা। নকল জাবেদা-নকল। সহিমোহর-নকল। জবানবন্দী সাক্ষ্য। নজির। শপথনামা হলফনামা সত্যপাঠ তহকিক তসদিক। অভিজ্ঞানপত্র। প্রশংসাপত্র সার্টিফিকেট। সূচি। নির্ঘণ্ট। লিস্টি তালিকা। সংবাদপত্র খবরেরকাগজ কাগজ ম্যাগাজিন পত্রিকা পত্র। গেজেট। দিন,-বর্ষ, -পঞ্জী। ক্যালেন্ডার। রোজনামচা। ডায়েরি। লেজার খতিয়ান। ক্যাশবুক রোকড়। রসিদবহি। নোটবুক খাতা। রেকর্ড অফিস। গেজেটিয়ার। স্থানীয় ইতিহাস। পুরাণ রাজনামা ইতিহাস জীবনী। আদমশুমারি। নিবন্ধন (৫৬২)। সাংবাদিকতা (৫৪৯)। স্বনলেখ। দ্রুতিলেখ। কাললিখ্।

ক্রি. নিদর্শন দৃষ্টান্ত বা উদাহরণ স্থাপন করা। প্রদর্শন করানো। নিদর্শন উল্লেখ করা। রেকর্ড করা। নাম লেখা। বইয়ে বা খাতায় ওঠানো। স্মরণ করা (৫২৮)। চিহ্ন আঁকা বা দেওয়া। দাগ দেওয়া। দাগ কাটা। ছাপ মারা বা দেওয়া। সাক্ষ্য নিশানা দাগ ছাপ চিহ্ন বা নিদর্শন রাখা। সই স্বাক্ষর বা দস্তখত করা বা দেওয়া।

বিণ. নিদর্শনযোগ্য। নিদর্শন,দৃষ্টান্ত,উদাহরণ, -স্বরূপ। উল্লেখযোগ্য।

৫৬১। বিলোপন

বি. বিলোপন বিলোপসাধন অবলোপন নিশ্চিহ্নকরণ ধ্বংসন(১৬০)। বিলুপ্তি অবলুপ্তি। বাদ বাতিল। ধ্বংস ক্ষয়।

ক্রি. বিলোপ করা। নিশ্চিহ্ন করা। মুছে ফেলা। বাদ দেওয়া। রদ বা বাতিল করা। নিশ্চিহ্ন লুপ্ত বিলুপ্ত বিলীন বা শেষ হওয়া। মুছে যাওয়া। ধ্বংস বা ক্ষয় পাওয়া। নিশান বা নামনিশানা না রাখা। আমূল উৎপাটন করা। বিনাশ বা ধ্বংস সাধন করা। উঠে যাওয়া। উঠিয়ে দেওয়া। নিকাশ করা। ভেঙে ফেলা। গুঁড়িয়ে ফেলা। ধুয়ে মুছে যাওয়া। কালগ্রাসে পড়া। কালসমুদ্রে ভেসে যাওয়া। কালসমুদ্রে হারিয়ে যাওয়া। দফা সারা। দফা শেষ হওয়া।

বিণ. নিশ্চিহ্ন নির্মূল অবলুপ্ত বিলুপ্ত লোপপ্রাপ্ত প্রলুপ্ত লুপ্ত বিলীন লীন আলীন। নাশ,লয়,ধ্বংস,ক্ষয়,-প্রাপ্ত। নষ্ট বিনষ্ট জীর্ণ। খতম সাবাড়। অলিখিত। অচিহ্নিত অচিহ্ন। বেদাগ।

৫৬২। নিবন্ধন

বি. নিবন্ধন নিবন্ধীকরণ রেজিস্ট্রিকরণ নথি,-নিবন্ধন,-ভুক্তি,-ভুক্তিকরণ। নিবেশন। তালিকাভুক্তি। তালিকা ফর্দ লিস্ট নির্ঘন্ট ফিরিস্তি। দলিল রেকর্ড ফাইল। নকল কপি। সই সহি। সিল মোহর স্ট্যাম্প। প্রমাণপত্র ডকুমেন্ট। সার্টিফিকেট। শপথ,হলফ,-নামা এফিডেবিট। আয়করবিমুক্তি-সার্টিফিকেট। জাতীয়তা সার্টিফিকেট। ইন্স্ট্রুমেন্ট সংলেখ। রেজিস্ট্রিঅফিস মহাফেজখানা রেকর্ড,-অফিস,-রুম আর্কাইভস। নিবেশক রেকর্ডার। নিয়ামক রেজিস্ট্রার। নথিরক্ষক মহাফেজ। নোটারি লেখ্যপ্রমাণক। করণাধ্যক্ষ। নিবন্ধক রেজিস্ট্রার। করণিক কেরানি ক্লার্ক। সচিব সেক্রেটারি। স্টেনোগ্রাফার লঘুলিপিক সাঁটলেখক। মুনশি মুহুরি। হিসাবরক্ষক তুমারনবিশ। ঐতিহাসিক পুরাণলেখক। পুরাতত্ত্ববিদ প্রত্নতত্ত্ববিদ। জীবনী, -কার,-লেখক,-রচয়িতা। সাংবাদিক রিপোর্টার। প্রকাশক লেখক গ্রন্থকার সম্পাদক।

ক্রি. নিবদ্ধ করা। নিবেশন করা। নথিভুক্ত করা। রেকর্ডভুক্ত করা। ফাইল করা। রেজিস্ট্রি করা। তালিকাভুক্ত করা। সই সহি বা স্বাক্ষর করা। টিপসই বা ঢেরাসই দেওয়া। সিল দেওয়া। মোহর করা। মুদ্রাঙ্কিত করা। স্ট্যাম্প দেওয়া। স্ট্যাম্প মারা। এফিডেবিট করা বা দেওয়া।

বিণ. নথি,-বন্দী,-ভুক্ত,-নিবদ্ধ। নিবেশিত তালিকাভুক্ত তফসিলি। নিবন্ধিত রেজিস্ট্রিকৃত।

৫৬৩। বর্ণন

বি. বর্ণন রূপণ চিত্রণ অঙ্কন (৫৬৮)। রূপায়ণ রূপদান নরাত্মারোপ। অনুকরণ। কল্পচিত্র প্রতিরূপ। আলেখ্য প্রতিকৃতি প্রতিমূর্তি প্রতিকায়। অনুকৃতি। বর্ণনা বয়ান বিবরণ। প্রদর্শন। কলা শিল্প চারুকলা চিত্রাঙ্কন (৫৬৭)। চিত্র। ছবি তসবির। খোদাই মূর্তিতত্ত্ব আইকনগ্রাফি ভাস্কর্য (৫৬৯)। প্রতিমা মূর্তি পুতুল বিগ্রহ। আলোকচিত্রবিদ্যা ফটোগ্রাফি এক্স-রে ফটোগ্রাফি। ফটো,-গ্রাফ আলোকচিত্র রঞ্জন-রশ্মি-চিত্র (৫৬৫)। প্রিন্ট ছাপ। ট্রেসিং প্রতিলিপি। ভান অভিনয় চরিত্রায়ন চরিত্রাভিনয় অঙ্গাভিনয় মূকাভিনয়। নাটক (৬০১)। চলচ্চিত্র (৬০২)। রূপসজ্জা। নৃত্য (৮৪৫)। প্রতীক প্রতীকবাদ। নিদর্শন। দৃষ্টান্ত উদাহরণ। নমুনা টাইপ মডেল আদরা ছাঁচ। ডিজাইন নকশা প্যাটার্ন। স্থাপত্য (৫৭০)। চার্ট। মানচিত্র ম্যাপ। মনসুবা পরিলেখ পরিণাহ। রূপকার শিল্পী চিত্রকর। বিশ্বকর্মা। প্রতিনিধি মুখপাত্র। প্রবক্তা।

ক্রি. রূপদান করা। অনুকরণ করা। প্রতিলিপি বের করা। বর্ণনা বা বিবৃত করা। বিবরণ দেওয়া। বয়ান করা। ছাঁচে তোলা। আঁকা। মূর্তি নির্মাণ করা। খোদাই করা।

বিণ. বর্ণিত রূপিত চিত্রিত। শিল্পিত। নিদর্শনস্বরূপ। আদর্শস্বরূপ। প্রতীক,-মূলক,-স্বরূপ। দৃষ্টান্তমূলক। অনুকরণমূলক। প্রতিনিধিত্বমূলক। সদৃশ। বর্ণনামূলক।

৫৬৪। বিবর্ণন

বি. বিবর্ণন বিরূপণ বিতথ্য অপলাপ অসত্যভাষণ। অতিরঞ্জন (৫৫৮)। অত্যুক্তি। উনোক্তি। বিকৃতকরণ। অপ্রকৃতসাদৃশ্য। আঁচড়। ছোপ। ব্যঙ্গ লালিকা। ক্যারিকেচার ভাঁড়ামি।

ক্রি. মিথ্যা বা ভুল বর্ণনা দেওয়া বা করা। বিকৃত করা। অতিরঞ্জন করা। রং চড়ানো। ফাঁপানো। বাড়ানো। বাড়িয়ে বলা। কমিয়ে বলা। ব্যঙ্গ করা। ভেংচানো। নাম গোপন করা। ভাঁড়ানো।

বিণ. বিবর্ণিত বিকৃত। অপ্রকৃত। অসত্য (৫০৮)।

৫৬৫। আলোকচিত্র

বি. আলোকচিত্র ছবি ফটো ফটোগ্রাফ। ফটোগ্রাফি। আলোকচিত্রণ। আলোকচিত্রশিল্প। আলোকচিত্রবিদ্যা। স্টুডিও-ফটোগ্রাফি। ক্যান্ডিড -ফটোগ্রাফি। ক্যামেরা ছবিতোলার যন্ত্র। বক্স,ফোল্ডিং,রিফ্লেক্স,-ক্যামেরা। ফিল্ম নেগেটিভ প্রিন্ট পজিটিভ ট্রান্সপ্যারেন্সি। ডেভেলপ পরিস্ফুটন। এনলার্জমেন্ট বিবর্ধন। ডার্করুম। ব্রোমাইড-পেপার ফটোগ্রাফিক-পেপার ফটোর -কাগজ। লেন্স নরমাল-লেন্স। টেলিফটো, ওয়াইড অ্যাঙ্গেল,জুম,ফিশ আই,-লেন্স। শাটার এক্সপোজার এক্সপোজারমিটার ফোকাস অ্যাপারচার। ক্যামেরা-স্ট্যান্ড ট্রাইপড। সিল্যুয়েট ছবি। স্টুডিও। ফটোর-দোকান। ভিডিও -ফটোগ্রাফি। ভিডিও-ক্যামেরা। ভিডিও,-টেপ -রেকর্ডার,-ক্যাসেট-রেকর্ডার। মুভি ক্যামেরা। আলোক,-চিত্রী,-চিত্রশিল্পী,-চিত্রগ্রাহক ফটোগ্রাফার চিত্রগ্রাহক ক্যামেরাম্যান। অ্যামেচার -ফটোগ্রাফার। প্রেস-ফটোগ্রাফার।

ক্রি. ছবি তোলা। ফটো তোলা। বিবর্ধন করা। ডেভেলপ করা।

৫৬৬। চারুকলা

বি. চারু,-কলা,-শিল্প। সুকুমার,-কলা,-শিল্প, বিদ্যা। ললিতকলা। কারু,-কলা,-শিল্প। শিল্প শিল্পকলা আর্ট ফাইনআর্টস। কলাবিদ্যা সুকুমারবিদ্যা শিল্প,-বিদ্যা,-শাস্ত্র। চিত্তরঞ্জিনী, -বিদ্যা,-শাস্ত্র। শিল্পকর্ম কারু,-কর্ম,-কৃতি। হুনুরিকাজ। কারু,-কাজ,-কার্য। শিল্পনৈপুণ্য শিল্পোৎকর্ষ শিল্পকৌশল কারিগরি। শিল্পরূপায়ণ শিল্পায়ন। শিল্পীমন শিল্পীচেতনা। চৌষট্টিকলা। চিত্রকলা (৫৬৭)। ভাস্কর্য (৫৬৯)। সংগীত (৪৫৭)। নৃত্য (৮৪৫)। যন্ত্রসংগীত (৪৫৯)। স্টুডিও। শিল্পশালা শিল্পাগার শিল্পালয় কলাভবন। শিল্পসংগ্রহালয়। শিল্পসংগ্রহ আর্টকালেকশন। চারুকলা,শিল্প,-বিদ্যালয় আর্ট,-স্কুল,-কলেজ। শিল্পী আর্টিস্ট চারু,কারু,-শিল্পী শিল্পকার। কলাকার কলা,-বিদ,-কুশল,-কুশলী। শিল্প, -বিদ,-কুশল,-দক্ষ। রূপ,-কার,-দক্ষ। কলাভৃৎ। কারুকর্মী কারিগর কারিকর। হুনুরি।

বিণ. শৈল্পিক শিল্পিত। চারু। শিল্প,-সম্মত, -শোভিত,-মণ্ডিত।

৫৬৭। চিত্রকলা

বি. চিত্র,-কলা,-শিল্প,-বিদ্যা। চিত্রণ অঙ্কন (৫৬৮)। চিত্র আলেখ্য ছবি পট,-চিত্র পেইন্টিং। চিত্রকর্ম। প্রতি,-কৃতি,-মূর্তি তসবির পোরট্রেইট পোরট্রেচার। পার্শ্বচিত্র প্রোফাইল। দৃশ্যচিত্র নিসর্গ,-চিত্র,-দৃশ্য। ভূ,-চিত্র,-দৃশ্য ল্যান্ডস্কেপ সিনারি সিনসিনারি। সমুদ্রদৃশ্য। রেখাচিত্র চিত্ররেখা স্কেচ। নকশা ছক ডিজাইন। লোকচিত্র মানচিত্র ম্যাপ। ইলাস্ট্রেশন চিত্রশোভন। স্টাডি। বিমূর্তছবি অ্যাবস্ট্রাক্ট,-পেইন্টিং,-আর্ট। আল্পনা আলিম্পন। ফ্রেসকো ম্যুরাল দেয়ালচিত্র ওয়ালপেইন্টিং প্রাচীরচিত্র। গুহাচিত্র। কার্টুন ব্যঙ্গচিত্র। চিত্রপট ক্যানভাস (৫৬৮)।

রঞ্জক। রং জল তেল পেইন্ট বার্নিশ। ডিস্টেম্পার রঞ্জন প্রলেপ। কলাই এনামেল। মোজাইক। টেকনিক কলাকৌশল কারিকুরি কারুকার্য। চিত্রানুপাত অনুপাত। চয়ন রচনা বিন্যাস। ভঙ্গি ভাব। দৃষ্টিভঙ্গি। মূল্যবোধ। বৈশিষ্ট্য। তুলি (৫৬৮)। রংপেন্সিল। জলরং ওয়াটারকালার জলচিত্র। তেলরং অয়েল-কালার অয়েলপেইন্টিং। টেম্পেরা। গুয়াশ। কালি মসি ভুসোকালি চাইনিজইঙ্ক ইন্ডিয়ান ইঙ্ক কাঠকয়লা চারকোল। ক্রেয়ন। প্যাস্টেল। ওয়াশ কালারওয়াশ।

গ্র্যাফিকস। ছাপাই প্রিন্ট। এনগ্রেভিং লিথোগ্রাফ উডকাট লিনোকাট খোদাই এচিং অ্যাকোয়াটিন্ট ড্রাইপয়েন্ট মেজোটিন্ট। জলছবি। চিত্রলক্ষণ। ষড়ঙ্গ: রূপভেদ প্রমাণ ভাব লাবণ্যযোজন সাদৃশ্য বর্ণিকাভঙ্গ।

ভারতীয় চিত্রকলা। অজন্তা। বাঘ। মিনিয়েচার পেইন্টিং। মোগল। রাজপুত কাংড়া কিষণগড় বাসুলি। জৈনস্কুল। বেঙ্গলস্কুল শান্তিনিকেতন মধুবনি কালীঘাটের পট। লোকচিত্র। ইউরোপীয় চিত্রকলা। রেনেসাঁস। বারোক। অ্যাবস্ট্রাক্ট অ্যাবস্ট্রাকসনিজম ননফিগারেটিভ ইম্প্রেশনিজম এক্সপ্রেশনিজম। কিউবিজম। সুররিয়ালিজম অতিবাস্তববাদ। দাদাইজম। মডার্নিজম। পয়েন্টিলিজম। রিয়ালিজম। সিম্বলিজম। ফবিজম্। ফিউচারিজম। কনস্ট্রাক্টিভজম। পপ -আর্ট। অপ-আর্ট।

চিত্র,-শালা,-শালিকা গ্যালারি আর্টগ্যালারি। স্টুডিও চিত্রপুরী। চিত্র,-সমালোচনা,-পর্যালোচনা আর্টক্রিটিসিজম। ছবির বই। সচিত্রপুস্তক।

চিত্র,-শিল্পী,-কর,-কার,-কৃৎ,-কর্মা,-বিৎ,-বিদ। চিত্রক বার্ণিক বর্ণিক বর্ণাট তৌলিক। শিল্পী আর্টিস্ট পেইন্টার চিত্রকলাদক্ষ। পটুয়া পোটো পট,-শিল্পী,-কার। উপরঞ্জক রঙ্গজীবক রঙ্গাজীব। আঁকিয়ে। নকশাকার। মডেল।

ক্রি. চিত্র অঙ্কন করা। ছবি আঁকা। নকশা কাটা। রূপ দেওয়া।

বিণ. চিত্রিত অঙ্কিত। সচিত্র বিচিত্র চিত্রল চিত্র, -যুক্ত,-ময় চিত্র,-শোভিত,-বিচিত্র সুচিত্রিত। ছবিতে ভরা। চিত্রগত চিত্রার্পিত চিত্র,-লিখিত, -ন্যস্ত। চিত্রায়িত। চিত্রানুগ। চিত্রবৎ। ঐতিহাসিক। ভাববাদী। বাস্তববাদী। ঘনাঙ্কচিত্রবাদী। ক্ল্যাসিক্যাল। আধুনিক।

৫৬৮। অঙ্কন

বি. অঙ্কন আঁকন চিত্রণ বর্ণন চিত্রায়ন উপরঞ্জন চিত্রীকরণ ড্রয়িং চিত্রাঙ্কন। আলেখন অলংকরণ আলেখ্যনির্মাণ। রেখাঙ্কন রেখাপাত। দাগ রেখা ডোরা লাইন। সরল,-ঋজু,-রেখা কষি। বক্র,বাঁকা,বঙ্কিম,বিসর্পিল,-রেখা। ধনুর্মার্গ। স্কেল রুলার। ফুটকি বিন্দু পয়েন্ট ডট ডিমকি। বর্ণলেপন পেইন্টিং। খোদাই উৎকিরণ। পট চিত্র,-পট, -পট্ট,-ফলক আলেখ্যপট ক্যানভাস। রং (৫৬৭)। প্যালেট। তুলি তুলিকা ঈষিকা কূচিকা কূর্চিকা কূর্চা কুঁচি চিত্র,-লেখনিকা,-লেখনী ব্রাশ অক্ষরতুলিকা। লেখনী কলম পেন পেন্সিল কয়লা খড়ি ক্রেয়ন। বোর্ড ড্রয়িংবোর্ড। অঙ্কনক্ষমতা। আঁকার হাত। চিত্রশিল্পী আঁকিয়ে (৫৬৭)।

ক্রি. আঁকা। অঙ্কন করা। অলংকরণ করা। চিত্রাঙ্কন করা। আলেখ্য নির্মাণ করা। দাগ টানা বা কাটা। লাইন টানা। ছকা। ছক কাটা। রেখা টানা। রেখাঙ্কন করা। কষি টানা। রং দেওয়া। রাঙানো। বর্ণলেপন করা। ছোপানো। খোদানো। খোদাই করা। ডোরা কাটা।

বিণ. অঙ্কিত চিত্রিত চিত্রায়িত চিত্রীকৃত। ক্ষোদিত উৎকীর্ণ। অঙ্কনীয় অঙ্কনযোগ্য। রেখাঙ্কিত। রৈখিক।

৫৬৯। ভাস্কর্য

বি. ভাস্কর্য মূর্তি স্কালপচার। কাষ্ঠ,প্রস্তর,মর্মর, তাম্র,মৃন্ময়,মণি,-মূর্তি। প্রতিমা পুতুল। প্রতিমালেপ। শিলারূপ। চিনামাটি। এনামেল। পদক। ভাস্কর্যকলা মূর্তি,-শিল্প,-নির্মাণশিল্প। সংতরাশি। খোদাই ক্ষোদন খোদকারি উৎকিরণ নকাশি। কাঠখোদাই। খোদাইলিপি লিথোগ্রাফ। মুদ্রণ। রিলিফ। ধাতুভাস্কর্য। মৃৎশিল্প পটারি। সিরামিকের কাজ। চিনে মাটির কাজ।

পোড়ামাটির কাজ টেরাকোটা। আবক্ষমূর্তি বাস্ট। মূর্তিবৈভিন্ন্য: নর আসুর ক্রূর বালা কুমার। ভঙ্গি: সম,-ভঙ্গ,-পাদ আভঙ্গ ত্রিভঙ্গ অতিভঙ্গ। ঢালাই কাস্টিং। ছাঁচ। মোমের ছাঁচ। ভারতীয় ভাস্কর্য: ব্রাহ্মণ্য বৌদ্ধ জৈন তাম্র-অশ্মীয় মৌর্য শুঙ্গ শক কুষাণ বাহ্লীক গান্ধার মথুরা সাতবাহন গুপ্ত মথুরা সারনাথ পাল সেন চালুক্য প্রতীহার পল্লব রাষ্ট্রকূট। পশ্চিমভারতীয় শৈলী। মধ্যভারতীয়-শৈলী। ওড়িশা। চোল হৈসল যাহি। নটরাজ মহিষাসুরমর্দিনী গজলক্ষ্মী বুদ্ধ মিথুন। ইউরোপীয় ভাস্কর্য: ম্যাডোনা ভেনাস অ্যাপোলো। মূর্তিতত্ত্ব আইকনগ্রাফি। ভাস্কর স্কাল্পটর সংতরাশ মূর্তিশিল্পী। মৃৎশিল্পী তক্ষা কুমাব কুমোর। খোদাই,-শিল্পী,-কর,খোদ,-কার-গার।

ক্রি. মূর্তি নির্মাণ করা। গড়া। কাটা। খোদা। খোদাই করা। পাথব কাটা। বাটালি দিয়ে কাটা। মুদ্রিত কবা। উৎকিরণ করা। ঢালাই করা। ছাঁচে ফেলা।

বিণ. মূর্তিমান। জীবন্ত। ক্ষোদিত উৎকীর্ণ অঙ্কিত।

৫৭০। স্থাপত্য

বি. স্থাপত্য,-বিদ্যা,-বিজ্ঞান,-শিল্প আর্কিটেকচার। বাস্তু,-কলাবিদ্যা,-শিল্প। সৌধশিল্প। গৃহনির্মাণ। নগর,-পরিকল্পনা,-স্থাপত্য। মনসুবা প্ল্যান নকশা। কাঠামো ঠাট ফ্রেম। ইস্পাত। কংক্রিট। রিইনফোর্সড-কংক্রিট। বিন্যাস পরিবিন্যাস। ভারসাম্য। গঠন নির্মাণ সংগঠন। অলংকরণ কারুকার্য। কলাকৌশল নৈপুণ্য। থামাল। স্তম্ভ থাম খাম লাট পিলার। ডরিক,আইওনিক,করিনথি, -তাসকানি,-স্তম্ভ। লিনটেল। খিলান আর্চ। সূক্ষ্মাগ্র,বর্শাকার,মুরীয়,-খিলান। মিনার। গম্বুজ ডোম। মসজিদ স্থাপত্য। মন্দিরস্থাপত্য। মন্দির। গুহামন্দির। স্তূপ। চৈত্য। বিহার সংঘারাম। নাটমন্দির। মণ্ডপ। চণ্ডীমণ্ডপ। নাগর। রেখ। মস্তক। আমলক। শিখর। গর্ভগৃহ। পঞ্চ,নব,-রত্ন। বেশর। গোপুরম। চার,আট,-চালা। গির্জাস্থাপত্য। ভল্টিং,গ্রইনড,-রিবড,-খিলান। আইল নেইভ অ্যাট্রিয়াম ব্যাপটিস্টারি কোআইয়ার স্যাক্রিস্টি চ্যাপেল। ব্যাসিলিকা। ক্যাথিড্রাল। স্থাপত্য, -শৈলী,-রীতি। অ্যাসিরিয়,মিশরীয়,পারসিক,গ্রিক, বাইজানটাইন,গ্রেকোরোমান,রোমান,রেনেসাঁস, বারোক,গথিক,আধুনিক,-স্থাপত্য। মুসলমান, সারাসিন,মুর,মোগল,-স্থাপত্য। হিন্দুস্থাপত্য। প্রাচ্য,পাশ্চাত্ত্য,-স্থাপত্য। স্থপতি আর্কিটেক্ট বাস্তুকলাবিদ।

ক্রি. নির্মাণ বা গঠন করা। গড়া। তৈরি করা। স্থাপন করা। প্রতিষ্ঠা করা।

বিণ. স্থাপত্যবিদ্যাসংক্রান্ত।

৫৭১। লোকশিল্প

বি. লোকশিল্প গ্রামীণশিল্প ফোকআর্ট। হস্তশিল্প হাতের-কাজ হ্যান্ডিক্র্যাফটস। কুটিরশিল্প। সূচী,সীবন, সূচীবায়,-শিল্প সূচীকর্ম সুচের কাজ সেলাই সেলাই-এর কাজ। বুনন বুননি। রিফু, -কর্ম,-গরি,-গিরি। কামদানি কশিদা এমব্রয়ডারি ফুলকাটা বখেয়া বুটা সলমা। সলমাচুমকির কাজ চিকনশিল্প ফুলকারি লেস লেসের কাজ ক্রুশের কাজ। রেশমশিল্প। পশমশিল্প। বাটিকেব কাজ। কাঁথা কাঁথাশিল্প নকশিকাঁথা। সুই সুঁই সূচ সূচী বেধনী সংযান সীবন সাধনী। কুরুশকাঁটা ক্রুশকাঠি ক্রুশেট। উলবোনার কাঁটা। পশমকাঠি।

বয়নশিল্প তাঁত তন্তুবায়,-শিল্প টেক্সটাইল -ইন্ডাস্ট্রি। তাঁত তন্ত্রী তন্ত্র আবাপন বস্ত্রবয়ন,বয়ন,-যন্ত্র হ্যান্ডলুম। তাঁত,-ঘর,-শালা

গর্ভিকা তাঁতগাড় তন্তুগর্ভ। সুতা সুতো তন্তু তানা। সরুখিল বানা। শানা সানা লবদ মাকু ত্রসর মেড়া ঝাঁপ ফুলকি দপ্তি। লাটাই নাটাই নরাজ। কোলনরাজ মশরা জড়া। বায়,বাণ, বাপ,-দণ্ড বেমা। টানা-পোড়েন। চরকা। তকলি। তাঁত,তন্তুজাত,-বস্ত্র তাঁতের-কাপড়। টাঙ্গাইল ধনেখালি শান্তিপুরি ফরাসডাঙা বেগমপুরি। খাদি খদ্দর। সুতী সিল্ক রেশম মুগা তসর এন্ডি বাফতা মটকা গরদ মুর্শিদাবাদসিল্ক বেনারসি কাঞ্জিভরম।

মাদুরশিল্প। বেতের কাজ। মাদুর পাটি শপ কিলিঞ্জক চাটাই শীতলপাটি মসলন্দ।

মৃৎশিল্প মাটির কাজ। পোড়ামাটির কাজ। টেরাকোটা। একমেটে দোমেটে দোমাটি। কুম্ভ,-শালা,-শাল পাকাপুটী মৃৎশিল্পালয়। চাক কুমোরের চাক কুলালচক্র। প্রতিমাশিল্প।

দারুশিল্প তক্ষণশিল্প কাঠেরকাজ। তক্ষণী তক্ষণাস্ত্র। কাষ্ঠপুত্তলিকা কাঠেরপুতুল দারুপুত্রিকা শালভঞ্জিকা দারুকা।

পঙ্খশিল্প পঙ্খেরকাজ গজগিরি। শঙ্খশিল্প শাঁখের,-কাজ,-অলঙ্কার। গালা,লাক্ষা,-শিল্প।

চর্মশিল্প ট্যানারি চামড়ার,-কাজ,-ব্যাগ,-জুতো,-আসন।

কাংস্যশিল্প ঢোকরাশিল্প বিদ্রিশিল্প। কাঁসার,-কাজ,-বাসনকোসন।

শোলাশিল্প শোলারকাজ। ডাক ডাকের,-সাজ,-গহনা চাঁদমালা।

গজদন্তশিল্প বিদরি। হাতির দাঁতের কাজ। অলংকারশিল্প গহনা গয়না। স্বর্ণালংকার সোনারগয়না। রৌপ্যালংকার রুপোর গয়না। জড়োয়া। ফিলিগ্রি। মিনা মিনাকারি।

লোকশিল্পী। হস্তশিল্পী। সূচীশিল্পী সূচীজীবী সৌচি সৌচিক দরজি ওস্তাগর খলিফা কামদার রিফুগর। বয়নশিল্পী তন্তু,-বায়,-বাপ তাঁতি। কুবিন্দ কাওলি খুঁয়ে-তাঁতি। জোলা। কুমার কুমোর কুম্ভকার কুলাল মৃৎ,-শিল্পী,-কর ঘট,-কার,-কৃত চক্রজীবক। প্রতিমাশিল্পী। কুমোর, পোটো,-পাড়া। সূত্রধর ছুতার তক্ষক দারুশিল্পী তক্ষণশিল্পী খরাদি কুন্দার। পঙ্খশিল্পী। শাঁখারি শঙ্খকার শঙ্খবণিক। গালা,লাক্ষা,-শিল্পী। চর্ম,-কার,-কারক চামার মুচি। কাঁসারি কাংস্যবণিক কাংস্যকার। শোলাশিল্পী। গজদন্তশিল্পী ভাস্কর। গহনাশিল্পী স্বর্ণকার সেকরা সুবর্ণ,-স্বর্ণ,-বণিক সোনারবেনে। জহুরি। মিনা,-কার,-শিল্পী।

ক্রি. হাতে করা। হাতে কাজ করা। বোনা। বুনন করা। সেলাই করা। টাকা। রিফু করা। ক্রুশ বোনা। উল বোনা। শানা গাঁথা। চরকা কাটা। তকলি কাটা। কুঁদা। খোদাই করা। মিনা করা। কলাই করা।

৫৭২। ভাষা

বি. ভাষা জবান লফজ কথা বুলি বোল বচন (৫৮৪)। বাগ্বিধি (৫৭৯)। টান গৎ। মাতৃ,জন্ম, স্বজাতীয়,জাতীয়,স্বদেশী,রাষ্ট্র,-ভাষা। চলিত,প্রচলিত, কথিত,কথ্য,-ভাষা। মুখের ভাষা। অপ্রচলিত, অচলিত,মৃত,প্রাচীন,-ভাষা। লিখিত,লেখ্য,-ভাষা। সাধু ভাষা। মার্জিত,শিষ্ট,-ভাষা। অশিষ্ট,অপ,ম্লেচ্ছ,-ভাষা। আঞ্চলিক, স্থানীয়,উপ,-ভাষা। ডায়ালেক্ট। প্রাদেশিক ভাষা। গুরুচণ্ডালি। বিদেশীভাষা বিভাষা। আন্তর্জাতিকভাষা। বিশ্বভাষা। ভোলাপ্যুক। এসপেরান্তো। সংকেতভাষা। সন্ধ্যা,-বচন,-ভাষ। অপ,-ভ্রংশ,-ভ্রষ্ট।

মুণ্ডা সংস্কৃত পালি প্রাকৃত মাগধী অবহট্ঠ বাংলা। ভাষা,-জ্ঞান,-তত্ত্ব,-বিজ্ঞান,-বোধ ফিললজি লিংগুইস্টিকস। ভাষার ওপর দখল। ভাষাবিদ বহুভাষাবিদ। ভাষী ভাষক। ভাষা,

-তাত্ত্বিক,-তত্ত্ববিদ,-তত্ত্ব,-বিজ্ঞানী,-বিশারদ। বহুভাষাভিজ্ঞ। ভাষান্তরিক। ইন্টারপ্রেটার। দোভাষী। অনুবাদক।

ক্রি. ভাষায় প্রকাশ করা। বলা। কহা। লেখা।

বিণ. ভাষা,-গত,-সংক্রান্ত,-তাত্ত্বিক। সাধু মার্জিত লেখ্য। কথ্য চলতি। অশিষ্ট। অপ্রচলিত। প্রাচীন মৃত। আধুনিক। মানবিক। ধর্মীয়।

৫৭৩। বর্ণমালা

বি. বর্ণ,-মালা,-বিন্যাস। লিপি,-মালা। অক্ষর,-বিন্যাস,-শ্রেণী,-মালা। অ্যালফাবিট। লিখনপ্রণালী। চিত্র,-বর্ণ,-লিপি। বর্ণ অক্ষর আখর হরফ। সিলেবল। অ-আ-ক-খ। ব্যঞ্জনবর্ণ। স্ববর্ণ। অক্ষরণু। বর্গ। ঘোষবর্ণ অঘোষবর্ণ অল্পপ্রাণবর্ণ মহাপ্রাণবর্ণ স্পর্শবর্ণ ওষ্ঠ্যবর্ণ দন্ত্যবর্ণ তালব্যবর্ণ কণ্ঠ্যবর্ণ মূর্ধন্যবর্ণ নাসিক্যবর্ণ আনুনাসিকবর্ণ উষ্মবর্ণ। যুক্তাক্ষর যুক্ত,সংযুক্ত,-বর্ণ। মাত্রাহীন-অক্ষর। মহাজনি-লিপি। মুড়িয়াঅক্ষর কাইতি। বর্ণসংস্থাপন। অক্ষরসংস্থান। হস্ হল্। প্রাচীনলিপি টাইপ ছাপারহরফ। বর্ণানুক্রম। প্রত্যয় বিভক্তি। বর্ণন বানান। ভাষান্তর। লিপ্যন্তব। শুদ্ধাশুদ্ধিপ্রকরণ। ধ্বনি। ধ্বনি,-তত্ত্ব,-বিজ্ঞান। গুপ্তলিখন সংকেত সাঁট।

ক্রি. বানান করা। বর্ণান্তর বা লিপ্যন্তর করা। পাঠোদ্ধার বা অর্থোদ্ধার করা।

বিণ. আক্ষরিক ধ্বনিগত শব্দগত উচ্চারণগত। ঘোষ। অঘোষ। অল্পপ্রাণ। মহাপ্রাণ। ওষ্ঠ্য মূর্ধন্য। হসন্ত হলন্ত।

ক্রি.বিণ. অকাবাদিক্রমে বর্ণানুক্রমে।

৫৭৪। শব্দ

বি. শব্দ পদ কথা লফজ ওয়ার্ড। মৌলিক শব্দ। যৌগিক শব্দ। সাধিত শব্দ। রূঢ়ি,রূঢ়,যোগরূঢ়,-শব্দ। তৎসম,অর্ধতৎসম,তদ্ভব,দেশী,বিদেশী,-শব্দ। ধ্বন্যাত্মক,ধ্বনিমূলক,অনুকার,-শব্দ। শব্দরূপ। শব্দ,-সম্পদ,-সম্ভার,-ভাণ্ডার। ভোকাবুলারি। শব্দসমুদ্র। সম,প্রতি,সমার্থ,সমার্থক,সমানার্থক,পর্যায়,-শব্দ। বিপরীতার্থক,ভিন্নার্থক, ভিন্নার্থবোধক,-শব্দ। সংশ্লিষ্ট,প্রাসঙ্গিক, আনুষঙ্গিক,সমীপ,-শব্দ। নানার্থক শব্দ। বিশিষ্টার্থবোধক শব্দ। যথাশব্দ। নাম (৫৭৫)। উক্তি বাক্য (৫৭৭)। শব্দমূল প্রত্যয় পদপ্রকরণ। অভিধান শব্দকোষ পরিভাষা নির্ঘণ্ট। ধাতুরূপ। শব্দদ্বৈত। যুগ্ম,জোড়া,-শব্দ। শব্দালংকার। শব্দ,-রচনা,-যোজন নিরুক্তি। ব্যুৎপত্তি। পারিভাষিক শব্দ। শব্দবিদ্যা ভাষাতত্ত্ব ধ্বনিতত্ত্ব।

অভিধানরচনা। নবশব্দ,-প্রবর্তনা,-চয়ন,-যোজন। শব্দোদ্ভটতা। অপ,-ভাষা,-শব্দ। অপভ্রংশ। উপভাষা। চলতি,কথ্য,-ভাষা। খিচুড়ি,মিশ্র,-ভাষা। লিঙ্গুয়াফ্রাংকা এসপেরান্তো। বাগাড়ম্বর বাচালতা (৫৮৬)।

ক্রি. স্বরসংযোগ কবা। উচ্চারণ করা। ধাতুরূপ করা। অর্থ করা। নতুন শব্দ প্রবর্তন চয়ন বা যোজন করা। উদ্ভট শব্দ বানানো।

বিণ. শব্দ শাব্দ শাব্দিক আক্ষরিক। কথ্য মৌখিক। পারিভাষিক নবশব্দসংক্রান্ত। উদ্ভট। অশুদ্ধ। শব্দাড়ম্বরপূর্ণ (৫৮১)। বাচাল (৫৮৬)।

৫৭৫। নাম

বি. নাম নামধেয় সংজ্ঞা আখ্যা অভিধা অভিধেয় প্রাতিপদিক। উপাধি পদ পদবি বংশনাম খেতাব টাইটেল। ডাকনাম। ভালোনাম পোশাকিনাম। আদরের নাম। উপনাম(৫৭৬)। নামকরণ নামাঙ্কন আখ্যান। নামমালা নামোল্লেখ নামাবলি। নামোচ্চারণ। নাম,-ধাম,-ঠিকানা। নামাঙ্ক নাম,

-চিহ্ন,-গন্ধ। পরিচয়। শিরোনাম শিরোনামা শীর্ষনাম হেডিং হেডলাইন সংক্ষিপ্ত-শিরোনাম। লেটারহেড। নাম,সংজ্ঞা,উপাধি,-পত্র। নামফলক নেমপ্লেট।

ক্রি. নাম রাখা বা দেওয়া। নাম ডাকা। নাম করা। নাম লেখা। উপাধি দেওয়া।

বিণ. নামক নামা নামী নাম্নী। নাম,-ধারী,-ধেয়, -যুক্ত,-বিশিষ্ট,-ধারক। নামাঙ্কিত। অভি,-ধেয়, -হিত সংজ্ঞা,-ত,-প্রাপ্ত আখ্যাত আখ্যেয় উক্ত কথিত। সংজ্ঞক জ্ঞাপক। উপাধি,-ধাবী,-প্রাপ্ত, -বিশিষ্ট। খেতাবি খেতাবযুক্ত। একনামা সমনামধেয়। সার্থকনামা স্বনামধন্য নামজাদা। নামেব উপযুক্ত। নামানুযায়ী নামিক।

ক্রি-বিণ. নামেনামে।

৫৭৬। অপনাম

বি. অপনাম অপ্রকৃতনাম মিথ্যানাম। ছদ্মনাম তখাল্লুস। উপনাম ডাকনাম। বকলম। নামে কি যায় আসে। নাম কি। নামজারি। নাম,-হীনতা, -বিহীনতা।

ক্রি. ভুল নাম দেওয়া। ছদ্মনাম নেওয়া।

বিণ. ভ্রান্তনামা। অজ্ঞাত,অনির্দিষ্ট,-নামা। নাম না জানা। অ,-নামা,-নাম্নী,-নামক,-নামিকা। বেনামা বেনামি নাম,-হীন,-বিহীন। অমুক। ছদ্ম। অপ্রকাশিত অপরিচিত অপ্রসিদ্ধ অস্বীকৃত। নামগোত্রহীন।

অব্য. ওরফে। বনাম। নামান্তর।

৫৭৭। ব্যাকরণ

বি. ব্যাকরণ গ্রামার। পদ,-প্রকরণ,-যোজনা, -বিন্যাস,-পরিচয়,-বিশ্লেষণ।

পদ: বিশেষ্য বিশেষণ সর্বনাম ক্রিয়া অব্যয়। প্রাতিপদিক। কর্তৃপদ কর্তা। কর্মপদ কর্ম। নামপদ। বিশেষ্য: ব্যক্তি,স্থান,গুণ,ভাব, জাতি,ক্রিয়া, সমষ্টি,অবস্থা,-বাচক।

বিশেষণ: গুণ,সংখ্যা,পূরণ,উপাদান,-বাচক। ক্রিয়াবিশেষণ সর্বনামীয়বিশেষণ বিশেষণীয়বিশেষণ।

ক্রিয়া: সকর্মক অকর্মক দ্বিকর্মক সমাপিকা অসমাপিকা।

সর্বনাম: পুরুষ,সাকল্য,আত্ম,-বাচক নির্দেশসূচক সাপেক্ষ প্রশ্নাত্মক অনিশ্চয়তাত্মক ব্যতিহারিক।

অব্যয়: সমুচ্চয়ী পদান্বয়ী অনুকার ধ্বন্যাত্মক। উপসর্গ। কর্মপ্রবচনীয়। ণত্ব,-বিধান,-বিধি। ষত্ববিধান। উদ্দেশ্য বিধেয়। স্বরসংগতি অপিনিহিতি অভিশ্রুতি সমীকরণ অপশ্রুতি। অভিঘাত।

বচন: এক,বহু,-বচন।

লিঙ্গ: পুং,স্ত্রী,ক্লীব,উভয়,-লিঙ্গ। অজহল্লিঙ্গ।

পুরুষ: উত্তম মধ্যম প্রথম। বিভক্তি। অনুসর্গ।

প্রত্যয়: কৃৎ তদ্ধিত কৃদন্ত তদ্ধিতান্ত। প্রকৃতি। ধাতু নামধাতু। সন্ধি: স্বর,ব্যঞ্জন,বিসর্গ,-সন্ধি।

কাল: অতীত,বর্তমান, ভবিষ্যৎ,-কাল। কালরূপ। অনুজ্ঞা। ণিজন্ত।

সমাস: দ্বন্দ্ব দ্বিগু তৎপুরুষ কর্মধারা বহুব্রীহি অব্যয়ীভাব অলুক। ব্যাসবাক্য।

ধাতুরূপ। ক্রিয়ারূপ। শব্দরূপ। শব্দান্তর। বাক্য কথা বচন উক্তি পদগুচ্ছ লফজ কথন। সবল,যৌগিক,জটিল,-বাক্য। বাক্যগঠন বাক্যবিশ্লেষণ।

বাচ্য: কর্তৃ কর্মভাব কর্মকর্তৃ। অনুচ্ছেদ। শব্দ, -যোজনা,-বিন্যাস। অন্বয়,-যোজনা পদান্বয়।

কারক: কর্তৃ কর্ম করণ সম্প্রদান অপাদান অধিকরণ। তিঙ্ তিঙন্ত। প্রবাদ প্রবচন। বাগ্বিধি বাগধারা ইডিয়ম। শব্দালংকার। শব্দশাস্ত্র।

ভাষাতত্ত্ব। বৈয়াকরণ ব্যাকরণবিদ পণ্ডিত। পাণিনি। পতঞ্জলি। যাস্ক।

ক্রি. শব্দ-বিশ্লেষণ বা পদ পরিচয় করা। ধাতুরূপ করা।

বিণ. ব্যাকরণ,-গত,-সম্মত,-সংক্রান্ত,-সিদ্ধ। পদবিন্যাস বিষয়ক।

৫৭৮। ব্যাকরণদুষ্টি

বি. ব্যাকরণদুষ্টি অশুদ্ধি বিকৃতি। স্খলন। অপ, -শব্দ,-ভ্রংশ,-প্রয়োগ। হাস্যকর-অপপ্রয়োগ। অশুদ্ধ উচ্চারণ। দুষ্টরীতি। কথার,জিহ্বার, কলমের,-ভুল। জগাখিচুড়ি। গুরুচণ্ডালি। বকুনি। শবপোড়ামবাদাহের দল। অশিষ্টতা।

বিণ. ব্যাকরণদুষ্ট। অশুদ্ধ বিকৃত। ভাঙাভাঙা। অপ্রযুক্ত। সংকর। অশিষ্ট। রীতিবিরুদ্ধ। মেঠো।

৫৭৯। রচনাশৈলী

বি. রচনাশৈলী। অক্ষর,-বিন্যাস,-বৃত্ত। বর্ণস্থাপন। বিন্যাস কৌশল চাতুর্য। কলাকৌশল টেকনিক। আঙ্গিক। গঠনশৈলী। বাচনভঙ্গি। বাগ,-রীতি, ভঙ্গি। বাগ্বিধি। শব্দ,-নির্বাচন,-চয়ন। লিখনভঙ্গি। লিপি,-চাতুর্য,-কৌশল। মুনশিয়ানা কাবিকুরি। ভাষার দখল। সৃজনীশক্তি। লেখার হাত।

ছন্দ ছাঁদ শ্রীভঙ্গি। পদ্যবন্ধ। তাল রিদ্‌ম। ছন্দ, -স্পন্দন,-স্পন্দ,-স্ফুরণ। ছন্দোবন্ধ। ছন্দানুগমন ছন্দানুবর্তন ছন্দানুসরণ। ছন্দোবোধ ছন্দোজ্ঞান। ছন্দঃশাস্ত্র। মাত্রা। মাত্রাজ্ঞান। যতি। ছেদ। পর্ব। পদ। চরণ। স্তবক। দ্বিপদী ত্রিপদী চৌপদী। ছন্দবৈভিন্ন্য: পয়ার তানপ্রধান অক্ষরবৃত্ত অক্ষরমাত্রিক বর্ণমাত্রিক গুরুছন্দ যৌগিক সংকোচপ্রধান মিত্রাক্ষর অমিত্রাক্ষর মুক্তবন্ধ মুক্তছন্দ গদ্যছন্দ মাত্রাবৃত্ত গৈরিশছন্দ ধ্বনিপ্রধান ধ্বনিমাত্রিক। স্বর,-বৃত্ত,-মাত্রিক। শ্বাসাঘাতপ্রধান বলপ্রধান দ্রুতছন্দ মালিনী অষ্টি ত্রিষ্টুভ অনুষ্টুপ তোটক নাচাড়ী লাচাড়ী মন্দাক্রান্তা বসন্ততিলক ভুজঙ্গপ্রয়াত শার্দূলবিক্রীড়িত শার্দূলললিত। লৌকিকছন্দ ছড়ারছন্দ দলবৃত্ত কলাবৃত্ত মিশ্রকলাবৃত্ত। ছন্দঃ,-পতন,-পাত ছন্দোভঙ্গ। ছান্দসিক ছন্দরসিক।

অলংকার অলংকরণ অলংকৃতি। কাব্যালংকার শব্দালংকার অর্থালংকার চিত্রালংকার। অলংকার শাস্ত্র। শব্দালংকার: অনুপ্রাস শ্রুত্যনুপ্রাস অন্ত্যানুপ্রাস বৃত্ত্যানুপ্রাস ছেকানুপ্রাস। শ্লেষ সভঙ্গশ্লেষ অভঙ্গশ্লেষ। যমক। বক্রোক্তি শ্লেষবক্রোক্তি কাকুবক্রোক্তি। পুনরুক্তবদভ্যাস। সাদৃশ্যমূলক। অর্থালংকার: রূপক উপমা পূর্ণোপমা লক্ষণা উৎপ্রেক্ষা ভ্রান্তিমান সন্দেহ উল্লেখ অপহ্নুতি নিশ্চয় দৃষ্টান্ত সমাসোক্তি অতিশয়োক্তি ব্যতিরেক প্রতীপ। বিরোধমূলক অর্থালংকার: বিরোধাভাস বিভাবনা বিশেষোক্তি অসংগতি বিষম। শৃঙ্খলামূলক অর্থালংকার: কারণমালা একাবলী সার। ন্যায়মূলক অর্থালংকার: কাব্যলিঙ্গ অর্থাপত্তি। গূঢ়ার্থপ্রতীতিমূলক অর্থালংকার: অপ্রস্তুতপ্রশংসা অর্থান্তরন্যাস ব্যাজস্তুতি স্বভাবোক্তি আক্ষেপ। অলংকার,-শাস্ত্রজ্ঞ, -শাস্ত্রকার।

বিণ. ছন্দোবদ্ধ ছন্দোগ্রথিত ছন্দানুবর্তী ছন্দানুসারী। অলংকৃত আলংকারিক অলংকার,-পূর্ণ, -শোভিত।

৫৮০। রচনাসৌষ্ঠব

বি. রচনাসৌষ্ঠব। সুষ্ঠুতা সৌকুমার্য উৎকর্ষ সৌকর্য। সুচারুতা লালিত্য। সুস্বন। ভাবমাধুর্য। কবিত্ব। সংযম। সুরুচি। চমৎকারিত্ব। অলংকার সৌন্দর্য মাধুর্য মাধুরী। ঐশ্বর্য। সুভাষণ। সারল্য

ঋজুতা সহজতা। সজীবতা সবলতা বলিষ্ঠতা। প্রাণ। দুঃসাহসিকতা। ঔজ্জ্বল্য। দরদ। ওজন ভার। দখল নৈপুণ্য মুনশিয়ানা চাতুর্য। স্পষ্টতা স্বচ্ছতা পরিস্ফুটতা। প্রাঞ্জলতা। সুগমতা। অকষ্টকল্পনা। নির্দিষ্টতা। যথার্থতা। সংক্ষিপ্ততা। ইঙ্গিত ইশারা। সাঁট। চুম্বক। উপমা। রূপক। অনুপ্রাস। প্রতীক। চিত্রকল্প। কারুকাজ। সমাস।
ক্রি. সংক্ষেপ করা। সারমর্ম করা। কম বা অল্প কথায় বলা বা লেখা। সোজা বক্তব্যে আসা। ধানাইপানাই না করা। চয়ন করা। বাদসাদ দেওয়া। বাঁধুনি থাকা।
বিণ. সুষ্ঠু সুকুমার চাবু সুচাবু ললিত সুললিত। সুলিখিত সুরচিত সুছাঁদ। সুখ,-কর,-পাঠ্য। সুন্দর মনোজ্ঞ। অনবদ্য অপ্রতিম অতুলনীয়। জবর। পবিশীলিত মার্জিত। সংস্কৃত সংযত সুসংযত। সুবুচিসম্পন্ন। সার্থক সফল। রসোত্তীর্ণ। অলংকৃত। বলিষ্ঠ সবল সতেজ সজীব প্রাণবন্ত। দুঃসাহসিক। ঐশ্বর্যময়। ভাবগম্ভীর। জ্বলন্ত উজ্জ্বল। সোজা ঋজু। স্বাভাবিক সহজাত। শুদ্ধ পবিত্র। সহজ সরল। সাবলীল সুগম। স্বচ্ছন্দ। অনায়াস,-সাধ্য,-লব্ধ। সহজবোধ্য। বোধগম্য। স্পষ্ট সুস্পষ্ট। পরিস্ফুট পরিষ্কার পরিচ্ছন্ন স্বচ্ছ প্রাঞ্জল। যথাযথ যথার্থ। চিত্রানুগ। সংক্ষিপ্ত। বাহুল্য,-বর্জিত,-বিমুখ। মেদহীন। সুষম। সুসংবদ্ধ। আসল মোট মোক্তাসার। সুখোচ্চার্য। ঝকমকে চকচকে। ঝরঝরে তরতবে।

৫৮১। রচনাদুষ্টি

বি. রচনাদুষ্টি। অসৌষ্ঠব অশোভনতা অসৌন্দর্য। অসাম্য। অশুদ্ধতা অশিষ্টতা। অশ্লীলতা। বিকৃতি মুদ্রাদোষ দোষ। টান। ব্যাকরণদুষ্টি। অপশব্দ। ছন্দপতন। থোড়বড়িখাড়া খাড়াবড়িথোড়। কাঁচা লেখা। দুর্বলতা নিষ্প্রাণতা নির্জীবতা প্রাণহীনতা। ম্লানতা ভীরুতা। রসহীনতা শুষ্কতা নীরসতা। দারিদ্র্য। দুর্বোধ্যতা অবোধগম্যতা অবোধ্যতা। অস্পষ্টতা অস্বচ্ছতা। দ্ব্যর্থতা। ব্যাসকূট। হিজিবিজি ধূম্রজাল। অযথার্থতা। প্রক্ষিপ্ততা। প্রক্ষেপণ। সম্প্রসারণ। বিস্তার। বায়নাক্কা। বাকছল বাগাড়ম্বর অক্ষরডম্বর। শৈথিল্য। বাড়াবাড়ি আতিশয্য বাহুল্য। কচকচানি। কথার কথা। অর্থহীনতা। চাকচিক্য। বটতলার লেখক।
ক্রি. বাড়ানো। বিস্তার বা সম্প্রসারণ করা। ফাঁপানো। ফুলানো। ইনানো বিনানো। পাতা বা পৃষ্ঠা বাড়ানো। লম্বা করা। অযথা টানা। পুঁথি বাড়ানো। ফলাও করা।
বিণ. অসুষ্ঠু অশোভন অসুন্দর। অমার্জিত অসংস্কৃত অশুদ্ধ। রুচিহীন অশিষ্ট অশ্লীল। খটোমটো। কৃত্রিম অস্বাভাবিক। প্রয়াসলব্ধ। দুষ্ট উদ্ভট। চর্বিতচর্বণ। গালভরা। শূন্যগর্ভ। কাঁচা। দুর্বল নিষ্প্রাণ নির্জীব। নিস্তেজ নিষ্প্রভ ম্লান। ভীরু। ক্ষীণ। বিস্বাদ বিরস রসহীন পানসে শুষ্ক। বর্ণহীন বিবর্ণ। দুর্বোধ দুর্বোধ্য অস্পষ্ট অস্বচ্ছ। অবোধ্য অবোধগম্য অনধিগম্য দুর্ভেদ্য। দুষ্পাঠ্য অপাঠ্য। জটিল কূট কুটিল। ঘোরালো। বিভ্রান্তিকর। অজ্ঞেয়। গূঢ়। আদালতি। প্রক্ষিপ্ত। বিস্তারিত সম্প্রসারিত। বিশৃঙ্খল অগোছালো এলোমেলো এলোপাতাড়ি। আলগা। শিথিল। অবাস্তব। অপ্রাসঙ্গিক। দীর্ঘ। মেদ,শব্দ, সমাস,অলংকার,-বহুল। শ্লথ।

৫৮২। কণ্ঠস্বর

বি. কণ্ঠস্বর স্বর। বাক্‌শক্তি (৫৮৪)। বচন বোল বুলি। সাড়া রা। ধ্বনি ঘোষধ্বনি। আওয়াজ শব্দ। চিৎকার কোলাহল। হর্ষধ্বনি। ঘোষণা।

বাক্যস্ফূর্তি। মৌনত্যাগ। বাঙ্‌নিষ্পত্তি। উচ্চারণ উচ্চারণভঙ্গি। ধার টান জের। সুর সুস্বন (৪৫৫)।
ক্রি. উচ্চারণ করা। কথা বলা। মুখ বা কথা ফোটা। রা করা। বাতলানো। চিৎকার করা (৪৫৩)। ঘোষণা করা। ফিসফিস করা। কানাকানি করা।
বিণ. স্বরযুক্ত। সবাক। কণ্ঠ। উচ্চারিত ঘোষিত ব্যক্ত। মৌখিক। মুখস্থ কণ্ঠস্থ। স্পষ্ট। উদাত্ত। মন্দ্র দরাজ ভরাট গম্ভীর গভীর গুরুগম্ভীর গমগমে। বাজখাঁই। কর্কশ হেঁড়ে। মোটা রূঢ়। পাতলা। ক্যানক্যানে। কটকটে। বাজেগলা বদকণ্ঠ। নাকী নাকা খোনা আনুনাসিক সানুনাসিক। গলাভাঙা খ্যানখ্যানে। ক্যাঁককেকে। কর্ণকটু কড়রা। ধীর অনুচ্চ মৃদু কোমল। অস্ফুট অনুদাত্ত চাপা মিহি ক্ষীণ। আধোআধো অর্ধস্ফুট। তীক্ষ্ণ কড়া। উচ্চকণ্ঠ। সুকণ্ঠ মধুকণ্ঠ। সুরেলা।

৫৮৩। মূকতা

বি. মূকতা স্বরহীনতা বাকশক্তিহীনতা। বাগ্‌রোধ। দুরুচ্চার ওষ্ঠভাষা। নীরবতা (৫৮৭)।
ক্রি. কথা হারানো। লাজওয়াব হওয়া। কথা বলতে না পারা। আমতা আমতা করা। ফ্যালফ্যাল করে তাকানো। চুপ থাকা। চুপ করানো। থামানো। কণ্ঠরোধ করা। টুঁটি টেপা।
বিণ. মূক বোবা কালা অবোলা। হাবা গোঙা। বাকশক্তিহীন বাক্যরহিত স্বরহীন আড়ষ্টজিহ্বা। নীরব নির্বাক নিশ্চুপ। ভগ্নস্বর। জড়িত। স্খলিত। অঘোষিত। অব্যক্ত অনভিব্যক্ত অনুক্ত অকথিত অঘোষ। অবক্তব্য। দুরাচ্চার্য চাপা। অস্ফুট। আধোআধো ভাঙাভাঙা। গদগদ।

৫৮৪। বাক্‌শক্তি

বি. বাক্‌শক্তি বাচনশক্তি। বাক বাক্য গীঃ ভাষা। কথা বাত জবান লফজ বচন বুলি শব্দ। জিহ্বা কণ্ঠ গলা। কথন বলন কহন উচ্চারণ উদীরণ বাক্যস্ফূরণ বাখান। বাক্যালাপ। মুখরতা বাঙ্‌ময়তা। বিবক্ষা। বাচন। উল্লেখ। কথকতা। উক্তি নিগদ বাণী। বক্তৃতা তাকরির লেকচার খোতবা ভাষণ অভিভাষণ। সম্ভাষ সম্ভাষণ সম্বোধন (৫৮৮)। বিবৃতি। ওয়াজ। গলাবাজি। শত্রুর,অবলার,-মুখ। স্বগতোক্তি (৫৯১)। পাঠ পঠন আবৃত্তি তেলাওয়াত। বাগ্মিতা বাচস্পত্য বাক্যবাগীশতা বাচনক্ষমতা বাক,-পটুতা,-পটুত্ব, -চাতুর্য,-চাতুরি,-বৈদগ্ধ্য। বাক্‌,-ভঙ্গি,-রীতি, -প্রণালী,-শৈলী। বাচন,-ভঙ্গি,-রীতি। উচ্চারণভঙ্গি। কথার,-বাঁধুনি,-টান-সুর,-রেশ। স্পষ্টোচ্চারণ শুদ্ধোচ্চারণ। সু,-বচন,-ভাষ পরিষ্কার কথা। অস্পষ্টোচ্চারণ। বাগ,-জাল, -ছল। বাগ্মী বক্তা বাচক বলিয়ে কইয়ে বাচস্পতি। কথক। কবিয়াল। আবৃত্তিকার। বক্তৃতা,বর্ণনা, -কারী। ভাষক ঘোষক ভাষ্যকার ধারাভাষ্যকার। প্রবক্তা প্রবাচক সম্ভাষী। লেকচারার স্পিকার। কথকঠাকুর পাঠক। বাক,-চতুর,-বিদগ্ধ,-পটু, -সিদ্ধ,-পতি। বাক্য,-বচন,-বাগীশ। উচিতবক্তা স্পষ্ট,-বাদী,-ভাষী,-বক্তা। মুখসর্বস্ব। ঠোঁটকাটা। বহুভাষী। বাগ্‌দেবী গীর্দেবী সরস্বতী বাণী বীণাপাণি ভারতী মহাশ্বেতা সারদা। স্পিকার লাউডস্পীকার অ্যামপ্লিফায়ার মাইক।
ক্রি. বলা। পড়া। কহা। কথা বলা। উচ্চারণ করা। উল্লেখ করা। বাতলানো। বিবৃত বা বর্ণনা করা। প্রকাশ করা (৫৪৭)। বলে দেওয়া বা ফেলা। বলাবলি বা বলাকহা করা। রা কাড়া। কথা সরা। বোল ফোটা। আওড়ানো। মুখে খই ফোটা। মুখ নিশপিশ করা। মুখে আসা। মুখ ছোটা। মুখ ফসকানো। মুখ খোলা। মুখ চলা। বক্তৃতা করা বা দেওয়া। ভাষণ বা বিবৃতি দেওয়া। খোতবা দেওয়া। ব্যাখ্যা করা। বয়ান করা। ওয়াজ করা।

বিণ. মৌখিক বাচনিক জবানি। বাচ্য কথ্য। উচ্চার্য কহতব্য। বাঙ্ময়। বর্ণনীয় বর্ণিতব্য। ভাষণ, -কথন,-যোগ্য। অলিখিত। উদাত্ত মুখর। বিবক্ষু। গীত কথিত বর্ণিত উদীরিত বিবৃত উক্ত উচ্চারিত কীর্তিত জল্পিত। ওজস্বী উদ্দীপক।

৫৮৫। বাক্‌জড়তা

বি. বাক্‌জড়তা। জড়তা অস্ফুটতা অনুচ্চতা। তোতলামি উচ্চারণবিভ্রাট। খোনামি নাকীসুর। ইতস্ততভাব। টান।

ক্রি. সহজে কথা বলতে না পারা। তোতলানো। তোতো করা। আধোআধো কথা বলা। বিড়বিড় করা। ইতস্তত করা। গলা বসে যাওয়া। গলা বুজে আসা।

বিণ. তোতলা। আড়ষ্টজিহ্বা। খোনা নাকী আনুনাসিক। আধোআধো অস্পষ্ট অনুচ্চ।

৫৮৬। বাচালতা

বি. বাচালতা। বাগ্‌জাল বাগাড়ম্বর। বাক্যস্ফূর্তি। অতি,-কথা,-কথন। বাগ্‌,-বাহুল্য,-বহুলতা। অমিত,-ভাষণ,-ভাষিতা। বাগ্‌বিস্তার। বকুনি বকবকানি বকবক ভ্যাজরভ্যাজর। কথার শ্রাদ্ধ। প্রগল্‌ভতা প্রাগল্‌ভ্য। লঘুভাষণ। বাক,ছল, -চাতুর্য,-চাতুরি। বৈদর্ভ। বাক্যবাজ অক্ষরডম্বর। ফাজলামি জ্যাঠামি পাকামি ফক্কড়ি ফচকেমি ছ্যাবলামি। মুখ। মুখের তোড়। ধানাইপানাই অগড়বগড় আগড়মবাগড়ম। অত্যুক্তি। আবোলতাবোল। বিপ্রলাপ। ঘ্যানঘ্যানানি ঘ্যানরঘ্যানর প্যাচাল প্যাচালি প্যানপ্যান প্যানপ্যানানি। ছেঁদো কথা। খেজুরে আলাপ। কথার কথা। এলোমেলো কথা। আজেবাজে কথা। বিকার। প্রলাপ। পুনরুক্তি। আমড়াগাছি। ভণিতা ভ্যানতারা গৌরচন্দ্রিকা। কপচানি। জল্পনা। গল্প,-গুজব,-সল্প। আড্ডাবাজি। মুখ,বাক, -সর্বস্বতা। বায়নাক্কা। বাগীশ বাগীশ্বর বাচস্পতি। বাক্য,-বাগীশ-বিশারদ,-নবাব। কথার ভট্‌চাজ। জল্পক। গল্পবাজ আড্ডাবাজ। ফক্কড় ফাজিল ফিচেল ফচকে জ্যাঠা টেঁটন ছ্যাবলা।

ক্রি. বকা। বকবক করা। বকবকানো। বাজে বকা। বেশি কথা বলা। মুখে খৈ ফোটা। মুখ ছোটা বা ফসকানো। কথার তুবড়ি ছোটানো। কপচানো। বাজেকথা বলা। আজে বাজে বকা। উলটাপালটা কথা বলা। প্যাচাল পাড়া। অনর্গল কথা বলা। মুখের আগল না থাকা। শতমুখে কথা বলা। চোখে মুখে কথা বলা। হড়বড়ানো। গল্প করা। আড্ডা মারা। বাত ঝাড়া। বাড়িয়ে বলা। ইনিয়ে বিনিয়ে বলা। রং চড়ানো বা ফলানো। বড় বড় কথা বলা। লম্বা চওড়া কথা বলা। ফিরে বলা।

বিণ. বাচাল। মুখর,-া। মুখে দড়। মুখসর্বস্ব। অমিতভাষী। বাক,কথা,-সর্বস্ব। বাকপটু। শতমুখ। প্রগল্‌ভ রাশপাতলা। হড়বড়ে। প্রলাপকারী। প্রলপিত। জল্পিত।

৫৮৭। মৌন

বি. মৌন তূষ্ণীম্ভাব খামোশিয়া। নীরবতা বাক্‌সংযম বাগ্‌বিমুখতা। মৌনাবলম্বন মৌনব্রত। কম কথার-লোক। স্বল্পভাষিতা মিত,-ভাষণ, -ভাষিতা অল্প,-বাদিতা,-বাদিত্ব,-ভাষিতা।

ক্রি. মৌন থাকা। চুপচাপ বা নিশ্চুপ থাকা। মুখ বন্ধ করা বা বোজা। মুখে সাড়া না থাকা। কথা না বলা। রা না কাড়া। সাড়াশব্দ না দেওয়া। উচ্চবাচ্য না করা। চুপ করা। চুপ মেরে যাওয়া। মুখে কুলুপ আঁটা। মুখ সেলাই করা।

বিণ. মৌনী মৌনব্রতী মৌনাবলম্বী। তূষ্ণী বোবা মূক। নির্বাক বাক্য,-হারা,-হীন,-রহিত।

সাড়াশব্দহীন। বাকরুদ্ধ। নীরব। অনুত্তর। অব্যক্ত। তূষ্ণীম্ভূত নিস্তব্ধিত। নিরুত্তর লাজওয়াব। থ অধোবদন। অবাক। মুখচোরা। বাকবিমুখ গুম। অল্প,স্বল্প,মিত,-ভাষী মিত,-ভাষ,-বাক্।

৫৮৮। সম্বোধন

বি. সম্বোধন। আহ্বান ডাক হূতি আহূতি আহ্বায়। আবাহন। আহ্বান। অভিভাষণ সম্ভাষ সম্ভাষণ আভাষ আভাষণ। ভাষণ (৫৮৪)। আবেদন নিবেদন। আমন্ত্রণ। অনুরোধ। অভিবাদন। অভিবন্দনা।

ক্রি. সম্বোধন করা। সম্ভাষণ করা। আবেদন করা। নিবেদন করা। ডাক দেওয়া। ডাকা। ডাকাডাকি করা। হাঁকা। হাঁকাহাঁকি করা। আহ্বান করা। ভাষণ বা বক্তৃতা দেওয়া। উত্তেজিত করা। সাড়া জাগানো। অভিবাদন করা। বন্দনা করা।

বিণ. সম্বোধনীয় সম্বোধনযোগ্য। সম্ভাষণীয়। হূত আহূত। হূয়মান।

৫৮৯। সাড়া

বি. সাড়া। প্রতিক্রিয়া। উত্তর জবাব (৪৭৭)। চাঞ্চল্য শোরগোল। উচ্চবাচ্য।

ক্রি. সাড়া দেওয়া। রা কাড়া। আওয়াজ দেওয়া। সাড়া পড়া। চাঞ্চল্যের সৃষ্টি করা।

বিণ. উত্তরদানপ্রবণ। উত্তরদায়ক। জবাবি।

৫৯০। কথোপকথন

বি. কথোপকথন। কথা,-বার্তা,-প্রসঙ্গ। বাক্যব্যয়। বাক্যালাপ। বাক্যবিনিময়। লঘুভাষণ। আলাপ আলাপন অনুলাপ আলাপসালাপ আলাপআলোচনা। জল্পনা। গল্প গপ্প খোশগল্প। গল্প,-সল্প,-গাছা,-গুজব। রসালাপ। গুলতানি আড্ডা জটলা বৈঠক। গুল গুজব। জন,-রব, -শ্রুতি। পর,-নিন্দা,-চর্চা। কেচ্ছা। সংলাপ। মতবিনিময়। মতামতবিচার। কথার কথা। বাজে কথা। কথার,-ঝোঁক,-তোড়। গল্পের ঝোঁক। মজলিস মহফিল আসর সভা কনফারেন্স অধিবেশন। মিলনী। দাওয়া রোয়াক বৈঠকখানা ড্রয়িংরুম। আলোচ্যবিষয় কর্মসূচি অ্যাজেন্ডা। সাক্ষাৎকার। সংবর্ধনা। আমন্ত্রণ। আহ্বান। পরিষদ (৭২৭)। তর্ক তর্কবিতর্ক আলোচনা বাক,-যুদ্ধ, -বিতণ্ডা। তর্কাতর্কি বাদানুবাদ বচসা। কথক গপ্পবাজ বাচাল (৫৮৬)। গল্প,-প্রিয়,-বাজ। আড্ডা,-প্রিয়,-বাজ,-ধারী বক্তা বাগ্মী। আলোচক আলোচনাকারী। সদালাপী আলাপকারী।

ক্রি. কথাবার্তা চালানো। আলাপ-আলোচনা করা। গল্প করা। মজলিস বসা। আসর জমানো। আসর গরম করা। আসর জাঁকানো। আসর গুলজার করা। গুলতানি বা আড্ডা মারা। বকা (৫৮৬)। বাজেবকা। কথা বাড়ানো।

বিণ. কথোপকথনরত। গল্পরত। আলোচ্য আলোচনীয় আলোচিত। বৈঠকি মজলিসি। আলাপী। আলোচনামূলক।

ক্রি. বিণ. কথাপ্রসঙ্গে। কথায়কথায়। কথার ঝোঁকে। কথার পিঠে।

৫৯১। স্বগতোক্তি

বি. স্বগতোক্তি। জনান্তিক। আত্মমগ্ন সংলাপ। একোক্তি মনোলোগ।

ক্রি. আপন মনে বা নিজে নিজে বলা। আপন খেয়ালে বলা। নিজের সাথে কথা বলা। জোরেজোরে বা চেঁচিয়ে চিন্তা করা।

বিণ. স্বগত আত্মগত।

৫৯২। লিখন

বি. লিখন লেখন লেখা লিখা। লিপি। লেখালেখি লেখাজোখা। কলমবাজি। কলমের খোঁচা।

অক্ষরলিখন। অক্ষর,-বিন্যাস,-ন্যাস,-শিল্প লেটারিং ক্যালিগ্রাফি টাইপোগ্রাফি। চিত্রণ অঙ্কন। হস্তলিপি পাণ্ডুলিপি খসড়া মুসাবিদা। টাইপরাইটিং মুদ্রালিখন। শ্রুতিলিখন শ্রুতিলিপি। স্বাক্ষর সই সহি দস্তখত সাইন সিগনেচার টিপসই ঢেরাসহি। স্বহস্তলেখ অটোগ্রাফ। লঘুলিপি। আদর্শলিপি। লিপি,-কৌশল,-কুশলতা। সাঁটলিখন স্টেনোগ্রাফি সংকেত,-লিপি,-লিখন। হস্তাক্ষর হস্ত,-লিপি, -লিখন,-লেখ হাতের লেখা স্বহস্তলেখ। উৎকীরণ খোদাই।

পুনর্লিখন নকল কপি অনু,-লিখন,-লিপি প্রতিলিপি। কারবনকপি। ডুপ্লিকেট। সাইক্লোস্টাইল। মুদ্রণ (৫৯৩)। নোট রচনা বিরচন প্রণয়ন। উৎকিরণ খোদাই। ভালো-লেখা মুক্তাক্ষর খুশখত। বাজে,খারাপ,কাঁচা,-লেখা কদক্ষর হিজিবিজি আঁকিবুকি। কাটাকুটি। দেওয়াল লিখন। শিলা, প্রস্তর,পাষাণ,তাম্র,-লিপি। তাম্রশাসন। প্রবন্ধ (৫৯৭)। কবিতা (৫৯৮)। সাহিত্য (৬০০)। কাব্য কবিতা কাব্যসঞ্চয়ন। পাঠ্যপুস্তক টেক্সটবুক। তরজমা অনুবাদ ভাষান্তর। লিপ্যন্তর প্রতিবর্ণীকরণ। গ্রন্থ বই (৫৯৫)।

লিপি,-কার,-কর আখরিয়া কলমচি কলমবাজ। অক্ষর,-মসি,-জীবী। নবিশ খুশনবিশ। লিপি, -কুশল,-কৌশলী। লিখিয়ে। বার্ণিক। চিত্রকর। লেখক (৫৯৫)। সেক্রেটারি করণিক সচিব মুনশি কেরানি ক্লার্ক নকলনবিশ। টাইপিস্ট মুদ্রাক্ষরিক। শ্রুতিলেখক সাঁটলেখক।

কলম লেখনী পেন কর্ণিকা পেন্সিল। খাগের কলম। পালকের কলম। ফাউন্টেনপেন ঝরনাকলম। নিব কচ কৎ মোচ। কাঠ,উড্, -পেন্সিল। লেড শিষ। রিফিল। বল,ডট,-পেন। বলপয়েন্ট। ফেল্টপেন বো-পেন লাইনিংপেন। কালি মসি সেহাই। ছাপার কালি প্রিন্টারস্ ইঙ্ক। কারবন,-পেপার। রিবন। খড়ি চক। লেখার উপকরণ লিখনসামগ্রী। খাতা বহি। একসারসাইজবুক। খেরোখাতা খেরুয়া। বাঁধানো -খাতা। প্যাড রাইটিংপ্যাড। প্যাডের কাগজ। লেটারহেড। রাফ,খসড়া,-খাতা। ডেস্ক তক্তি। লেখার ডেস্ক। কলম,-দান,-দানি। দোয়াত মস্যাধার মসি,-কুপি,-ধান। কাগজ। সঞ্চ তালপাতা পাততাড়ি ভূর্জপত্র। তুলোট কাগজ। নিউজপ্রিন্ট।

ক্রি. লেখা। লিখে রাখা। লিখে ফেলা। লিখে যাওয়া। লিখে নেওয়া। কলম ধরা। টুকে রাখা। টোকা। লিপিবদ্ধ করা। অক্ষরবিন্যাস করা। কলম চালানো। কলম পেষা। আঁচড় কাটা। রচনা করা। খসড়া করা। খসড়া বা মুসাবিদা করা। আঁকা। ছক কাটা। নিবেশন করা। নিবদ্ধ করা। নকল বা কপি করা।

বিণ. লিখিত লিপি,-বদ্ধ,-ভুক্ত। লেখ্য লেখনীয় লিখনীয় লিখিতব্য। লৈখিক। রচিত বিরচিত। নিবেশিত নিবন্ধিত। অক্ষর,-বদ্ধ,-নিবদ্ধ। উল্লিখিত। খোদিত উৎকীর্ণ। স্বরচিত। হস্ত,স্বহস্ত,-লিখিত। হাতেলেখা। অনুলিখিত পুনর্লিখিত। স্বাক্ষরিত দস্তখতি। স্বাক্ষরহীন অস্বাক্ষরিত। অঙ্কিত। মুদ্রিত। মুদ্রণীয় মুদ্রণ,প্রকাশ,-যোগ্য।

ক্রি-বিণ. কাগজেকলমে। সাদাকালোয়। লিখিত, -ভাবে,-আকারে,-পড়িতভাবে।

৫৯৩। মুদ্রণ

বি. মুদ্রণ ছাপাই ছাপানো মুদ্রাঙ্কন মুদ্রাঙ্ক প্রিন্ট। মুদ্রাক্ষর টাইপ হরফ মুদ্রালিপি মুদ্রিকা। মনোটাইপ লাইনোটাইপ। অক্ষর,-বিন্যাস,-সংস্থান কম্পোজ কম্পোজিশান হ্যান্ডসেটিং। মেশিনসেটিং।

ফটোকম্পোজিং ফটোটাইপ-সেটিং। অক্ষরডালা সাট টাইপকেস। ছাপ মুদ্রা মোহর সিল,-মোহর। ব্লক প্লেট ম্যাট্রিকস। লাইন-ব্লক হাফটোন-ব্লক। স্ট্যাম্প রবারস্ট্যাম্প। ছাঁচ। বিষয়পাঠ। অনুলিপি। সংশোধন প্রুফ,-কপি গ্যালি,-প্রুফ। মেকআপ। ফর্মা।

ছাপাখানা প্রেস মুদ্রণালয় প্রিন্টিং প্রেস। মুদ্রণ,মুদ্রা,-যন্ত্র ছাপারকল। লেটার প্রেস। ট্রেড্‌ল মেশিন। রোটারি,-প্রেস,-মেশিন। লাডলো। অফসেট-প্রেস। ইন্টালিও প্রিন্টিং। সিল্কস্ক্রিন প্রিন্টিং। কম্পিউটারপ্রিন্টিং। লেজারপ্রিন্টিং। লিথো,-গ্রাফ,-গ্রাফি। পাষাণলেখ। টাইপরাইটার। টাইপরাইটিং। লাইন,ম্যাট্রিক্‌স,ডটম্যাট্রিক্‌স, ডেইজিহুইল,গল্‌ফবল,-প্রিন্টার। ছাপারকালি প্রিন্টাবস্‌ইঙ্ক। ডুপ্লিকেটিং সাইক্লোস্টাইলিং। ডুপ্লিকেটিংমেশিন। স্টেনসিল। ইলেকট্রোফটোগ্রাফি জেরোগ্রাফি জেরক-কপি। কপিয়ার। মুদ্রণ,-শিল্প,-কলা,-বিজ্ঞান,-তত্ত্ব প্রিন্টিং-টেকনোলজি। মুদ্রণব্যবসায়। মুদ্রণযাদু। মুদ্রণ,মুদ্রাকর,-প্রমাদ ছাপারভুল প্রিন্টিংমিসটেক। মুদ্রণপ্রেত ছাপাখানারভূত প্রিন্টার্সডেভিল। মুদ্রাকর মুদ্রক ছাপাইকর প্রিন্টার। সাজনদার টাইপসেটার কম্পোজিটার। টাইপিস্ট। পাঠক সংশোধনকারী প্রুফরিডার মুদ্রণিকাসংশোধক। মুদ্রণ,-শিল্পী,-বিশারদ। মুদ্রণব্যবসায়ী।

ক্রি. ছাপা। ছাপানো। সাজানো। অক্ষর সাজানো। হাতে বোনা। যন্ত্রে বোনা। প্রকাশ করা। ছাপিয়ে বের করা। চালা। চালানো।

বিণ. মুদ্রিত মুদ্রাঙ্কিত মোহরযুক্ত ছাপযুক্ত মুদ্রাচিহ্নিত। মুদ্রাক্ষরসংক্রান্ত। মুদ্রণীয়।

ক্রি-বিণ. ছাপার অক্ষরে।

৫৯৪। চিঠিপত্র

বি. চিঠিপত্র চিঠি পত্র লিপি লিপিকা লেখ্য লিখন খত পত্রী পত্রালিকা পত্রিকা বর্ণদূত নামা কাচনকী। রোকা হাতচিঠি চিরকুট চিটা। চিঠি,-চাপাটি, -লেখালেখি। পত্রাঘাত। পত্র,-রচনা,-প্রণয়ন। লিপি,-কলা,-কৌশল,-কুশলতা,-চাতুর্য। প্রেম, -পত্র,-লিপি,-লিপিকা। নিয়োগপত্র পদত্যাগপত্র রেজিগনেশনলেটার। চরমপত্র। দাবিপত্র। পত্রসাহিত্য। পত্রাবলি পত্র,-সমূহ,-গুচ্ছ।

পোস্টকার্ড ডাকচিঠি। খাম এনভেলাপ। বুলেটিন ইশতিহার। সার্কুলার পরিপত্র। সংবাদদাতা। ডাক মেল। ডাকঘর। পত্র,-বাহক,-বাহ দূত লিপিবাহী পিওন ডাকহরকরা রানার। পত্র,-প্রাপক,-গ্রাহক। লিপি,-কুশল,-কুশলী,-নিপুণ। জনাব মহাশয় মহোদয় মহাত্মন। পাকজনাবেষু শ্রীচরণকমলেষু শ্রীচরণেষু শ্রদ্ধাস্পদেষু শ্রদ্ধাভাজনেষু মাননীয়েষু মাননীয়াসু। সুচরিতেষু সুচরিতাসু। সুহৃদ,বন্ধু, -বরেষু। কল্যাণীয় কল্যাণীয়েষু কল্যাণীয়াসু কল্যাণ,-বর,-বরেষু দোয়াবরেষু।

ক্রি. চিঠি পত্র বা চিঠিপত্র লেখালেখি করা। লিখে জানানো। পরপর চিঠি ছাড়া। উত্তর বা জবাব দেওয়া।

বিণ. ভবদীয়। আপনার বিশ্বস্ত। আশীর্বাদক আশীর্বাদিকা। স্নেহ,গুণ,-মুগ্ধ।

৫৯৫। পুস্তক

বি. পুস্তক গ্রন্থ বই বহি কেতাব বুক। পুঁথি। শাস্ত্র। পুস্তিকা চটিবই বুকলেট। প্যামফ্লেট। পুঁথিপত্র। তালপাতার পুঁথি। পাণ্ডু,-লিপি,-লেখ,-লেখ্য ম্যানাস্ক্রিপ্ট। সূচিপত্র। সারণি। নির্দেশিকা। ইনডেক্স নির্ঘণ্ট। ভূমিকা উপক্রমণিকা অনুক্রমণিকা অবতরণিকা প্রস্তাবনা মুখ,-বন্ধ,

-পাত,-পত্র সূচনা আভাষ সূত্রপাত প্রাক্‌কথন গৌরচন্দ্রিকা প্রারম্ভ প্রারম্ভিকা প্রিফেস ইন্ট্রোডাকশন। প্রোলোগ। এপিলোগ। নামপত্র উৎসর্গপত্র। ইনার। মলাট প্রচ্ছদ জ্যাকেট। পুস্তানি দপ্তি। বাঁধাই: কাপড়ে,রেক্সিনে,বোর্ড,-বাঁধাই পেপারব্যাক। পূর্ব,পুরো,-ভাগ পূর্বার্ধ। উত্তরভাগ পরার্ধ। উপসংহার সমাপ্তি পরিশেষ পরিশিষ্ট শেষ,-ভাগ,-পরিচ্ছেদ। গ্রন্থ,-তালিকা,-পঞ্জি। পরিচ্ছেদ অধ্যায় অংশ বিভাগ ভাগ সর্গ বর্গ কাণ্ড অঙ্ক পর্ব পাঠ চ্যাপ্টার। পাদটীকা ফুটনোট পাদপূরণ। স্তবক প্যারা,-গ্রাফ অনুচ্ছেদ। স্ট্যাঞ্জা। পঙ্‌ক্তি লাইন ছত্র সারি। পাতা পৃষ্ঠা। পৃষ্ঠাঙ্ক।

পাঠ্য,-গ্রন্থ,-বই,-পুস্তক পড়ার,টেক্‌স্ট,-বই টেক্‌স্ট। অনুশীলনী ওয়ার্কবুক। মানে,-বই সহায়িকা বোধিকা বোধিনী অর্থপুস্তক নোট,-বই টীকাগ্রন্থ। সহায়ক,তথ্য,-গ্রন্থ রেফারেন্‌সবই। গল্প,কাব্য,নাট্য,-গ্রন্থ। উপন্যাস। পালা। পাঁচালি। ব্রতকথা। পঞ্জিকা পাঁজি,-পুঁথি অ্যালমানাক। তথ্যপঞ্জি হ্যান্ডবুক ম্যানুয়াল। গ্রন্থাবলি রচনাবলি রচনা,-সংগ্রহ,-সংকলনগ্রন্থ। চয়নিকা গ্রন্থ,-সংকলন,-সঞ্চয়ন। অম্‌নিবাস। গ্রন্থ,রচনা,-সমগ্র। সাহিত্য,-সংগ্রহ,-সমগ্র। অভিধান কোষ,-গ্রন্থ শব্দকোষ ডিকশনারি। শব্দার্থ,সমার্থ, সমার্থশব্দ,-কোষ। থিসরাস। নিঘণ্ট। আকরগ্রন্থ বিশ্ব,বিদ্যা,জ্ঞান,-কোষ এনসাইক্লোপিডিয়া। কনকরডেন্স শব্দনির্দেশিকা। বিষয়,-নির্দেশিকা,-অভিধান। শব্দসংগ্রহপুস্তক ওয়ার্ডবুক। বর্ষ,-নামা,-পঞ্জি ইয়ারবুক। রোজ,-নামা,-নামচা কড়চা। সময়সারণি টাইমটেব্‌ল। রেডিরেকনার। ধর্মগ্রন্থ (৯৯০)। মানচিত্র অ্যাটলাস। অ্যালবাম আলেখ্যকুঞ্জিকা। গ্রন্থরচনা পুস্তক,-রচনা,-প্রণয়ন। রচনা বিরচন প্রণয়ন। প্রবন্ধ সন্দর্ভ। থিসিস মনোগ্রাফ। পত্র,-পত্রিকা সাময়িকী ম্যাগাজিন লিটলম্যাগাজিন। গ্রন্থানুরাগ গ্রন্থ,-প্রীতি,-প্রেম পুস্তকানুরাগ পুস্তক,-প্রীতি,-প্রেম। পড়ার,-নেশা,-ঝোঁক। পাঠরুচি পাঠাভ্যাস।

গ্রন্থ,-কার,-কর্তা,-প্রণেতা,-স্রষ্টা,-রচয়িতা,-প্রণয়নকারী পুস্তকপ্রণেতা রচয়িতা রচনা,-কার,-কারী লিখিয়ে লেখক অথার। ভাড়াটে লেখক। গল্পকার নাট্যকার কবি ঔপন্যাসিক। আভিধানিক অভিধানকার। সাংবাদিক সম্পাদক। গ্রন্থানুরাগী গ্রন্থাভিমানী গ্রন্থ,-প্রেমী,-প্রেমিক,-প্রিয়,-বিলাসী পুস্তকপ্রেমী। পাঠানুরাগী পাঠাসক্ত পাঠানুরক্ত। গ্রন্থ,পুস্তক,-কীট বইয়েরপোকা বুকওয়ার্ম বই -পাগলা। পাঠক পড়ুয়া পাঠী পাঠিকা।

গ্রন্থাগার গ্রন্থালয় পাঠাগার পুস্তকাগার পুস্তকালয় পাঠগৃহ পুঁথিশালা গ্রন্থ,-গৃহ,-কুটীর লাইব্রেরি। সাধারণপাঠাগার পাবলিক লাইব্রেরি। রিডিং,-রুম,-কর্নার,-সেন্টার পাঠকক্ষ। জাতীয়,রাষ্ট্রীয়,-গ্রন্থাগার ন্যাশনাল লাইব্রেরি। বর্গীকরণ ক্লাসিফিকেশন। ডিউই-ডেসিমাল-সিস্টেম। ইউ ডি সি সিস্টেম। গ্রন্থাগার,-বিজ্ঞান,-বিদ্যা লাইব্রেরি -সায়ান্স। গ্রন্থ,-সূচি,-তালিকা পুস্তকতালিকা। গ্রন্থাগারিক লাইব্রেরিয়ান। গ্রন্থরক্ষক।

প্রকাশনা প্রকাশন প্রকাশ পাবলিশিং পাবলিকেশন। প্রকাশন,-শিল্প,-ব্যবসায়। প্রকাশন,-সংস্থা,-প্রতিষ্ঠান প্রকাশনালয় প্রকাশনী পাবলিশিংহাউস। বইয়ের-দোকান পুস্তকবিপনী। সংস্করণ এডিশন মুদ্রণ পুনর্মুদ্রণ রিপ্রিন্ট। শোভন,সুলভ,রাজ, সংশোধিত,পরিবর্ধিত,সংক্ষিপ্ত,সংক্ষেপিত,-সংস্করণ। প্রকাশক পাবলিশার। প্রকাশনব্যবসায়ী। গ্রন্থ,বই,পুস্তক,-মেলা বুকফেয়ার। বই,-বাজার,-পাড়া।

ক্রি. বই লেখা। বই বাঁধাই করা। বাঁধানো। বই পড়া। ছাপানো। বই ছাপানো। বই ছাপিয়ে বের করা। বই বের করা বা প্রকাশ করা।

বিণ. গ্রন্থ,-ভুক্ত,-গত,-বদ্ধ। পুঁথি,-গত,-নির্ভর, -ভুক্ত,-নিবদ্ধ। কেতাবি। বইপড়া। রচিত প্রণীত বিরচিত। প্রকাশিত মুদ্রিত। স্বরচিত।

৫৯৬। বর্ণনা

বি. বর্ণনা বিবরণ বিবৃতি বয়ান। ব্যাখ্যান হকিকত বর্ণনাপত্র বিবরণী রিপোর্ট প্রতিবেদন নিবন্ধ। কার্যবিবরণী। লেখাজোখা হিসাব বৃত্তান্ত নির্দেশ। বিতং বায়নাক্কা। ভাষ্য ধারাভাষ্য। কাহিনী। নক্‌শাচিত্র। পাঠ আবৃত্তি। গল্প কেচ্ছা রূপকথা। আখ্যায়িকা। উপন্যাস রমন্যাস নভেল। ছোটগল্প। উপকথা উপাখ্যান। রসরচনা রম্যরচনা। চুটকিসাহিত্য। কড়চা রোজনামচা দিনলিপি ডায়েরি। জীবনী চরিতাবলি। আত্ম, -জীবনী,-চরিত। পুরাণ পুরাকাহিনী পুরাবৃত্ত। রোজনামা। বর্ষনামা। ইতিবৃত্ত। ইতিহাস। বিশদ, -বর্ণনা,-বিবরণ। সংক্ষিপ্তবর্ণনা (৬০০)। লেখক। কথক। ঐতিহাসিক। বর্ণনাকারী।

ক্রি. বর্ণনা বিবরণ বা বয়ান করা। চরিত্র অঙ্কন করা। রেখাপাত করা। পুঙ্খানুপুঙ্খ বর্ণনা করা। খুলে বলা। রেখে ঢেকে বলা। রচনা করা। আবৃত্তি বা পাঠ করা।

বিণ. বর্ণিত বিবৃত। বর্ণনীয়। বর্ণনামূলক বিবরণমূলক। পৌরাণিক ঐতিহাসিক। অবাস্তব কাল্পনিক। বাস্তব।

৫৯৭। পদ্য

বি. পদ্য কাব্য কবিতা। শ্লোক বয়াত। পদ পদবদ্ধ। মহাকাব্য এপিক ধ্রুপদীকাব্য। মহাভারত রামায়ণ ইলিয়ড ওডিসি শাহনামা। কাব্য,-নাট্য, -নাটক,-সাহিত্য। গীতিনাট্য। নাট্যকাব্য। দৃশ্য,শ্রুতি,-কাব্য। চর্যাপদ দোঁহা পদাবলি। কারিকা। মাথুর নাথ। দোহা গাথা গীত গান লিরিক। গীতিকবিতা। পালা,-গান। ছড়া। রুবাইয়াৎ। কাসিদা। শায়েরি। লিমেরিক। মন্ত্র স্তোত্র। সনেট চতুর্দশপদীকবিতা। মন্ময়কাব্য রোমান্টিককবিতা। তন্ময়কাব্য। আধুনিক কবিতা। খণ্ডকাব্য। বীরগাথা। চম্পু। লোক,-কাব্য,-গাথা। চারণ,-কাব্য,-গীতিকা। পুঁথি পাঁচালি। রাখালিয়া। ভাটগান। কবিগান। ঝুমুর। তরজা। বৈষ্ণব পদাবলি। শাক্ত পদাবলি। মঙ্গলকাব্য। মনসা,ধর্ম,চণ্ডী,অন্নদা,-মঙ্গল। শোক,-কাব্য, -গাথা,-সংগীত মর্সিয়া এলিজি। ব্যঙ্গকবিতা। প্যারোডি।

স্মৃতি,স্মরণ,-কাব্য। কাহিনী,আখ্যান,-কাব্য। কবিতাবলি কবিতা,-সংগ্রহ,-সংকলন কাব্যসংকলন। পদ পঙ্‌ক্তি চরণ। স্তবক। পয়ার ত্রিপদী। ছন্দ (৫৭৯)। মুক্তছন্দ। অমিত্রাক্ষর ছন্দ। গদ্য কবিতা। কোষকাব্য। কাব্য,-রস,-মাধুর্য। কাব্যকলা। কবিত্ব,-শক্তি,-গুণ। কাব্য,-প্রতিভা, -শক্তি,-ক্ষমতা। কবিপ্রতিভা। কবি,-ভাব, -স্বভাব,-পনা। কবিপ্রসিদ্ধি। কবিকল্পনা। কবিয়ানা কাব্যিকতা। কাব্য,-সৃষ্টি,-রচনা। কাব্যচর্চা কাব্যানুশীলন। কাব্য,-ধর্ম,-গুণ। কাব্য,কবিতা,-ধর্মিতা। কাব্যালোচনা। কবিতা,কাব্য,-পাঠ,-আবৃত্তি। কবিসম্মেলন মুসায়েরা। কাব্য,-জগৎ,-লোক,-গগন,-কানন কাব্যাকাশ।

কবি কবি,-সমাজ,-কুল। কাব্য,-কার,-স্রষ্টা, -রচয়িতা। রাজকবি সভাকবি। কবিবর। কবিশেখর কবিশ্রেষ্ঠ। কবি,-ভূষণ,-কঙ্কণ,-রত্ন

কবীন্দ্র কবিগুরু কবিসম্রাট কাব্যসম্রাট কবীশ। আদিকবি বাল্মীকি। মহাকবি। প্রতিভা। কাব্যরসিক। কবিয়াল কবিওয়ালা। পদ,-কর্তা, -কার,-রচয়িতা। দোহাকার। পুঁথিকার বয়াতি। পাঁচালিকার। কথক,-ঠাকুর। লোককবি। চারণ কবি। কীর্তনীয়া। নান্দী,-কর,-পাঠক। ভাট ভট্ট স্তুতি,-পাঠক,-গায়ক বন্দী। গীতিকার গীত রচয়িতা। ছড়া,-কার,-দার।

ক্রি. কবিতা লেখা। কাব্য করা। ছন্দ মেলানো। ছড়া কাটা।

বিণ. কাব্য,কবিতা,-ধর্মী। কাব্যিক। কবিত্বপূর্ণ। কাব্য,-ময়,-গুণসম্পন্ন। কবিসুলভ কবিজনোচিত। কবিকবি। গীতিধর্মী। সুরধর্মী। শ্লোকাত্মক।

৫৯৮। গদ্য

বি. গদ্য গদ্যভাষা গদ্যসাহিত্য কথাসাহিত্য। গদ্যরচনা। গদ্য,-রীতি,-রচনাপদ্ধতি।

কাব্যহীনতা। অকল্পনা (৫২৭) কল্পনাহীনতা। আবেগহীনতা। রসকষহীনতা। বর্ণনা (৫৯৬)। প্রবন্ধ নিবন্ধ সমালোচনা (৫৯৯)। উপন্যাস গল্প (৬০০)। গদ্যছন্দ গদ্যকবিতা। গদ্যলেখক প্রবন্ধকার ঔপন্যাসিক।

ক্রি. গদ্য বা গদ্যে লেখা। গদ্য রচনা করা।

বিণ. গদ্য গদ্য,-ময়,-বৎ,-ধর্মী। কাব্যহীন। সাধারণ মামুলি। কল্পনাহীন। অকবি। আবেগহীন ভাবাবেগবর্জিত। নীরস স্বাদহীন। একেবারে গদ্য।

৫৯৯। প্রবন্ধ

বি. প্রবন্ধ সন্দর্ভ রচনা নিবন্ধ। এসে। গবেষণা,গবেষণামূলক,-প্রবন্ধ। থিসিস। আর্টিকেল। বক্তৃতা লেকচার নসিহত উপদেশ ওয়াজ। সমালোচনা আলোচনা পর্যালোচনা ক্রিটিসিজম রিভিউ বিশ্লেষণ মূল্যায়ন মূল্যাবধারণ। টীকা তফসির টিপ্পনী ব্যাখ্যা ভাষ্য। মন্তব্য মতামত। সমীক্ষা অন্বীক্ষা সমীক্ষণ। জ্ঞানগর্ভ,মননশীল,গুরুগম্ভীর,-রচনা। গ্রন্থ, -সমালোচনা,বিচার,-বীক্ষা,-বীক্ষণ পুস্তক, -সমালোচনা,-পর্যালোচনা। সম্পাদকীয়। মসিযুদ্ধ কলমের-লড়াই। প্রবন্ধ,-কার,-লেখক,-রচয়িতা প্রাবন্ধিক সন্দর্ভ,নিবন্ধ,-কার নিবন্ধক। সমালোচক আলোচক পর্যালোচক ক্রিটিক রিভিউয়ার। বিশ্লেষক। ভাষ্যকার। সমীক্ষক। গ্রন্থ, -সমালোচক,-বীক্ষক পুস্তকসমালোচক। সম্পাদক।

ক্রি. সমালোচনা আলোচনা বা পর্যালোচনা করা। ব্যাখ্যা করা। মন্তব্য করা। মতামত দেওয়া।

বিণ. সমালোচিত আলোচিত পর্যালোচিত। সমালোচ্য সমালোচনীয় আলোচ্য পর্যালোচনীয়।

৬০০। সংক্ষিপ্তসার

বি. সংক্ষিপ্তসার সারসংক্ষেপ। সারসংগ্রহ সারসংকলন ডাইজেস্ট। সারাংশ সারমর্ম প্রেসি। তাৎপর্য। নিষ্কর্ষ নির্যাস অ্যাবস্ট্রাক্ট। চুম্বক সিনপ্সিস। বিষয়বস্তু। মোদ্দাকথা। সারোদ্ধার। সংক্ষেপণ (২০০)। বিশ্লেষণ। উদ্ধৃতি উদ্ধৃতাংশ। সার্ভে। সংশ্লেষ। পাঠ্যনির্ঘন্ট। সূচি সূচী। শিরোনামা। সংকলন আহরণ সংগ্রহ চয়ন চয়নিকা সঞ্চয়ন সঞ্চয়িতা সঞ্চিতা আহরণী সংহিতা। শ্রেষ্ঠরচনা সমগ্ররচনা অমনিবাস। পুনরালোচনা পুনর্বিলোকন। সংক্ষিপ্তবৃত্তি। পুনরাবৃত্তি।

ক্রি. সংক্ষিপ্ত বা সংক্ষেপ করা। সংহত করা। সারাংশ করা। সংকলন করা। সংগ্রহ করা (৭০)। মোটামুটি দেখা। ওপর ওপর দেখা।

বিণ. সংক্ষিপ্ত। মুখতসার। বিশ্লেষক। সংশ্লেষক। সংকলিত সঞ্চিত সংগৃহীত সংহৃত একত্রীভূত। হ্রস্বীকৃত। সংক্ষেপিত।

ক্রি-বিণ. সংক্ষেপে অল্পকথায়। সংক্ষিপ্তভাবে।

৬০১। সাহিত্য

বি. সাহিত্য লিটারেচার। সাহিত্যশাস্ত্র। সাহিত্য,-শিল্প,-কলা। সাহিত্যতত্ত্ব। সাহিত্যরস। ছন্দ (৫৭৯)। অলংকার (৫৭৯)। সাহিত্য,-সৃষ্টি,-রচনা,-প্রণয়ন। সাহিত্য,-চর্চা,-সাধনা,-সেবা সাহিত্যানুশীলন সারস্বত,-চর্চা,-সাধনা। সাহিত্যসম্পদ। সাহিত্য,-সম্ভার,-ভাণ্ডার। সাহিত্যানুরাগ সাহিত্যামোদ সাহিত্যানন্দ সাহিত্যপ্রীতি। রচনা রচন বিরচন প্রণয়ন। রচন,-শৈলী,-ভঙ্গি স্টাইল। লেখার হাত। পদ্য কবিতা কাব্যসাহিত্য (৫৯৭)। গদ্য (৫৯৮)। প্রবন্ধ নিবন্ধ সমালোচনা (৫৯৯)। নাটক (৬০২)।

কথাসাহিত্য। কথাশিল্প। উপন্যাস নভেল ফিকশন। উপন্যাসিকা নভেলেট। গল্প কাহিনী কথা আখ্যান আখ্যায়িকা উপাখ্যান বৃত্তান্ত। ছোটগল্প বড়গল্প। আষাঢ়ে গল্প। উপকথা। রূপকথা। ফ্যান্টাসি ফেয়ারিটেলস্। পঞ্চতন্ত্র। নকশা। কেচ্ছা। রহস্য,-কাহিনী,-রচনা। রহস্য,-উপন্যাস,-গল্প। রোমাঞ্চিকা রোমাঞ্চকাহিনী। গোয়েন্দা-কাহিনী ডিটেকটিভ,-উপন্যাস,-গল্প। ভূতের গল্প। হালকালেখা। রসরচনা হাস্যকৌতুক কৌতুকী হাসির-গল্প। হাস্যরসাত্মক রচনা। হাস্যরসাত্মক গল্প। ব্যঙ্গ ব্যঙ্গকৌতুক ব্যঙ্গাত্মক-রচনা। হিউমার। চুটকি। রম্যরচনা। লঘুপ্রবন্ধ ব্যক্তিগতপ্রবন্ধ। বেললেতরস্। ইতিহাস ইতিবৃত্ত পুরাণকথা। পর্নোগ্রাফি অশ্লীলসাহিত্য। ভ্রমণসাহিত্য। ভ্রমণ,-কাহিনী,-বৃত্তান্ত পর্যটনকাহিনী অ্যাডভেঞ্চার। শিশুসাহিত্য। কিশোরসাহিত্য।

জীবনীসাহিত্য। জীবনী জীবনীগ্রন্থ জীবন,-চরিত,-কথা,-কাহিনী চরিত,-কথা বায়োগ্রাফি। আত্ম,-জীবনী,-কথা,-চরিত অটোবায়োগ্রাফি। আত্মস্মৃতি জীবনস্মৃতি। শৈশবস্মৃতি। আদ্যলীলা। বাল্যকথা। জন্ম,-কাহিনী,-বৃত্তান্ত। চরিতমালা চরিতাবলি। অনুবাদসাহিত্য। পত্রসাহিত্য (৫৯৪)।

লোকসাহিত্য ফোকলিটারেচার। লোকজীবন,-কথা,-সাহিত্য। পল্লী,-গ্রামীণ,-জনপদ,-সাহিত্য। লোক,-কাব্য,-গাথা,-কথা,-জীবনগাথা ফোকটেল ফোকলোর। লোকগীতিকা গাথা গীতিকা আখ্যায়িকাগীতি লোকগীতিসাহিত্য ব্যালাড নাথগীতিকা ময়মনসিংহগীতিকা পূর্ববঙ্গগীতিকা। ছড়া ছেলেভুলানো-ছড়া লৌকিকপুরাণ পুরাকাহিনী মিথ। কিংবদন্তি। ইতিকথা। কল্পকথা লিজেন্ড। প্রবাদ প্রবচন জনশ্রুতি। খনার বচন। ডাকের কথা। ব্রতকথা। লোকগীতি (৪৫৭)।

বিশ্বসাহিত্য। আধুনিক সাহিত্য। প্রাচীন সাহিত্য। ক্লাসিক,ধ্রুপদী,চিরায়ত,-সাহিত্য। সমকালীন-সাহিত্য। সাহিত্যসংগ্রহ। সাহিত্যালোচনা সাহিত্য,-সমালোচনা,-বিচার। পাঠভেদ পাঠান্তর। কুম্ভিলকবৃত্তি লেখাচুরি প্ল্যাজিয়ারিজ্‌ম।

সাহিত্যিক,-ঐতিহ্য,-উত্তরাধিকার। সাহিত্য,-সভা,-সম্মেলন। সাহিত্যিক,লেখক,-সম্মেলন কবিসম্মেলন। সাহিত্য,সাহিত্যিক,লেখক, সারস্বত,-সমাজ সাহিত্যিকমণ্ডলী। সাহিত্যক্ষেত্র। সাহিত্য,-জগৎ,-মণ্ডল,-গগন সাহিত্যাকাশ।

সাহিত্যিক লেখক। সুসাহিত্যিক সুলেখক। সাহিত্যস্রষ্টা। সাহিত্য,-সাধক,-সেবক,-সেবী।

সাহিত্যাচার্য সাহিত্য,-বিশারদ,-গুরু,-রথী। সাহিত্যিক শ্রেষ্ঠ। গ্রন্থী গ্রন্থকার (৫৯৫)। কথা,-সাহিত্যিক,-শিল্পী। উপন্যাস,-লেখক,-কার ঔপন্যাসিক। গাল্পিক গল্প,-লেখক,-কার,-রচয়িতা। কথক আখ্যায়ক কাহিনীকার। রূপকথাকার। রস,-রচয়িতা,-সাহিত্যিক। কৌতুক,-স্রষ্টা,-রচয়িতা। ব্যঙ্গ,-লেখক,-শিল্পী। হিউমারিস্ট। শিশুসাহিত্যিক। জীবনী,-কার,-লেখক চরিতকার। সংকলনকারী সংকলক সংকলয়িতা সংগ্রাহক। সম্পাদক। সাহিত্য,-রসিক,-প্রেমী সাহিত্যানুরাগী সাহিত্যামোদী। কুম্ভিল কুম্ভিলক লেখাচোর লিখনতস্কর গ্রন্থতস্কর চন্দ্ররেণু প্ল্যাজিয়ারিস্ট।

ক্রি. সাহিত্য সৃষ্টি করা। সাহিত্য রচনা করা। রচনা করা। প্রণয়ন করা। লেখা। বই লেখা। সাহিত্য চর্চা অনুশীলন বা সেবা করা। গল্প উপন্যাস বা জীবনী লেখা। ব্যঙ্গ করা। লেখা চুরি করা। মেরে দেওয়া।

বিণ. সাহিত্যিক। উপন্যাসধর্মী। উপন্যাসোচিত উপন্যাসোপম। গল্পধর্মী। জীবনীমূলক। আত্মজৈবনিক আত্মজীবনীমূলক। স্মৃতি,স্মৃতিকথা,-মূলক। লিখিত রচিত বিরচিত প্রণীত। সুলিখিত সুরচিত।

৬০২। নাটক

ক্রি. কঠোর হওয়া। শক্তির বা ক্ষমতার অপব্যবহার করা। অত্যাচার বা জুলুম করা। জোরজবরদস্তি করা। ডাণ্ডাবাজি করা। উৎপীড়ন করা। পদদলিত বা নিষ্পেষিত করা। বাঁশ ডলা। দেখমার করা। জগদ্দল পাথর বা গুরুভার চাপিয়ে দেওয়া। পেটে মারা ভাতে মারা। ভিটায় ঘুঘু চরানো। ভিটেমাটি চাটি করা। দেঁড়েমুষে আদায় করা। রক্ত চোষা। ঝেঁটিয়ে বিষ নামানো। গলায় গামছা বা আঁকশি দেওয়া। গায়ের বা পিঠের চামড়া তোলা। পিণ্ডি বের করা। কাঠেখড়ে করা। পিটিয়ে লম্বা করা। ধোলাই দেওয়া। রামধোলাই দেওয়া। উত্তমমধ্যম দেওয়া। তুলো ধোনা। হাড় গুঁড়ো করা। হাড়মাস আলাদা করা। ঠ্যাঙানো। আচ্ছাসে ঠেঙিয়ে দেওয়া। জুতানো। জুতো মারা। জুতো পেটা করা। জুতিয়ে লম্বা করা।

বিণ. কঠোর কঠিন শক্ত কড়া অনমনীয় লৌহকঠিন। জালিম জুলুমবাজ জবরদার

অত্যাচারী উৎপীড়ক নিপীড়ক তাড়ক নিগ্রাহক নির্যাতক স্বেচ্ছাচারী। ক্রূর রূঢ় নির্দয়। দুর্দান্ত দুরন্ত। শৃঙ্খলাবাগীশ। অত্যাচারিত উৎপীড়িত নিপীড়িত নিগৃহীত।

৭৩১। মৃদুতা

বি. মৃদুতা কোমলতা নমনীয়তা নম্রতা। সহিষ্ণুতা ক্ষমা দাক্ষিণ্য। নাই আশকারা প্রশ্রয়। দয়া মায়া সহানুভূতি অনুকম্পা (৯১৩)। রাজক্ষমা। ঔদার্য উদারনীতি। ভালোমানুষি ভদ্রতা। মিঠা কথা। মৃদু,-ভাষ,-ভাষিতা। আলগা বেত। ঢিলা বাঁধন। নিচু বেড়া। নরম মাটি।

ক্রি. কোমল হওয়া। নরম হওয়া। সহ্য করা। ক্ষমা করা। দণ্ডের মার্জনা বিলম্বন বা বিরাম মঞ্জুর করা। দণ্ড মওকুফ স্থগিত বা হ্রাস করা। নাই আশকারা বা প্রশ্রয় দেওয়া। বাঁধন ছাড়া। ঢিলে দেওয়া। দড়ি আলগা করা। লাঠি বাদ দেওয়া। আদর দিয়ে মাথায় তোলা বা নষ্ট করা।

বিণ. মৃদু কোমল নম্র নমনীয়। অনুগ্র অরুদ্র। হালকা। সহজ। সহৃদয় সহানুভূতিশীল দয়ালু কৃপালু। সহিষ্ণু ধৈর্যশীল। ক্ষমাশীল। মৃদু,-ভাষী, -ভাষিণী।

৭৩২। দমন

বি. দমন সংযমন শাসন নিয়ন্ত্রণ। শায়েস্তা শাস্তি (৯৭৪)। বলপ্রয়োগ। বাধ্যকরণ। বাঁধাবাঁধি আটকাআটকি। শৃংখলা নিয়মন। সীমা গণ্ডি। নিষেধ বারণ। রোধ রোধন সংরোধ। প্রশমন। সংবরণ। অবদমন নিবারণ। চাপ প্রচাপ। আটক কয়েদ অন্তরণ অন্তরায়ণ (৭৩৩)। নিগ্রহ দলন তাড়না নিপীড়ন। প্রতিবন্ধকতা বাধা (৭০৬)। অর্থনৈতিক চাপ। সংরেক্ষণবাদ। একচেটিয়া ভোগ। সংরেক্ষণবাদী। দমননীতি। কঠোরতা (৭২৯)। ভার তত্ত্বাবধান অভিভাবকত্ব।

ক্রি. দমন করা। দুরস্ত করা। দাবানো। দাবিয়ে রাখা। দমানো। নিয়ন্ত্রণ করা। সংযমন করা। বাধা দেওয়া। সংযত করা। রোধ করা। প্রতিরোধ করা। রাশ টানা। বলপ্রয়োগ করা। বাধ্য করানো। বাগ মানানো। আয়ত্তে আনা। বিদ্রোহ দমন করা। কণ্ঠরোধ করা। টুঁটিচেপা। বিধিনিষেধ আরোপ করা। সেন্সর করা। আগলানো। সামলানো। রাখা। আটকানো। ঘেরাও করা। ধরা। ধরে রাখা। বেঁধে রাখা। বন্ধ আটক বা গ্রেপ্তার করা (৭৩৩)।

বিণ. দময়িতা দমনকারী দমক দমী। দমিত শাসিত দুরস্ত নিয়ন্ত্রিত শৃংখলিত। কারারুদ্ধ। গ্রেপ্তার আটক। অন্তরীণ। রুদ্ধ সংরুদ্ধ রোধিত। দমনমূলক দমনীয় দম্য দমনসাধ্য বশ্য। দলিত নিপীড়িত। শময়িতা।

৭৩৩। আটক

বি. আটক অবরোধ অবরোধন অন্তরণ অন্তরায়ণ রোধ রোক বাধা নিক্ফুট। বিদ্বেষমূলক আটক। নিবর্তনমূলক আটক। ঘেরাও পরিবেষ্টন। পাকড়াও গ্রেপ্তার অ্যারেস্ট ধরপাকড়। গ্রেপ্তারিপরোয়ানা ওয়ারেন্ট হুলিয়া। ক্রোক মালক্রোক।

হাজত থানাহাজত জেলহাজত লকআপ গারদ ফাটক গুমটি সেল।

কারা কারাগার কয়েদ,হাবুজ,জেল,জিন্দান,-খানা বন্দীশালা। হরিণবাড়ি শ্রীঘর শ্বশুরবাড়ি (ব্যঙ্গে)। দুর্গ গড়। দেয়াল প্রাচীর পাঁচিল। বেড়া কাঁটাতার কাঁটাতারের-বেড়া। বাধা। ব্যূহ। শৃঙ্খল শিকল জিঞ্জির চেইন নিগড় বেড়ি বন্ধন। হাত,-কড়া, -বেড়ি। পায়ে বেড়ি। রশি দড়ি। রাশ বল্গা

লাগাম। গরাদ শিক। তালা চাবি। হাজত, জেল,কারা,-বাস। কারাদণ্ড। কারাবরণ। বন্দী। যুদ্ধবন্দী। বৈতালিক বন্দী। গৃহবন্দী নজরবন্দী। পণবন্দী।

জেলার ওয়ার্ডার জমাদার পাহারাদার প্রহরী রক্ষী সান্ত্রী। দেহরক্ষী। রক্ষক। জিম্মাদার। হাওলাদার জামিনদার।

পিঁজরাপোল খোঁয়াড়। খাঁচা পিঞ্জর পিঁজরা। কোঅরনটিন সঙ্গরোধ নিরোধন।

ক্রি. আটক করা। আটকানো। আটকে রাখা। ধরা। পাকড়ানো। পাকড়াও গ্রেপ্তার বা অ্যারেস্ট করা। হাতেনাতে ধরা। বমাল গ্রেপ্তার করা। ধরা পড়া। ঘেরাও কবা। ঘিরে ফেলা। চারদিক থেকে ঘেরা। পালাবাব পথ বন্ধ করা। আগলে রাখা। তালা দেওয়া। বন্ধ রাখা। হাজতে বা জেলে পোরা। গারদে ঢোকানো। সেলে রাখা। পায়ে বেড়ি দেওয়া। জেলে যাওয়া। কারাবরণ করা। জেলের ভাত খাওয়া। জেল খাটা।

বিণ. আটক,-বন্দী অবরুদ্ধ অন্তরাবদ্ধ অন্তরায়িত অন্তরীণ আবদ্ধ অমুক্ত সংরুদ্ধ নিরুদ্ধ। প্রতিবুদ্ধ। ধৃত। সঙ্গরুদ্ধ। শৃঙ্খলিত। নিবর্তনমূলক।

৭৩৪। স্বাধীনতা

বি. স্বাধীনতা আজাদি স্বাধিকার স্বাতন্ত্র্য স্বতন্ত্রতা। স্বাচ্ছন্দ্য স্বচ্ছন্দতা। স্বেচ্ছা। স্বেচ্ছাচার স্বৈর,-তা স্বৈরিতা স্বৈরাচার স্বেচ্ছাচারিতা। আশকারা প্রশ্রয় নাই। সুযোগ। পরিসর দৌড়। ভোটাধিকার বিশেষাধিকার। অধিকার স্বত্ব দাবি হক। অনবরোধ অবরোধহীনতা অপ্রতিবন্ধকতা অব্যাঘাত। সার্বভৌমত্ব স্বাধিকার স্বরাজ স্বায়ত্তশাসন স্ববশতা আত্মাশ্রয়িতা আত্মনিয়ন্ত্রণ। অবাধবাণিজ্য। সহ-অবস্থান। অব্যাহতি রেহাই। মুক্তি (৭৩৬)। অনবলম্বন স্বাবলম্বন স্বাবলম্বিতা আত্মনির্ভর,-তা,-শীলতা। আত্মসহায়তা আত্মাশ্রয় আত্মাশ্রয়িতা। স্বাশ্রয় স্বনির্ভরতা। স্বয়ংসম্পূর্ণতা স্বয়ম্ভরতা। স্বয়ংক্রিয়তা। অনন্য,-পরতা,-নির্ভরতা, -মুখাপেক্ষিতা আত্মনির্ভরতা। আত্ম,-শক্তি, -ক্ষমতা। ব্যক্তি স্বাধীনতা। নিরপেক্ষতা অনপেক্ষতা। স্বাধীনতা,মুক্তি,-যুদ্ধ,-সংগ্রাম। স্বাধীনতা, স্বরাজ,স্বদেশী,-আন্দোলন। স্বাধীন, -দেশ,-জাতি। স্বাধীনতা দিবস।

ক্রি. স্বাধীন থাকা। স্বাধীনতা থাকা। নিজের ইচ্ছা বা মরজি মতো থাকা বা করা। স্বাধীনভাবে চলাফেরা করা। নিজের পায়ে দাঁড়ানো। নিজেরটা নিজে সামলানো। স্বাধীন করা। স্বাধীনতা দেওয়া। অধিকার দেওয়া।

বিণ. স্বাধীন আত্মাধীন আজাদ সার্বভৌম। স্বায়ত্ত স্ববশ স্বয়ংবশ স্বতন্ত্র। স্বমতাবলম্বী স্বেচ্ছাধীন স্বাধীনচেতা। মুক্ত অবাধ অপ্রতিহত অব্যাহত অনবরুদ্ধ নিরবগ্রহ অনিয়ন্ত্রিত। সার্বভৌমিক। সীমাহীন শর্তহীন বিনাশর্ত। অনপেক্ষ নিরপেক্ষ পক্ষপাতহীন। অপ্রভাবিত। স্বতঃস্ফূর্ত স্বচ্ছন্দ সহজ স্বাভাবিক। স্বাবলম্বী স্বয়ম্ভর স্বনির্ভর স্বয়ংসম্পূর্ণ। আত্মাশ্রয়ী। আত্ম,-নির্ভর,-নির্ভরশীল। অনন্য,-পর,-সাপেক্ষ,-নির্ভর,-সহায়,-মুখাপেক্ষী। একছত্র স্বরাট। অনির্ভর আত্মবিশ্বাসী।

৭৩৫। অধীনতা

বি. অধীনতা পরাধীনতা স্বাধীনতাহীনতা। পরনির্ভরতা পরপ্রেষ্যতা পরতন্ত্রতা পারতন্ত্র্য পরবশতা পারবশ্য পদাশ্রয়। বশি,-তা,-ত্ব বশবর্তিতা। দাসত্ব গোলামি। দাসখত। নাকে-খত। পরাজয় (৭০২)। চাকুরি নোকরি। জোয়াল।

পোষ। আনুগত্য বাধ্যতা (৭৩৭)। পরাধিকার। পর,-নির্ভরতা,-নির্ভরশীলতা,-মুখাপেক্ষিতা। নির্ভরশীলতা। মুখাপেক্ষিতা। পরাধীন জাতি। পরাধীনতার,-কলঙ্ক,-শৃঙ্খল। উপনিবেশ কলোনি।

ক্রি. অধীন বা পরাধীন হওয়া। নির্ভর করা। গ্রাহ্য অপেক্ষা তোয়াক্কা বা পরোয়া করা। ধারধারা। হাতের পুতুল বা ক্রীড়নক হওয়া। তাঁবে থাকা। তাঁবেদারি করা। বন্দী হওয়া। ফাঁদে পড়া। মেনে চলা (৭৪১)। পরাজয় বরণ করা (৭০২)। বশ্যতা স্বীকার করা। দাসত্ব বা গোলামি করা (৭৩৭)। বশ করা। পোষ মানানো।। পরাজিত করা। কব্জা কাবু বা জব্দ করা। তাঁবে বাগে বা আয়ত্তে আনা। হাত করা। বাগানো। কাঁধে জোয়াল চাপানো। কায়দায় পাওয়া। কর্তৃত্ব করা (৭১৩)। দমন করা।

বিণ. অধীন পরাধীন অন্যাধীন তাঁবেদার পরবশ পরতন্ত্র পরপ্রেষ্য পরায়ত্ত পরশাসিত। পরাশ্রিত পরাশ্রয়ী আশ্রিত। হাততোলা। হাতের,-পুতুল, -লোক। পর,-নির্ভর,-নির্ভরশীল,-মুখাপেক্ষী। এঁটোখেকো। বশীভূত বশবর্তী বশংবদ বশী বশ্য বশানুগ বশগ। আজ্ঞাবহ বাধ্য। ক্রীড়নক পোঁধরা লেজধরা ধামাধরা হাতধরা। পদাশ্রয়ী পদলেহী। অনুগত পেটোয়া। পরাজিত (৭০১)। অধিকৃত করতলগত করায়ত্ত হস্তগত। দাস দাসানুদাস দাসসুলভ। স্ত্রৈণ ভেড়ুয়া। বাধিত দায়গ্রস্ত দায়ী। বন্দী। দলিত মর্দিত পিষ্ট দমিত শাসিত নিপীড়িত লাঞ্ছিত অত্যাচারিত। উপনিবেশিত। ঔপনিবেশিক।

৭৩৬। মুক্তি

বি. মুক্তি,-দান। স্বাধীনতাদান। আজাদি। মোচন বিমোচন অবমোচন। খোলাসা ছাড়ান। অবন্ধন। অনবরোধ। মুক্তি,-পত্র,-নামা ইনফসলি ছাড়পত্র। জামিন। নিস্তার নিষ্কৃতি পরিত্রাণ বাঁচোয়া। রেহাই অব্যাহতি রেয়াত। বন্দীমুক্তি শৃঙ্খল,কারা,-মুক্তি মাপ মাফ ক্ষমা। উদ্ধার ত্রাণ (৬১৪)। নির্বাণ নাজাত মোক্ষ। কৈবল্য। জীবন্মুক্তি সংসারমুক্তি। নির্বাণ,মোক্ষ,মুক্তি,-মার্গ।

ক্রি. মুক্তি দেওয়া। মুক্ত স্বাধীন বা আজাদ করা। স্বাধীনতা দেওয়া। অধীনতার নাগপাশ ছিন্ন করা। ছেড়ে দেওয়া। ছাড়ান দেওয়া। অব্যাহতি দেওয়া। খুলা বা তালাক দেওয়া। হাঁপছাড়া। হাঁপছেড়ে বাঁচা। শিকল ছেঁড়া। জেলভাঙা। জেল থেকে পালানো। ছাড়া পাওয়া। খালাস পাওয়া। জামিনে খালাস দেওয়া। শৃঙ্খলমুক্ত করা। ত্রাণ বা উদ্ধার করা। পরিত্রাণ করা। নিষ্কৃতি দেওয়া। খালাস করা। দায়মুক্ত করা। কাটান দেওয়া। বরখাস্ত করা। ছাঁটাই করা।

বিণ. মুক্ত বিমুক্ত নির্মুক্ত। অবদ্ধ। মোচিত বিমোচিত। মোচ্য মোচনযোগ্য। ছেড়ে দেওয়ার মতো। খালাস,মুক্তি,নিস্তার,অব্যাহতি,উদ্ধার, -প্রাপ্ত। স্বাধীন (৭৩৪)। মুক্তি,-দাতা,-দানকারী। নিস্তারক নিস্তারকারী।

৭৩৭। বশ্যতা

বি. বশ্যতা বশি,-তা,-ত্ব বশবর্তিতা পারবশ্য পরবশতা। বশীভবন। দাসখত দাস্য। অধীনতা (৭৩৫)। বশ্যতা,নতি,অধীনতা,-স্বীকার। বাধ্যতা (৭৩৯)। অপ্রতিরোধ। আত্মসমর্পণ। পশ্চাদপসরণ। নতি প্রণতি পদচুম্বন সেজদা। আত্মবিক্রয়। দাবি-ত্যাগ। বশীকরণ বাধ্যকরণ (৭২৮)।

ক্রি. বশ্যতা নতি বা অধীনতা স্বীকার করা। দমা। দমে যাওয়া। ধরা দেওয়া। আত্মসমর্পণ করা। বশ

মানা। বশে আসা। হাঁটু গাড়া। নতজানু হওয়া। হাত ধরা। পা ধরা। হাতে পায়ে ধরা। হেঁট হওয়া। মাথা হেঁট করা। সেজদা করা। দাবি ত্যাগ করা। হার মানা (৭০২)। পথে আসা। বশ করা। বশীভূত করা। বশে আনা বা রাখা। দাবানো। দমানো। দাবিয়ে রাখা। পদানত করা। হার মানানো (৭০২)।
বিণ. বশকারী বশী দময়িতা দমক। বশ বশীভূত বশংবদ বশী বিনীত। বশানুগ বশগ বশ্য প্রণেয় পরবশ করায়ত্ত কুক্ষিগত পরায়ত্ত। মুগ্ধ। আঁচলধরা স্ত্রৈণ। অনুগত। পরাজিত (৭০১)।

৭৩৮। অবাধ্যতা

বি. অবাধ্যতা অনধীনতা। অবশীভাব অবশ্যতা ট্যাঁটামি ঔদ্ধত্য। অগ্রাহ্যকরণ অমাননা। লঙ্ঘন ভঙ্গ। আইন,-অমান্য,-ভঙ্গ,-লঙ্ঘন। বিদ্রোহ। রাজ,-দ্রোহ,-দ্রোহিতা। বিপ্লব ইনকিলাব। উপপ্লব বিক্ষোভ গোলযোগ গণ্ডগোল দাঙ্গাহাঙ্গামা। অভ্যুত্থান। ধর্মঘট। দলত্যাগ। বিচ্ছিন্নতা। বিশ্বাসঘাতকতা।
ক্রি. অবাধ্য হওয়া। অধীনতা অস্বীকার করা। অমান্য অগ্রাহ্য অবজ্ঞা বা উপেক্ষা করা। ভ্রূক্ষেপ পরোয়া বা গ্রাহ্য না করা। বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখানো। কলা দেখানো। লঙ্ঘন করা। ভাঙা। ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়া। আইন অমান্য লঙ্ঘন বা ভঙ্গ করা। সত্যভঙ্গ করা। কথা না রাখা। কথার অবমাননা করা। কথার খেলাপ করা। এড়ানো। শর্ত প্রতিজ্ঞা বা প্রতিশ্রুতি ভঙ্গ করা। ধর্মঘট করা। প্রতিরোধ বা প্রতিহত করা। বিদ্রোহ করা। হাতিয়ার তুলে নেওয়া। অস্ত্রধারণ করা।
বিণ. অবাধ্য অমান্যকারী অন্যথাকারী লঙ্ঘন,আজ্ঞালঙ্ঘন,-কারী। আদেশ অমান্যকারী। অগ্রাহ্যকারী অনববাদক। অবশ অবশীভূত। অজিত অজেয় অধৃষ্য (৭০১)। অনায়ত্ত দুর্দম উদ্ধত বেপরোয়া। বিক্ষুব্ধ উন্মত্ত। বিদ্রোহী বিপ্লবী। মুক্তিকামী। বিচ্ছিন্নতাবাদী। নৈরাজ্যবাদী। বিশ্বাসঘাতক। দলত্যাগী।

৭৩৯। বাধ্যতা

বি. বাধ্যতা। আদেশপালন। হুকুমতামিল। আজ্ঞানুবর্তন আজ্ঞানুবর্তিতা মান্যকরণ। অনুসরণ অনুবর্তন। অপ্রতিরোধ। খিদমত। তাঁবেদারি। বশ্যতা আনুগত্য ভক্তি শ্রদ্ধা বিশ্বাস। রাজ, -ভক্তি,-সেবা,-ভয়। প্রভুভক্তি। পাতিব্রত্য। স্ত্রৈণতা অঞ্চলপ্রভাব।
ক্রি. আদেশ পালন করা। হুকুম তামিল করা। মানা। মেনে চলা। অনুসরণ করা। পালন করা (৭৪১)। অক্ষরে অক্ষরে পালন করা। মাথা পেতে নেওয়া। শিরোধার্য করা। ভক্তি করা। খিদমত করা। বশ্যতা স্বীকার করা (৭৩৭)। গ্রাহ্য করা। পরোয়া করা। আমলে আনা।
বিণ. বাধ্য আজ্ঞাবহ আজ্ঞাধীন আজ্ঞানুবর্তী আজ্ঞা,আদেশ,-পালক। মতানুবর্তী অনুগত ভক্ত। নিয়মানুসারী। অনুসরণকারী। বিশ্বাসী বিশ্বস্ত। বশংবদ বশ্য বশীভূত। শ্রদ্ধাশীল। নির্বিবাদী নিরীহ। বাধ্যতামূলক আবশ্যিক ধরাবাঁধা। অবশ্য,-কর্তব্য,-পালনীয়। পালনীয় প্রতিপাল্য মান্য পাল্য। শিরোধার্য অলঙ্ঘ্য অলঙ্ঘনীয়। কৃত পালিত প্রতিপালিত। অলঙ্ঘিত। যে-আজ্ঞে। যো-হুকুম। স্ত্রৈণ।
ক্রি-বিণ. আজ্ঞানুসারে আদেশানুযায়ী। মোতাবেক বাবদ অনুসারে।

৭৪০। প্রতিবাদ

বি. তিবাদ আপত্তি বাগড়া। অভিযোগ। তিরস্কার ভর্ৎসনা ধমক। ক্ষোভ বিক্ষোভ

প্রতিরোধ ধর্মঘট বিরোধিতা বিরুদ্ধাচারণ প্রতিকূলতা বিপক্ষতা অসহযোগ। প্রত্যাখ্যান। অসম্মতি। আজ্ঞা,-ভঙ্গ,-লঙ্ঘন অমান্যকরণ। বিদ্রোহ। অবরোধ ঘেরাও। মৃদুপ্রতিবাদ উচ্চবাচ্য ট্যাফোঁ। প্রতিবাদমিছিল বিক্ষোভ,-মিছিল, -সমাবেশ। গণসমাবেশ গণঅবস্থান অবস্থানধর্মঘট। মধ্যস্থতা। হস্তক্ষেপ। অচলনামা সালিশি।

ক্রি. প্রতিবাদ করা বা জানানো। আপত্তি করা বা জানানো। বাদ সাধা। বাধা দেওয়া। নিষেধ করা। তিরস্কার বা ভর্ৎসনা করা। কান ভাঙানো। নিন্দা করা। কালোপতাকা দেখানো। কুশপুত্তলিকা দাহ করা। তুলারাম খেলারাম করা।

বিণ. প্রতিবাদমূলক। আপত্তিমূলক। আপত্তি, -কর,-জনক। প্রতিবাদী প্রতিবাদকারী বিরোধী বিরুদ্ধবাদী প্রতিকূলাচারী। বিপক্ষ বিপক্ষীয় প্রতিপক্ষ। অসহযোগী। বিদ্রোহী। বিক্ষোভকারী। আন্দোলনকারী। দুঃখপ্রকাশক।

৭৪১। পালন

বি. পালন তামিল নির্বাহ। প্রতিজ্ঞাপালন। আদেশ-পালন। হুকুমতামিল। আজ্ঞানুবর্তন আজ্ঞানুবর্তিতা। সম্পাদন নিষ্পাদন সমাপন। হাসিল। আনুগত্য মান্যকরণ বশ্যতা অনুবর্তন অনুবর্তিতা। অলঙ্ঘন। নীরববশ্যতা। সম্মতি। বাধ্যতা (৭৩৯)। পূরণ। সন্তুষ্টি। মুক্তি নিষ্কৃতি। প্রাপ্তিস্বীকার। স্বীকাব। বিশ্বস্ততা সততা ঈমানদারি নৈতিকতা (৯৪২)। যথাযথতা।

ক্রি. পালন বা তামিল করা। মানা। মেনে চলা। মান্য করা। শ্রদ্ধা করা। এঁটে থাকা। কথা বা জবান রাখা। অক্ষরে অক্ষরে পালন করা। মেনে নেওয়া। মাথা পেতে নেওয়া। কথামতো চলা। শিরোধার্য করা। মাথায় করে নেওয়া। সম্পাদন করা। পূরণ করা। নির্বাহ বা নিষ্পাদন করা। পারা। আত্মসম্মান বজায় রাখা। পালন করানো। মানানো।

বিণ. পালিত পালনীয় পাল্য। অবশ্যপালনীয়। বাধ্যতামূলক। অলঙ্ঘিত অলঙ্ঘ্য অলঙ্ঘনীয়। পালক। পালনকারী। বিশ্বস্ত। অনুগত। বাধ্য। আদেশ পালক। আজ্ঞা,হুকুম,-বরদার। নিয়মানুগ। যথাযথ। বশংবদ। বশ্য। যে-আজ্ঞে। যো-হুকুম।

৭৪২। অপালন

বি. অপালন। অকরণ অমাননা অবজ্ঞা। গাফিলতি। অন্যথাচরণ। শৈথিল্য। খেলাফ। হেরফের। অবাধ্যতা (৭৩৮)। ত্রুটি বিচ্যুতি ব্যত্যয়। বিশ্বাস,-ভঙ্গ,-হীনতা (৯৪৩)। অনাচার। আইন,-ভঙ্গ,-অমান্য। সত্য,-ভঙ্গ,-লঙ্ঘন। চুক্তি,শর্ত, প্রতিশ্রুতি,প্রতিজ্ঞা,-ভঙ্গ। অপলাপ। অস্বীকার। অপহ্নব অপহ্নুতি। লঙ্ঘন। ব্যর্থতা।

ক্রি. পালন বা তামিল না করা। না মানা। অমান্য করা। নিষেধ বা হুকুম না মানা। কথা না শোনা। কথা নড়ানো বা পালটানো। এড়ানো। এড়িয়ে যাওয়া। ফাঁকি দেওয়া। কাজ ফেলে রাখা। শিকায় তোলা। গাফিলতি করা। উপেক্ষা করা। আইন ভাঙা। নিয়ম না মেনে চলা। আইন বাঁকানো। কথার নড়চড় হওয়া। কথা না রাখা। খেলাফ করা। বাদ দেওয়া। অস্বীকার করা। প্রতিবাদ করা। নাকচ করা। অবৈধ ঘোষণা করা। বাজেয়াপ্ত করা।

বিণ. অপালিত। লঙ্ঘিত। বরখেলাফ। পরিহারকারী। অমান্যকারী। লঙ্ঘন,আজ্ঞালঙ্ঘন, -কারী। অন্যথাকারী। শিথিল। ঢিলা। বিশৃঙ্খল।

ক্রি-বিণ. অপার্যমানে।

৭৪৩। অঙ্গীকার

বি. অঙ্গীকার। অঙ্গীকরণ একরার প্রতিগ্রহ প্রতিশ্রুতি ওয়াদা বাগদান। স্বীকার একরারনামা

প্রতিজ্ঞাপত্র। কথা মুখের-কথা জবান। এককথা পাকাকথা। শপথ দিব্যি কিরা কসম তিনসত্য তামাতুলসি। হলফ দৃঢ়-উক্তি সত্যপাঠ। সত্য সত্যাপন সত্যাগ্রহ সত্যার্পণ। সত্য,পণ,-রক্ষা। সংকল্প প্রতিজ্ঞা পণ। ধনুকভাঙাপণ। মাথার দিব্যি। দোহাই। মানত। মানসিক। মুচলেকা। নিশ্চয়তা। গ্যারান্টি জামিন প্রত্যাভূতি। ওয়ারান্টি নির্ভরপত্র। বিমা। দায়। চুক্তি (৭৪৪)। শর্ত কড়ার। এফিডেভিট।

ক্রি. অঙ্গীকার একরার বা ওয়াদা করা। প্রতিশ্রুতি কথা বা জবান দেওয়া। প্রতিজ্ঞা করা। শপথ করা। লিখে দেওয়া। কবুল করা। দিব্যি গেলা। কিরা খাওয়া। মানত করা। মুচলেকা বা চুক্তিবদ্ধ হওয়া। নিশ্চয়তা দান করা। জামিন হওয়া। সাক্ষী হওয়া।

বিণ. অঙ্গীকৃত প্রতিশ্রুত। অঙ্গীকারবদ্ধ প্রতিশ্রুতিবদ্ধ। প্রতিজ্ঞাত। প্রতিজ্ঞেয়। পণবদ্ধ। প্রতিজ্ঞাবদ্ধ শপথবদ্ধ। চুক্তিবদ্ধ। মুচলেকাবদ্ধ। দায়, বদ্ধ,-গ্রস্ত। সংকল্পবদ্ধ দৃঢ়প্রতিজ্ঞ সত্যপ্রতিজ্ঞ। অঙ্গীকারকারী। প্রতিজ্ঞাকারী। জামিনদার। কথার মানুষ। কড়ারি।

ক্রি-বিণ. প্রাণ,জীবন,-পণ। জানকবুল।

৭৪৪। চুক্তি

বি. চুক্তি চুক্তি,-পত্র,-নামা। একরার একরারনামা। ঠিকা কন্ট্র্যাক্ট। সংবিদা। অঙ্গীকার (৭৪৩)। ওয়াদা। ফুরন মুচলেকা। কবুলিয়ত। সোলে আপস রফা মীমাংসা। সমঝোতা। কনভেনশান সম্মেলন। আলাপ-আলোচনা। নিরূপণপত্র। নিয়মপত্র নিয়মাবলি। সন্ধি। স্মারকলিপি প্রোটোকোল। অগ্রিমচুক্তি। মুসাবিদা খসড়া। সনদ। অনুমোদন সম্পাদন চূড়ান্তকরণ। সহি সিলমোহর। নিকানামা। দেনমোহর। নিম,উপ,আধা,-চুক্তি। শর্ত প্রতিবন্ধ কড়ার। জাঁকড়। দরদস্তুর। নিয়ম দফা ধারা অনুচ্ছেদ বিধান অনুবিধি। দায়। শেষপ্রস্তাব চরমপত্র।

ক্রি. চুক্তি করা। রাজি হওয়া। কবুল করা। স্বীকার করা। আলাপ আলোচনা করা বা চালানো। শর্তারোপ করা। কড়ার করা। জাঁকড়ে কেনা। বেঁধে দেওয়া। ঠিক বা নির্ধারণ করা। দরকষাকষি করা। নিষ্পত্তি হওয়া বা করা। চুকানো। মীমাংসা হওয়া বা করা। অনুমোদন করা। সই দস্তখত বা স্বাক্ষর করা। সিল দেওয়া। পাকাপোক্ত করা।

বিণ. চুক্তি,-সংক্রান্ত,-গত। চুক্তিমাফিক। চুক্তিবদ্ধ। মীমাংসিত। স্বীকৃত। স্বাক্ষরিত। সিলমোহরসম্বলিত। পাকাপোক্ত। ঠিকা। ঠিকাদার। শর্তাধীন শর্তসাপেক্ষ। কট। মুওঅজ্জিল। মুওজ্জল।

৭৪৫। জামানত

বি. জামানত জমানত। সিকিউরিটি। প্রত্যাভূতি গ্যারান্টি। বন্ড মুচলেকা। রেহান বন্ধক মর্টগেজ। পণ। ডিবেঞ্চার ঋণপত্র তমসুক। লিয়েন পূর্বস্বত্ব। জামানত জমা। অগ্রিমমূল্য। সত্যঙ্কার। বায়না দাদন। হুন্ডি মুদ্দতিহুন্ডি দর্শনিহুন্ডি উপযোজকহুন্ডি। বিল শুদ্ধবিল মিশ্রবিল। গ্রহণ পৃষ্ঠাঙ্কন স্বীকার। দস্তখত সহি সই স্বাক্ষর। স্ট্যাম্প সিল। প্রতিভূ। পণবন্দী। জামিন বেল। প্রমাণীকরণ সত্যাখ্যান। প্রতিপাদন। নির্ভরপত্র ওয়ারান্টি। সার্টিফিকেট প্রশংসাপত্র। ভাউচার প্রমাণক। রসিদ। দলিল দস্তাবেজ কাগজ। সেটেল্‌মেন্ট। উইল চরমপত্র ওয়াসিয়াতনামা।

ক্রি. জামানত দেওয়া। জমা দেওয়া। রেহান বা বন্ধক দেওয়া। বাঁধা দেওয়া। জামিন হওয়া। নিশ্চয়তা দেওয়া। গ্রহণ করা। স্বীকার করা। পৃষ্ঠাঙ্কিত করা।

বিণ. বদ্ধ আবদ্ধ বাঁধা। জমা।

৭৪৬। প্রস্তাব

বি প্রস্তাব। প্রস্তাবনা উত্থাপনা উপস্থাপন অবতারণা পেশ নিবেদন। দান প্রদান দিৎসা। অর্পণ উৎসর্গ। ডাক আহ্বান আমন্ত্রণ নিমন্ত্রণ দাওয়াত জিয়াফত। টেন্ডার মূল্যবেদন প্রস্তাবক উত্থাপক উপস্থাপক। পত্র (৮১৩)।

ক্রি. প্রস্তাব করা। উপস্থাপন বা উত্থাপন করা। দায়ের পেশ রুজু বা দাখিল করা। নিবেদন করা। হাজির করা। অর্পণ করা। ডাক দেওয়া। আমন্ত্রণ করা। স্বেচ্ছায় এগিয়ে আসা। রাজি থাকা। প্রার্থী হওয়া। নিজেকে উৎসর্গ করা। নিলাম ডাকা। দর দেওয়া। বিক্রয় করতে বা ভাড়া দিতে রাজি থাকা। গ্রহণ করা। গ্রাহ্য করা। গ্রাহ্য হওয়া।

বিণ. প্রস্তাবিত। প্রদত্ত। বিক্রয়ার্থ। ভাড়া।

৭৪৭। অনুরোধ

বি. অনুরোধ উপরোধ অনুনয়,-বিনয় মিনতি বিনতি অনুরোধউপরোধ। সনির্বন্ধ অনুরোধ। বিনীত অনুরোধ। সাধাসাধি সাধনা সাধ্যসাধনা। সুপারিশ। অনুবন্ধ। নির্বন্ধ। যাচঞা যাচনা ভিক্ষা মাগন প্রার্থনা। আবদার বায়না আখুটি। কাকুতি আকুতি আকুত আকুলতা কাকুবাদ। ককানি প্যানপ্যানানি ঘ্যানঘ্যানানি কাকুতিমিনতি। তোষামোদ খোশামোদ তদবির দেনদরবার। ফোঁপড়দালালি। উমেদারি। পীড়াপীড়ি ধরাধরি ধরপাকড় ঝুলোঝুলি জেদাজেদি কষাকষি। আরজ আবেদন। পিটিশন আবেদন নিবেদন আরজি দরখাস্ত। আপিল। প্রস্তাবনা পেশ নিবেদন প্রতিবেদন। আমন্ত্রণ নিমন্ত্রণ দাওয়াত। দাবি আহ্লাদ। উপার্থন ক্যানভাস। পিকেটিং।

অনুরোধকারী উপরোধক অনুনয়কারী অনুনয়ী। আবেদক নিবেদক আবেদন,নিবেদন,দরখাস্ত,-কারী। আবেদ্যমান। আরজগোজার। মুদ্দই বাদী। সায়েল। ফরিয়াদি। আসনুবন্ধু। দাবিদার। তদবিরকারক। নির্বাচনপ্রার্থী। প্রতিদ্বন্দ্বী। উমেদার। অর্থী প্রত্যর্থী প্রার্থক প্রার্থী প্রার্থনাকারী। যাচক উপযাচক। রবাহূত। ভিক্ষু ভিক্ষুক ভিখারী ফকির মিশ্‌কিন। বিক্রেতা সেলস্‌ম্যান। ক্যানভাসার। প্রচারক। দালাল। টাউট। মুৎসুদ্দি (৭৫৪)। দাস বান্দা গোলাম। ধামা-ধরা পা-ধরা তোষামোদকারী (৯৩৭)। আখুটে আবদেরে।

ক্রি. অনুরোধ বা অনুনয় করা। দেনদরবার করা। সাধা। সাধাসাধি করা। বলা। বলাকহা করা। ধরা। ধরাধরি করা। ধরে বসা। হাতে,পায়ে,-ধরা। হাতেপায়ে ধরা। হাত কচলানো। মুখ চাওয়া। ভিক্ষা চাওয়া। আবেদন বা আরজ করা। নিবেদন বা পেশ করা। ধরনা বা হত্যা দেওয়া। মাথা খোঁড়া। ঘ্যানঘ্যান বা প্যানপ্যান করা। দাবি করা। দাবি দাওয়া পেশ করা। তেল দেওয়া। তেলানো। করজোড়ে বলা। গলবস্ত্র হওয়া। এত করে বলা। বুঝিয়ে বলা। সোচ্চার হওয়া। শোরগোল করা। চাপ দেওয়া। অনুরোধে বা উপরোধে ঢেঁকি গেলা।

বিণ. সানুবন্ধ সনির্বন্ধ সানুনয়। সানুগ্রহ সোপকার সাগ্রহ একান্ত। আবেদিত আবেদ্য অনুনেয়। অনুরুদ্ধ উপরুদ্ধ। আহূত আমন্ত্রিত।

ক্রি-বিণ. অনুরোধে। উপরোধে। কৃতাঞ্জলিপুটে করজোড়ে।

৭৪৮। প্রস্তাবগ্রহণ

বি. প্রস্তাবগ্রহণ মতদান সম্মতি (৫১২)। অনুমতিদান অনুমোদন সায় সমর্থন নীরবসমর্থন। গ্রহণ বরণ। একরার কবুল ইজন স্বীকার স্বীকৃতি। কথা পাকাকথা। কবুলিয়ত রাজিনামা সম্মতিপত্র। অঙ্গীকার (৭৪৩)। সাব্যস্তকরণ নির্ধারণ। সম্পাদন (৬৯৭)। পালন(৭৪১)।

ক্রি. প্রস্তাব গ্রহণ করা। সমর্থন করা। সায় দেওয়া। ঘাড় নাড়া। হাত তোলা। প্রস্তাব অনুমোদন করা। ভোট দেওয়া। হ্যাঁ করা। কবুল স্বীকার বা স্বাক্ষর করা। কথা বা পাকাকথা দেওয়া। ইজন দেওয়া। রাজি হওয়া। কথা পাকা করা। গ্রহণ বা বরণ করা। সাব্যস্ত বা নির্ধারণ করা।

বিণ. গৃহীত স্বীকৃত কবুল। সম্মত রাজি। আগ্রহশীল। নিমরাজি।

৭৪৯। প্রত্যাখ্যান

বি. প্রত্যাখ্যান অগ্রহণ অপরিগ্রহ ইনকার অস্বীকার নারাজি অমত অসম্মতি (৫১৩)। ব্যপনয়ন। অগ্রাহ্যকরণ। উপেক্ষা। আপত্তি প্রতিবাদ। প্রত্যর্পণ ফেরত। বিমুখকরণ। রদ বাতিল। অননুমোদন। অপছন্দ অমনঃপূতি। প্রত্যাহার।

ক্রি. প্রত্যাখ্যান করা। গ্রহণ না করা। না লওয়া। অস্বীকার বা ইনকার করা। রাজি না হওয়া। মত না দেওয়া। অসম্মতি প্রকাশ করা। না শোনা। কান ঢোল করা। মুখ ফেরানো। অগ্রাহ্য করা। আপত্তি বা প্রতিবাদ করা। উপেক্ষা করা। ফেরত বা ফিরিয়ে দেওয়া। ফেরত পাঠানো। বিমুখ বা নিরাশ করা। রদ বা বাতিল করা। প্রত্যাহার করা। অনুমোদন না দেওয়া। নামঞ্জুর করা।

বিণ. প্রত্যাখ্যাত। অগ্রাহ্য। অগ্রহণীয়। প্রত্যর্পিত। অসম্মত। অস্বীকৃত। অননুমোদিত নামঞ্জুর। বিমুখ। প্রতিকূল। অপ্রসন্ন। অমনঃপূত। প্রত্যাখ্যেয় অগ্রহণযোগ্য।

৭৫০। অনুমতি

বি. অনুমতি আজ্ঞা অনুজ্ঞা আদেশ হুকুম পারমিশন। মত (৫১২)। মৌনসম্মতি। সমর্থন। নীরবসমর্থন। বরদাস্ত সহিষ্ণুতা পরমতসহিষ্ণুতা। কবুল স্বীকার স্বীকৃতি একরার। স্বাধীনতা। রেয়াত। বিশেষ অধিকার। সুবিধাদান। আশকারা প্রশ্রয়। অনুগ্রহ। অব্যাহতি রেহাই নিষ্কৃতি ছুটি। অনুমোদন মঞ্জুর মঞ্জুরি। গ্রহণ ভুক্তি। আজ্ঞা, -পত্র,-লিপি। অনুমতিপত্র। পারমিট। লাইসেন্স। অনুজ্ঞাপত্র। ছাড়পত্র। নিষ্ক্রমণপত্র। পাসপোর্ট। ভিসা। টিকিট। সনদ। সম্মতিপত্র রাজিনামা। সাব্যস্তকরণ নির্ধারণ। অনুদান দান সমর্পণ। গ্রহণ বরণ। সম্পাদন পালন। অঙ্গীকার (৭৪৩)। সত্যতাস্বীকার। মীমাংসা রফা। পেটেন্ট মানচিহ্ন। উপার্থন।

ক্রি. অনুমতি দেওয়া। আজ্ঞা করা। সমর্থন করা। নীরবে সমর্থন করা। কোন কিছু না বলা। চোখ ঠারা। দেখেও না দেখা। সহ্য করা। বরদাস্ত করা। অনুমোদন বা মঞ্জুর করা। গ্রহণ বা বরণ করা। সম্মত বা রাজি হওয়া। মত বা সম্মতি দেওয়া (৫১২)। কবুল স্বীকার বা একরার করা। দান বা সমর্পণ করা। ক্ষমতা বা অধিকার দেওয়া। বিশেষ সুবিধা দেওয়া। নিয়োগ করা (৭৫৩)। ছাড় নিষ্কৃতি বা অব্যাহতি দেওয়া। বিধিনিষেধ হ্রাস করা। মাফ বা ক্ষমা করা। সাব্যস্ত বা নির্ধারণ করা। পালন করা। মানা। অঙ্গীকার করা।

বিণ. অনুমতি,-দত্ত,-প্রাপ্ত। আজ্ঞাপিত আদিষ্ট অনুজ্ঞাত। অনুমোদিত। সমর্থিত। আইনানুযায়ী। সম্মত। বিধিসম্মত। রাজি। বিধিকৃত। সনদি। অনিষিদ্ধ। হালাল। মকরুহ। ইচ্ছুক। কবুল স্বীকৃত। আগ্রহশীল। নিমরাজি। আজ্ঞা,-কর্তা, -দানকারী। অনুমতিদাতা। অনুমোদক। অনুমোদনকারী।

৭৫১। নিষেধ

বি. নিষেধাজ্ঞা নিষেধ বারণ মানা। নামঞ্জুর। বিধিনিষেধ। বাধানিষেধ। নিষিদ্ধবস্তু। হারাম।

নিবার নিবারণ। প্রতিষেধ। নিবৃত্তি সংরোধ নিরোধ। বাধা বন্ধ প্রতিবন্ধকতা। হুকুম। ভিটো। হুকুমনামা। ইনজাংশান। রোধ রোধন। নিষিদ্ধকরণ। বহিষ্করণ। নির্বাসন। অন্তরণ।

ক্রি. নিষেধ বারণ বা মানা করা। না করা। না বলা। বাধা দেওয়া। বন্ধ করা। আটকানো। ঠেকানো। নিবৃত্ত করা। নিরস্ত করা। থামানো। রোখা। হারাম করা। নিয়ন্ত্রণ করা (৭৩২)। দমন করা। নিষেধাজ্ঞা জারি বা আরোপ করা। বিধিনিষেধ আরোপ করা। বাজেয়াপ্ত করা। বহিষ্কারাদেশ দেওয়া। একঘরে করা।

বিণ. নিষিদ্ধ। বিধিবহির্ভূত। বেআইনি। অননুমোদিত। চোরা। চোরাগোপ্তা। হারাম। প্রতিষিদ্ধ। নিবারিত। নিবার্য। নিবৃত্ত প্রতিনিবৃত্ত নিরস্ত। বাজেয়াপ্ত। আটক। অন্তরীণাবদ্ধ। নিষেধক। নিবারক। প্রতিষেধক। সংরোধক। নিষেধকারী। নিবারণকারী নিবৃত্তিকারক।

৭৫২। প্রত্যাহার

বি. প্রত্যাহার সংহরণ প্রতিসংহরণ নিরাকরণ প্রত্যাদেশ নিরসন রহিতকরণ। বাতিল রদ। নাকচ। কর্তন। বর্জন। বাদ পরিহার। মোচন লোপ বিলোপন। বিগঠন। আইন রদ। নিলাম রদ। রদের হুকুম। খারিজ ডিশমিশ।

ক্রি. প্রত্যাহার বা সংহবণ করা। নিবাকৃত করা। নিরসন বা রহিত করা। বাতিল রদ বা নাকচ করা। রদ বা রহিত করা। কেটে বাদ দেওয়া। বাদ বর্জন বা পরিহার কবা। ওঠানো। উঠিয়ে নেওয়া। তোলা। তুলে নেওয়া। মুছে ফেলা। ভেঙে দেওয়া। পরিত্যাগ করা। অবৈধ ঘোষণা করা। খারিজ বা ডিশমিশ করা। বরখাস্ত করা।

বিণ. রহিত নিরসিত নিরাকৃত প্রত্যাহৃত সংহৃত। বাতিল রদ নাকচ। বাদ বর্জিত। লুপ্ত বিলুপ্ত। পরিত্যক্ত। খারিজ ডিশমিশ। বরখাস্ত বরতরফ।

৭৫৩। আয়োগ

বি. আয়োগ কমিশন নিয়োগ নিয়োজন। প্রবৃত্ত,ব্যাপৃত,-করণ। অর্পণ। ভারার্পণ দায়িত্বদান। ডেলিগেশান ক্ষমতাভিযোজন প্রত্যভিযোজন। ডেপুটেশান প্রাতিনিধ্য প্রেষণ। প্রক্সি বদলি। ক্ষমতান্যাস ওকালতনামা। আমমোক্তারনামা। প্রতিনিযুক্তি। এজেন্সি প্রতিনিধিত্ব। বরাত ভার দায়িত্ব। হেফাজত রক্ষণাবেক্ষণ। ন্যাস।

নিয়োগ নিযুক্তি সংযুক্তি অ্যাপয়েন্টমেন্ট। মনোনয়ন নমিনেশন। বহাল,নিয়াগ,-পত্র। মনোনয়নপত্র। পাবলিক সার্ভিস কমিশন। সরকারি কমিশন। সরকারি,প্রজাতন্ত্রের,-কর্ম। বরণ। সনদ। অভিষেক সমাবর্তন। রাজ্যাভিষেক সিংহাসনারোহণ।

জিম্মাদার আমিন। ওয়াকিফ। মুতওয়াল্লি। মোহান্ত। ট্রাস্টি ন্যাস,-পালক,-রক্ষক। সাজোয়াল। অছি অভিভাবক মুরব্বি ওয়ালি। নিগাবান। অধ্যক্ষ আচার্য উপাচার্য। পরিচালক। আমমোক্তার অ্যাটর্নি উকিল। কার্যকারক তদবিরকারক। সেক্রেটারি। দালাল মুৎসুদ্দি এজেন্ট। প্রতিনিধি। প্রতিভূ জামিনদার। বদলি। দূত রাজ,রাষ্ট্র,-দূত। ঘটক সংঘটক। নিযোক্তা নিয়োগকর্তা নিয়োজক নিয়োজনকারী। প্রয়োগকর্তা প্রয়োগকারী কারয়িতা প্রযোজক। নিয়োগ,চাকুরি,-প্রার্থী। কর্মান্বেষী।

ক্রি. নিয়োগ করা। ভার বা দায়িত্ব দেওয়া। দায়িত্ব বা ভার চাপানো। ক্ষমতা দান করা। ক্ষমতার্পণ

করা। ক্ষমতান্যাস করা। বরাত দেওয়া। গচ্ছিত করা। গছানো। ঘাড়ে বা কাঁধে চাপানো। জোতা। লাগানো। কাজে লাগানো। নিযুক্ত করা। বহাল করা। চাকরি দেওয়া হওয়া বা পাওয়া। মনোনীত করা। মনোনয়ন দান করা। প্রতিষ্ঠিত করা। অভিষিক্ত করা। তালিকাভুক্ত করা। যোগদান কবা। কাজে লাগা। লাগা। লেগে পড়া। লিপ্ত যুক্ত বা শামিল হওয়া। অংশগ্রহণ করা। হাত লাগানো।

বিণ. আযুক্ত নিযুক্ত। নিয়োজিত প্রযুক্ত বহাল প্রবৃত্ত রত নিয়ত লিপ্ত যুক্ত সংযুক্ত ব্রতী প্রবর্তী প্রবর্ত প্রহিত বিনিযুক্ত। ভার,দায়িত্ব,ক্ষমতা, -প্রাপ্ত। নিয়োজ্য নিযোজ্য প্রযোজ্য। প্রযুজ্যমানা। মনোনীত। অর্পিত ন্যস্ত আহিত। নিসৃষ্ট গচ্ছিত উপনিহিত। প্রেরিত।

৭৫৪। প্রতিনিধি

বি. প্রতিনিধি প্রতিভূ অনুকল্প এজেন্ট ডেপুটি। বদলি পরিবর্ত প্রক্সি। বকলম। বেনামদার। নায়েব উকিল মোক্তাব অ্যাটর্নি গোমস্তা মুৎসদ্দি কারিন্দা কারকুন ম্যানেজার। ঘটক। আবেদক আবেদনকারী আরজগোজার। নিবেদক। দরখাস্তকারী। মুদ্দই বাদী। সায়েল। ফরিয়াদি। আসন্নবন্ধু। দাবিদার। উমেদার। দূত চর প্রণিধি। রাজ,-দূত,-প্রতিনিধি রাষ্ট্রদূত অ্যাম্বাস্যাডর। বাণিজ্যদূত কনসাল। দূতী। কুটনী। মুখপাত্র প্রবক্তা সমর্থক ধ্বজাধারী। ডেলিগেট সদস্য। ভাবপ্রাপ্তসদস্য। ক্যাপ্টেন দল,-নেতা,-পতি, -নায়ক। জনপ্রতিনিধি নির্বাচিত,-প্রতিনিধি, -সদস্য। প্রতিনিধিসভা (৭১৬)। প্রতিনিধি সংস্থা। প্রতীক,-চিহ্ন।

প্রতিনিধিত্ব। ওকালতি। দৌত্য,-গিরি দূত্য দূতিয়ালি দূতালি। ওকালতনামা আমমোক্তারনামা পাওয়ার-অব-অ্যাটর্নি।

ক্রি. প্রতিনিধিত্ব করা। পক্ষ নেওয়া। পক্ষে দাঁড়ানো। পক্ষ সমর্থন করা। ওকালতি করা। অপরের হয়ে জবাব দেওয়া বা জবাবদিহি করা। অপরকে ক্ষমতা দায়িত্ব বা ভার অর্পণ করা।

বিণ. প্রতিনিধিত্বমূলক। ভারপ্রাপ্ত। স্থলাভিষিক্ত। কায়েমমোকাম। আর্পিত। ন্যস্ত।

ক্রি-বিণ. পরিবর্তে বদলে বিকল্পে। স্থানে। জায়গায়।

৭৫৫। পদত্যাগ

বি. পদ,কর্ম,দায়িত্ব,-ত্যাগ। ইস্তফা রেজিগনেশান। দাবিত্যাগ। সিংহাসনত্যাগ। ছাড় বাদ। ছুটি। অবসর। রিটায়ারমেন্ট। বিদায়। খেলাফ অস্বীকার ইনকার। পদত্যাগ,ইস্তফা,-পত্র রেজিগনেশন-লেটার ফারখতি। পদচ্যুতি (৭৫৬)।

ক্রি. পদত্যাগ করা। ইস্তফা বা রেজিগনেশান দেওয়া। রিজাইন করা। ভার বা দায়িত্ব ত্যাগ করা। বাদ দেওয়া। চাকুরি ছাড়া বা ছেড়ে দেওয়া। ছেড়ে দেওয়া। দাবি ছেড়ে দেওয়া। পদ খালি করা। সিংহাসন ত্যাগ করা। অবসর নেওয়া বা পাওয়া। রেহাই অব্যাহতি নিষ্কৃতি বা পরিত্রাণ চাওয়া। পদচ্যুত হওয়া (৭৫৬)।

৭৫৬। পদচ্যুতি

বি. পদ,কর্ম,-চ্যুতি বরতরফি। সাময়িক বরখাস্তি সাসপেনশান। বরখাস্তি ডিশমিশ্যাল। অপসারণ রিমুভ্যাল। খারিজ ডিসচার্জ। পদাবনতি ডিমোশন। বাধ্যতামূলক অবসর। ছাঁটাই।

ক্রি. পদচ্যুত বা কর্মচ্যুত হওয়া। সাময়িকভাবে বরখাস্ত করা বা হওয়া। বরখাস্ত হওয়া বা করা। অপসারণ করা। খারিজ করা। কাজ যাওয়া। চাকরি যাওয়া বা চলে যাওয়া। কাজ ছাড়ানো।

ছাড়িয়ে দেওয়া। জবাব দেওয়া। কারণ দর্শানোর নোটিশ দেওয়া। হটানো। তাড়ানো। তাড়িয়ে দেওয়া। ভাগিয়ে দেওয়া। ছাঁটাই বা স্যাক করা।
বিণ. পদ,কর্ম,-চ্যুত। বরখাস্ত অপসারিত। খারিজ। মাজুর খালাসপ্রাপ্ত। সাময়িকভাবে বরখাস্ত।

৭৫৭। সহায়তা

বি. সহায়তা সাহায্য সহযোগ সহকার সহকারিতা সাহায্যশীলতা মদদ। সহায় অবলম্বন সংশ্রয়। অনুকূলতা আনুকূল্য। সমর্থন পোষকতা পোষণ পৃষ্ঠপোষণ পৃষ্ঠপোষকতা। ওকালতি। সুনজর সুদৃষ্টি অনুকম্পা অনুগ্রহ। সহানুভূতি দাক্ষিণ্য দান অনুদান। সহযোগিতা (৭৫৯)। প্রতিবিধান উপায় (৬৩৮)। লালনপালন প্রতি,-পালন,-পোষণ। ভরণপোষণ। পরিপোষণ। আশ্বাস ভরসা নির্ভরতা। বলভরসা আশাভরসা। রসদ খাবার। ধনজন। সংস্থান। যোগান সরবরাহ। সাহচর্য সঙ্গ।
ক্রি. সহায়তা। সাহায্য বা মদদ করা। সহায় হওয়া। সমর্থন করা। অনুগ্রহ করা। দান বা অনুদান দেওয়া। প্রতিবিধান করা। উপায় করা। লালন বা পালন করা। পোষা। ভাত-কাপড়ের বন্দোবস্ত করা। সংস্থান করা। যোগান দেওয়া। সরবরাহ করা। সাহচর্য দেওয়া। সেবা করা। সহযোগিতা করা (৭৫৯)। হাত মেলানো বা বাড়ানো বা বাড়িয়ে দেওয়া। কাঁধে কাঁধ মেলানো। সাহায্যের হাত বাড়ানো।
বিণ. সহায়ক। সাহায্য,-কর,-পূর্ণ। সহায়তা, সহযোগিতা,-পূর্ণ। সহানুভূতিপূর্ণ। মদদগার সাহায্য,সহায়তা,-কারী সহকারী সহযোগী সহযোগিতাকারী সাহায্যশীল সহানুভূতিশীল। সহায় অনুকূল। পরিপূরক। অবিরুদ্ধ পোষক পরিপোষক প্রতিপোষক। পৃষ্ঠপোষক। নেওয়াজ। আশ্বাসিত আশ্বস্ত নির্ভরযোগ্য। ভরসা,-জনক, -পূর্ণ। বন্ধুত্বপূর্ণ মৈত্রীপূর্ণ। সাহায্য,সহায়তা, -প্রাপ্ত। উপকৃত উপকারপ্রাপ্ত সাহায্য,-প্রার্থী, -প্রার্থনাকারী। দ্বারস্থ। আশ্রিত পোষ্য পরাশ্রয়ী। অব্যাহত নিরবগ্রহ।

৭৫৮। সমিতি

বি. সমিতি সংসদ পরিষদ পরিমেল অ্যাসোসিয়েশন সোসাইটি ইউনিয়ন ফেডারেশন জোট লীগ মোরচা। পার্টি দল গোষ্ঠী ব্লক। আঞ্জুমান মজলিস। চেম্বার। ফোরাম মঞ্চ। সমাজ রাষ্ট্র সম্প্রদায় কুল বর্গ পরিবার। সৌভ্রাতৃত্ব কওমি বেরাদরি। ক্লাব সংঘ। রাজনৈতিক দল। পলিটিক্যাল পার্টি। সভা মিটিং জমায়েত সমাবেশ সম্মেলন সম্মেলনী বৈঠক অধিবেশন কনফারেন্স। সেশন চক্র। সেমিনার সিম্পোজিয়াম আলোচনাচক্র। আসর। সভা,-কক্ষ,-গৃহ,-স্থল, -মণ্ডপ। মিলনী মিলনোৎসব পুনর্মিলনী রিইউনিয়ন। স্মরণ,শোক,ধর্ম,সাহিত্য,-সভা। গুপ্তসমিতি। দঙ্গল ক্লিক কোটারি ক্যাবাল উপদল। দলবাজি দলাদলি। দলীয়তা দলীয়স্বার্থ। দলীয়শক্তি। দলগতসংহতি। গোপন,রুদ্ধদ্বার, -বৈঠক। পক্ষ দিক তরফ সাইড। পক্ষ,-পাতিত্ব, -পাতিতা,-পাত। একদেশদর্শিতা পক্ষানুরাগ একচোখামি অসমদর্শিতা সপক্ষতা সাম্প্রদায়িকতা। স্বদল। সপক্ষ। এক,-পক্ষ,-দল। মিত্র,-পক্ষ,-দল।
সংগঠন সংস্থা প্রতিষ্ঠান অরগানাইজেশন ফাউন্ডেশন ইনস্টিটিউশন ইনস্টিটিউট বিদ্যালয় স্কুল কলেজ মহাবিদ্যালয় বিশ্ববিদ্যালয় ইউনিভার্সিটি।। কোম্পানি ফার্ম ব্যবসা উদ্যোগ

বাণিজ্য শিল্প জয়েন্ট-স্টক মার্জার সিন্ডিকেট কার্টেল কনসোর্টিয়াম এন্টারপ্রাইজ কর্পোরেশন পুল। বণিক সংঘ। নিগম গিল্ড। শাখা বিভাগ ব্রাঞ্চ ডিভিশন। কমিটি কাউন্সিল বোর্ড সিনেট। কার্যনির্বাহক,কার্যকরী, -সমিতি এক্সিকিউটিভ, কমিটি,-কাউন্সিল। পরিচালকসভা বোর্ড-অব -ডিরেক্টরস। গভর্নিংবডি। ম্যানেজিং কমিটি। মন্ত্রণাসভা। উপ,-সমিতি,-সংসদ,-সভা সাবকমিটি। কমিটি। তদন্ত,-কমিটি,-কমিশন। মন্ত্রিসভা ক্যাবিনেট। ইউনিয়ন,উপজেলা,জেলা, পরিষদ। নির্বাচকমণ্ডলী নির্বাচনকেন্দ্র (৭১৮)। সদস্য সভ্য পরিষদ সভাসদ সভাজন মেম্বার কার্ডহোল্ডার। সদস্য,সভ্য,-পদ মেম্বারশিপ। সদস্য,-ভুক্তি, তালিকাভুক্তি। অবৈতনিক সদস্য অনারারি মেম্বার। আজীবনসদস্য লাইফমেম্বার। সভাপতি চেয়ারম্যান চেয়ারপারসন সভানেত্রী। সভা, নেতৃত্ব, -পতিত্ব। সহযোগী। সংগঠক সংগঠনকারী অরগানাইজার। পরিচালক ডিরেক্টর। কাউন্সিলার। সমর্থক সমর্থনকারী সাপোর্টার। পক্ষপাতী একদেশদর্শী একচোখা। দলনেতা নেতা।

ক্রি. যোগদান করা। সদস্য হওয়া। সদস্যপদ লাভ করা। পার্টি বা দল করা। সভাসমিতি করে বেড়ানো। দল পাকানো। আসর জমানো বা জাঁকানো। আসর গরম করা। দলে ভেড়া। ভিড়ে যাওয়া। পক্ষ বা সাইড নেওয়া। হাত করা। দলে টানা বা আনা। দল বাঁধা। ঘোঁট পাকানো। সমিতিতে বা দলে যোগ দেওয়া।

বিণ. সাংগঠনিক। সামাজিক। সংসদীয় পরিষদীয় মজলিসি। সাম্প্রদায়িক। দলীয় দল,গোষ্ঠী,-গত। পক্ষীয়। উভয়পক্ষীয় দোতরফা। এক,-পেশে, তরফা। পক্ষপাত,-পূর্ণ,-মূলক,-যুক্ত,-দুষ্ট।

৭৫৯। সহযোগিতা

বি. সহযোগিতা সহযোগ সহকার সহকারিতা সহায়তা সাহায্যশীলতা। সাহচর্য সমভিব্যাহার। অংশগ্রহণ। সমাবদ্ধ (৪৮)। সংযোগ (৪৩)। সমিতি (৭৫৮)। সংঘে পরিমেল সম্মিলন। সমবায় কোঅপারেটিভ সম্ভূয়সমুত্থান। যৌথসংঘে জয়েন্ট -স্টক-কোম্পানি পার্টনারশিপ ফেডারেশন কনফেডারেশন। কোয়ালিশান। সম্মতি (৫১২)। সমন্বয় (৭৬৩)। যোগসাজশ সাজশ বন্দোবস্তি। পরার্থপরতা। জন,সমাজ,-সেবা। সমাজ, সামাজিক,সমষ্টি,-উন্নয়ন। সহযোগিতা,সাহায্য সহায়তা,-কারী সহযোগী সহকর্মী সহায়ক হাতনুড়কুৎ ডানহস্ত দক্ষিণহস্ত অংশীদার পার্টনার। সঙ্গী সাথী অনুষঙ্গী অনুচর পার্শ্বচর। দালাল। বন্ধু (৮৯১)। প্রাণের দোস্ত। হাতের লোক। ক্রীড়নক পুতুল। পরগাছা। অগতির গতি। অসময়ের বন্ধু। জন,সমাজ,-সেবক।

ক্রি. সহযোগিতা করা। এক সাথে কাজ করা। একমত হওয়া। দশে মিলে কাজ করা। হাতে হাত মিলিয়ে বা কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করা। হাত মেলানো। হাত বাড়ানো। হাত বাড়িয়ে দেওয়া। সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়া। সকল শক্তি একত্র করা। এক সূত্রে বাঁধা। সমঝোতার সৃষ্টি করা। যোগসাজশ করা। ষড়যন্ত্র করা। পক্ষ নেওয়া। দল পাকানো বা জড় করা। অংশ নেওয়া। সমর্থন করা। ওকালতি করা।

বিণ. সহযোগিতামূলক। সহযোগিতাপূর্ণ। সম্মিলিত একত্র। অবিরুদ্ধ।

৭৬০। বিরোধিতা

বি. বিরোধিতা বিরুদ্ধাচরণ। বিপক্ষতা প্রতিপক্ষতা। প্রাতিকূল্য প্রতিকূলতা। বৈপরীত্য।

বিপ্রতিযোগ আপত্তি প্রতিবাদ। প্রতিরোধ (৭৬৮)। অসহযোগ। বাধা (৭০৬)। নিষেধ (৭৫১)। প্রতিক্রিয়া (১৭৭)। সংঘর্ষ সংঘাত। প্রতিদ্বন্দ্বিতা (৭৬১)। বিরোধ বিবাদ বিসংবাদ। অমিল অনৈক্য দ্বৈধ ভেদ দ্বন্দ্ব (৭৬২)। বিচ্ছেদ। মতানৈক্য। মত,ভেদ,দ্বৈধ,-বিরোধ। মতান্তর। মনান্তর। মনো,-মালিন্য,-বিবাদ। তফাৎ ফারাকাত। দলাদলি তিক্ততা খিটিমিটি খিচ খেঁচাখেঁচি। বিতণ্ডা বচসা বাদ প্রতিবাদ। বিক্ষোভ। যুদ্ধ (৭৬৯) শত্রুতা (৮৯২) বিদ্বেষ (৯১৯)।

ক্রি. বিরোধিতা করা। বিপক্ষে যাওয়া। আপত্তি বা প্রতিবাদ করা। বাধা দেওয়া। প্রতিরোধ করা। পথ আটকানো বা বন্ধ করা। বাদ সাধা। সমর্থন না করা। একমত না হওয়া। আলাদামত পোষণ করা। ঝগড়া কাজিয়া বা বিবাদ করা। কথা কাটাকাটি করা। সম্পর্ক ভাঙা বা ছেদ করা। ছাড়াছাড়ি আলাদা বা পৃথক হওয়া। পরস্পরের মুখ না দেখা। মোকাবিলা করা। সম্মুখীন হওয়া। প্রতিদ্বন্দ্বিতা করা। টেক্কা মারা বা দেওয়া। পাল্লা দেওয়া। বিদ্বেষ পোষণ করা। শত্রুতা করা। যুদ্ধ ঘোষণা করা।

বিণ. বিরোধী বিপক্ষ প্রতিপক্ষ বেদল। বিবাদী প্রতিবাদী প্রতিদ্বন্দ্বী। প্রতিক্রিয়াশীল। বিমুখ। প্রতিকূল। বিপরীত প্রতীপ বিরুদ্ধ পরিপন্থী। পরস্পরবিরোধী। বিরুদ্ধভাবাপন্ন। শত্রুতামূলক। দ্বন্দ্বমূলক। উত্তপ্ত।

অব্য. বনাম।

৭৬১। প্রতিযোগিতা

বি. প্রতিযোগিতা প্রতিদ্বন্দ্বিতা কম্পিটিশন প্রতি,-দ্বন্দ্ব,-যোগ,-স্পর্ধা। প্রতিপক্ষতা বিপক্ষতা রেষারেষি (৮৪৬)। রেস। বিরোধিতা (৭৬০)। দ্বন্দ্ব (৭৬২)। ক্রীড়াপ্রতিযোগিতা। সমানে সমানে লড়াই। সেয়ানে সেয়ানে কোলাকুলি। সুস্থ প্রতিযোগিতা। খেলোয়াড়ি মনোভাব। জয়পরাজয় হারজিত। অসম,বিষম,অসুস্থ,-প্রতিযোগিতা। দেখাদেখি। হাড্ডাহাড্ডির লড়াই। র‍্যাটরেস। সামাজিক প্রতিযোগিতা। প্রতি,-যোগী,-দ্বন্দ্বী, -স্পর্ধী। প্রবল,চির,-প্রতিদ্বন্দ্বী। সমানে সমান। প্রতিপক্ষ বিপক্ষ। পক্ষান্তর। শত্রু (৮৯২)।

ক্রি. প্রতিযোগিতা করা। পাল্লা দেওয়া। টক্কর দেওয়া। টেক্কা দেওয়া। পাঞ্জা কষা বা লড়া। জুঝা। আঁটা। এঁটে ওঠা। জুঝে ওঠা। রেস বা দৌড় দেওয়া। জাতে ওঠার চেষ্টা করা। লড়াই করা। মাঠে নামা। রেসে নামা।

বিণ. প্রতিযোগিতামূলক প্রতিদ্বন্দ্বিতামূলক।

৭৬২। দ্বন্দ্ব

বি. দ্বন্দ্ব সংঘাত সংঘর্ষ সংঘর্ষণ ঠোকাঠুকি সম্বাধ প্রতিদ্বন্দ্বিতা দ্বন্দ্বপ্রিয়তা দলাদলি তানাজ্জা রেষারেষি বিদ্বেষ শত্রুতা (৮৯২)। বিপক্ষতা প্রতিপক্ষতা বিরোধিতা (৭৬০)। মামলামকদ্দমা। বাদ বিবাদ বিসংবাদ বিবাদবিসংবাদ। কলহ কাজিয়া ঝগড়া বখেড়া কোন্দল ডমর আখোটি কচাল আত্ম,-কলহ,-বিরোধ। কলহপরায়ণতা ঝগড়াটেপনা কুঁদুলেপনা কুঁজড়াপনা কুঁজড়ামি। তুমুলঝগড়া তুলকালাম। লঙ্কাকাণ্ড ধুন্ধুমার। খেয়োখেয়ি খণ্ডাখণ্ডি আকুণ্ডকুণ্ড। দ্বন্দ্ব,-যুদ্ধ, -যোদ্ধা। হাতাহাতি ঘুষোঘুষি চুলোচুলি কামড়াকামড়ি কিলোকিলি ধস্তাধস্তি লাঠালাঠি মারামারি। খুনখারাবি খুনাখুনি দাঙ্গাহাঙ্গামা। যুদ্ধ (৭৬৯)। অহিনকুল-সম্বন্ধ। রামরাবণের যুদ্ধ। সুন্দ উপসুন্দের লড়াই। গজকচ্ছপের যুদ্ধ। ভাইয়ে ভাইয়ে লড়াই। গৃহযুদ্ধ। গেরিলা যুদ্ধ। বিগ্রহ অন্তর্বিগ্রহ। মল্লযুদ্ধ কুস্তি জুজুৎসু।

বচসা বাদানুবাদ বাদপ্রতিবাদ তর্কাতর্কি তকরার বিতর্ক বিতণ্ডা বাগ্,বাদ্,-বিতণ্ডা বাককলহ হুজ্জত বাগযুদ্ধ। কাগজিযুদ্ধ। কূট,-কচাল, -কচালি কচকচি কচকচানি। কথার মারপ্যাঁচ। প্যাঁচাপ্যাঁচি।

মতান্তর মতানৈক্য। মত,-ভেদ,-বিভেদ, -পার্থক্য,-দ্বৈধ। বিরোধ নানামত। মনান্তর মনকষাকষি মনোবিবাদ মনোমালিন্য মনোবিচ্ছেদ। আড়াআড়ি আড়ি অবনিবনা অসদ্ভাব অসাম্য।

ক্রি. দ্বন্দ্ব করা। দ্বন্দ্বে অবতীর্ণ বা লিপ্ত হওয়া। প্রতিদ্বন্দ্বিতা করা। ঝগড়া বা কলহ করা। মুখ না দেখা। ছায়া না মাড়ানো। মুখ দেখাদেখি বন্ধ হওয়া। দেখলে গা জ্বালা করা। সহ্য করতে না পারা। মামলা করা। ঘরে মামলা ঢোকানো। খ্যাঁচখ্যাঁচ খেঁচাখেঁচি খিটমিট বা খিটিমিটি করা। কচকচালি করা। তেড়ে আসা। তেড়েফুঁড়ে আসা। জ্বলে ওঠা। চুলোচুলি হাতাহাতি বা মারামারি কবা। পাঞ্জা কষা। বিরোধিতা করা (৭৬০)।

বিণ. দ্বন্দ্বমূলক। প্রতিদ্বন্দ্বিতামূলক। দ্বন্দ্বী দ্বন্দ্বপ্রিয় জঙ্গি মারমুখো (৭৬৪)। কলহপরায়ণ কলহ,বিবাদ,-প্রিয় ঝগড়াটে কোন্দলিয়া কুঁদুলে কল্লা কচালে কুঁচুলে কুঁজড়া কেঁয়ে। কুটিল,-মনা কূটকচালে। জাহাঁবাজ বিবদমান কলহরত। তকরাবি বিরোধিত বিতর্কিত বিবাদিত বিসংবাদিত। বিবাদ,কলহ,-পূর্ণ। সংঘর্ষপূর্ণ। বাম বিমুখ বিরোধী প্রতিবাদী। সাম্প্রদায়িক।

৭৬৩। সমন্বয়

বি. সমন্বয় সামঞ্জস্য অন্বয় মিল মেল মিলন মিলমিশ (২৪)। ঐকমত্য। ঐকতান। এক,-মন, -প্রাণ,-বাক্য। এক,-ত্ব,-তা। সম্মতি মতৈক্য সমস্বর সর্বসম্মতি। অবিরোধ অবিবাদ অবিগ্রহ বিরোধ,-হীনতা,-শূন্যতা বিরোধাভাব অবিসংবাদ। অপ্রতিদ্বন্দ্ব। অনাক্রমণ অদ্রোহ। সদ্ভাব সৌহার্দ্য বনিবনা। সহযোগিতা (৭৫৯)। সমঝোতা আপস বোঝাপড়া সন্ধি (৭৭২)। মৈত্রী (৮৯১)। সমন্বয়ন সমন্বয়বিধান সমন্বয়সাধন শান্তিস্থাপন ঐক্যস্থাপন।

ক্রি. এক একমত একমন-একপ্রাণ বা ঐক্যবদ্ধ হওয়া। একসূত্রে বাঁধা। সমস্বরে বলা। পক্ষ নেওয়া। সাথে থাকা। দল ভারি করা। হাতে হাত বা কাঁধে কাঁধ মিলানো। সমঝোতার সৃষ্টি করা। সমন্বয় করা। সমন্বয় সাধন করা। শান্তি স্থাপন করা।

বিণ. সমন্বিত। সমন্বয়সাধিত। নির্বিরোধ নির্বিবাদ নির্দ্বন্দ্ব। বিরোধ,-হীন,-শূন্য,-রহিত। অবিসংবাদিত সর্বসম্মত। ঐক্যবদ্ধ সম্মিলিত সম্মেলিত মিলিত। বন্ধুভাবাপন্ন। ভ্রাতৃপ্রতিম। সমঝোতামূলক। শান্তিপূর্ণ।

ক্রি-বিণ. একবাক্যে সমস্বরে সমবেতকণ্ঠে। সম্মতিক্রমে। সর্বসম্মতিক্রমে। আপস। নির্বিবাদে। ভালোয় ভালোয়। শুভে শুভে।

৭৬৪। যুযুৎসা

বি. যুযুৎসা যোদ্ধৃত্ব যুদ্ধাভিলাষ সমরেচ্ছা রণোৎসাহ রণোদ্যম যুদ্ধোদ্যম যুদ্ধোদ্যোগ প্রত্যুৎক্রম যুদ্ধোন্মাদনা রণোন্মাদনা রণোন্মত্ততা। রণ,সমর,-সজ্জা। যুদ্ধের আয়োজন। সৈন্যসমাবেশ সেনানিবেশ। যুদ্ধংদেহি। রণহুঙ্কার আস্ফালন গলাবাজি দুঃসাহস। চ্যালেঞ্জ হুমকি (৯৪১)। মুখামুখি চোখাচোখি। অমাননা অবমাননা উপেক্ষা। বেপরোয়াভাব আস্পর্ধা।

ক্রি. যুদ্ধার্থে আহ্বান করা। যুদ্ধংদেহি ভাব দেখানো। হুংকার দেওয়া। স্পর্ধা দেখানো। তাল ঠোকা। বুক ঠোকা। মালকোঁচা বা মালসাট মারা। আস্তিন গুটানো। মুখানো। মুখোমুখি বা সম্মুখীন হওয়া। মোকাবিলা করা। মুখের ওপর জবাব

দেওয়া। অগ্রাহ্য অমান্য বা উপেক্ষা করা (৯৩৩)। গ্রাহ্য বা পরোয়া না করা। আমল না দেওয়া। হুমকি দেওয়া।

বিণ. যুযুৎসু যুদ্ধাভিলাষী রণেচ্ছু সমরেচ্ছু বিজিগীষু যুদ্ধোন্মাদ জঙ্গি যুদ্ধবাজ দাঙ্গাবাজ মারমুখো। বেপরোয়া। অমান্যকারী অবাধ্য উচ্ছৃঙ্খল। বিদ্রোহী। ভয়ডরহীন দুঃসাহসী।

৭৬৫। আক্রমণ

বি. আক্রমণ আগ্রাসন। অভিগ্রহ অভিক্রম অধিক্রম অভ্যাঘাত অভিনির্যাণ অভিমর্দ উদ্দেষ্ট। অভিযান যুদ্ধাভিযান যুদ্ধ,রণ,দণ্ড,-যাত্রা। লড়ালড়ি। মারমার কাটকাট হামলা হানা চড়াও। তাড়া ধাওয়া। আটক অবরোধ। ঘেরাও বেষ্টন পরিবেষ্টন। অনুপ্রবেশ। ধাক্কা গুঁতা খোঁচা। আঘাত ঘা চোট কোপ। ছোঁবল খাবল থাবা। ছেদন কর্তন। প্রহার মার (২৭১)। বোমাবর্ষণ। শেল,কামান, -দাগা। পূর্বপক্ষ। আক্রমণকারী। হামলাকারী হানাদার। অনুপ্রবেশকারী। আততায়ী।

ক্রি. আক্রমণ হামলা বা চড়াও করা। হানা দেওয়া। তাড়া করা। ধাওয়া। আঘাত করা। ঘা চোট বা কোপ দেওয়া। কাটা। কামড় দেওয়া। ছোবল খাবল বা ছোঁ মারা। ধস্তাধস্তি পিটাপিটি মারামারি হানাহানি কাটাকাটি হাতাহাতি কিলোকিলি ঘুষোঘুষি বা লাঠালাঠি করা। গুলি করা বা ছোঁড়া। শেল মারা। কামান দাগা। বোমা ফেলা বা বর্ষণ করা। সঙ্গিন খোঁচানো। গুঁতা বা খোঁচা দেওয়া। সাঁড়াশি আক্রমণ করা। অবরোধ বা ঘেরাও করা। ফটক বা দরজা ভাঙা। সীমান্ত অতিক্রম করা। প্রাচীর টপকানো। মাইন বসানো। উড়িয়ে দেওয়া। লেলানো। লেলিয়ে দেওয়া।

বিণ. আক্রমণাত্মক। আগ্রাসী যুযুৎসু (৭৬৪)। ওপর-চড়া। হিংসাত্মক। জিঘাংসামূলক। ক্ষিপ্ত উন্মত্ত।

৭৬৬। প্রতিরক্ষা

বি. প্রতিরক্ষা। প্রতিরক্ষণ দেশরক্ষা ডিফেন্স। প্রতিরক্ষা বিভাগ। সেনাবাহিনী (৭৭০)। সামরিক কর্তৃপক্ষ। আরক্ষা পুলিশকর্তৃপক্ষ (৭২২)। রক্ষা রক্ষণ সংরক্ষণ (৬৭৮)। রক্ষণাবেক্ষণ উপরক্ষণ। প্রহরা পাহারা। সতর্কতা সাবধানতা। অভিভাবকত্ব। আত্মরক্ষা। প্রতিরোধ (৭৬৮)। নিরাপত্তা (৬৭৪)। দুর্ভেদ্যতা। অভেদ্যতা। প্রাকার প্রাচীর বেড়া দেয়াল। খাত পরিখা। কাঁটাতার। ব্যূহ। দুর্গ কেল্লা গড় ফোর্ট কোট কুঠি। বুরুজ কঙ্গুরা। গুমটি,-ঘর। ঢাল খেটক। কবচ বর্ম সাঁজোয়া সন্নাহ শানা। থানা ফাঁড়ি চৌকি ঘাঁটি ছাউনি। আরক্ষ রক্ষীসেনা। প্রহরী সান্ত্রী। কোটাল কোতোয়াল পুলিশ কনস্টবল পাহারাদার। দেহরক্ষী। বরকন্দাজ।

ক্রি. প্রতিরক্ষা গড়া। রক্ষা করা। পাহারা দেওয়া। চৌকি দেওয়া। আগলানো। বাঁচানো। ঘাঁটি সামলানো বা আগলানো। আটঘাঁট বাধা। আড়াল করা। আক্রমণ প্রতিহত বা ব্যাহত করা। ঠেকা দেওয়া। ঠেকানো। থামানো। বাধা দেওয়া। প্রতিরোধ কবা। আটকানো। হটানো। মাটি কামড়ে থাকা। জমি নেওয়া। না হটা বা সরা। পথ বা জায়গা না ছাড়া বা না দেওয়া।

বিণ. প্রতিরক্ষামূলক। সশস্ত্র। সাঁজোয়া। বুলেট, বোমা,-সহ। সংরক্ষণমূলক। নিরাপত্তামূলক।

৭৬৭। পালটা আক্রমণ

বি. পালটাআক্রমণ প্রত্যাক্রমণ প্রতিঘাত প্রত্যাঘাত। পালটাহামলা। প্রতিহনন। প্রতিহিংসা। প্রতিদান। পালটাজবাব। প্রত্যাধিকার। পরিশোধ। প্রতিশোধ। রক্তের বদলে রক্ত। ইটের বদলে পাটকেল। বুমেরাং।

ক্রি. পালটা আক্রমণ করা। পালটা জবাব দেওয়া। প্রতিশোধ নেওয়া। দাদ তোলা। সমুচিত শিক্ষা দেওয়া। শোধ নেওয়া বা দেওয়া।

বিণ. পালটা প্রতিশোধমূলক। শাস্তিমূলক। পিটুনি। প্রতিহিংসামূলক।

৭৬৮। প্রতিরোধ

বি. প্রতিরোধ নিরোধ সংরোধ অবরোধ বিরোধ রোধ। বাধা বাধাদান। নিবারণ। পরিবেষ্টন। মোকাবিলা। প্রতিপক্ষতা বিরুদ্ধতা বিরুদ্ধবাদিতা প্রাতিলোম্য। প্রতিবাদ। বিরোধিতা (৭৬০)। নিষ্ক্রিয় প্রতিরোধ সত্যাগ্রহ অহিংস-অসহযোগ আইনঅমান্য-আন্দোলন। বর্জন বয়কট। হরতাল ধর্মঘট চাকাবন্ধ তালাবন্ধ। দাঙ্গা রায়ট দ্রোহ বিদ্রোহ। যুদ্ধংদেহিভাব। যুদ্ধ (৭৬৯)। বিক্ষোভ। অবাধ্যতা। প্রতিবন্ধকতা প্রতিবন্ধ অন্তরায়। প্রহরা পাহারা। আরক্ষা আরক্ষ প্রতিরক্ষা।

ক্রি. প্রতিরোধ করা বা গড়ে তোলা। রোধা। প্রতিহত করা। ঠেকানো। থামানো। আটকানো। মহড়া ফেরানো। রুখা। রুখে দাঁড়ানো। মোকাবিলা করা। সম্মুখীন বা মুখোমুখি হওয়া। বিরোধিতা করা (৭৬০)। বিক্ষোভ প্রদর্শন করা। বিদ্রোহ করা। সশস্ত্র বিদ্রোহ করা। হাতিয়ার হাতে নেওয়া। হরতাল বা ধর্মঘট করা। অসহযোগ বা বর্জন করা। আইন অমান্য করা।

বিণ. প্রতিরোধমূলক। প্রতিরুদ্ধ প্রতিরোধিত নিবারিত। অবরুদ্ধ সংরুদ্ধ বাধাপ্রাপ্ত ব্যাহত প্রতিবদ্ধ। প্রতিহত প্রতিস্খলিত। পরিবেষ্টিত। প্রতিবন্ধক। প্রতিরোধনীয় নিবারণীয় নিবার্য। প্রতিরোধী প্রতিরোধকারী প্রতিবাদী। রোধকারী রোদ্ধা রোধক রোধী। অবরোধক অবরোধকারী অবরোধী। বিরোধী বিরুদ্ধবাদী বিরুদ্ধাচারী। নিবারণকারী নিবারক নিরোধক। প্রহরী। বিদ্রোহাত্মক। বিরুদ্ধ বিপরীত। অবাধ্য বেপরোয়া। সশস্ত্র। অজেয় অদম্য অনমনীয়।

৭৬৯। যুদ্ধ

বি. যুদ্ধ জঙ্গ যোধ যোধন সংগ্রাম লড়াই আহব রণ সমর সমীক বিগ্রহ যুদ্ধবিগ্রহ লড়ালড়ি। সংঘর্ষ সংঘাত দ্বন্দ্ব (৭৬২)। অস্ত্রের সংঘাত। অস্ত্রধারণ। শক্তিপরীক্ষা। লড়ালড়ি হাতাহাতি লাঠালাঠি ধস্তাধস্তি। রক্তক্ষয় রক্তপাত রক্তারক্তি রক্তগঙ্গা। তীব্রলড়াই। হাড্ডাহাড্ডি লড়াই। সম্মুখ,-যুদ্ধ,-সমর,-সংগ্রাম। সামনাসামনি লড়াই। অভিযান যুদ্ধযাত্রা।

স্থলযুদ্ধ। জল,নৌ,-যুদ্ধ। বিমান,আকাশ,-যুদ্ধ। মহাকাশ,তারকা,নক্ষত্র,-যুদ্ধ স্টারওয়ার। পরমাণুযুদ্ধ নিউক্লিয়ার-ওয়ার।

গৃহ,-যুদ্ধ,-বিবাদ। আত্ম,-বিরোধ,-বিগ্রহ, -কলহ। অন্ত,-বিরোধ,-কলহ,-বিগ্রহ,-বিপ্লব। আত্মঘাতী লড়াই। গেরিলাযুদ্ধ। দ্বন্দ্বযুদ্ধ। মল্লযুদ্ধ। দ্বৈরথ। দ্বৈরথ,-যুদ্ধ,-সমর।

ধর্মযুদ্ধ জিহাদ জেহাদ ন্যায়যুদ্ধ ক্রুসেড হোলিওয়ার। মুক্তি,-যুদ্ধ,-সংগ্রাম। সীমানা, -সংঘর্ষ,-বিরোধ। নৈশযুদ্ধ নিশারণ সৌপ্তিক। অন্যায়,-কূট,-যুদ্ধ। মহাযুদ্ধ বিশ্বযুদ্ধ। স্নায়ু,ঠাণ্ডা,কাগজি,-যুদ্ধ।

রণ,-স্থল,-ভূমি,-ক্ষেত্র। সংগ্রামক্ষেত্র সমর, -ভূমি,-ক্ষেত্র রণাঙ্গন সমরাঙ্গন। রণ,-বাদ্য, -শিঙা,-ভেরি,-ডঙ্কা। দামামা দুন্দুভি দগড় রণঢাক তূর্য তূরী। রণ,-সাজ,-বেশ সমরসাজ যোদ্ধবেশ উর্দি য়ুনিফর্ম। রণনৈপুণ্য সমরদক্ষতা সংগ্রামপটুতা।

সামরিক-আইন মার্শাল-ল। ফৌজি-আইন মিলিটারি-ল। সামরিক কায়দা। সামরিক সম্মান।

সামরিক বাহিনী। সৈন্য (৭৭০)। ক্ষত্রবিদ্যা। সমর,যুদ্ধ,রণ,-বিদ্যা,-কৌশল,-রীতি,-নীতি। শস্ত্রবিদ্যা অস্ত্রবিদ্যা (৭৭১)। যুদ্ধ,রণ,-লিপ্সা, -পিপাসা। রণ,-হুঙ্কার,-ধ্বনি।

ক্রি. যুদ্ধ করা। যুঝা। যুদ্ধ ঘোষণা করা। সংগ্রাম করা। অস্ত্র ধারণ বা গ্রহণ করা। হাতিয়ার তুলে নেওয়া। যুদ্ধার্থে আহ্বান করা। অস্ত্রপরীক্ষা করা। শক্তি পরীক্ষা করা। লড়াই করা। রণে বা সমরে লিপ্ত হওয়া।

বিণ. যুদ্ধার্থী যুদ্ধ,-কারী,-কর্তা যোদ্ধা। যুদ্ধবাজ জঙ্গি যুদ্ধোন্মাদ রণোন্মাদ। যুযুৎসু (৭৬৪)। যুদ্ধ,সমর,সংগ্রাম,-রত। যুধ্যমান যুযুধান। যুদ্ধ, -বিশারদ,-নিপুণ,-কুশল। রণ,-নিপুণ,-কুশল, -দক্ষ,-পটু,-পণ্ডিত। যুদ্ধকালীন। সামরিক সাংগ্রামিক সংগ্রামী। যুদ্ধে নিহত। সমরশায়ী। সশস্ত্র সাঁজোয়া।

৭৭০। যোদ্ধা

বি. যোদ্ধা যোধ যুদ্ধার্থী যুযুধান লড়িয়ে লড়াকু। প্রতিদ্বন্দ্বী প্রতিপক্ষ। পালোয়ান কুস্তিগীর মাল মল্লবীর। ধর্মযোদ্ধা গাজি মুজাহিদ। অস্ত্র,-ধারী, -জীবী। অস্ত্র,-জ্ঞ,-বিদ্‌। লাঠিয়াল গদাধরী গদী খড়্‌গহস্ত কৃপাণধারী। তরোয়ালধারী। তীরন্দাজ। ধনুর্ধর ধানুকী বন্দুকচি। বন্দুক,-বাজ,-ধারী তবকধারী তবকি তোপচি গোলন্দাজ। অস্ত্রবাহক। সেলাবরদার। আসাবরদার দণ্ড, -ধারী,-পাণি।

সেনা সৈন্য সৈনিক সিপাহি কটক স্কন্ধ জওয়ান। বল সৈন্য সামরিক,-বল। মিলিটারি। সেনা,সৈন্য,-দল সেনানী সেনাবাহিনী বাহিনী সামরিকবাহিনী। ফোর্স। ফৌজ পল্টন লশকর সশস্ত্রবাহিনী। অগ্রগামীসৈন্য কেরবাল। স্থল,সেনা,-বাহিনী আর্মি। পদাতিক পদাতি পত্তি পাইক ইনফ্যান্ট্রি। অশ্বারোহীবাহিনী রিসালা। গোলন্দাজ,সাঁজোয়া,-বাহিনী। নৌবাহিনী নেভি। নৌসেনা মেরিন। বিমান,-বাহিনী,-সেনা এয়ারফোর্স। ছত্রীসেনা প্যারাট্রুপার প্যারাসুটবাহিনী। গেরিলা,-বাহিনী। কমান্ডো, -বাহিনী। রিক্রুট রংরুট। ভাড়াটে সৈন্য। ফ্যালাঙ্কস। অক্ষৌহিণী। চতুরঙ্গসেনা: পদাতি অশ্ব হস্তী রথ। সংশপ্তক মরিয়াবাহিনী সুইসাইড -কম্যান্ডো। অনিয়মিত বাহিনী রাজাকার আল, - বদর,-শামস।

ডিভিশন ব্রিগেড রেজিমেন্ট গ্যারিসন কোম্পানি স্কোয়াড্রন স্কোয়াড প্লাটুন পল্টন।

সেনাপতি সেনাধ্যক্ষ সৈনাধ্যক্ষ বলাধ্যক্ষ সেনানায়ক ফৌজদার সিপাহসালার। জেনারেল জাঁদরেল। নৌসেনাধ্যক্ষ। রিসালদার কমান্ডার সমরাধিনায়ক। সেনাপ্রধান (৭২২)।

সেনানিবাস কটক স্কন্ধাবার ব্যারাক ক্যান্টনমেন্ট লাইনস ছাউনি ক্যাম্প। উর্দি যোদ্ধৃবেশ। দুর্গ কেল্লা গড় কোট গুমটি।

বিণ. যুযুধান যুধ্যমান। যুযুৎসু (৭৬৪)। সসৈন্য সবল। মিলিটারি ফৌজি সামরিক।

ক্রি-বিণ. সবলে সসৈন্যে।

৭৭১। অস্ত্র

বি. অস্ত্র শস্ত্র অস্ত্রশস্ত্র হাতিয়ার আয়ুধ প্রহরণ যুদ্ধাস্ত্র সমরাস্ত্র মারণাস্ত্র যোধন। অস্ত্র,সমর, -সম্ভার। অস্ত্র,সমর,রণ,-সজ্জা। যুদ্ধসামগ্রী যুদ্ধোপকরণ। অস্ত্র,যুদ্ধ,-বিদ্যা। ব্রহ্মাস্ত্র। ইন্দ্রাস্ত্র ইন্দ্রায়ুধ দিব্যাস্ত্র বজ্র বজ্রাস্ত্র পাশ নাগপাশ চক্র। সুদর্শনচক্র। ঢেলা ঢিল চাঁই চাঙ্গর ডেলা লোষ্ট্র পাথর ইট থানইট পাটকেল ইটপাটকেল আধলা খোলামকুচি। গুলতি। লাঠি ছড়ি যষ্টি লগুড় জাঠা কোঁতকা সোঁটা ডাণ্ডা দণ্ড

আসা নড়ি বাড়ি বেটন স্টিক কাঠি রড ঠেঙা। ছড়। নাদনবাড়ি নাদনা। পাঁচনবাড়ি। চাবুক বেত বেত্র,-দণ্ড কশা কোড়া সাট ছিপটি হুইপ। লাঠিসোঁটা। লাঠ্যৌষধি বেত্রাঘাত। মুগুর গদা মুষল ডাণ্ডশ কোঁতকা মুদগর খেটে ফাউড়া। শামা শাঁপি। ডাম্বেল। তীর বাণ শর ইষু কাণ্ড কলম্ব সিত শায়ক বিশিখ শরগাছ তোমরাস্ত্র। চিয়াড়। ধনুক ধনু শরাসন বাণাসন রোপ চাপ ধনুর্গুণ জ্যা ছিলা গুণ মৌর্বী। তীরধনুক ধনুর্বাণ ধনুঃশর ধনুষ্কাণ্ড। তূণ তূণীর তরকচ শরাশ্রয় শরাধার বাণাধার নিষঙ্গ। শর,-ক্ষেপ,-ক্ষেপণ,-নিক্ষেপ,-ত্যাগ,-বর্ষণ।

বেধনাস্ত্র: বর্শা বল্লম সড়কি ভল্ল ঝকড়া। কোঁচ ট্যাটা টেটা। ত্রিশূল। জ্যাভেলিন। তরোয়াল তলোয়ার তরবারি অসি কিরিচ তেগ শমশের। জুলফিকার। যুদ্ধকুঠার। খড়্গ খাঁড়া সায়ক। অসিফলক ফলা ফালা খড়্গপত্র। ছোরা ছুরি চাকু ভোজালি কৃপাণ। দা রামদা কাটারি। কুঠার পরশু। টাঙ্গি। গুপ্তি কূটায়ুধ। বাইস। সঙ্গিন বেয়নেট। শূল শূলি। কেঁচা। বিষাক্তছোরা ধারাবিষ।

আগ্নেয়াস্ত্র অগ্ন্যস্ত্র অগ্নিযন্ত্র: বন্দুক তবক শটগান পাইপগান এয়ারগান রাইফেল পিস্তল রিভলবার মেশিনগান সাবমেশিনগান ব্রেনগান স্টেনগান কারবাইন মাস্কেট। ঘোড়া ট্রিগার। নল। বাঁট। কামান তোপ কর্ণি। মর্টার বাজুকা। বিমানবিধ্বংসী কামান। কার্তুজ কার্ট্রিজ টোটা গুলি বুলেট শট ছর্‌রা ছটরা। গোলা খণ্ডর শেল। গোলাবারুদ অ্যামুনিশন। ম্যাগাজিন তোসদান। সেলখানা অস্ত্রাগার।

বন্দুকচি বন্দুকবাজ। বন্দুকধারী তবকধারী তাবকি তবকি। গোলন্দাজ তোপচি আর্টিলারি।

বোমা বোম। পেটো হাতবোমা গ্রেনেড। পেট্রোলবোম। নাপামবোম। মলোটভ-ককটেল। বোমাবিস্ফোরণ। টর্পেডো মাইন। তোড়বোম। আণবিকবোমা অ্যাটমবোমা পরমাণুবোমা ম্যারবোমা। জোড়বোমা হাইড্রোজেনবোমা প্লুটোনিয়ামবোমা নিউট্রনবোমা। বম্বার। ক্ষেপণাস্ত্র মিসাইল রকেট। আন্তর্দেশীয় ক্ষেপণাস্ত্র।

যুদ্ধজাহাজ রণ,-তরী,-পোত। নৌবল নৌবাট নৌবিতান নেভি মানোয়ার জঙ্গডিঙা। বিমানবাহী জাহাজ ক্রুজার। ডেসট্রয়ার। ফ্ল্যাগশিপ পতাকাবাহীজাহাজ। ফ্রিগেট গানবোট। টর্পেডোবোট ডুবোজাহাজ সাবমেরিন।

যুদ্ধবিমান জঙ্গি-বিমান। বোমারুবিমান। ফাইটার প্লেন। হান্টার। ইন্টারসেপটার। জেটবম্বার। জেটফাইটার।

ক্রি. অস্ত্র ধরা বা চালানো। ঢিল ছোঁড়া। গুলতি মারা। তীর ছোঁড়া বা মারা। বাণ মারা। জ্যারোপ করা। বর্শা বা বল্লম ছোঁড়া। ছুরি বা ছোরা মারা। ছুরিকাঘাত করা। কোপ বা চোপ মারা। তলোয়ার চালানো। বন্দুক চালানো। গুলি মারা। বোমা ফেলা।

বিণ. সশস্ত্র অস্ত্রসজ্জিত সন্নদ্ধ। অস্ত্রী অস্ত্রধারী (৭৭০)। কোষমুক্ত খোলা উন্মুক্ত। শর,তীর,গুলি,-বিদ্ধ। আনলা। দোনলা একনলা।

৭৭২। শান্তি

বি. শান্তি সালাম সালামত। শমগুণ শম শমতা উপশম। সাকিনা প্রশান্তি। উদ্বেগ,-রাহিত্য, -শূন্যতা,-হীনতা। স্থিতি সুস্থিতি স্থিরতা। অবিরোধ অবিবাদ অবিগ্রহ বিরোধ,-হীনতা, -শূন্যতা বিরোধাভাব অবিসংবাদ। মিলন মিলমিশ সমন্বয় (৭৬৩)। যুদ্ধবিরতি অবহার। যুদ্ধবিরতিরেখা। অস্ত্র,-ত্যাগ,-নিবারণ,-সংবরণ প্রত্যবহার। যুদ্ধাবসান যুদ্ধশেষ সংগ্রামসমাপ্তি। অদ্রোহ অহিংসা শান্তিবাদ। শান্তি,-প্রতিষ্ঠা, -স্থাপন,-সংস্থাপন। ঐক্যস্থাপন। সমঝোতা

বোঝাপড়া সন্ধি রফা আপস (৭৭৫)। সন্ধি,-প্রস্তাব,-পত্র,-চুক্তি। শান্তিচুক্তি। অনাক্রমণচুক্তি। বন্ধুত্ব। মৈত্রীচুক্তি। নিরপেক্ষতা (৭৭৪)। পুনর্মিলন মিলন ভাব। মানভঞ্জন। রাজ,রাষ্ট্রীয়,-ক্ষমা। নিরস্ত্রীকরণ আন্দোলন। সাদাপতাকা শ্বেতপতাকা। শান্তির,-দূত,-প্রতীক,-পায়রা। শান্তরস। শান্তিকর্তা (৭৭৩)। বিশ্বশান্তি। জাতিসংঘের শান্তিরক্ষা বাহিনী।

ক্রি. শান্তিতে থাকা। শান্তি রক্ষা করা বা বজায় রাখা। শান্তি স্থাপন বা প্রতিষ্ঠা করা। শান্ত করা। ঠাণ্ডা করা। বিবাদ মেটানো মিটানো বা মিটিয়ে ফেলা। ঐক্যস্থাপন করা। সৌহার্দ্য ফিরিয়ে আনা। যুদ্ধবিরতি ঘোষণা করা। অস্ত্রসংবরণ করা। অসি কোষবদ্ধ করা। হাতিয়ার নামানো। হাত না তোলা। না মারা। সাত চড়ে রা না করা।

বিণ. শান্ত শান্তি,-বাদী,-কামী,-প্রিয়। অবিরোধী অবিসংবাদী। শান্তি,-পূর্ণ,-ময়। প্রশান্ত নিরুপদ্রব। নির্বিরোধ বিরোধ,-হীন,-শূন্য,-রহিত। অবিসংবাদিত। নির্ঝঞ্ঝাট ঝামেলাহীন শান্তি,সমঝোতা, আপস,-মূলক। অনাক্রম্য অনাক্রমণীয় পণবদ্ধ সন্ধিবদ্ধ। রক্তপাতহীন।

ক্রি-বিণ. শান্তিতে নির্বিবাদে অবিসংবাদে অবিবাদে নির্বিরোধে অবিরোধে। আপসে। বিনা,-যুদ্ধে,-রক্তপাতে।

৭৭৩। মধ্যস্থতা

বি. মধ্যস্থতা মাধ্যস্থ্য মধ্যবর্তিতা মধ্যস্থালি। সালিশি আরবিট্রেশন। হস্তক্ষেপ। দৌত্য। সুপারিশ। আলাপআলোচনা বোঝাপড়া সমঝোতা মিটমাট মীমাংসা আপস রফা। মুখপাত্র প্রতিনিধি। আরবিট্রেটর দূত ঘটক দালাল মধ্যস্থ সালিশ। আম্পায়ার। নিরপেক্ষপর্যবেক্ষক। শান্তিকর্তা। শান্তির দূত। জাতি সংঘের শান্তিরক্ষাবাহিনী।

ক্রি. মধ্যস্থতা করা। সালিশি করা। হস্তক্ষেপ করা। বোঝানো। মিটানো মেটানো বা মিটিয়ে ফেলা। থামানো। শান্ত করানো। ঠাণ্ডা করানো।

বিণ. মধ্যস্থতাসম্বন্ধীয় সালিশি। মধ্যস্থতাকর। কূটনৈতিক।

৭৭৪। নিরপেক্ষতা

বি. নিরপেক্ষতা নৈরপেক্ষ নৈর্ব্যক্তিকতা ব্যক্তিনিরপেক্ষতা অপক্ষ,-পাত,-পাতিতা,-পাতিত্ব। সম,-দর্শন,-দর্শিতা,-দৃষ্টি। মধ্যপন্থা (৬৩৬)। রফা (৭৭৫)। ন্যায়কারিতা ন্যায়বিচার সুবিচার যথার্থবাদ।

ক্রি. নিরপেক্ষ থাকা। দলমতের উর্ধ্বেথাকা। কিছুর মধ্যে না থাকা। সাতে পাঁচে না থাকা। টান না টানা। সূক্ষ্মবিচার করা।

বিণ. নিরপেক্ষ পক্ষ,-পাত,-হীন,-শূন্য অপক্ষপাতী ভেদজ্ঞানরহিত দলাদলিহীন নির্দলীয়। নৈর্ব্যক্তিক ব্যক্তিনিরপেক্ষ ব্যক্তিসম্পর্কহীন। স্বাধীন,-স্বভাব,-চেতা। সম,-দর্শী,-দর্শনকারী,-দৃষ্টিসম্পন্ন। যথার্থবাদী ন্যায়দর্শী। ন্যায় যথার্থ। মধ্যপন্থী।

ক্রি-বিণ. নিরপেক্ষে অপক্ষপাতে। দলমত,জাতিধর্ম,-নির্বিশেষে। নিরপেক্ষ,স্বাধীন,-ভাবে। অসংকোচে অশঙ্কচিত্তে। মুক্তমনে। খোলাচোখে।

৭৭৫। আপস

বি. আপস সোলে রফা মিটমাট মীমাংসা নিষ্পত্তি। বোঝাপড়া সমঝোতা সমন্বয় (৭৬৩)। মাঝামাঝি মধ্যপন্থা (৬৩৬)। হেস্তনেস্ত। এসপার ওসপার। খুলা। খেসারত ক্ষতিপূরণ। মধ্যস্থতা (৭৭৩)। সালিশ। আপস,রফা,সুরাহা,-নামা।

ক্রি. আপস সোলে রফা মীমাংসা বা নিষ্পত্তি করা। বোঝাপড়া করা। সমঝোতায় আসা। মিটমাট করা। মাঝামাঝি করা। দিয়ে থুয়ে ঠিক করা। মেটানো। মিটিয়ে ফেলা। চুকিয়ে দেওয়া। চুকিয়ে ফেলা। বিহিত করা। সালিশে রাজি হওয়া। অগত্যা রাজি হওয়া। আপস মেটানো বা রাজি হওয়া।

বিণ. আপসমূলক। শান্তিপ্রিয়। সালিশি।

৭৭৬। সম্পত্তি

বি. সম্পত্তি বিষয়। বিষয়,-সম্পত্তি,-বৈভব, আশয়। মাল আমওয়াল মালামাল মালিয়াত। মালিকানা মালিকিয়াত স্বত্ব (৭৭৯)। অধিকার দাবি স্বত্ব টাইটেল। বর্তিত অধিকার। ভাবীস্বত্ব। মুশা অবিভক্তঅংশ। অংশ দায় উত্তরাধিকার। শেষাধিকার। জ্যেষ্ঠাধিকার। জায়দাদ দখল দখলীস্বত্ব। ভোগদখল আমল। যৌতুক মহবানা। স্ত্রীধন। বিধবার সম্পত্তি। ওয়াকফ। দেবোত্তর ব্রহ্মোত্তর বিষ্ণুত্তর। ফকিরান পীরোত্তর চেরাগি। ট্রাস্ট। ইজারা পত্তনি লিজ সেটেলমেন্ট বন্দোবস্ত হাওলা প্রজাবিলি। ঠিকা বর্গা আধি ভাওয়ালি। জমিদারি জোতদারি। জায়গির। জায়গিরদারি তালুকদারি পত্তনি। দরপত্তনি। তালুক ওসাততালুক। মহাল মহল। লাট। খাস,-মহাল, মহল খাস,-তালুক,-জমি। খাসখামার। লাখেরাজ নানকার আলতামগা নিষ্কর আয়মা। ভূসম্পত্তি স্থাবরসম্পত্তি জমি,-জমা,-জায়গা, -জিরাত জোতজমা জায়গা,-জমি। জোত ক্ষেত ক্ষেত্র। আওল,দোয়ম,সোয়ম, চাহরাম,-জমি। খামারজমি। উঁচুজমি আজ্জার। নাবাল,নীচু, জমি। খিল,পতিত,-জমি। পয়স্তি। লপ্তপয়স্তি। চরজমি। ধন দৌলত (৮০৪)। টাকাপয়সা (৮০০)। পরিসম্পৎ। সহায়সম্বল সংগতি সংস্থান। অস্থাবর সম্পত্তি মাল,-পত্র,-মাত্তা। জিনিসপত্র আসবাবপত্র তল্পিতল্পা। ঝোলাঝুলি ঘটিবাটি লোটাকম্বল। পুঁজিপাট্টা মূলধন। সঞ্চয়। আয় রুজি রোজগার (৮১১)। রাজ্য সাম্রাজ্য। স্বরাজ্য। করদরাজ্য। রাষ্ট্রীয়, রাষ্ট্রায়ত্ত,জাতীয়,-সম্পত্তি। অনিবাসী,পরিত্যক্ত, অর্পিত,ন্যস্ত,শত্রু,-সম্পত্তি। রাজগামিতা। সম্পত্তিশালী সম্পত্তিওয়ালা। বাড়িওয়ালা ল্যান্ডলর্ড মালিক। ভূস্বামী ভূম্যাধিকারী জমিদার সামন্ত। তালুকদার জায়গিরদার। ভুঁইয়া ভৌমিক। তরফদার। চাকলাদার জিলাদার জোতদার মালগুজার। ক্ষেত্রী। পত্তনিদার। পাট্টাদার। ফরমানবরদার। রাইয়ত রায়ত প্রজা (৭৭৯)।

ক্রি. সম্পত্তি করা। অর্জন করা। মালিক হওয়া। জন্মানো। দখল করা।

বিণ. স্থাবর অস্থাবর। ব্যক্তিগত। যৌথ এজমালি। রাষ্ট্রীয় রাষ্ট্রায়ত্ত জাতীয়। সরকারি বেসরকারি। সাধারণ। নিষ্কর লাখেরাজ।

৭৭৭। অর্জন

বি. অর্জন উপার্জন। ধনার্জন অর্থোপার্জন স্বোপার্জন। আহরণ সংগ্রহ জোগাড় সংস্থান। অর্থ,-সংস্থান,-সংস্থিতি,-সংগ্রহ। আয় (৮১০)। টাকা রোজগার অর্থলাভ অর্থাগম অর্থপ্রাপ্তি বিত্তলাভ। লাভ প্রতিলব্ধ সুফল ইষ্টাপত্তি পণায় পণফাজিল ফায়দা মুনাফা নাফা কিফায়াত আসাদন।

ক্রয়(৭৯৬)। উত্তরাধিকার। প্রাপ্তি দান উপায়ন উপহার। আদায় উদ্ধার। পুনরুদ্ধার হারান-প্রাপ্তি। ঋণমুক্তি। উপায় রুজি রোজগার কামাই। বেতন পারিশ্রমিক। অধিবৃত্তি বোনাস। উপরি। উপস্বত্ব। আগম আমদানি উৎপত্তি উৎপাদন ফল ফসল। পুরস্কার পারিতোষিক। সম্পত্তি।

ক্রি. অর্জন করা। আয় রোজগার উপায় বা উপার্জন করা। কামানো। কামাই করা। লাভ বা মুনাফা করা। ফায়দা ওঠানো। পড়তা পড়া। পোষানো। পুষিয়ে যাওয়া। উশুল হওয়া। টাকা করা বা বানানো। সম্পত্তি করা বা বানানো। টাকার মুখ দেখা। টাকা খাওয়া। দু'হাতে কামানো। ঘুষ খাওয়া। উৎপাদন করা। ফল বা ফসল পাওয়া। অংশ পাওয়া। উপস্বত্ব লাভ করা। হাতে আসা। ফিরে পাওয়া। পুনরুদ্ধার করা। ঋণমুক্ত করা। সুযোগ নেওয়া। দাঁও মারা।

বিণ. অর্জক অর্জনকারী উপার্জনকারী। অর্জিত লব্ধ উপাত্ত প্রাপ্ত। লাভ,-জনক,-দায়ক। ধন,-দ, -দায়ক,-দায়ী। অর্থ,-কর,-জনক,-প্রদ,-করী। উৎপাদনশীল। ফল,-দায়ক,-প্রসূ। সুবিধাজনক। রোজ,- গারি,-গেরে। উপার্জন,উপায়,-ক্ষম। সৈরিন্ধ্রী।

৭৭৮। ক্ষতি

বি. ক্ষতি ক্ষয় হানি অনিষ্ট খারাবি ক্ষয়ক্ষতি ন্যয় খিয়ানত হরজা বাদ বরবাদ বিনষ্টি। লোকসান লোকসানি অর্থ,-হানি,-নাশ ধন, -ক্ষয়,-নাশ। অপকার। স্বত্ব,-হানি,-লোপ বেদখল বঞ্চনা। বাজেয়াপ্তি। খেসারত খেসারতি ক্ষতিপূরণ গুনাহগার গচ্চা আক্কেলসেলামি। অপচয় জলাঞ্জলি। ভরাডুবি।

ক্রি. ক্ষতি হওয়া। লোকসান নষ্ট বাদ বা বরবাদ হওয়া বা যাওয়া। গচ্চা দেওয়া। মারা যাওয়া বা পড়া। হস্তচ্যুত হাতছাড়া বা বেহাত হওয়া। হাতের বাইরে চলে যাওয়া। বাজেয়াপ্ত হওয়া। ক্ষতিগ্রস্ত হওয়া। বঞ্চিত হওয়া। ঠকা। ঠকে যাওয়া। ডোবা। যজা। ডোবানো। যজানো। ঝোলানো। পথে বসা। ঘা চোট বা মার খাওয়া। মার যাওয়া। দেউলিয়া হওয়া। ফতুর ফৌত বা সর্বস্বান্ত হওয়া। নষ্ট বা অপচয় হওয়া। অর্থনাশ বা ধনক্ষয় হওয়া। ক্ষতিপূরণ দেওয়া। আক্কেল সেলামি দেওয়া। পুষিয়ে দেওয়া। জলাঞ্জলি দেওয়া। লোকসান করা। ক্ষতি করা। অনিষ্টাচরণ বা ক্ষতিসাধন করা। শ্রাদ্ধ করা। উড়ানো। ফুঁকা। ফুঁকে দেওয়া। আয় বা উপার্জন না করা। হারানো। হারিয়ে ফেলা। হারিয়ে যাওয়া। খুইয়ে বসা। খুইয়ে ফেলা। খোয়া যাওয়া।

বিণ. ক্ষতিগ্রস্ত। বঞ্চিত। বেদখল বেহাত হাতছাড়া। ফতুর ফৌত সর্বস্বান্ত। নষ্ট উৎসন্ন বরবাদ। ক্ষতি,-কর,-কারক। হানি,-কর,-কারক। অনিষ্ট,-কর,-জনক। অহিতকর অনুপকারী অনুপকারক। অলাভজনক লোকসানি। অবিক্রীত। বেফায়দা। অর্থনাশা। ধন,-নাশকারী,-ক্ষয়কারী অর্থঘ্ন। হৃত অপহৃত।

৭৭৯। স্বত্ব

বি. স্বত্ব হক অধিকার। স্বত্বাধিকার স্বত্বস্বামিত্ব স্বামিত্ব মালিকানা মালিকত্ব মালিকি মালিকানাস্বত্ব মালিকিয়ত। আয়ত্তি দখলাতি একতিয়ার। প্রভুত্ব কর্তৃত্ব। দাবি দাওয়া। মোজাহেম। জায়দাদ। দখল দখলিস্বত্ব। ভোগদখল। ভোগাধিকার। খাসদখল। ষোলআনা দখল। একচেটিয়া অধিকার। একাধিকার। নির্ব্যূঢ় স্বত্ব। যৌথস্বত্ব (৭৮৩)। তুল্যস্বত্ব। উপরিস্বত্ব। মধ্যস্বত্ব আওসাত ওসাত। প্রজাস্বত্ব রায়তি। মিরাস রিক্‌থ দায় উত্তরাধিকার জন্মাধিকার ওয়ারিশি দায়াদিস্বত্ব। জ্যেষ্ঠাধিকার। লভ্যাংশ। রয়ালটি। ভাবীস্বত্ব। শেষাধিকার। ইজারা লিজ। ভাড়া। অংশ শেয়ার সাহান। বিশেষাধিকার। পুনর্দখল পুনরধিকার। স্বত্বপত্র। স্বত্বের মামলা। স্বত্বসাব্যস্ত। দলিল দস্তাবেজ নথি,-পত্র। পাট্টা। জমির পাট্টা। কবালা ডিড।

কাগজপত্র। দখলনামা। স্বত্বরক্ষা (৭৮১)। স্বত্বত্যাগ (৭৮২)।

স্বত্ব,-বান,-ভোগী স্বত্বাধিকারী স্বত্বার্থী। অধিকারী হকদার মালিক স্বামী মনিব খোদাবন্দ। প্রভু। দাবিদার। ভূস্বামী ভূম্যাধিকারী। জমিদার। তরফদার। প্রজা রাইয়ত রায়ত। ফরমানবরদার। কটকিনা প্রজা। কোর্ফা প্রজা। কোলকর্ষা। কোলজমা। অধীন-প্রজা। দখলি-প্রজা। শিরকস্তা। কাস্তকারদেহী। কাস্তকারপাহি। দরপ্রজা। উঠবন্দী,-প্রজা,-রায়ত। খুদকস্তা। পাইকস্তা। শিকমি। মোকররির স্থিতিবান,কায়েমি,-প্রজা। বাড়িওয়ালা। ভাড়াটে ভাড়াটিয়া। ইজারা,ইজার, -দার। দর ইজারাদার। দখল,-কার,-দার,-কারী। উত্তরাধিকারী ওয়ারিশ ওয়ারিশান হকদার। রিক্‌থ,-ভাগী,-গ্রাহী। শরিক (৭৮৩)। অর্ধাংশভাগী অর্থী।

ক্রি. স্বত্ব থাকা। ভোগ বা উপভোগ করা। রাখা। পাওয়া। দখল করা বা রাখা। দখলে থাকা। আয়ত্তে বা হাতে থাকা। হাতে আসা। অর্শানো। বর্তানো। উত্তরাধিকারী হওয়া। একচেটিয়া অধিকার করা বা ভোগ করা। যৌথস্বত্ব বা অধিকার থাকা বা ভোগ করা (৭৮২)।

বিণ. স্বত্বজনক। দখলি। অধিকারগত আয়ত্ত। মালিকি দায়াদী। পৈত্রিক পিতৃদত্ত। মৌরুসি। ইস্তিমবারি। আয়মা নিষ্কর। অধীন। শিকস্তী। পাইওয়াস্তি। যৌথ যুক্ত এজমালি। একান্নবর্তী। নিজস্ব সোপার্জিত। দলিলীকৃত দলিলভুক্ত।

৭৮০। স্বত্বশূন্যতা

বি. স্বত্ব,-শূন্যতা,-হীনতা স্বত্বাভাব। অনধিকার। অদখল। উত্তরাধিকারলোপ। মজনুমিরাস। ত্যাজ্যপুত্র। স্বত্বত্যাগ (৭৮২)। বিনষ্টি অতিপত্তি তামাদি। স্বত্ব,-নিরসন,-লোপ।

ক্রি. স্বত্ব অধিকার বা মালিকানা না থাকা। দখল না থাকা। অংশে বা স্বত্ব হারানো। হস্তচ্যুত বা হাতছাড়া হওয়া। বেহাত হওয়া। ত্যাজ্য করা। দাবি ছাড়া।

বিণ. স্বত্ব,-হীন,-বিহীন,-শূন্য নিঃস্বত্ব। অধিকার,-হীন,-শূন্য। মালিকহীন। দাবিহীন। অস্বামিক। অনায়ত্ত অকব্জ অনধিকৃত হস্তচ্যুত বেহাত বেদখল। বেওয়ারিশ রিক্‌থহীন। বাজেয়াপ্ত। জব্দ। গ্রস্ত অভিগ্রস্ত গ্রসিত। গ্রসমান। ক্রোকি। সর্বস্বান্ত।

৭৮১। স্বত্বরক্ষা

বি. স্বত্বরক্ষা সম্পত্তি,-রক্ষণ,-রক্ষা। ধারণ। গ্রহণ রাখন। আটক। কব্জা খপ্পর মুঠি হাত। জিম্মা আমানত ন্যাস। হেফাজত সংরক্ষণ। দখল। বাঁশগাড়ি পুনর্দখল পুনরুদ্ধার পুনরধিকার।

ক্রি. সম্পত্তি রক্ষা করা বা রাখা। সংরক্ষণ করা। অধিকার করা। অধিকারে রাখা। ধরে রাখা। আঁকড়ে রাখা। বুকে করে রাখা। মাটি কামড়ে পড়ে থাকা। লেগে থাকা। দখল রাখা। কব্জায় বা মুঠোর মধ্যে রাখা। বজায় বাঁচিয়ে বা টিকিয়ে রাখা। বেঁধে রাখা। আটকে রাখা। দেখাশোনা বা হেফাজত করা। ঘটিবাটি সামলানো।

বিণ. হস্তগত করতলগত আয়ত্তাধীন। কবলীকৃত অহস্তান্তরযোগ্য অবিভাজ্য। একাট্টা। সাফ।

৭৮২। স্বত্বত্যাগ

বি. স্বত্বত্যাগ সম্পত্তিত্যাগ। দাবি,অধিকার, -ত্যাগ। নাদাবি। ইবরা ইস্তফা। দখলত্যাগ। দস্তবরদারি বাদ ছাড় রেয়াত। বর্জন (৬১৫)। দান সম্প্রদান (৭৮৬)। উৎসর্গ বিসর্জন জলাঞ্জলি। পরকীকরণ। হস্তান্তর (৭৮৫)। খারিজদাখিল।

ক্রি. সম্পত্তি দাবি স্বত্ব অধিকার বা দখল ত্যাগ করা। ছেড়ে দেওয়া। বাদ বা ছাড় দেওয়া। উড়িয়ে ফুঁকে বা ফেলে দেওয়া। বিলিয়ে দেওয়া। অপচয় করা। হস্তান্তর করা। নাম খারিজ করা। সম্পর্ক শেষ করা। হাত ধুয়ে খালাস হওয়া। ঘটিবাটি বেচে দেওয়া।

বিণ. ত্যক্ত পরিত্যক্ত। উৎসর্গীকৃত। হস্তান্তরিত।

৭৮৩। যৌথস্বত্ব

বি.যৌথ,-স্বত্ব,-মালিকানা,-অধিকার। যুক্ত, এজমালি,-স্বত্ব। অংশিত্ব অংশ অংশীদারি ভাগীদারি শরাকাত শরিকানা। যৌথকারবার। পার্টনারশিপ সম্মিলিতমূলধন জয়েন্টস্টক। সমস্বামিত্ব সমানাধিকার তুল্যস্বত্ব। কমিউনিজম সাম্যবাদ সোসলিজম সমাজতন্ত্র সম্মিলনবাদ। কোঅপারেটিভ সমবায় সম্ভূয়সমুত্থান। জাতীয়, রাষ্ট্রীয়,-করণ। অংশীদার ভাগীদার শরিক। পার্টনার। শেয়াবহোল্ডার।

ক্রি. যৌথ স্বত্ব বা অধিকার থাকা বা ভোগ করা। অংশ নেওয়া বা গ্রহণ করা। শরিক হওয়া। যোগ দেওয়া। শামিল করা বা হওয়া। এজমালি থাকা। সহযোগিতা করা। লাভ ভাগ করা। জাতীয়করণ করা।

বিণ. যৌথ যুক্ত এজমালি। একান্নবর্তী। সমান -সমান। আটআনা-আটআনা। রাষ্ট্রীয়কৃত। জাতীয়কৃত। সমাজতান্ত্রিক। সাম্যবাদী।

৭৮৪। অংশবিভাজন

বি. অংশ-বিভাজন অংশাংশি। ফারাজ। ভাগাভাগি। ভাগ বিভাগ বিভাজন বিভক্তি। বণ্টন বাঁটন বাঁটোয়ারা। বিলি বিতরণ। তকসিম। অংশ ভাগ হিস্যা সাহাম। বখরা। ভাগা হক। হকের ধন। পাওনাগণ্ডা। দেনাপাওনা। রিক্‌থ,-ভাগ উত্তরাধিকার। শেয়ার। ডিভিডেন্ড লভ্যাংশ। লট এলটমেন্ট। মাত্রা। অনুপাত। হার। কোটা। আনুপাতিক বা নির্ধারিত অংশ। রেশন সংবিভাগ। ভাতা। অধিদেয়। অংশ,-ভাক্‌,-ভাগী,-গ্রাহী, -দার। অংশী অংশহর অংশমান। শরিক। উত্তরাধিকারী।

ক্রি. অংশানো। ভাগ বণ্টন বা বিতরণ করা। অংশ বা সাহাম নির্ধারণ করা। বাঁটা। বখরা বা লাভের ভাগ দেওয়া। অর্শানো। অর্শা। বর্তানো। বর্তা। ভাগ পাওয়া। অনুপাত বা হার নির্ধারণ করা। লভ্যাংশ নির্ধারণ করা।

বিণ. অংশিত বিভক্ত। পৃথককৃত। অংশ্যমান।

ক্রি-বিণ. অংশানুক্রমে অংশাংশি ভাগ। অংশ, -অনুযায়ী। আনুপাতিক। হারাহারি। ভাগে। ভাগ্যে।

৭৮৫। হস্তান্তরণ

বি. হস্তান্তর,-ণ হাতবদল। হাতফিরি। স্বত্বান্তর, -ণ। স্বত্বনিয়োজন। পরকীকরণ স্বত্বত্যাগ। দলিল দস্তাবেজ কাগজ ডিড ডকুমেন্ট। পাট্টা কবালা সাফকবালা খোশকবালা। বয়নামা বিক্রি। নামজারি। খাইখালাসি ফেরতকবালা। আমলনামা। ইজারা পত্তন পত্তনি লিজ সেটেলমেন্ট। ভাড়া ঠিকা কটকিনা কেরায়া রেন্ট। বিনিময়। দান হেবা। সম্প্রদান উৎসর্গ। হেবা -বিল-এওজ প্রত্যর্পণ। প্রদান। বন্ধক।

ক্রি. হস্তান্তর বা হাত বদল করা। হাতফিরি করা। বিক্রি করা। কবালা দেওয়া। বায়নামা করা। আমলনামা বা পাট্টা দেওয়া। স্বত্বনিয়োগ বা আরোপ করা। ইজারা বা পত্তন দেওয়া। ভাড়া দেওয়া। বিনিময় করা। দখল দেওয়া। ফিরিয়ে দেওয়া। সম্পত্তি ফিরে যাওয়া। সম্পত্তি ফিরে

পাওয়া। অংশ বা সাহাম দেওয়া। বেদখল করা (৭৮৯)।

বিণ. হস্তান্তরযোগ্য। সম্প্রদেয়। বিনিমেয়। বিক্রিতব্য। হস্তান্তরিত। দত্ত প্রদত্ত অর্পিত ন্যস্ত উৎসর্গীকৃত।

৭৮৬। প্রদান

বি. প্রদান দেওয়া অর্পণ সমর্পণ দেওন। দাপন। স্থাপন উপস্থাপন সংস্থাপন। সরবরাহ যোগান সাপ্লাই। চাহিদাপূরণ অভাব,-মোচন,-নিবারণ, -পূরণ। আনজাম বন্দোবস্ত। দান সম্প্রদান দানখয়রাত ভিক্ষা দিৎসা বদান্যতা (৮১৯)। অনুদান মঞ্জুরি সাহায্য ভরতুকি। বোনাস অধিবৃত্তি। ভাতা হাতখরচ। আনুতোষিক পারিতোষিক প্রাইজ। নিছনি। উপহার উপায়ন উপঢৌকন উপগ্রাহ উপহরণ প্রীতিউপহার সওগাত প্রেজেন্ট গিফ্‌ট ডারি ডালি ভেট। টিপ্‌স বখশিশ ইনাম পার্বণী। নজরানা সম্মান,-মূল্য,-দক্ষিণা দক্ষিণা দর্শনী। ঘুষ উৎকোচ। খাজনা কর শুল্ক। যৌতুক কনকাঞ্জলি। দেনমোহর মোহরানা। হেবা উৎসর্জন দানপত্র অর্পণনামা। উইল ওয়াসিয়াত ইচ্ছা,চরম,-পত্র। নিবেদন। উৎসর্গ কোরবানি। সাদকা। বলিদান। ত্যাগ পরিত্যাগ পরকীকরণ। নিয়োগ বিনিয়োগ। ঋণ পরিশোধ (৮০৮)। প্রেরণ। প্রতিদান প্রত্যর্পণ (৭৯১)। বিতরণ বিলি বন্টন বাঁটন বাটোয়ারা (৭৮৩)। পরিবেশন ভোজ্য,অন্ন, বন্টন। হরির লুট। বিতরণকেন্দ্র সত্র ছত্র জল, -সত্র,-ছত্র অন্ন, সত্র, ছত্র লঙ্গরখানা দাতব্য চিকিৎসালয়। আদানপ্রদান বিনিময় (৭৯৫)।

প্রদায়ক প্রদায়ী প্রদাতা দাতা দায়ক দানকারী। প্রদাত্রী দাত্রী প্রদায়িণী প্রদায়িকা। সম্প্রদানকারী সম্প্রদাতা। সরবরাহকারী সরবরাহক যোগাড়ে যোগান,-দার,-দাতা সাপ্লায়ার। পরিবেশক পরিবেশনকারী। বিতরণকারী বিতরক বন্টনকারী। শোধ,পরিশোধ,-কারী। প্রত্যর্পণকারী প্রেরক। উৎসর্গকারী নিবেদক উৎসর্গক।

ক্রি. প্রদান করা। দেওয়া। দান করা। দিয়ে দেওয়া। অর্পণ বা সমর্পণ করা। সঁপা। সঁপে দেওয়া। সম্প্রদান করা। দেওয়ানো। উৎসর্গ বা কোরবানি করা। জানমাল কোরবানি করা। দানখয়রাত করা। অধিকার বা স্বত্ব দেওয়া। সাহায্য করা। অনুদান দেওয়া। সরবরাহ করা। যোগান দেওয়া। যোগাড় করে দেওয়া। সাপ্লাই করা। যুগিয়ে দেওয়া। পরিবেশন করা। বাড়া। বাঁটা। বিলানো। বিতরণ করা। ভাগ করে দেওয়া। বখশিশ দেওয়া। ঘুষ দেওয়া। পাঠানো। প্রেরণ করা।

বিণ. প্রদত্ত দত্ত অর্পিত ন্যস্ত সন্ন্যস্ত নিসৃষ্ট আহিত। প্রেরিত। পরিশোধিত প্রত্যর্পিত প্রতিদত্ত প্রদিষ্ট। হস্তান্তরিত। প্রদেয় দেয় দানযোগ্য দেনো দানীয় অর্পণীয় অর্প্য দাতব্য প্রতিদেয়। শোধ্য পরিশোধ্য। ফেরতযোগ্য। বিতরিত। উৎসর্গীকৃত সমর্পিত নিবেদিত। নিবেদনীয় নৈবেদ্য সমর্পণীয় ঔৎসর্গিক। দীয়মান।

৭৮৭। আদান

বি. আদান গ্রাহ গ্রহণ লওয়া লওয়ানো লওন আধান সাৎ। ধরন বরণ অভ্যর্থনা। গ্রহণেচ্ছা আদিৎসা। পরিগ্রহ,-ণ প্রতিগ্রহ,-ণ দানগ্রহণ। অপ্রত্যাখ্যান অনপক্ষেপ উদ্‌গ্রাহ। প্রাপ্তি পাওয়া পাওন প্রাপণ প্রাপ্তিযোগ আপ্তি লব্ধি উপালম্ভ অধিগম লাভ লভন অর্জন আয় (৮১১)। আদায় উশুল মহশিল ওয়াশিল। আহরণ সংগ্রহ চয়ন খুঁটন যোগাড়। প্রত্যাহরণ প্রত্যাহার। প্রত্যানয়ন। দখল

পুনর্দখল। কাড়ন ছিনতাই (৭৯০)। সু,সহজ, অনায়াস,-লভ্যতা। প্রাপ্তিস্বীকার প্রাপ্তিসংবাদ। রসিদ রিসিট দাখিলা ফারখত খত কবজ। প্রাপ্তিস্থান।

গ্রহীতা গ্রাহক গ্রাহী গ্রহণকারী গৃহয়ালু। পরিগ্রাহক। সংগ্রাহক। প্রাপক। আদায়কারী মহশিলদার উশুলকারী। প্রতিগ্রাহী প্রত্যাহারকারী পুনর্গ্রহণকারী। দখলকারী পুনর্দখলকারী। গ্রহণেচ্ছু আদিৎসু প্রেপ্সু।

ক্রি. গ্রহণ করা। লওয়া। নেওয়া। নিয়ে নেওয়া। হাতানো। ছিনানো (৭৯০)। কাড়া। কাড়াকাড়ি করা। তোলা। তুলে নেওয়া। কুড়ানো। কুড়িয়ে নেওয়া। খোঁটা। খুঁটিয়ে নেওয়া। জোটা। জোটানো। জোগাড় করা। পাওয়া। মেলা। মিলে যাওয়া। হাতে আসা। পকেটে আসা। অর্জন করা। লাভ করা। পাওয়ানো। পাইয়ে দেওয়া। বর্তানো। বর্তা। অর্শানো। অর্শা। আমদানি হওয়া। আয় হওয়া। জমা হওয়া।

বিণ. আদত্ত গৃহীত গ্রাহিত পরিগৃহীত প্রতিগ্রাহিত। ধৃত আধৃত। অর্জিত উপাত্ত লব্ধ অধিগত করায়ত্ত হস্তগত। প্রাপ্ত সম্প্রাপ্ত। সংগৃহীত। আহরিত আহৃত। প্রত্যাহৃত। আনীত প্রত্যানীত পুনরানীত। দখলিত পুনর্দখলিত। আদায়ীকৃত উশুল,-কৃত। স্বায়ত্তীকৃত আত্মসাৎকৃত। গ্রহণীয় গ্রাহ্য গ্রহণযোগ্য গৃহ্য পরিগৃহ্য প্রতিগ্রাহ্য প্রতিগ্রহণীয় অপরিত্যাজ্য অবর্জনীয় অপ্রত্যাখ্যানীয় দুষ্পরিহার্য। লভ্য উপলভ্য প্রাপ্তব্য।

৭৮৮। ঋণদান

বি. ঋণদান লগ্নির কারবার। দাদন বায়না আগাম অগ্রিম অ্যাডভান্স। কর্জেহাসানা। তাকাভি। তেজারত তেজারতি। মহাজনি সাহুকারি। সুদের -কারবার কুসীদ-ব্যবসায় বার্ধুষ্য বৃদ্ধিজীবিকা। সুদকষা। কুসীদ ব্যবহার। সরল,চক্রবৃদ্ধি,-সুদ। সুদ কুসীদ রিবা বাড়ি কলন্তর। বন্ধক রেহান রেহেন মর্টগেজ। জামিন। আমানত লগ্নক গিরবি। ঋণ,-দাতা,-দায়ক,-দ কর্জদাতা পাওনাদার পাওনিয়া উত্তমর্ণ উত্তমর্ণিক উত্তমর্ণী মহাজন। ঋণসংস্থা ব্যাঙ্ক। সুদখোর কুসীদ,-ব্যবসায়ী,-জীবী কৌসীদ কুসীদিক বৃদ্ধিজীবী বার্ধুষিক।

ক্রি. ঋণ কর্জ ধার বা হাওলাত দেওয়া। লোন দেওয়া। আগাম দাদন বা বায়না দেওয়া। ধারে বিক্রি করা। টাকা খাটানো। চোটা খাটানো। বন্ধক মর্টগেজ বা রেহান নেওয়া। বাঁধা রাখা। ভাড়া খাটানো। ঝক্কি নেওয়া। বাকি দেওয়া। বকেয়া রাখা। জামিন হওয়া। বাকি পড়া (৮০৯)।

বিণ. হাওলাত। মহাজনিক। লগ্নী। বন্ধকি। সুদি। সুদসহ।

৭৮৯। ঋণগ্রহণ

বি. ঋণগ্রহণ। ঋণ,কর্জ,-পত্র খত তমসুক বন্ধকিতমসুক বন্ধকনামা বন্ধকিখত ধারখত কট কটকবালা বন্ধকিকবলা রেহাননামা। খাইখালাসি। ডিবেঞ্চার। হ্যান্ডনোট হাতচিটে। মৌখিক ঋণ। উটনা। ঋণ,-কারী,-কর্তা,-গ্রাহী,-গ্রহিতা। অধমর্ণ দেন,দেনা,-দার। ধারী ধারক খাতক। বন্ধকদাতা রেহান মর্টগেজ। ঋণদান (৭৮৮)।

ক্রি. ঋণ কর্জ ধার দেনা বা হাওলাত করা। লোন নেওয়া। আগাম নেওয়া। ধার বা বাকিতে কেনা। বন্ধক মর্টগেজ বা রেহান দেওয়া। বাঁধা দেওয়া। আবদ্ধ করা। ভাড়া নেওয়া। অনুকরণ বা নকল করা। ব্যবহার করা। বাকি শোধ করা (৮০৮)। বাকি ফেলা (৮০৯)।

বিণ. ঋণী ঋণ,-গ্রস্ত,-মগ্ন ঋণবদ্ধ ঋণাভিভূত। আবদ্ধ আবদ্ধীয়।

৭৯০। কাড়ন

বি. কাড়ন লওয়া ছিনতাই। গ্রাস আত্মসাৎ স্বায়ত্তীকরণ। তসরুফ। ব্যপহরণ। বেদখল জবরদখল। উপগ্রহণ। অপবর্তন। প্রবঞ্চনা। উৎখাত উচ্ছেদ (২৯৯)। রিকুইজিশন হুকুমদখল। অ্যাকুইজিশন অধিগ্রহণ। জাতীয়করণ ন্যাশানালিজেশান। স্বত্বনিরসন। বাজেয়াপ্তকরণ। ক্রোক। ডিক্রিজারি। শোষণ। রক্তচোষণ। পীড়ন। ডাকাতি। দিনে-ডাকাতি। অপহরণ (৭৯২)। ডাকাত লুটেরা। রক্তচোষা। গৃধ্নু শকুনি। নেকড়ে।

ক্রি. কাড়া। কেড়ে নেওয়া। কাড়াকাড়ি করা। লওয়া। নেওয়া। নিয়ে নেওয়া। ছিনানো। ছিনিয়ে নেওয়া। ডাকাতি করা। লুট বা লুটপাট করা। হস্তগত করা। হাত করা। হাতানো। বাগানো। বগলদাবা করা। গাপ করা। হাম করা। পাকড়ানো। আঁকড়ানো। আটকানো। কব্জা করা। জব্দ করা। ছোঁ ছোবল বা থাবা মারা। ছিঁড়ে নেওয়া। হাত মুচড়ে নেওয়া। জোর করে নেওয়া। ধরা। আটক ক্রোক বা বাজেয়াপ্ত করা। ডিক্রীজারি করা। বেদখল করা। জবর দখল করা। গ্রাস আত্মসাৎ হজম বা পকেটস্থ করা। ঝাঁপা। ঝেঁপে দেওয়া। মারা। মেরে দেওয়া। টাকা মারা। বঞ্চনা করা। ফাঁকি দেওয়া। চামড়া বা খাল তোলা বা ছোঁড়া। শোষণ করা। জোরজবরদস্তি আদায় করা। ঘাড় ভাঙা।

বিণ. আত্মসাৎকৃত স্বায়ত্তীকৃত। বাজেয়াপ্ত জব্দ। কবলিত দখলিত। লুণ্ঠিত লুঠিত। আত্মসাৎকারী। উৎপীড়ক শোষক। সর্বগ্রাসী। সর্বভুক।

৭৯১। প্রত্যর্পণ

বি. প্রত্যর্পণ ফেরত ওয়াপস। পুনঃপ্রতিষ্ঠা। পুনর্বাসন। পুনরুদ্ধার পুনর্দখল। ক্ষতিপূরণ খেসারত। প্রতিবিধান প্রতিকার। প্রায়শ্চিত্ত। পরিশোধ। আদায় (৮০৮)। উদ্ধার ক্রোক খালাস। প্রত্যর্পণকারী। শোধ,পরিশোধ,-কারী। খেসারতদাতা।

ক্রি. প্রত্যর্পণ করা। ফেরত বা ফিরত দেওয়া। ফিরানো। ফিরিয়ে দেওয়া। দখল দেওয়া। ক্ষতিপূরণ বা খেসারত দেওয়া। পুনঃপ্রতিষ্ঠা করা। পুনর্বাসন করা। আদায় করা। উদ্ধার করা। ফিরে পাওয়া। ছাড়ানো মুক্ত করা। খালাস করা। ছাড়িয়ে নেওয়া। ফিরিয়ে নেওয়া। উদ্ধার করে দেওয়া। দখল ফিরিয়ে দেওয়া। দখল বুঝিয়ে দেওয়া।

বিণ. প্রত্যর্পিত পরিশোধিত প্রতিদত্ত প্রদিষ্ট। ফেরতযোগ্য পরিশোধ্য শোধ্য। পরিশোধনীয়। প্রদেয় প্রতিদেয়।

৭৯২। চুরি

বি. চুরি চৌর্য,-বৃত্তি হরণ অপহরণ পরস্বাপহরণ তাস্কর্য তাস্করবৃত্তি তস্করতা চুরিচামারি চৌরি চৌর। চোরামি চোট্টামি স্তেয় স্তেন স্তৈন স্তেন্য অবহরণ মুষা মোষণ। মহাবিদ্যা চুরিবিদ্যা। পুকুরচুরি। লুটপাট লুটতরাজ। লুণ্ঠন। ডাকাতি। দিনে-ডাকাতি। রাহাজানি দস্যুতা দস্যুবৃত্তি ছিনতাই বাটপাড়ি হাইজ্যাক। জলদস্যুতা পাইরেসি সমুদ্রচৌর্য। জালিয়াতি নকলামি। ব্যপহরণ আত্মসাৎ হজম তসরুপাত বগলদাবাই। জোচ্চুরি হাতসাফাই হাতটান। অপসারণ। পাচার চোরাচালান চোরাকারবার (৭৯৩)। ছেলে,মেয়ে, -চুরি। হরণেচ্ছা জিহীর্ষা অপহরণপ্রবণতা। অতিভক্তি।

চোরাইমাল। লুট লুটের মাল। বমাল বামাল লোত লোখ লোপ্ত্র। দায়মাল। চোর চোট্টা চুরনি চুন্নি অপহারক হর্তা তস্কর স্তেন নক্তচর। গ্রন্থিছেদক গাঁটকাটা পকেটমার পিকপকেট উচক্কা। ধন,

-হর,-হারী,-হর্তা। ডাকাত ডাকু রাহাজান ছিনতাইকারী। দস্যু জলদস্যু হার্মাদ পাইরেট বোম্বেটে। লুটেরা। লুণ্ঠনকারী। ফাঁসুড়ে ঠগী ঠ্যাঙারে। নেপো বাটপাড়। ছেঁচড় চোরছেঁচড়। জোচ্চর জালিয়াত প্রতারক তঞ্চক শঠ ফাঁকিবাজ কুম্ভিলক। ছেলেধরা। চোরাচালানি।

ক্রি. চুরি হরণ বা অপহরণ করা। চক্ষুদান করা। ডাকাতি করা। লুটে নেওয়া। লুটপাট করা। ছিনিয়ে নেওয়া। ছিনানো। ঘর ভাঙা। তালা ভাঙা। গৃহ ভেদ করা। সিঁধ দেওয়া। সিঁধ কাটা। পকেট মারা। পকেট কাটা। গাঁট কাটা। জালিয়াতি করা। নকল করা। মেকি বানানো। ফাঁকি দেওয়া। আত্মসাৎ কবা। হজম করা। টাকা মারা। মারা। মেরে দেওয়া। গায়েব করা। হাতানো। হাতসাফাই করা। গ্যাঁড়ানো। পরের মাথায় হাত বুলানো। পরেব মাথায় কাঁঠাল ভাঙা। ঘাড় ভাঙা। পথে বসানো। তসবুপাত করা। টাকা ক্যাশ সিন্দুক বা তহবিল ভাঙা। লুকানো। অপসারণ করা। সরানো। পাচার করা।

বিণ. অপহৃত হৃত চোবিত লুণ্ঠিত লুঠিত মুষিত অপহাবিত বিহৃত। হার্য হবণীয় হবণযোগ্য। চৌর চোরাই চোরা। সিঁধেল। ছিঁকো। দাগি মার্কামারা পাকাচোর। ঝানু ঘাগা ঘাগি ধাড়ি পুরাতন। জিহীর্ষু।

ক্রি-বিণ. বামাল মালসমেত। দেঁড়েমুষে।

৭৯৩। চোরাকারবার

বি. চোরাকারবাব চোরাচালান স্মাগলিং অপনয়ন পাচার। বেআইনি,-আমদানি,-রপ্তানি। বেআইনি মাদকদ্রব্যের,- আমদানি,- রপ্তানি। নারী,শিশু, -পাচার। কালোবাজারি অপণন। নিষিদ্ধপণ্য কন্ট্রাব্যান্ড। চোরাইমাল। চোরাবাজার কালোবাজার ব্ল্যাকমার্কেট। চোরাকারবারি চোরাচালান,-দার, -কারী চোরাচালানি স্মাগলার।

ক্রি. চোরাকারবার বা চোরাচালান করা। পাচার করা। চালান দেওয়া। শুল্ক ফাঁকি দেওয়া। নারী বা শিশু পাচার করা। হুমকি দিয়ে টাকা আদায় করা। গোপন কথা ফাঁস করে দেবার ভয় দেখিয়ে টাকা আদায় করা। ব্ল্যাকমেল করা। ঘুষ দেওয়া বা নেওয়া।

বিণ. নিষিদ্ধ বেআইনি। চোরা চোরাগোপ্তা।

৭৯৪। ব্যবসাবাণিজ্য

বি. ব্যবসা ব্যবসায় বাণিজ্য ব্যবসা-বাণিজ্য ব্যাপার বেসাত বেসাতি বিজনেস কারবার। ক্রয়বিক্রয় কেনাবেচা বেচাকেনা বিকিকিনি। ক্রয় (৭৯৬)। বিক্রয় (৭৯৭)। বিনিময় (৭৯৫)। পণ্য (৭৯৮)। খুচরা কারবার। পাইকারিব্যবসা হোলসেল। ডিলারশিপ। এজেন্সি দালালি। ঠিকাদারি কন্ট্রাকটরি। মজুতদারি। মহাজনিকাববার তেজারতি (৭৮৮)।

দেশীয়বাণিজ্য অন্তর্বাণিজ্য অন্তর্দেশীয়বাণিজ্য। বহির্বাণিজ্য বৈদেশিকবাণিজ্য। নৌ,সামুদ্রিক, -বাণিজ্য। বিনিময়বাণিজ্য বার্টার। একচেটিয়া, একচেটে,-ব্যবসা মনোপলি। চোরাকারবার (৭৯৪)। ব্যবসা,সওদা,-গিরি বণিগ্‌বৃত্তি সাউকারি দোকানদারি। পোদ্দারি। বৈশ্যবৃত্তি। কালোবাজাবি চোরাকারবারি (৭৯৩)। ব্যবসায়,ব্যবসা, সওদাগরি, -প্রতিষ্ঠান। ফার্ম বিজনেস হাউস হৌস কুঠি। কোম্পানি কর্পোরেশন। লিমিটেড -কোম্পানি। প্রাইভেট-লিমিটেড-কোম্পানি। অংশীদারিকারবার পার্টনারশিপ। সমবায় সম্ভূয়সমুত্থান কো-অপারেটিভ।

ব্যবসা,ব্যবসায়,-কেন্দ্র বিজনেসসেন্টার আড়ঙ্গ। গঞ্জ। পোস্তা নগরচত্বর। বাজার (৭৯৯)।

চোরাবাজার (৭৯৩)। কালোবাজার। বণিকসংঘ। চেম্বার অব কমার্স। নিগম গিল্ড।

ব্যবসায়ী ব্যবসাদার ব্যবসিক ব্যবসায়ী বণিক বানিয়া বেনে ব্যাপারী সওদাগর কারবারি সাধু সাহু,-কার সাউ,-কার সার্থ,-বাহ কেঁয়ে। বিজনেসম্যান। শ্রেষ্ঠী শেঠ। বৈশ্য। পণ্যজীবী। দোকানদার পসারি বেসাতি। বাজারি বাজারিয়া বাজারিক। হাটুরিয়া হাটুরে হাটা হাটুয়া হেটো। ফেরিওয়ালা হকার ভেণ্ডার। ক্যানভাসার। ফড়িয়া ফড়ে দালাল মুৎসদ্দি বেনিয়ান। পোদ্দার। মহাজন পাইকার হোলসেলার। পরিবেশক ডিস্ট্রিবিউটার। এজেন্ট সরবরাহকারী অর্ডারসাপ্লায়ার। ঠিকাদার কন্ট্রাকটর। স্টকিস্ট। খুচরাকারবারি রিটেলার। আড়তদার মজুতদার গোলদার। কুঠিয়াল কুঠিওয়ালা কুঠেল। ক্রেতা। বিক্রেতা। আমদানি, -কারক,-কারী। রপ্তানি,-কার,-কারক,-কারী। নৌবাণিজ্যকারী সাংযাত্রিক।

ক্রি. ব্যবসা বা বাণিজ্য করা। কেনাবেচা করা। আমদানি করা। রপ্তানি করা। চালান দেওয়া।

বিণ. ব্যবসায়িক বাণিজ্যিক। ব্যবসা,বাণিজ্য, -সংক্রান্ত। কারবারি ব্যবসাদারি সওদাগরি। পাইকারি। খুচরা খুচরো রেজা। বাজারি। আমদানিকৃত। চালানি। রপ্তানিকৃত। জাহাজী।

৭৯৫। বিনিময়

বি. বিনিময় বদল অদলবদল পালটাপালটি এক্সচেঞ্জ এয়োজ এওজ। হেবাবিল-এওজ দানপ্রতিদান। আদানপ্রদান লেনদেন লেনাদেনা। দেনাপাওনা। আলাপআলোচনা। দরাদরি। বেচাকেনা ক্রয়বিক্রয় বিকিকিনি। আমদানিরপ্তানি। অবাধবাণিজ্য। বার্টারবাণিজ্য। বিনিময়বাণিজ্য।

ক্রি. বদল বিনিময় বা এওজ করা। ডানহাত বাহাত করা। লেনদেন করা। দেওয়া নেওয়া। আলাপ-আলোচনা করা।

বিণ. বিনিময় লব্ধ। বিনিমেয়। আপমিত্যক। এওজি এওয়াজি। বিনিময়গত বিনিমিত কৃতবিনিময়।

ক্রি-বিণ. বিনিময়ে বদলে পরিবর্তে।

৭৯৬। ক্রয়

বি. ক্রয় কেনা খরিদ। কেনাকাটা মার্কেটিং। কেনার ক্ষমতা। ক্রয়,-ক্ষমতা,-সাধ্যতা। ক্রয়সীমা। ক্রয়মূল্য। জাঁকড় ফেরতযোগ্যক্রয়। নগদক্রয় রোক নগদানগদি। অগ্রক্রয়াধিকার শুফা। কিস্তিকেনা হায়ারপারচেজ। ক্রেতা খরিদ্দার খদ্দের গ্রাহক। বায়না। বায়নামা। মক্কেল পৃষ্ঠপোষক।

ক্রি. ক্রয় কেনা সওদা বা খরিদ করা। কেনাকাটা করা। বাজার করা। দোকান করা বা যাওয়া। দোকান,-পাট,-হাট করা। কিস্তিতে কেনা। ধারে বা বাকিতে কেনা। নগদ বা নগদে কেনা। ভাড়া নেওয়া দাদন বা বায়না নেওয়া। নিলাম ডাকা। নিলামে কেনা।

বিণ. ক্রীত খরিদ কেনা। ক্রয় ক্রেতব্য ক্রয়যোগ্য। ক্রয়সাধ্য। ক্রয়ক্ষম। ক্রয়েচ্ছু ক্রয়ী ক্রয়কারী ক্রায়ক ক্রয়িক। থাউকা সাপটা। খুচরা। পাইকারি। নগদ রোক। বাকি।

৭৯৭। বিক্রয়

বি. বিক্রয় বিক্রি বিকি বেচা বয় পণন বিপণন নিক্রয়। ফেরি ফিরি। রোকড় বিক্রি। জাঁকড়। নিলাম। অকশন। লাট। সাৎ সাইত বউনি। পণ্যতা কাটতি বিক্রি বাট্টা। বিক্রয়কেন্দ্র সেলসকাউন্টার। বিক্রয়মূল্য। বিক্রয়,বায়,-নামা। চালান। ক্যাশমেমো। বিক্রয়কর। বিক্রেতা সেলসম্যান সেলসগার্ল হকার ফেরিওয়ালা দোকানদার।

ক্রি. বিক্রয় বা বিক্রি করা। বেচা। বিকানো। বিকিয়ে যাওয়া। বিক্রি হওয়া। কাটা। মাল কাটা। নিলাম করা। ডাকে তোলা। নিলামে বিক্রয় করা। লাটে ওঠানো বা তোলা। ফেরি করা। খুচরা বা পাইকারি বিক্রি করা। দাম আদায় করা।

বিণ. বিক্রেয় বিক্রিতব্য পণিতব্য। বিক্রিত পণিত পণায়িত। বেচা বিক্রি। বিক্রয়লব্ধ। নিলামি।

৭৯৮। পণ্য

বি. পণ্য,-সামগ্রী,-ভার,-দ্রব্য,-সম্ভার। সওদা বেসাত পসরা। সওদা,-পত্র,-সুলুপ খরিদপত্র মাল মালপত্র সামগ্রী জিনিস বস্তুদ্রব্য চিজ। ভোগ্যপণ্য। বিলাসদ্রব্য। আসবাবপত্র। মজুতমাল। জাহাজিমাল চালানি,রপ্তানি,-মাল। চালুমাল। গোলা আড়ত গুদাম (৭৯৯)। পণ্যদ্রব্যচিহ্ন।

৭৯৯। বাজার

বি. বাজার মার্কেট। সুপারমার্কেট। হাট হট্ট। হট্টমন্দির হাটচালা হাটবাজার। বাজারহাট। পসরা দোকানপসরা গঞ্জ পোস্তা পণ্য,-বীথি,-বীথিকা। আড়ঙ্গ। মেলা। স্টকএক্সচেঞ্জ শেয়ারমার্কেট ফাটকাবাজার। তেজিমন্দি। উঠতিপড়তি। বুল বেয়ার। মন্দা ডাল ডিপ্রেসন। দোকান বিপণি আপণি আপণ পণ্য,-শালা,-বিপণি। আড়ত গদি গোলা স্টোর ডিপো গুদাম মালখানা। কুঠি হৌস। কারখানা। স্টল। কাউন্টার। শোরুম। মুদিখানা। রোকড়ের দোকান। মনিহারি দোকান। স্টেশনারি দোকান। লোহার দোকান হার্ডওয়্যারস্টোর্স। দশকর্মের দোকান। মিষ্টির দোকান। কনফেকশনারি। ওষুধের দোকান ডিসপেনসারি। গোস্তের,মাংসের,-দোকান কসাইয়ের-দোকান। কাপড়ের দোকান। বস্ত্রাগার বস্ত্রালয়। কাটাকাপড়ের দোকান। মদের দোকান শুঁড়িখানা। আবগারিদোকান। ডিপার্টমেন্টাল-স্টোর বিভাগীয়বিপণি বিপণিবিতান। হকার্স,-কর্নার, মার্কেট। মিনাবাজার। চোরাবাজার (৭৯৩)।

ক্রি. বাজার করা। বাজার বা হাট বসা। বাজার বা দোকান লাগা। বাজার ওঠা বা পড়া। বাজার চড়া (৮১৫)। বাজার মন্দা হওয়া (৮১৬)।

৮০০। অর্থ

বি. অর্থ। অর্থকোষ তহবিল নিধি ফন্ড ভাণ্ড নীব্রি। মূলধন ক্যাপিটাল আসল রেস্ত পুঁজি পুঁজিপাট্টা। রাজস্ব রেভেনিউ। টাকা,-কড়ি,-পয়সা। পয়সাকড়ি। অর্থ,ব্যয়,-বরাদ্দ। মজুত সরবরাহ সরঞ্জাম। উদ্বৃত্তি। ব্যালান্সশিট স্থিতিপত্র নিকাশনামা হিসাবনিকাশ। পাওনা প্রাপ্য। রসিদ। মুদ্রা মুদ্রাঙ্কন ধাতুমুদ্রা। স্বর্ণমুদ্রা নিষ্ক মোহর আশরফি গিনি। রৌপ্য,রজত,-মুদ্রা তঙ্কা টঙ্ক টঙ্কা তনকা দিরহাম রৌপ্যচক্র রুপোরচাকতি রুপোর,চাঁদির,-টাকা। রূপচাঁদ। টাকা রূপিয়া। পয়সা। আনা আনি। দোআনি। সিকি সিক্কা সিকা। আটানি আধুলি। কড়া কড়ি কপর্দক। পাই। ক্রান্তি। প্রচলিত,বিহিত,-মুদ্রা লিগ্যালটেন্ডার। অচল,মেকি,-টাকা কূটমুদ্রা। জালনোট। কানাকড়ি। কাগজিটাকা নোট কারেন্সিনোট। চেক। ব্যাঙ্কড্রাফট। পে-অর্ডার। মনি-অর্ডার। পোস্টাল-অর্ডার। মেল ট্রান্সফার। ক্যাশ সার্টিফিকেট। ট্রাভেলার্স চেক। হুন্ডি হ্যান্ডনোট খাড়াহুন্ডি। দর্শনীহুন্ডি। রাজহুন্ডি ট্রেজারিবিল। টোকেন। কুপন টিকিট। বিল ভাউচার পরচা।

বিদেশীয়-বিনিময় ফরেন-এক্সচেঞ্জ। বৈদেশিক মুদ্রা: আফগানি ইউয়ান ইয়েন ওন এস্কুদো কর্দোবা কিয়াট কেতজাল কোলন ক্রুজেরো

ক্রোন,-া। গিল্‌ডের গুরদ জ্যোতি ডলার ডয়েচমার্ক ড্রাক্‌মা দিনার দিরহাম পাউন্ড পেসেতা পেসো ফ্রাঁ বলিভার বাট বালবোয়া রিয়াল রূপি রূপিয়া রুবল্‌ র‍্যান্ড লিরা লেভ লেম্পিরা শিলিং শেকল সেডি সুক্রে। রেজকি রেজগি ভাংটা ভাঙানি খুচরা খুচরোপয়সা।

মুদ্রাধাতু: কাঞ্চন কনক স্বর্ণ সোনা সুবর্ণ হেম নিষ্ক রৌপ্য রূপা। তাম্র তামা নিকেল। তাল পিণ্ড বাট বুলিয়ান। টাঁকশাল মিন্ট। মুদ্রাবিদ্যা। অর্থনীতি (৮০১)। কোষাধ্যক্ষ কোষাগার। আর্থিক সংস্থান (৮০২)। ধন,-দৌলত,-বত্ন (৮০৪)। তোশা সোনাদানা। মণি মাণিক মণি,-মাণিক্য,-মুক্তা, -কাঞ্চন জহরত হীরেজহরত। হীরা হীরে হীরক। অনেক টাকা। মোটা টাকা। পেটিক্যাশ। হাতখরচ। বাকি,থোকা,নগদ,-টাকা। রোক কাঁচাটাকা ক্যাশ। বকেয়া,-টাকা। পোদ্দার ব্যাঙ্কার মহাজন। অর্থ, -কৌলিন্য,-গৌরব। টাকার,-গরম,-গরব।

ক্রি. টাকা গণা। টাকা বাড়ানো। টাকা ভাঙানো। খুচরো করা। মুদ্রাস্ফীতি হওয়া। মুদ্রাহ্রাস করা। মুদ্রা অচল করা। নতুন মুদ্রার প্রচলন করা।

বিণ. আর্থ আর্থিক অর্থনৈতিক আর্থনীতিক। অর্থকরী। বৈষয়িক। সাংস্থানিক। রাজস্বসংক্রান্ত।

৮০১। অর্থনীতি

বি. অর্থ,-নীতি,-শাস্ত্র,-তত্ত্ব,-বিদ্যা ইকনমিকস ধনবিজ্ঞান। ধ্রুপদী,সনাতনী,নব্যধ্রুপদী,-অর্থনীতি। রাজনৈতিক অর্থনীতি। পুঁজিবাদী অর্থনীতি। কেনসীয় অর্থনীতি। মানিটরি অর্থনীতি। অর্থবাদ মানিটারিজম। মার্কসবাদী,সমাজতান্ত্রিক,কল্যাণ, অর্থনীতি। মিশ্র অর্থনীতি। সামষ্টিকঅর্থনীতি ম্যাক্রোইকনমিকস্‌। ব্যষ্টিকঅর্থনীতি মাইক্রোইকনমিকস্‌। গাণিতিক বিশ্লেষণ। অর্থনীতি,-বিদ,-বিশারদ ইকনমিস্ট অর্থনীতিক অর্থতত্ত্বজ্ঞ। ধন,-বিজ্ঞানী,-বৈজ্ঞানিক। অর্থসংস্থানবিশারদ।

চাহিদা টান চাহিদাতত্ত্ব চাহিদারেখা চাহিদা -উল্লম্ফন দূরকল্পিত,ফাটকা,-চাহিদা। সরবরাহ যোগান সরবরাহরেখা।

উৎপাদন। উৎপাদন-সম্ভাবনারেখা। ক্রমহ্রাসমান প্রত্যয়বিধি। প্রান্তিক-উৎপাদন। উৎপাদন -উপকরণ: ভূমি শ্রম পুঁজি উদ্যোগ। উপকরণবাজার। ভূমিসংস্কার ভূমিব্যবহার।

শ্রমশক্তি শ্রমঅর্থনীতি। শ্রমের,-চাহিদা,-বাজার, -যোগানরেখা। মূল্যের শ্রমতত্ত্ব। উদ্বৃত্ত-মূল্য। জনশক্তি,-সম্পদ। কাম্য জনসংখ্যা। জন্মহার। শূন্যজনসংখ্যাবৃদ্ধি। ম্যালথাসিয় জনসংখ্যাতত্ত্ব। জনসংখ্যাবিদ্যা ডেমোগ্রাফি। বেকারত্ব বেরোজগারি। শ্রমনীতি। মালিক-শ্রমিক-সম্পর্ক। মজুরি। মজুরি তহবিলতত্ত্ব। আর্থিক মজুরি। প্রকৃত মজুরি।

ক্যাপিটাল। মূলধন পুঁজি। পুঁজিবাদ। মূলধনগঠন। প্রান্তিক মূলধন দক্ষতা। মূলধনব্যয়। মূলধনবাজেট। মূলধন,-সামগ্রী,-সম্ভার। পুঁজিপণ্য। সঞ্চয়। প্রান্তিক সঞ্চয়প্রবণতা। সঞ্চয় -বিনিয়োগ-সমতা। উদ্যোগ বিনিয়োগ অর্থায়ন অর্থসংস্থান (৮০২)।

উপযোগ। প্রান্তিক উপযোগ। ক্রমতাত্ত্বিক উপযোগ। ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগবিধি। ভোগ (৬৪৫)। ভোক্তার চাহিদা।

মূল্য (৮১৩)। মূল্যের ভারসাম্য। ভর্তুকি।

বাজার (৭৯৯)। পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার। একচেটিয়া,একাধিকক্রেতা,দ্বিক্রেতা, স্বল্পক্রেতা, স্বল্পবিক্রেতা,-বাজার। খোলাবাজার। বাজার ভারসাম্য। বাজার-অর্থনীতি। বাণিজ্য (৭৯৪)। বাণিজ্য-চক্র। আন্তর্জাতিক বাণিজ্যতত্ত্ব।

পরিব্যয়। তুলনামূলক পরিব্যয়নীতি। উপকরণ পরিব্যয়। একক পরিব্যয়। ব্যবহারকারীর পরিব্যয়। পরিবর্তনশীল পরিব্যয়। সমপরিব্যয়রেখা। প্রান্তিক পরিব্যয়। প্রান্তিক উৎপাদনপরিব্যয়।

মুদ্রা (৮০০)। মুদ্রানীতি। মুদ্রাহ্রাস। মুদ্রাস্ফীতি। মুদ্রা-অবক্ষয়। সরীসৃপ-মুদ্রাস্ফীতি। চাহিদা -উল্লম্ফন-মুদ্রাস্ফীতি। অর্থচাহিদা। অর্থসরবরাহ। সক্রিয় অর্থসরবরাহ। বিহিতমুদ্রা লিগাল-টেন্ডার। আর্থিক অর্থনীতি। মুদ্রানীতি। মুদ্রাবিষয়ক অর্থনীতি। নগদঅর্থ লিকুইডিটি। নগদ-অর্থ-নিয়ন্ত্রণ।

জাতীয়আয়। সম্পদ। প্রাকৃতিক সম্পদ। সম্পদোৎস। অভ্যন্তরীণ-সম্পদ-আহরণ। আর্থনীতিক অর্থনৈতিক প্রবৃদ্ধি। প্রবৃদ্ধির হার। রাজস্ব। কর শুল্ক (৮০৩)। জাতীয় ব্যয়। জাতীয় দেনা। বাজেট। ঘাটতি বাজেট।

পরিকল্পনা (৬৩২)। প্রকল্প,-সনাক্তকরণ, -প্রণয়ন,-বাস্তবায়ন। পরিসংখ্যান। অত্যাবশ্যকীয় পরিসংখ্যান। সার্ভে শুমার। বেসরকারি খাত। সরকারি খাত। জাতীয়করণ। রাষ্ট্রীয় মালিকানাধীন উদ্যোগ। ব্যক্তিমালিকানাধীন উদ্যোগ। বহুজাতিক -প্রতিষ্ঠান। শিল্পনীতি। বৈদেশিক-সাহায্য। ব্যক্তিক-সুবিধা। সামাজিক-সুবিধা। অনাপেক্ষিক -সুবিধা। ভারসাম্য।

৮০২। অর্থসংস্থান

বি. অর্থসংস্থান ফিন্যান্স অর্থায়ন অর্থবরাদ্দ ব্যয়বরাদ্দ। অর্থসাহায্য মঞ্জুরি অনুদান। পৃষ্ঠপোষকতা স্পন্সারশিপ প্রোমোশান। ঘাটতি অর্থসংস্থান। বিনিয়োগ ধন,-বিনিয়োগ,-নিয়োগ, -প্রয়োগ অর্থ,-প্রয়োগ,-বিনিয়োগ। লগ্নি অর্থলগ্নি লগ্নীকরণ। অর্থনিয়োগ নিয়োজন ইনভেস্টমেন্ট সম্প্রয়োগ। ভর্তুকি। প্রতিপূরক-নিধি সিংকিংফান্ড। শেয়ার শেয়ারমার্কেট ফাটকা ফাটকাবাজার। ফাটকাবাজি। তেজারত তেজারতি। বন্ধকি,-কারবার। স্টক। মিউচুয়াল -ফান্ড। ইউনিট-ট্রাস্ট। নীবি। মূলধন আসল। ঝুঁকি। ঝুঁকির মাশুল। মহাজনিব্যবসা ঋণসংস্থা ব্যাঙ্কিং ব্যাঙ্কব্যবস্থা বিনিয়োগব্যাঙ্কিং।

আর্থনীতিক সংকট। মুদ্রাসংকট। ব্যাঙ্কার মহাজন পোদ্দার। কোষাধ্যক্ষ ধনপাল কোষ,-পাল,-রক্ষক ট্রেজারার। খাজাঞ্চি তহবিলদার ক্যাশিয়ার। ভাণ্ডারী মুদ্রারক্ষক মুনিম। রিসিভার। লিক্যুইডেটর। ট্রাস্টি আমানতদার। হিসাবরক্ষক। অর্থমন্ত্রী। কোষাগার কোষ রাজকোষ ট্রেজারি। ধনভাণ্ডার ধনাগার ধনাধার তহবিল তহসিল তসিল তোশাখানা। খাজাঞ্চিখানা মালখানা খাজনাখানা দৌলতখানা। রত্নভাণ্ডার মণি, -কোঠা,-মণ্ডপ বসুস্থলী। নিধি ভাণ্ডার। বাক্স সিন্দুক আলমারি। হাতবাক্স। বন্ড সার্টিফিকেট। নিরাপদ ঋণপত্র। ব্যাঙ্ক রিজার্ভ-ব্যাঙ্ক কেন্দ্রীয় -ব্যাঙ্ক। বাণিজ্যিক-ব্যাঙ্ক। সেভিংস-ব্যাঙ্ক। সঞ্চয়সংস্থা সঞ্চয়ব্যবস্থা। বিমা জীবনবিমা সাধারণবিমা। প্রভিডেন্ট ফান্ড। পকেট মানিব্যাগ থলে পার্স টাকার-থলি। ট্যাঁক গেঁজ। অর্থসংস্থানকারী। অর্থবিনিয়োগকারী। বিনিয়োগ, অর্থনিয়োগ,নিয়োজন,-কারী।

ক্রি. অর্থসংস্থান করা। লগ্নি বা অর্থলগ্নি করা। পৃষ্ঠপোষকতা করা। পৃষ্ঠপোষক হওয়া। বিনিয়োগ করা। টাকা খাটানো। খাটানো। টাকা ঢালা। নিয়োগ করা। জমানো। জমা করা।

বিণ. আর্থিক। বিনিয়োজিত নিয়োজিত। লগ্নি। বন্ধকি। বিশ্বাসযোগ্য। দায়িত্বশীল। ধনসম্পন্ন।

৮০৩। কর

বি. কর শুল্ক কর ট্যাক্স শুল্ক। প্রত্যক্ষ,পরোক্ষ,-কর রাজস্ব রাজকর করজ রাজস্ব রেভিনিউ খাজনা সালিয়ানা মালগুজারি। খারাজ খিরাজ তহসিল তাহুত। নগদান খাজনা। অধিদেয় সেস উপ,অধি,-কর। টোল কুত। তোলা আপণিক। পথ,-কর,-শুল্ক রোডট্যাক্স। বনকর। জলকর। ফলকর বাগাতি। লবণকর। সারিয়াত মহল। বিক্রয়কর সেলস্‌ট্যাক্স। প্রতিশীর্ষকর ক্যাপিটেশন-ট্যাক্স।

আয়কর ইনকামট্যাক্স। করযোগ্য,-আয়,-পরিমাণ। সম্পদকর ওয়েলথ্‌ট্যাক্স সম্পত্তিকর। দানকর গিফ্‌টট্যাক্স। মুনাফাকর। উন্নয়নকর। উত্তরাধিকারকর।

শুল্ক ডিউটি। সম্পদশুল্ক এস্টেটডিউটি। স্ট্যাম্পডিউটি মুদ্রাঙ্কশুল্ক। প্রতিশুল্ক কাউন্টার -ভেইলিং-ডিউটি।

বহিঃশুল্ক কাস্টমস-ডিউটি। আমদানি,রপ্তানি,-শুল্ক। পণ্যশুল্ক উৎপাদনশুল্ক একসাইজডিউটি আবগারি। পণ্য-প্রবেশকর অকটরয় এন্ট্রিট্যাক্স চুঙ্গিকর। জিজিয়া। পিটুনিকর পিউনিটিভট্যাক্স। পৌরকর মিউনিসিপ্যাল-ট্যাক্স। অতিরিক্তকর সারচার্জ আবওয়াব। চৌথ। ফি লাইসেন্স-ফি। বিলম্বশুল্ক ডিমারেজ। শুল্কালয় চুঙ্গিঘর। কর,-গ্রহ,-গ্রহণ খাজনা। আদায় তহসিলদারি পাটোয়ারি। করগ্রাহক খাজনাআদায়কারী আমলাদার। তহসিল,তসিল,-দার। মজুমদার পাটোয়ার দেওয়ান। শৌল্ক শৌল্কিক। কর,-দাতা,-দানকারী।

করনীতি। করারোপণ করাধান। করকাঠামো করভিত্তি করভার করহার। কর-অবকাশ করমুক্তি।

বিণ. করদ করযোগ্য। করদেয়। কর,-যুক্ত,-সমেত। শুল্কসমেত। শুল্কসাপেক্ষ। করপীড়িত। করমুক্ত।

৮০৪। ধন

বি. ধন দৌলত বিত্ত সম্পদ শ্রী স্ব ঐশ্বর্য বিভব বৈভব বিভূতি। ধন,-দৌলত,-সম্পদ,-সম্পত্তি ধনপত্র ধনরত্ন। গুপ্তধন নিহিতধন। ধন,-বত্তা,-শালিতা। বৈভব,ঐশ্বর্য,সমৃদ্ধ,-শালিতা। টাকা,-কড়ি,-পয়সা। সম্পত্তি বিষয়আশয় মালমাত্তা জমিজমা। পরিসম্পৎ। অর্থ (৮০২)। পুঁজিপাট্টা। সঞ্চয়। সংগতি সাংগত্য সহায় সম্বল সংস্থান যোত্র পাথেয় রসদ। খোরপোষ অন্নবস্ত্র গ্রাসাচ্ছাদন ভরণপোষণ। রুটি রোজগার আয় জীবিকা। সচ্ছলতা আর্থিক,-সচ্ছলতা,-স্বাচ্ছন্দ্য। অর্থ,ধন,-বল অর্থসামর্থ্য। টাকার,পয়সার,পকেটের,-জোর। সুসার। প্রাচুর্য। রমরমা। সমৃদ্ধি সুখ,-সমৃদ্ধি। টাকার,-গরম,-গর্ব,-দেমাক। ধন,-দর্প,-গর্ব,-গৌরব,-গরিমা,-মদ। অর্থ,-দর্প,-গৌরব,-গরিমা। ধন,-লোভ,-লালসা,-লিপ্সা,-তৃষ্ণা,-পিপাসা। অর্থ,-লোভ,-লিপ্সা,-লালসা,-স্পৃহা,-কাম,-পিপাসা,-গৃধ্নুতা। ধনিক,-শ্রেণী,-সম্প্রদায়,-গোষ্ঠী পুঁজিপতি। মহাজন সাউকার আঢ্য আণ্ডিল শ্রেষ্ঠী শেঠ। রাজা। টাকার কুমির। ধনদেবতা কুবের যক্ষরাজ। ধনের অধিষ্ঠাত্রী দেবী:

ক্রি. ধনী বা বড়লোক হওয়া। টাকা করা বা বানানো। টাকায় গড়াগড়ি দেওয়া। দুধেভাতে থাকা। নিজের পকেটে পুরা। থলে ভর্তি করা। টাকার পূজা করা।

বিণ. ধনী ধনিক ধনাঢ্য ধন,-বান,-শালী,-পতি,-স্বামী। বিত্ত,-বান,-শালী। অর্থ,-বান,-শালী অর্থী

অর্থান্বিত সার্থ আঢ্য আণ্ডিল। ঐশ্বর্য,-বান,-শালী ঐশ্বর্যান্বিত সম্পদ,সম্পত্তি,-শালী দৌলতদার। সমৃদ্ধ,-শালী সমৃদ্ধ ঋদ্ধ ঋদ্ধিমান যোত্র,-পতি, -বান,-সম্পন্ন সম্পন্ন সংগতিপন্ন অবস্থা,-বান, -সম্পন্ন অবস্থাপন্ন অস্তিমান শাঁসালো। আলাল। বিষয়ী মালদার। বড়,-লোক,-মানুষ। তালেবর। কড়িয়াল। পয়সা,টাকা,-ওয়ালা। লক্ষ,লাখো, -পতি ক্রোড়,কোটি,-পতি। ধনকুবের ধনেশ ধনেশ্বর। ধন,-দৃপ্ত,-গর্বিত। ঐশ্বর্য,-মত্ত,-গর্বিত। অর্থগৃধ্নু (৮২০)। ধনদ ধনদায়ক।

৮০৫। দারিদ্র্য

বি. দারিদ্র্য দরিদ্রতা,-ত্ব গরিবি গরিবানা। দৈন্য দীনতা দৈন্যদশা অকিঞ্চন,-তা,-ত্ব আকিঞ্চন মন্যু। নির্ধনতা নৈঃস্ব নিঃস্বতা। নিঃসম্বলতা। অভাব অনটন অকুলন অকুলান টানাটানি অসচ্ছলতা। ধনকষ্ট অর্থ,-কষ্ট,-কৃচ্ছ্র। অর্থাভাব। হাত,ট্যাঁক,পকেট,-খালি। শূন্য,খালি,-হাত। হাঁড়ির হাল। ভাঁড়ে মা ভবানী। অলক্ষ্মীর দশা। অর্থ,-চিন্তা,-সংকট,-সমস্যা। অলাভ অপ্রাপ্তি। ভিক্ষুক ভিখারী কাঙাল কাঙালি ফকির মিশকিন। টোকাই। পথের কুকুর। ভিক্ষাবৃত্তি কাঙালপনা উঞ্ছ,-বৃত্তি,-জীবিতা। অন্নাভাব। পেটের দায়। আশ্রয়হীনতা আশ্রয়াভাব নিরাশ্রয়তা। অসহায়তা নিঃসহায়তা। অনাথ এতিম পিতৃহীন। সর্বহারা, -সমাজ দরিদ্র,-সমাজ,-জন। দারিদ্র্যসীমা। চির, -দারিদ্র্য,-দৈন্য।

ক্রি. দরিদ্র বা গরিব হওয়া। অভাবে পড়া। অভাব অনটন বা অকুলন হওয়া। টায়টায় চলা। ডানে আনতে বাঁয়ে না কুলানো। নুন আনতে পান্তা ফুরনো। না চলা। হাঁড়ি না চলা। হাত খালি হওয়া। দেনাগ্রস্ত হওয়া। পথে বসা। পথে পথে ঘুরে বেড়ানো। দরিদ্র বা গরিব করা। নিঃস্ব করা। ধ্বংসে করা। সর্বনাশ করা। পথে বসানো।

বিণ. দরিদ্র গরিবি দীন দীন,-হীন,-দুঃখী,-দরিদ্র হতদরিদ্র গরিব,-দুঃখী,-গুরবো নিঃসহায় নিরালম্ব নিঃসম্বল সম্বল,সংস্থান,সহায়,-হীন। নিরাশ্রয় অনাশ্রয় নিগৃহ। অশরণ অবলম্বনহীন নিরবলম্ব নাচার। কম্বলসম্বল। হাঘরে হাঘর হাভাতে। পথের ভিখারি। অসচ্ছল রিক্তহস্ত কপর্দকহীন নিকড়ে। পকেটখালি হাতখালি। ধন,বিত্ত,সম্পদ, -হীন অধন নির্ধন নিঃস্ব। কাঙাল কাঙালি। ঋণ,দেনা,-গ্রস্ত দেউলিয়া ফতুর সর্বস্বান্ত সর্বস্বহারা হৃতসর্বস্ব। অনাথ। আতুর। দুর্গত দুর্ভাগা দুরবস্থ (৭০৪)। বঞ্চিত শোষিত। নিরন্ন অন্নহীন ভুখা। উঞ্ছ,-জীবী,-শীল। কুড়ানি পাতকুড়ানি। দরিদ্রিত নির্ধনীকৃত দুর্দশাগ্রস্ত। নিম্নবিত্ত। সংগতিহীন। নাস্তিমান। সর্বহারা। ছারখার।

৮০৬। জমা

বি. জমা আকলন ক্রেডিট। জিম্মা হাওলা হেফাজত আমানত ট্রাস্ট ন্যাস। হিসাব। জাঁকড়। ক্রেডিটপত্র আকলনপত্র আকলনস্থিতি জমাবাকি কাগজি-আকলন। পূর্বস্বত্ব লিয়েন। মর্টগেজ রেহান বন্ধক। ড্রাফ্‌ট হুন্ডি। উত্তমর্ণ মহাজন পাওনাদার। ইজারাদার। মালিক। মর্টগেজ গ্রহিতা। সঞ্চয় সঞ্চয়ন। পুঁজি পুঁজিকরণ। মজুতদারি। সঞ্চয়,-ব্যবস্থা,-সংস্থা। ব্যাঙ্ক। সেভিংস ব্যাঙ্ক। বিমা জীবনবিমা। প্রভিডেন্ট-ফান্ড ভবিষ্য-তহবিল।

ক্রি. জমা দেওয়া। ন্যস্ত করা। আমানত দেওয়া। হিসাব বা খাতায় জমা দেওয়া। জমা নেওয়া। বিশ্বাস করে নেওয়া বা দেওয়া।

বিণ. জমা। আকলিত। জমাকৃত।

ক্রি-বিণ. জমাখাতে। খাতায়।

৮০৭। ঋণ

বি. ঋণ কর্জ ধার দেনা হাওলাত। সরকারি,রাষ্ট্রীয়, জাতীয়,-ঋণ। বন্ধক রেহান মর্টগেজ। ঋণিতা ঋণগ্রস্ততা ঋণ,-দায়,-জাল,-পাশ দেনার-দায়। দেয়তা দায়িত্ব। ডেবিট বিকলন। ঘাটতি ন্যূনতা ঊনতা কমতি। বকেয়া। দেউলিয়াত্ব মুফলিসি ইনসলভেন্সি। অনাদেয়-দায়। ঋণগ্রহণ (৭৮৯)। ঋণ দান (৭৮৮)। সুদ (৭৮৮)।

ক্রি. ধারা। ধার ধারা। বাকি পড়া। ঋণে ডুবে থাকা। ঋণগ্রস্ত বা দায়গ্রস্ত হওয়া। দায়ী হওয়া। জামিন হওয়া। দায়িত্ব নেওয়া। অসুবিধায় পড়া। ঋণ করা (৭৮৯)। ঋণ চাপানো।

বিণ. ঋণী (৭৮৮)। দেউলিয়া দেউলে মফলেস ইনসলভেন্ট। পাঁপর পপার। শোধ্য পরিশোধ্য (৮০৮)। অপরিশোধিত (৮০৯)। প্রাপ্য পাওনা। ঋণ,ঋণদায়, -বদ্ধ। বাঁধা রেহেনাবদ্ধ আধীকৃত।

৮০৮। ঋণ পরিশোধ

বি. পরিশোধ শোধ। ঋণ,দেনা,পাওনা,বাকি, -শোধ। প্রাপ্য প্রদান। নগদ,-হিসাব,-বিদায়। বোকশোধ। শোধবোধ। অগ্রিমপ্রদান। আদায় উশুল ওয়াশিল। আনৃণ্য ঋণ,-রাহিত্য,-হীনতা। দায়,ঋণ,-মুক্তি। ক্রোকখালাস। প্রাপ্তিস্বীকার রসিদ ভাউচার প্রমাণক। চেকমুড়ি। নিষ্কৃতি রেহাই ছাড়ান কাটান।

ক্রি. পরিশোধ বা শোধ করা। ঋণ ধার দেনা বা কর্জ শোধ করা। বাকি বা বকেয়া শোধ করা। প্রাপ্য বা পাওনা প্রদান করা। পাওনা দেওয়া। নগদ দেওয়া। নগদ রোক দেওয়া। দাম মজুরি বা বেতন মেটানো। ধার চুকানো। মিটিয়ে ফেলা। আদায় উশুল বা ওয়াশিল করা। হিসাব মেটানো বা চুকানো। বুজু দেওয়া। তাগাদা দেওয়া। বাকি আদায় করা। কড়ায় গণ্ডায় আদায় করা। সুদে আসলে আদায় করা। শোধ পরিশোধ বা কাটান যাওয়া। কাটান দেওয়া। গায়েগায়ে শোধ করা। অব্যাহতি নিষ্কৃতি বা ছাড় দেওয়া। মুক্ত করা। খালাস দেওয়া। প্রাপ্তিস্বীকার করা।

বিণ. ঋণ,দেনা,দায়,কর্জ,-মুক্ত। অঋণী অঋণ অনৃণ অনৃণী। ঋণহীন। খালাস। পরিশোধিত। আদায় উশুল ওয়াশিল। নগদ রোক। অগ্রিম আগাম। সচ্ছল। অদেয় অপরিশোধ্য অপরিশোধনীয়।

৮০৯। ঋণ অপরিশোধ

বি. অপরিশোধ অশোধন বকেয়া বাকি,-জায়, -বকেয়া। বিলাতবাকী জের। অনাদায়। খেলাফ কিস্তিখেলাফ ছ্যাঁচড়ামি। অক্ষমতা দেউলিয়াত্ব ইনসলভেন্সি মফলেসি। প্রতিবাদ আপত্তি। অস্বীকার। প্রত্যাখ্যান। ব্যপহরণ তসরুপাত।

ক্রি. পরিশোধ বা শোধ না করা। বাকি রাখা ফেলা বা হওয়া। দেয় বাকি রাখা। বাকি শোধ না করা। প্রাপ্য বা পাওনা না দেওয়া। দাম মজুরি বা বেতন না দেওয়া। না পাওয়া। কেটে রাখা। ঋণ অস্বীকার করা। হিসাবে আপত্তি বা প্রতিবাদ করা। শোধ করতে না পারা। বাকিপড়া। দেউলিয়া হওয়া। লালবাতি জ্বালানো। লাটে ওঠানো বা তোলা। গণেশ উল্টানো।

বিণ. বাকি বকেয়াবন্দী। প্রাপ্য পাওনা দেয়। অনাদেয় অপরিশোধিত। খেলাফি ফতুর দেউলিয়া নাতোয়ান যোত্রহীন। ছ্যাঁচড়া। ঋণগ্রস্ত।

৮১০। ব্যয়

বি. ব্যয় ব্যয়ন অর্থব্যয় খরচ খরচা খরচখরচা খরচা,-পত্র,-পাতি। সংসার,ঘর,-খরচ। খাইখরচ

খোরাকি। রাহাখরচ। হাত,-খরচ,-খরচা। মিতব্যয় (৮১৭)। ত,বাজে,-খরচ। অপ,অনর্থক, বৃথা,-ব্যয়। অমিতব্যয় (৮১৭)। ব্যয়,-বাহুল্য, -বহুলতা ব্যয়াধিক্য। ব্যয়ের,খরচের,-বহর।

ক্রি. ব্যয় খরচ বা খরচা করা। খরচ হওয়া। খরচাপাতি করা। পাওনা বা দেয় দেওয়া। বেতন বা মজুরি দেওয়া। ক্ষতিপূরণ করা। দান করা। চাঁদা দেওয়া। বিনিয়োগ করা। টাকা খাটানো। কেনাকাটা করা (৭৯৬)। দাম দেওয়া (৮১৩)। ভাড়া দেওয়া। ঋণ পরিশোধ করা (৮০৮)।

বিণ. ব্যয়িত ক্ষয়িত। ব্যয়ী ব্যয়শীল খরচিয়া খরচে। ব্যয়,খরচা,-সাপেক্ষ। ব্যয়সাধ্য। ব্যয়বহুল দামি মহার্ঘ (৮১৫)। অমিতব্যয়ী।

৮১১। আয়

বি. আয় ধনাগম অর্থাগম অর্থ,-লাভ,-প্রাপ্তি আমদানি। উৎপাদন ফসল। পাওনা প্রাপ্য বখরা ভাগা হক হকেরধন পাওনাগণ্ডা দেনাপাওনা শেয়ার ভাগ অংশ হিস্যা রিকথ,-ভাগ উত্তরাধিকার। আদায়। উপস্বত্ব লাভ মুনাফা আসাদন। রাজস্ব কর শুল্ক (৮০৩)। খাজনা আবওয়াব লহনা। পুরস্কার পারিতোষিক প্রাইজ আনুতোষিক। বেতন মাইনে পারিশ্রমিক। ভাতা অ্যালাউন্স মাগ্‌গিভাতা দুর্মূল্যভাতা। দক্ষিণা পেলা। প্রণামী। সম্মানমূল্য। ভিজিট। বোনাস অধিবৃত্ত অনুদান। ভরতুকি। পেনশন অবসরভাতা উত্তরবেতন। বৃত্তি জলপানি স্কলারশিপ। স্টাইপেন্ড অধিবৃত্তি। সালামি প্রিমিয়াম পাগড়ি। পেশকস নজর নজরানা। বর্ষহারা। মাসোহারা। ভাতকাপড় থাকাখাওয়া। খোরপোশ ভরণপোষণ। অজিফা। অ্যালিমনি। প্রাপ্তিস্বীকার রসিদ রিসিট রোকা প্রাপ্তিসংবাদ।

ক্রি. আয় করা। আয় হওয়া। রোজগার বা উপার্জন করা হওয়া। উৎপন্ন হওয়া। আমদানি হওয়া। ফল লাভ বা ফায়দা হওয়া। ফল ফলা। লাভ বা মুনাফা হওয়া। ফসল ওঠানো। টাকা করা। টাকা তোলা। টাকা পাওয়া বা হওয়া। খাজনা ভাড়া বা কেরায়া পাওয়া। বেতন পাওয়া। উপরি রোজগার হওয়া। রসিদ দেওয়া।

বিণ. উপার্জিত অর্জিত প্রাপ্ত লব্ধ লভিত প্রাপিত উপলব্ধ উপাত্ত আত্ত গমিত সম্প্রাপ্ত সমালব্ধ। হস্তগত করায়ত্ত অধিগত। লাভ,-দায়ক,-জনক। আয়প্রদ। ফল,-দায়ক,-প্রসূ। অর্থকরী। লভ্য প্রাপ্তব্য প্রাপণীয় প্রাপ্য প্রাপ্তিযোগ্য উপলভ্য অধিগম্য।

৮১২। হিসাব

বি. হিসাব হিসেব হিসাব,হিসেব,-নিকাশ জায়। হিসাবকেতাব। সূক্ষ্মহিসাব কড়াক্রান্তি। গণনা (৮২)। গোসোয়ারা সংক্ষিপ্তহিসাব। হিসাবশাস্ত্র অ্যাকাউন্ট্যান্সি। হিসাবরক্ষণ বুককিপিং। একতরফা,দুতরফা,-দাখিলা হিসাবপদ্ধতি। ব্যয়বরাদ্দ বরাদ্দ বাজেট আয়ব্যয়ক আঁটসাঁট। জমাখরচ ডেবিটক্রেডিট। আয়ব্যয়। লেনদেন দেনাপাওনা। লাভালাভ লাভ,-লোকসান,-ক্ষতি। জের হিসাবের,-বহি,-বই,-খাতা। খেরোখাতা। জাবেদা,-খাতা,-বই। খতিয়ান,লেজার। তুমার রোকড়। নগদানবহি ক্যাশবুক খুচরানগদানবহি। হস্তবুদ জমাবন্দি চিঁটা তৌজি,রেওয়া,-মিল। জমাপত্র ভাউচার। আকলনপত্র জমাবাকি ক্রেডিটব্যাল্যান্স। বিকলনস্থিতি ফাজিলবাকি ডেবিটব্যালান্স। খাত হেড-অব-অ্যাকাউন্ট। আয়ব্যয়েরহিসাব নিকাশনামা স্থিতিপত্র ব্যাল্যান্সশিট। সালতামামি। হিসাবপরীক্ষা অডিট।

হিসাবপরীক্ষক অডিটর। মহাহিসাব পরীক্ষক। চার্টার্ডঅ্যাকাউন্ট্যান্ট সনদপ্রাপ্তহিসাবপরীক্ষক। হিসাব,-রক্ষক,-নবিশ অ্যাকাউন্ট্যান্ট। তুমার,-রক্ষক,-নবিশ আঁটসাঁটনবিশ।

ক্রি. হিসেব রাখা বা করা। হিসেব দেওয়া বা মেলানো। খাতায় রাখা। খাতা লেখা। খাতায় তোলা বা ওঠানো। জমা করা। লেখাজোখা করা। আয়খাতে বা ব্যয়খাতে লেখা। খতানো। খতিয়ে দেখা। জমাখরচ বা ব্যালান্স টানা। স্থিতিপত্র স্থির করা। বাকি কাটা। হিসেব পরীক্ষা বা অডিট করা। হিসেব নেওয়া। হিসেব মেটানো বা চুকানো। জের টানা।

বিণ. হিসাবি হিসেবি। হিসাববহির্ভূত বেহিসাবি।

ক্রি-বিণ. হিসাব,-মাফিক,-মতো। হিসাবে হিসেবে।

৮১৩। মূল্য

বি. মূল্য দাম কিমত নিষ্ক্রয় নিরিখ অর্ঘ দর পণ হার ভাও রেট পড়তা। রজতমূল্য। কাঞ্চনমূল্য। এক,-দর,-দাম। বাঁধা,-দর,-দাম স্থিরমূল্য। অধি,-হার,-মূল্য। নিষ্ক্রীতমূল্য। মূল্যতালিকা। দরপত্র টেন্ডার। কোটেশান উদ্ধৃতি। বাজারদর। পাইকারি দর। খুচরা দর। খোলার দাম। বন্ধের দাম। বিক্রয়,-মূল্য,-দাম। বেচার দাম। ক্রয়, খরিদ,কেনা,-দাম। দর,-দাম,-দস্তুর। হিসাব। মূল্যায়ন মূল্যনির্ধারণ। পরিভৃতি পারিশ্রমিক ভৃতি বেতন তনখা দরমাহা মাহিয়ানা মাহিনা মাইনা মাসোহারা। রোজ অজুরা মজুরি। বউনি। কামানি। কাটাই। ধোলাই। বানি। দর্শনী ভিজিট। প্রবেশমূল্য প্রবেশিকা টিকিট। বিদায় দক্ষিণা। দালালি। ভাড়া কেরায়া। গুদামভাড়া। ফ্রেইট জাহাজভাড়া। তরপণ্য পারানি খেয়ারকড়ি। গাড়িভাড়া। মাশুল। কর শুল্ক (৮০৩)। দেয়ক ফি রসুম। তোলা। চাঁদা। অধিদেয় বাট্টা বাটা কমিশন তহরি দস্তুরি। সালামি পাগড়ি পেশকস নজর নজরানা। পাট্টাসালামি মুসমা।

ক্রি. মূল্য দাম বা দর ঠিক নির্ধারণ বা নিরূপণ করা। মূল্যায়ন করা। দাম ধরা। দাম চাওয়া। দর ঠিক নির্ধারণ বা নিরূপণ করা। মূল্যায়ন করা। দাম ধরা। দাম চাওয়া। দর বা দাম পাওয়া। যাচাই করা। দরাদরি দামাদামি দরহাঁকাহাঁকি দরকষাকষি রগড়ারগড়ি বা আঁটাআঁটি করা। দাম পড়া বা কমা (৮১৪)। দাম বাড়া (৮১৫)। দাম কমাবাড়া। বাজার চড়া। বাজারে আগুন লাগা। দাম দেওয়া। কর বা শুল্ক ধার্য বা আরোপ করা বা চাপানো।

বিণ. মূল্যবান দামি বহুমূল্য মহার্ঘ (৮১৫)। সস্তা সুলভ (৮১৬)। করযোগ্য। করদেয়। ভাড়াটে।

৮১৪। অবহার

বি. অবহার মূল্যহ্রাস পড়তি অবচয় অবমূল্যায়ন। মন্দা মন্দি অতিমন্দা ডিপ্রেসন ডাল বাজারমন্দা। মুজরা। অধিদেয়। বাট্টা কমিশন তহরি। দস্তুরি। দালালি। রেয়াত। বাদসাদ ছাড়,-ছোড় ধরতি ধরাট অবহৃতক রিবেট।

ক্রি. দাম কমা। দাম কমানো। মূল্য হ্রাস করা। বাদসাদ দেওয়া। ধরে দেওয়া। বাট্টা কমিশন বা দস্তুরি কাটা। রিবেট দেওয়া। কেনা দামের কমে ছাড়া। বাজার মন্দা হওয়া।

বিণ. বেহাসিল। বেমাশুল।

৮১৫। মহার্ঘতা

বি. মহার্ঘতা। অধিমূল্য। উচ্চমূল্য অগ্নিমূল্য বেশি,আকাশছোঁয়া,গলাকাটা,-দাম। দুর্মূল্যতা। দুষ্প্রাপ্যতা দুর্লভতা অপ্রাপ্যতা। উঠতি তেজি তেজিবাজার গরমবাজার। মাগগিগণ্ডার বাজার।

ক্রি. বেশি দাম নেওয়া বা দেওয়া। পকেট কাটা। রক্ত চোষা। বেশি মুনাফা করা। বাজার চড়া বা গরম হওয়া। দাম বাড়া বা চড়া। বাজারে আগুন লাগা। বাজার থেকে উধাও হওয়া। উড়ে যাওয়া। পাওয়া না যাওয়া।

বিণ. মহার্ঘ মহার্হ দুর্মূল্য অক্রেয় আক্রা চড়া কড়া মাঙ্গা মাগগি অগ্নিমূল্য। উচ্চ,মহা,বহু,-মূল্য। ব্যয়,-সাধ্য,-সাপেক্ষ,-বহুল দামি সায়বানি। অমূল্য অনর্ঘ মূল্যাতীত মহামূল্যবান। দুর্মূল্য দুষ্প্রাপ্য। অসুলভ। আয়াসলভ্য কষ্টলভ্য কষ্টার্জিত।

ক্রি-বিণ. উচ্চ,বেশি,-দামে অধিকমূল্যে। প্রভূত ব্যয়ে।

৮১৬। সুলভ্যতা

বি. সুলভ্যতা কমদাম কিফায়াত। অবহার অবচয়। দরাদরি। মূল্যহ্রাস। আনুতোষিক।

ক্রি. দাম কমানো। সুলভ বা সস্তা করা। সস্তায় দেওয়া। কেনা দামে দেওয়া। ফেলে দেওয়া। পানির দরে দেওয়া। দবাদরি করা।

বিণ. সুলভ,-মূল্য সুক্রেয় সুপ্রাপ্য অল্পমূল্য সস্তা কমদামী অর্ধেকদাম ফেলাদাম মাগনা বিনামূল্যের আকড়িয়া।

ক্রি-বিণ. সুলভে সস্তায় সস্তাদরে কমদামে। জলের দরে। বিনামূল্যে বিনাখরচায়। অমনি। মুফতে মাগনায়। আলুফা ফোকট ফোকটসে।

৮১৭। মিতব্যয়

বি. মিতব্যয় মিতব্যয়িতা। কিফায়াত। পরিমিততা পরিমিতব্যয় অনপচয় অক্ষতি। ব্যয়,-কুণ্ঠতা, -কুণ্ঠা,-লাঘব,-হ্রাস,-সংকোচ। হিসাব। সঞ্চয়। অদ্যভক্ষ্য ধনুর্গুণ। ছাঁটাই। কার্পণ্য (৮২০)।

ক্রি. মিতব্যয়ী হওয়া। হিসাব করে খরচ করা। বুঝে শুনে চলা। টেনে চলা। পয়সা চেনা। চাল কমানো। খরচ,-কমানো,-বাঁচানো। বাঁচানো। বাঁচিয়ে চলা। সঞ্চয় করা। সাশ্রয় করা।

বিণ. মিতব্যয়ী হিসাবি সঞ্চয়ী ব্যয়কুণ্ঠ। বিষয়ী। অনপচিত।

৮১৮। অমিতব্যয়

বি. অমিতব্যয় অমিতব্যয়িতা অপব্যয় অপব্যয়িতা অপব্যয়িত্ব অপচয় অপচিতি। বেহিসেব। কপোতবৃত্তি আকাশবৃত্তি। নবাবিচাল। খাণ্ডাখাঁ। ঘোড়ারোগ। গরীবের ঘোড়ারোগ। জুয়াখেলারোগ। হাতির খোরাক। ত-খরচ; ক্ষয় ক্ষতি নাশ হানি অনিষ্ট। লোকসান। স্রাব। বিচ্ছুরণ। অপব্যবহার। ছিনিমিনি জলাঞ্জলি।

ক্রি. যাচ্ছেতাই খরচ করা। ওড়ানো উড়িয়ে দেওয়া। ফুঁকে দেওয়া। জলাঞ্জলি দেওয়া। জলে ফেলা। ছিনিমিনি খেলা বা করা। নষ্ট করা। চাল বাড়ানো। হাতি পোষা।

বিণ. অমিতব্যয়ী অপব্যয়ী অপচয়কারী অপচেতা ব্যয়শৌণ্ড আককুটে খরচে। উড়ুনে উড়নচণ্ডে। বেহিসাবি। অযথাব্যয়ী বৃথাব্যয়ী। বেহুদা বাজে।

৮১৯। বদান্যতা

বি. বদান্যতা দানশীলতা। দান,-খয়রাতি দত্তি। অতিদান। পরাদান। দান,-ধ্যান,-ধর্ম দাতৃত্ব। দানের ইচ্ছা দিৎসা। দয়া দাক্ষিণ্য। দানের, -মহিমা,-গৌরব। উদারতা মুক্তহস্ততা। অকার্পণ্য। ভিক্ষা বিতরণ। উৎসর্গ পৃষ্ঠপোষকতা। উপকার মেহেরবানি। দান,-পত্র,-লিপি অর্পণনামা হিবানামা ওয়াকফনামা। দান,-সত্র,-ছত্র,-শালা। দান,-সজ্জা,-সামগ্রী। তুলট তুলাদান।

ক্রি. দান করা। খয়রাত দেওয়া। মুক্তহস্তে দান করা। বিলানো। বিলিয়ে দেওয়া। কার্পণ্য না করা। উজাড় করে দেওয়া।

বিণ. বদান্য দানশীল। দাতা দাত্রী দানী দানবীর দানপতি দাতাকর্ণ। হাতেমতাই। দানশৌণ্ড দাশ্ব দেষ্ঠ সুদাম সুদক্ষিণ বহুদ দরাজ উদার অকৃপণ মুক্তহস্ত হাতখোলা। দানসাগর। দিল,-দরিয়া, -দবাজ মুনীম। মেহেরবান পরোপকারী। দত্ত দানু দানুয়া দেনো। নিবেদিত। দাতব্য দানযোগ্য দানীয় খয়রাতি।

ক্রি-বিণ. অকাতরে মুক্তহস্তে। ঢেলে।

৮২০। কার্পণ্য

বি. কার্পণ্য কৃপণতা কিপটেমি বখিলি কষামি বিত্তশাঠ্য। ব্যয়সঙ্কোচ অতিমিতব্যয়িতা। ব্যয়,-কুণ্ঠা,-কুণ্ঠতা। অর্থ,-লোভ,-গৃধ্নুতা,-পিপাসা,-স্পৃহা। স্বার্থপরতা। উঞ্ছবৃত্তি। ছ্যাঁচড়ামি। অদান অপ্রদান অসমর্পণ। বিষয়,-তৃষ্ণা,-পিপাসা। যক যক্ষ।

ক্রি. কার্পণ্য বা কৃপণতা করা। না দেওয়া। হাত টান করা। হাতে জল না গলা। না খাওয়া। শুকনো। হিংসা করা। হাত চুলকানো। টাকা আগলানো। যক দেওয়া।

বিণ. কৃপণ কিপটে হাড়কিপটে বখিল। কঞ্জুস হাত,-টান,-ভারি। ব্যয়কুণ্ঠ নিখরচে। কেঁয়ে। স্বভাবকৃপণ। অতিমিতব্যয়ী। উঞ্ছজীবী। অর্থ,-পর,-পরায়ণ,-পিশাচ,-লোভী,-গৃধ্নু। ধন,-পিশাচ,-প্রিয়। ধনসর্বস্ব তহ্মন। ক্ষুদ্র ক্ষুদ্রাশয় হীনচেতা নীচ রেজলা সংকীর্ণমনা অদাতা। ছ্যাঁচড়া। স্বার্থপর। হিংসুক।

অষ্টম শ্রেণী

চিত্তবৃত্তি

৮২১। চিত্তবৃত্তি

বি. চিত্ত,হৃদয়,-বৃত্তি মনো,-বৃত্তি,-ভাব,-ভাবনা। মানসিকতা মানসতা মনমানসিকতা। দৃষ্টিভঙ্গি (৫১৬)। মতি,-গতি। ধ্যান,-ধারণা,-জ্ঞান ধারণা চিন্তাভাবনা। প্রবণতা (১৭৪)। স্বভাব (৮২২)। অনুভূতি (৮২৩)। বিশ্বাস। বিবেক বিবেকবুদ্ধি। ধর্মবোধ (৯৮৩)। চিত্ত,-ক্ষোভ,-চাঞ্চল্য (৮৫৯)। চিত্তদাহ (৮৩০)। চিত্তপ্রসাদ (৮৩৩)। চিত্তবিনোদন (৮৪৪)। চিত্তশুদ্ধি (৯৫৪)। চিত্তনিরোধ। চিত্তস্থৈর্য (৮২৭)। স্নেহ (৮৯৫)। প্রেম (৮৯৩)। ঘৃণা (৮৯৪)। করুণা (৯১১)। ঈর্ষা (৮৯৪)। মানসিক ঔদার্য (৫১৭)। মানসিক সংকীর্ণতা (৫১৮)।

চিত্ত মন মানস হৃৎ হৃদি হৃদয় হিয়া অন্তর অন্তঃকরণ আঁত মর্ম,-স্থল বুক বক্ষ দিল আশয় পরান। অন্তরাত্মা অন্তরিন্দ্রিয় অন্তস্তল। ধীন্দ্রিয় স্বান্ত। চিত্ত,-পট,-ক্ষেত্র,-গুহা। হৃদি,হৃদয়,-পট হৃদয়,-কন্দর,-পিঞ্জর,-মন্দির। হৃদয়,-তন্ত্রী, -গ্রন্থি। মানসলোক মনো,-রাজ্য,-জগৎ। অন্তর্জগৎ। ভাবজগৎ। কল্প,-লোক,-জগৎ। অবচেতন মন। মনোবিজ্ঞান সাইকোলজি। মনস্তত্ত্ব। মনঃসমীক্ষণ সাইকোঅ্যানালিসিস। মনোবিজ্ঞানী সাইকোলজিস্ট। মনস্তাত্ত্বিক। মনঃসমীক্ষক সাইকাইঅ্যাট্রিস্ট। অন্তরঙ্গ।

বিণ. চৈত্ত চৈত্তিক চিত্ত,-সংক্রান্ত,-সম্বন্ধীয় মানসিক মানস মনোগত আন্তর। মন,মর্ম,হৃদয়, -স্থ। আন্তরিক হৃদ্য হার্দ্য হার্দিক। হৃদ্যতা,আন্তরিকতা,-পূর্ণ।

৮২২। স্বভাব

বি. স্বভাব,-ধর্ম,-প্রকৃতি,-চরিত্র,-প্রেরণা। খসলত খাসিয়াত তবিয়ত। স্বধর্ম স্বরূপ স্বরূপ, -তা,-ত্ব স্ব,নিজ,-মূর্তি। প্রকৃতি ধর্ম গুণ চারিত্র্য ধাতু ধাত। সহজ,-ক্রিয়া,-প্রবৃত্তি আসক্তি দরদ সহানুভূতি পক্ষপাত অনু,-রতি,-রক্তি,-রাগ ঝোঁক টান আনতি। মেজাজ মতি মরজি। আদত অভ্যাস (৬২৪)। সংস্কার সহজাতসংস্কার। ভাব,-ভঙ্গি ছন্দ হাব,-ভাব ছলাকলা মতিগতি গতিক দশা রকমসকম ধরন ধারণ হালচাল গতিবিধি। আচার ব্যবহার আচরণ রীতি,-নীতি, -চরিত্র। শীল দস্তুর। লোক,মানব,মনুষ্য,-চরিত্র। মানুষের মন। ভাব আবেগ ভাবাবেগ। অভিরুচি অভিলাষ বাসনা কামনা। আত্মা খুদি অহং। রিপু রক্ত কফ পিত্ত শিরা মজ্জা। উৎসাহ জোর চাড়া

দম আগুন তেজ। ষড়রিপু: কাম ক্রোধ লোভ মোহ মদ মাৎসর্য। বয়োধর্ম কাল,-ধর্ম,-প্রভাব যুগধর্ম। স্বভাব,-গুণ,-সৌন্দর্য চরিত্রগুণ। স্বভাব,চরিত্র, -দোষ কদভ্যাস বদভ্যাস কু,মন্দ,-অভ্যাস। মুদ্রাদোষ। স্বভাববাদ স্বভাববিজ্ঞান।

বিণ. স্বভাব,প্রকৃতি,ধর্ম,গুণ,চরিত্র,-গত। স্বভাব, -জ,-জাতি,-সিদ্ধ,-সংগত,-সুলভ,-সম্মত। স্বভাবী সহজাত চারিত্রিক প্রকৃতিসিদ্ধ ধাতসহ। গা -সহা। বংশ,জন্ম,-গত। বদ্ধমূল মজ্জাগত অন্তঃস্থ। অভ্যস্ত ধাতস্থ চিরাভ্যস্ত। স্বাভাবিক প্রাকৃতিক। সাহজিক। স্বভাব্য সাংসিদ্ধিক। স্বতঃ,-বৃত্ত,-প্রবৃত্ত,-স্ফূর্ত।

ক্রি-বিণ. স্বভাবত। স্বভাব,-বশত, গুণে স্বভাবে প্রকৃতিবশে স্বাভাবিকভাবে সহজে। অভ্যাস, মাফিক,-বশত। আপনাআপনি। আসলে। শিরায়শিরায় মজ্জায়মজ্জায় মনেপ্রাণে।

৮২৩। অনুভূতি

বি অনুভূতি অনু,-বোধ,-ভব,-ভাব। হৃদয়ানুভূতি। বেদন বেদনা সংবেদ সংবেদন (৪১৬)। মন দিল হৃদয় চিত্ত অন্তঃকরণ। আত্মা। দবদ। চিত্তপ্রবৃত্তি। সংবিৎ চেতনা জ্ঞান। উপলব্ধি সাড়া সাড় টের ধার। সমবেদনা সহানুভূতি। অনুপ্রেবণা প্রেবণা। আবেগ সংবেগ স্পন্দন ভাবাবেগ প্রক্ষোভ। আসক্তি প্রসক্তি। বাগ অনুরাগ সংবাগ। আনন্দ। নেশা হুঁশ খেয়াল। রভস। ভাবোচ্ছ্বাস। ব্যগ্রতা একাগ্রতা সৌহার্দ্য। উষ্ণতা। উৎসাহ উন্মাদনা। উল্লাস (৮৪০)। উচ্ছলতা উদ্দীপনা। উত্তেজনা (৮২৫)। আলোড়ন (৩১৩)। রোমাঞ্চ কম্পন শিহবণ। শরম ব্রীড়া লজ্জা।

ক্রি. অনুভব করা। মনে গ্রহণ বা ধারণ কবা। বোঝা। হৃদয়ংগম কবা। জ্ঞান হওয়া। চোখ খোলা বা ফোটা। দাগ কাটা। ছাপ রাখা। সাড়া দেওয়া। টের পাওয়া। বেদনা অনুভব করা। সহ্য করা। সাহস করা। স্বাদ পাওয়া। প্রমাণ পাওয়া। উত্তেজিত বা আলোড়িত হওয়া। অনুপ্রাণিত বা উদ্দীপ্ত হওয়া। লজ্জা পাওয়া। লজ্জায় লাল হওয়া। শরম লাগা। শিহরণ বা কম্পন জাগা। স্পন্দন হওয়া। কাঁপা। থরথর করে কাঁপা। ধড়ফড় করা। মাথা ঘুরা। সাদা বা ফ্যাকাসে হওয়া। পাণ্ডুবর্ণ ধারণ করা।

শ্যেনদৃষ্টি। সিংহাবলোকনন্যায়। সাবধান,সতর্ক, -বাণী। বিপদসংকেত। ওয়ার্নিং। প্রি-কশন। ভূশণ্ডি।

ক্রি. সাবধান সতর্ক বা হুঁশিয়ার হওয়া। সাবধানতা বা সতর্কতা অবলম্বন করা। হিসাব করা। বিবেচনা করা। চিন্তা করা। সামাল দেওয়া। সামলে চলা। বুঝেসুঝে চলা। দেখে চলা। রয়েসয়ে চলা। সাতপাঁচ ভাবা। বুঝে দেখা। সজাগ থাকা। চোখকান খুলে বা খাড়া রাখা। চামড়া বাঁচানো। গা বাঁচানো। গা বাঁচিয়ে চলা। গা বাঁচিয়ে কাজ করা। সতর্ক বা সাবধান করা (৬৭৭)। সাবধানে রাখা। আগলে বা সামলে রাখা। নজর রাখা। চোখে চোখে রাখা। আগলানো। কান খাড়া রাখা। কান সারা। সাবধানের মার নেই।

বিণ. সাবধানী সতর্ক হুঁশিয়ার তীক্ষ্ণদৃষ্টি। হিসাবি বিবেচক। দূরদর্শী পরিণামদর্শী। অতন্দ্র উন্নিদ্র। ঠাণ্ডা ধীর স্থির। সুচেতা। স্থিরমস্তিষ্ক। ঠাণ্ডামাথা। অনুদ্যোগী অতিসাবধানী। আত্মসর্বস্ব।

ক্রি-বিণ. সাবধানে। সন্তর্পণে। দেখে,বুঝে,-শুনে। সামালকে সামলে। তক্কেতক্কে। রয়েসয়ে। বুঝেসুঝে।

৮৬৫। রুচি

বি. রুচি সুরুচি রুচিশীলতা মার্জিতরুচি। রুচিভেদ সৌন্দর্য,-বোধ,-জ্ঞান। অভিরুচি স্পৃহা পছন্দ শখ। স্বরুচি। রুচিবিলাস। ভোজন,পান,পোষাক, -বিলাস। বাছবিছার বায়নাক্কা খুঁতখুঁতানি যথাযথতা অতিসমালোচনা ছিদ্রান্বেষণ। ছুঁতমার্গ ছোঁয়াছুঁয়ি। শালীনতা শিষ্টতা শ্লীলতা শুচিতা। শোভনতা সৌকুমার্য লালিত্য কান্তি। ভব্যতা ভদ্রতা সভ্যতা সংস্কৃতি। কান্তি,-শাস্ত্র,-বিদ্যা। বাছবিচার বিবেচনা। কেতা স্টাইল ফ্যাশন। বাবু ফুলবাবু কার্তিকঠাকুর লক্কাপায়রা কাপ্তান। বিবি, -বউ মেম,-সাহেব। আধুনিকা।

ক্রি. রুচি থাকা। রুচির পরিচয় দেওয়া। শখ বা পছন্দ থাকা। বাছবিচার করা। মানাবাছা করা। বিবেচনা করা। মুখে না আনা। কানে আঙুল দেওয়া। খুঁত ধরা। খুঁতখুঁত করা। পান থেকে চুন না খসা। পাটের ভাঁজ না ভাঙা। নাক সিঁটকানো। ফুটানি করা। কোঁচা দুলিয়ে বেড়ানো।

বিণ. রুচিবান রুচিকর রুচিষ্য। চারু ললিত মনোহর। রুচি,-পূর্ণ,-সম্পন্ন,-স্নিগ্ধ সুরুচিসম্পন্ন। রুচ্য রুচির রোচ্য রোচক রুচিমান। শোভন শোভনীয়। শালীন শিষ্ট মার্জিত উন্নতরুচি। সভ্য ভব্য ভদ্র। কেতাদুরস্ত লেফাফাদুরস্ত। যথাযথ ঠিকঠিক। পবিত্র শুচি। শৌখিন বিলাসী ভোজনবিলাসী। রুচিবাগীশ। পিটপিটে খুঁতখুঁতে।

৮৬৬। কুরুচি

বি. কুরুচি রুচি,-বিকার,-বিকৃতি রুচি,-হীনতা, -দৈন্য। সৌন্দর্যজ্ঞান,সৌন্দর্যবোধ,-হীনতা। অশালীনতা অশিষ্টতা অশ্লীলতা অসভ্যতা অভদ্রতা বর্বরতা ছোটলোকামি। ইতরতা ইতরামি নোংরামি। কু,-কথা,-বাক্য,-বচন। অকথা। খারাপ,বাজে,-কথা। অশ্লীল,অকথ্য,অশ্রাব্য, -কথা। অশালীন,অশিষ্ট,-বাক্য। অপ,-শব্দ, -ভাষ। ইতর,অপ,-ভাষা দুরুচ্চার। কদুক্তি কটূক্তি গলাবাজি। ফুটানি চটক ভড়ং জাঁক। ভাঁড়। অপসংস্কৃতি। কেলাকার্তিক ভুঁইফোঁড় হঠাৎবাবু।

ক্রি. কুরুচির পরিচয় দেওয়া। ইতরামি নোংরামি বা অসভ্যতা করা। মুখ খারাপ করা।

বিণ. কুরুচি,-কর,-পূর্ণ,-সম্পন্ন। বিকৃতরুচি। সৌন্দর্যজ্ঞান,সৌন্দর্যবোধ,-হীন। অশালীন অশিষ্ট অশ্লীল অমার্জিত অসভ্য অভদ্র বর্বর বুনো।

রুচিবহির্ভূত। অকথ্য কুকথ্য অনুচ্চারণীয় অনুচ্চার্য অকহতব্য অকথনীয় দুরুচ্চার্য। অশ্রাব্য অশ্রবণীয়। অবাচ্য অভাষ্য অনালোচ্য। অনালোচনীয়। ইতর নোংরা। কদর্য জঘন্য কুৎসিত। অর্বাচীন। গ্রাম্য গেঁয়ো আচাভুয়া। সেকেলে। ভড়ক,ভড়ং,-দার।

৮৬৭। সৌন্দর্য

বি. সৌন্দর্য সুন্দরতা শোভা শোভনতা হুসন বাহার চারুতা চারিমা মঞ্জিমা বিভূষা। শ্রী ঠাম সুষমা সুষমতা লাবণ্য লাবণি। মাধুর্য মাধুরী মধুরিমা মধুর,-তা,-ত্ব ভগ নিছনি। রূপ অভিরূপ্য সুরূপতা রূপ,-শোভা,-লাবণ্য,-মাধুর্য,-মাধুরী,-বত্তা। সুশ্রীকতা ছিরি খুবসরতি কান্তি বর্চঃ। রূপের, -বহর,-ঘটা। সৌষ্ঠব সৌকুমার্য সুকুমারত্ব পরমাকৃতি। কমনীয়তা স্নিগ্ধতা স্নৈগ্ধ্য চেকনাই নমনীয়তা কোমলতা। রম্যতা রমণীয়তা। মনোজ্ঞতা মনোগ্রাহিতা হৃদয়গ্রাহিতা মনোহারি, -তা,-ত্ব। অনবদ্যতা চমৎকারি,-তা,-ত্ব। অপূর্ব, -তা,-ত্ব। অসামান্যতা।

দেহ,-সৌন্দর্য,-শ্রী,-কান্তি,-রুচি,-শোভা, -সৌষ্ঠব। অঙ্গ,-শোভা,-সুষমা,-সৌষ্ঠব। তনু, -শ্রী,-রুচি লক্ষ্মীশ্রী। মুখ,-ছবি,-কান্তি,-রুচি, -শোভা মুখচ্ছটা বদনকান্তি। চটক জেল্লা গ্ল্যামার। যৌন-আবেদন সেক্সঅ্যাপিল। মদন কন্দর্প কার্তিক অ্যাপোলো। উর্বশী। অপ্সরা ভেনাস। পরী হুরপরী।

সৌন্দর্য,-বোধ,-জ্ঞান। রুচি (৮৬৫)। সুরুচি। সৌন্দর্য,কান্তি,-বিদ্যা। নন্দন,-তত্ত্ব,-কলা। সুকুমারকলা। সৌন্দর্য,-সৃষ্টি,-বিধান,-বর্ধন। মণ্ডনকলা। মণ্ডন অলংকরণ (৮৭১)। প্রসাধন (৮৭০)।

ক্রি. সুন্দর করা। সৌন্দর্যমণ্ডিত করা। সৌন্দর্যবিধান করা। অলংকৃত করা (৮৭১)। কারুকার্য করা। সাজানো। গোছানো।

বিণ. সৌন্দর্য,-ময়,-পূর্ণ,-শালী। সুন্দর,শোভন, -রুচির। চারু মঞ্জু মঞ্জুল কান্ত। সুকুমার সুষম সুষমা,-ময়,-মণ্ডিত। মাধুর্যপূর্ণ। রূপময়। সু, -চারু,-ছন্দ,-রম্য,-রুচির,-ভগ,-শ্রী। শোভন সুশোভন শোভা,-কর,-জনক,-যুক্ত,-ময়,-মান। শোভিক শোভী শোভনক শোভনীয় শোভিত সুশোভিত রাজিত বিভ্রাজ। বাহারি বাহারে। রম্য রমণীয়। নান্দনিক। দৃষ্টি,-নন্দন,-শোভন। নয়ন, -রঞ্জন,-শোভন। নয়নাভিরাম নয়নানন্দ নয়নভোলানো দর্শনীয় পেশল তকল্লুবি সু,দৃশ্য, -চিত্রক। কমনীয় কম্র কোমল সুকোমল নমনীয়। লাবণ্য,-চঞ্চল,-যুক্ত,-ময়,-পূর্ণ। ললিত সুললিত নাজুক বিতনু। ঢলঢল। রোচ্য রোচিষ্ণু রুচিষ্য। রুচ্য রোচক রুচি,-ক,-কর। রুচি,-স্নিগ্ধ,-সম্পন্ন সুরুচি,-পূর্ণ,-সম্পন্ন। চিত্তাকর্ষক চিত্ত,-মোহন, -তোষ,-রঞ্জন,-হারী,-প্রিয়,-গ্রাহী হৃদয়,-গ্রাহী, -হারী মনোহর মনোহারী মনোহরণ মনোগ্রাহী মনোতোষ মনোরঞ্জন অনবদ্য চমৎকার দিব্যি দিব্য। নিরূপম অনুপম অতুলনীয় অলোকসুন্দর অপূর্ব অপরূপ অভিরূপ অভিরাম। তোফা খাসা বেড়ে। লাজওয়াব। সুষ্ঠু। সর্বাঙ্গসুন্দর নিটোল নিখুঁত। টুকটুকে ফুটফুটে টুকটুক। টকটকে রং। ফর্সা উজ্জ্বলবর্ণ গৌর গৌরবর্ণ গৌরাঙ্গ গোরা শুভ্রকান্তি।

সুন্দর কান্তি,-মান,-ময়। রূপ,-বান,-বন্ত। সু,-দর্শন,-রূপ,-কান্ত,-কান্তি,-শ্রী। প্রিয়,-দর্শন, -দর্শী। চারুদর্শন। সৌম্য,-কান্তি,-দর্শন। শ্রী, -ময়,-মন্ত,-মণ্ডিত। অনিন্দ্য,কন্দর্প,-কান্তি। সৌম্য। সু,-তনু,-দেহী-ঠাম,-গঠন,-ডৌল,-ছাঁদ,

-ছন্দ। সুপুরুষ বরাঙ্গ বর,-কায়া,-বপু। সু,-বদন,-মুখ। উন্নত,উচ্চ,প্রশান্ত,-ললাট। সু,-লোচন,-নয়ন,-নেত্র,-দৃশ,-দৃক। আয়তলোচন। টানাচোখ। পদ্মলোচন। সু,-নাস,-নাসিক উন্নতনাসা। সুকেশ। সুবাহু। কম্বু-কণ্ঠ,-গ্রীব। সু,শোভন,-গ্রীব উন্নতগ্রীব। সুমধ্যম সুমধ্যমা ক্ষীণকটি কৃশোদর। সুনাভ। সুহাস সহাস্যবদন হাসি,প্রফুল্ল,-মুখ ফুল্লাধর। পুরন্ত ফুটন্ত।

সুন্দরী রূপ,-বতী,-ময়ী রূপসী রূপিনী সুরূপা সুভগা। শ্রী,-ময়ী,-মতী,-যুক্তা রূপলাবণ্যবতী লাবণ্যময়ী। শোভনা শোভাময়ী সুদর্শন প্রিয়দর্শিনী। রমণীয়া। ললিতা খুবসুরত। চার্বী মনোজ্ঞা মনোরমা মনোলোভা মনোহারিণী মনোহরা চিত্তহারিণী। বরা বরাঙ্গনা বর্ণিনী বর,-নারী,-বর্ণিনী পরমা উত্তমা শ্রেষ্ঠা হেমা ধনি শিখরিণী রূপশ্রেষ্ঠা পরমাসুন্দরী। অপরূপা। অগম্যরূপ। ডানাকাটা পরী। ডাকসুন্দরী ডাকসাইটেসুন্দরী। তিলোত্তমা।

গৌরী উজ্জ্বলা। চিকনবরণী। কুঁচবরণী। দুধে আলতা। সু,-বদনা,-বদনী। বিধু,-বদন,-বদনা, বদনী,-মুখী। চন্দ্র,শশী,-মুখী। চাঁদ,-বদনী,-মুখী। সু,-নয়ন,-নয়নী,-লোচনা,-নেত্রা। বামাক্ষী বামলোচনা চারুনেত্র। মৃগ,-নয়না,-নেত্রা,-লোচনা মৃগাক্ষী হরিণাক্ষী এণাক্ষী। কুরঙ্গ,হরিণ,চকিত হরিণ,-নয়না। পদ্ম,-আঁখি,-নেত্র,-চোখ,-লোচনা পদ্মপলাশলোচনা কমল,-আঁখি,-লোচনা। মীনাক্ষী মীননয়না। পটোলচেরা চোখ। কটাচোখী বিড়ালাক্ষী। মদিরাক্ষী মদিরেক্ষণা। আয়তাক্ষী আয়তলোচনা। আয়ত ডাগর। ড্যাবডেবে। সু,-কেশা,-কেশিনী কেশী কেশবতী মঞ্জুকেশিনী। অঞ্জন,-কেশিকা,-কেশী। মেঘবরণকেশ। বিম্বধরা বিম্বোষ্ঠা বিম্বোষ্ঠী পক্কবিম্বাধরোষ্ঠী। সু,শোভন,-নাসিকা সুনাসা। সু,শোভন,শিখর,-দশনা সুদন্তী সুদতী। সু,অঙ্কিত,বঙ্কিম,-ভ্রূ। সুনখী। কম্বু,-কণ্ঠ,-গ্রীবা। মৃণালভুজ। সুস্তনী। নিতম্বিনী সুনিতম্বিনী গুরু,নিবিড়,-নিতম্বা সুশ্রোণী বরারোহ। শোভন,ক্ষীণ,কৃশ,-কটি। তনুমধ্যা সুমধ্যমা ডমুরমধ্যমা। বামোরু। কৃশোদরী নতোদরী। তন্বী একহারা ছিপছিপে স্লিম তন্বঙ্গী ক্ষীণাঙ্গী কৃশাঙ্গী। বরাঙ্গী সু,-তনুকা,-গঠন। কোমলাঙ্গী চার্বাঙ্গী কোমলিনী। যৌবন,রূপযৌবন,-বতী যৌবনমদমত্তা যৌবনোদ্ধতা। মোহিনী। লাস্য,লীলা,-ময়ী রঙ্গিনী চটকদার গ্ল্যামারাস। মদালসা। সু,-হাসা,-হাসিনী সুস্মিতা সুচিস্মিতা শুভ্রহাসিনী স্মিতাননা সহাস্যবদনা হাস্যমুখী।

৮৬৮। অসৌন্দর্য

বি. অসৌন্দর্য অসুন্দরতা সৌন্দর্যাভাব শ্রী,সৌন্দর্য,সৌষ্ঠব,-হীনতা। রূপরাহিত্য রূপাভাব, রূপের ঘাটতি। অসৌষ্ঠব অঙ্গবিকৃতি (২৪২)। কুরূপতা। বিকট,-তা,-ত্ব। জঘন্যতা বীভৎসতা কদর্যতা। কুরুচি (৮৬৬)। অশোভনতা। অশালীনতা সৌন্দর্যবোধ,সৌন্দর্যজ্ঞান,-হীনতা। কলঙ্ক (৮৬৯)। মালিন্য মলিনতা। কুরূপ কুপুরুষ। রূপের ধুচুনি। প্যাঁচা পেঁচি ডাইনী রাক্ষস। চামচিকা। ঝড়োকাক। লোহার কার্তিক কেলোকার্তিক।

বিণ. অসুন্দর শ্রী,শোভা,রূপ,সৌন্দর্য,সৌষ্ঠব,-হীন। বিশ্রী বিচ্ছিরি কুশ্রী শ্রীভ্রষ্ট। গত,বিগত, হৃত,ভগ্ন,-শ্রী। অরুচির। অসৌম্য। অশিব। কুৎসিত বিকট উৎকট মন্দ জঘন্য কদর্য বীভৎস। খাস্ত। কুদর্শন কদাকার কুতনু। বে,-ডৌল,-ঢপ,-ঢং। অসৌম্য,-মূর্তি,-দর্শন কুৎসিতদর্শন দেখতে খারাপ খারাপ দেখতে। অদ্ভুতদর্শন কিম্ভূত,-কিমাকার বিতিকিচ্ছিরি আচাভুয়া

জবরজং বিদঘুটে বিটকেলে। বিকটাকার বীভৎসাকার। ঘোর,ভীম,ভীষণ,-দর্শন। ধুমসা ধুমসী হোঁদল কুঁৎকুঁৎ। নাদাপেটা ঢাউস। লাবণ্য, -কান্তি,-হীন। বুঢ় বুক্ষ কাঠখোট্টা কাঠকাঠ। অসুন্দরী কুরূপা রূপহীনা বিরূপিকা কুদর্শনা। খেঁদি। উঁচুকপালী টিপলি। নিস্তনী স্তনহীনা। সৌন্দর্যবোধ, সৌন্দর্যজ্ঞান,-হীন। অসুন্দরের পূজারী। কুরুচিকর (৮৬৬)। বিকলাঙ্গ (২৪২)। কলঙ্কময় (৮৬৯)।

৮৬৯। কলঙ্ক

বি. কলঙ্ক কলঙ্কময়তা কালিমা কলুষ,-তা কালি মালিন্য মলিনতা। দাগ কালির,কাটার,-দাগ কাটাচিহ্ন কালচিটা ক্ষতচিহ্ন। গুলির দাগ। অস্ত্রচিহ্ন। বসন্তের দাগ। জন্মের দাগ। চাঁদের কলঙ্ক। অঙ্গবিকৃতি (২৪২)। ছাপ ছোপ চিতি মেচেতা ছুলি। তিল। কালক জটুল জড়ুল মাসা আঁচিল। ফুসকুড়ি গোটা গুটি ফোসকা। ব্রণ বয়সফোঁড়া। ঘামাচি। আব টিউমার গোঁড় গেঁজ। ঘ্যাগ গলগণ্ড বলিরেখা বলি ত্রিবলি। লোল,শিথিল,-চর্ম।

বিণ. কলঙ্কময় কলঙ্কিত মলিন বিকৃত বিবর্ণ। বিকলাঙ্গ (২৪২)। খাঁদা খেঁদী। গলাভাঙ্গা। রংচটা। দাগপড়া। শ্রীভ্রষ্ট।

৮৭০। প্রসাধন

বি. প্রসাধন অঙ্গ,-সজ্জা,-সংস্কার,-সেবা,-রাগ মণ্ডন পরিকর্ম। বিচ্ছিত্তি। সাজ সজ্জা সাজসজ্জা বেশ বেশ,-ভূষা,-বিন্যাস ভোল। সজ্জিতকরণ চিত্রণ অলংকরণ অলংক্রিয়া (৮৭১)। সৌন্দর্য, রূপ,-চর্চা শৃঙ্গার। মুখ,-সজ্জা,-চিত্রণ। রূপসজ্জা মেকআপ। নখচর্চা ম্যানিকিওর। পদচর্চা পেডিকিওর। কেশ,-কর্ম,-সজ্জা,-বিন্যাস,-প্রসাধন হেয়ার -ড্রেসিং। কেশ,-বেশ,-বিলাস। চুলের বাহার। হেয়ার,-স্টাইল,-ডু। কোঁকড়া,কোঁকড়ানো, ঢেউখেলানো,-চুল। কুঞ্চিত, আকুঞ্চিত,-কেশ। চূর্ণকুন্তল অলক অলকাবলি অলক,কেশ,-দাম। ঝাঁকড়া চুল। লম্বাচুল লম্বিতকেশ পুলস্তি। বাবরি। ছাঁটাচুল। ববছাঁট। বব্ড হেয়ার। স্টেপস। এলোচুল মুক্ত,এলো,আলুলায়িত,-কেশ। মুক্তবেণী খোলাচুল শিথিলকবরী। কবরীবন্ধন বেণীসংহার। বেণী বিনুনী। বেড়াবেণী। পনিটেইল। বব্‌টেইল। খোঁপা কবরী যুক্তবেণী। ধুড়বুড়ি। ধুদ্ধুড়ি। এলোখোঁপা। চুড়োখোঁপা টপনট। কানড়খোঁপা। ডোনাট। ফ্রেঞ্চরোল। পাটিখোঁপা। ঝুঁটি। কেশ, -সংস্কার,-মার্জন। ব্যাকব্রাশ। সিঁথি সীমন্ত। টেরি অ্যালবার্ট। পরচুলা উইগ। চিরুনি কাঁকই কাঙ্গা। ফিতে জাদ। টাসল। গুছি। চুলের কাঁটা হেয়ারপিন চুলের ক্লিপ শুঁজিকাঠি। গন্ধ,ফুলেল,-তেল। তিল,নারকেল, আমলা, ইঙ্গুদি,-তেল। মাথার ক্রিম। পমেটম। কেশরঞ্জন কলপ খেজাব মাজুফল।

প্রসাধনী প্রসাধন,-দ্রব্য,-সামগ্রী। চার্চিক্য অঙ্গ, -প্রসাধন,-রাগ,-লেপ কসমেটিকস। চন্দন অগুরুচন্দন অগুরু। কৃষ্ণাগুরু কালাগুরু কৃষ্ণচন্দন। শ্বেতচন্দন। রক্ত,-লাল,-চন্দন। অর্কচন্দন। বরচন্দন। কুচন্দন। পীতচন্দন পীতসার হরিচন্দন শ্রীখন্ডচন্দন। দেবকর্দম। কাজল কজ্জল অঞ্জন আঁজন। কাজললতা। সুর্মা রসাঞ্জন। সুর্মাদান। নেত্র,-রঞ্জন,-লেপ চক্ষুরাগ আইলাইনার। আইশ্যাডো মাসকারা। ওষ্ঠ,-রঞ্জনী,-রাগ অধর, -রঞ্জনী,-রাগ। লিপস্টিক। লিপগ্লস। নখরঞ্জনী। নেলপালিশ। কুমকুম। রোলি। আলতা অলক্ত, -রস,-রাগ যাবক লাক্ষারস জতুরস। পাউডার ট্যালকম,বডি,ফেস,কমপ্যাক্ট,-পাউডার।

ফেসপাক। ক্রিম ভ্যানিশিং, কোল্ড,-ক্রিম। স্নো। ময়েশ্চারাইজার। রুজ। প্রলেপ। রূপটান। সিন্দুর সিঁন্দুর সীমন্তক। শৃঙ্গার শৃঙ্গারভূষণ। মেটে,সীস,নাগ,-সিন্দুর। মেহেদি মেহেন্দি। টিপ ফোঁটা বিন্দু টিকা। তিলক ললাটিকা। তিলকফোঁটা। পত্রলেখা। পত্রবল্লী। রসকলি। পুণ্ড্র। ত্রিপুণ্ড্র। গোদনা। উলকি সুগন্ধি সুরভি সারগন্ধ গন্ধসার গন্ধদ্রব্য। আতর। চন্দনী। কস্তুরী মৃগনাভি। কোলন ওডিকোলন। পারফিউম সেন্ট এসেন্স অটো।

প্রসাধক প্রসাধিকা প্রসাধন,-কারি,-কারিণী পরিকর্মা পরিকর্মী। অলংকর্তা অলংকেরিষ্ণু। রূপ, -সজ্জাকর,-সজ্জাশিল্পী। মেক-আপ-ম্যান।

কেশ,-কার,-কারী,-বিন্যাসকারী হেয়ারড্রেসার। গুওন। ক্ষৌরকর্ম ক্ষৌরি। ক্ষুর সেফটিরেজার ব্লেড ইলেকট্রিকশেভার শেভিং,-ক্রিম,-ব্রাশ। ক্ষৌরকার হাজাম। নাপিত নাই। নাপতেনি।

ক্রি. প্রসাধন করা। অঙ্গসংস্কার করা। চুল কাটা বা ছাঁটা। দাড়ি কামানো। দাড়ি কাটা বা ছাঁটা। কামানো। মাথা কামানো। চুল ফেলা। মাথা ঘষা। শ্যাম্পু করা। চুল ভেজানো। চুল শুকানো। চুল বা মাথা আঁচড়ানো। তেল দেওয়া। চুল বাঁধা। বেণী বাঁধা। বিলি কাটা। ব্রাশ করা। সিঁথি কাটা। টেরি বাগানো। স্নো বা পাউডার মাখা।

বিণ. প্রসাধিত,-া সজ্জিত,-া ভূষিত,-া শোভিত,-া। সু,-সজ্জিতা,-শোভিতা। শৃঙ্গার শৃঙ্গারিণী। সজ্জ সজ্জীভূত স,-সজ্জা,-সাজ। সুকেশী কেশবতী। কুন্তলা। এলো,মুক্ত,-কেশী। ধূম্রকেশী।

৮৭১। অলংকার

বি. অলংকার অলংকরণ অলংকৃতি ভূষণ বিভূষণ ভূষা বিভূষা মণ্ডন রূষণ আভরণ অবতংস কলাপ গহনা গয়না জেওর জেওরাত গহনা,গয়না,-গাটি। স্বর্ণালংকার সোনার গয়না। রৌপ্যালংকার রূপোর গয়না। রোকড় স্বর্ণভূষণ। রত্নালংকার রত্নভূষণ জড়োয়া। পাথর বসানো,-গয়না। পুষ্পালংকার পুষ্প,-সাজ,-ভূষণ ফুলের গয়না। ভূষণ,-ধ্বনি,-শব্দ শিঞ্জন। গয়নার বাক্স মণিমঞ্জুষা বর্মিবাক্স।

শিরোভূষণ কিরীট মৌলি মৌড় মুকুট সিঁথিমৌর। তাজ। কলগি কলগা। টোপর।

ললাটভূষণ ঝাঁপা তোরা টায়রা টিকলি।

কেশভূষণ কবরীভূষণ বেলকুঁড়ি কাঁটা গুঁজি বাগান।

কর্ণভূষণ কানতড়কা তরপত কর্ণদর্পণ কর্ণকুণ্ডল কর্ণমালা বউলি চৌদানি দুল ইয়ারিং টাব মাকড়ি ঝুমকো ঢেঁড়িঝুমকো পাশা কান,-বালা,-পাশা বীরবৌলি কুণ্ডল। কানের,-ফুটো,-বিঁধ। নথ টানানথ নাকছাবি। নোলক বেশর।

কণ্ঠভূষণ কণ্ঠালংকার গলার গয়না। হার কণ্ঠহার মালা মাল্য মালিকা স্রক্। চেইন পেনডেন্ট নেকলেস চিক শেলি। কণ্ঠী হাঁসুলি ললন্তিকা মফচেইন। একনরী একাবলী সীতাহার। সাত,পাঁচ,চার,-লহরী,-নরী। গোস্তন মটরমালা মণি,-হার,-মালা। ফুলোহার অর্ধহার দমাহার দড়াহার মেথিহার গোটহার সাপহার বিছেহার পাটিহার চন্দ্রহার গোপহার গুঞ্জহার গুঞ্জমালা। মণিসর। পুঁতি পুঁতিরমালা। মঙ্গলসূত্র। তাবিজ লকেট। মধ্যমণি ধুকধুকি পদক।

বাহুভূষণ বাজু,-বন্ধ তাগা অনন্ত অঙ্গদ কেয়ূর আর্মলেট।

করভূষণ চুড়ি বালা বলয় কঙ্কণ কাঁকন বুলি বাউটি চুড় জশম মানতাসা রতনচুড় খাড়ু পঁইছা ব্রেসলেট রিস্টলেট। শাঁখা লোহা নোয়া। প্রতিসর রাখি।

কটিভূষণ মেখলা চন্দ্রহার গোট কিঙ্কিণী কাঞ্চি কটি,কোমর,-বন্ধ কটিসূত্র কড়সি টোরা। সারসন রসনা ঘুনসি সপ্তকী। আংটি অঙ্গুরি অঙ্গুরীয় রিং। এনগেজমেন্টরিং বাগদান-অঙ্গুরি।

পদ,চরণ,-ভূষণ নূপুর মঞ্জীর কিঙ্কিণী কাঁকাঁ পায়েল ঝুমুর ঘুঙুর ঘাগর পাঁয়জর পাশুলি পাতামল মল বাঁকমল গুরবাঁধ গোড়বালা তোড়া গুজরি,-পঞ্চম অঙ্গোট চুটকি শিঞ্জিনী। লেসপিন ব্রুচ ব্রোচ। জহরত মণি মাণিক্য। স্বর্ণকার স্যাকরা মণিকার জহুরি জুয়েলার। মালাকার।

ক্রি. অলংকার বা গয়না পরা। গয়না পরানো। কান ফোঁড়া বা ফোঁড়ানো। কান বিঁধানো।

বিণ. অলংকৃত ভূষিত বিভূষিত বৃষিত মণ্ডিত। ভূষিতা বিভূষিতা সালংকারা। স্বর্ণ,-ভূষিতা, -ভূষণা। রত্ন,-ভূষণা,-মণ্ডিতা,-শোভিতা। রত্ন,স্বর্ণ,-ময়,-মণ্ডিত,-খচিত। সোনায়,রুপোয়, -মোড়া।

৮৭২। অনলংকার

বি. অনলংকার অলংকার,-হীনতা,-শূন্যতা অলংকরাভাব। অনাড়ম্বর আড়ম্বর,-হীনতা, -বিহীনতা। বাহুল্যহীনতা অবাহুল্য। অকৃত্রিমতা। নগ্নতা। স্বাভাবিকতা। বিলাসহীনতা। সংযম শুচিতা।

ক্রি. অলংকার না করা। অলংকার না পরা। সাদাসিধা থাকা। আড়ম্বর না করা। না সাজা। সহজ থাকা। কৃত্রিমতা বর্জন করা। প্রসাধন না করা।

বিণ. অনলংকৃত নিরলংকার অলংকারহীন আভরণ,ভূষণ,-হীন নিরাভরণ। অভূষিত অমণ্ডিত প্রসাধনহীন। অনঞ্জন অসজ্জিত অশোভিত। অনাড়ম্বর আড়ম্বর,-হীন,-শূন্য। কারুকার্যহীন। আটপৌরে। সাদা,-মাটা,-সিধা, -সাপটা। বিলাসহীন অবিলাসী। সরল সহজ স্বাভাবিক অকৃত্রিম। খালি নগ্ন।

৮৭৩। ভান

বি. ভান ভাব ছলনা কাপ কপটতা (৭১১) কৃত্রিমতা ভণ্ডামি। ন্যাকামি ন্যাকাপনা। আহ্লাদেপনা আদিখ্যেতা বাড়াবাড়ি। ছলাকলা ঢং ঠার ঠাট ঠসক ঠমক। ঠেকার গুমর। ভড়ং ভড়ক চাল। লাস্য ভাবভঙ্গি। অতিবিনয়। লৌকিকতা ভদ্রতা। রিয়া। আনুষ্ঠানিকতা। বাবু,-গিরি,-য়ানা সাহেবিয়ানা। নবাবি আমিরি বড়মানুষি। বিবিয়ানা। নাটুকেপনা নভেলিয়ানা। মাস্টারি গুরুগিরি। সতী,-পনা,-গিরি। ছেনালি ছেনালপনা। সাধুগিরি। নাকে,মায়া,কপট,-কান্না কুম্ভীরাশ্রু। স্বদেশীপনা। বাঙালিয়ানা।

ক্রি. ভান করা। ভাব দেখানো। ঢং করা। চাল চালা। নবাবি আমিরি বা বড়মানুষি করা। আস্ফালন করা। ন্যাকামি করা। ন্যাকা সাজা। ছেনালি করা। সতীপনা বা সাধুগিরি দেখানো। বাইরে কোঁচার পত্তন ভিতরে ছুঁচোর কেত্তন।

বিণ. কৃত্রিম কপট ছলনাময়। নাটকীয় নাটুকে। অস্বাভাবিক। ভেখধারী। ভণ্ড ভানকারী ভাক্ত বক,-ধার্মিক,-ব্রতী বিড়ালতপস্বী ছদ্মতাপস কপটব্রহ্মচারী ভক্তবিটেল। ন্যাকা নেকি আহ্লাদী ভাবুনে। আত্মম্ভর। লৌকিক। মৌখিক। আনুষ্ঠানিক। জেঁকো ভড়ংদার চটকদার। চালবাজ ফাঁকিবাজ। ছলনাকারী। রিয়াকার। ফতো,-নবাব,-বাবু।

৮৭৪। আড়ম্বর

বি. আড়ম্বর জাঁকজমক সমারোহ মহাসমারোহ ঘটা,-টোপ জমজমা জাঁক জমক বাহার ডম্বর ধুম

ধুম,-ধাম,-ধাড়াক্কা। শান শওকাত চটক চাকচিক্য শোভা। ভারিজুরি ভারিভুরি ধামগুজারি রমরমা। র‍্যালি। ভড়ক ভড়ং চাল ঠাস ঠসক ঠমক ভান (৮৭৩)। বহ্বাড়ম্বর বাড়াবাড়ি বাহুল্য আধিক্য। অতিরঞ্জন বাগাড়ম্বর। ইলাহি। কারবার। শাহি -কারবার। শোভাযাত্রা প্রদর্শনী মিছিল জুলুস। দৃশ্য। উৎসব (৮৪৩)। কীর্তন। কুচকাওয়াজ আলোকসজ্জা। সন্-এ লুমিয়ের ধ্বনি-ও-আলো। অলংকরণ(৮৭২)।

ক্রি. আড়ম্বর করা। জাঁকানো। জমকাল হওয়া। দেখানো। প্রদর্শন করা। চমক লাগানো। ঘটা বাহার বা জেল্লা দেখানো। উজ্জ্বল করা। চটক ভড়ং বা ভড়ক দেখানো। জমজম বা গমগম করা।

বিণ. আড়ম্বরপূর্ণ জাঁকাল জমকালো জাঁকজমকপূর্ণ জবরজং ভড়কাল চটকদার ভড়ংদার। বাহারে ঘটাপূর্ণ। জমজমাট। গুলজার সরগরম। গাম্ভীর্যপূর্ণ গুরুগম্ভীর। পবিত্র। জবর বিরাট ইলাহি রাজকীয় শাহি। রাজসূয়। রাজসিক। অতিরঞ্জিত। নাটকীয়। আনুষ্ঠানিক।

ক্রি-বিণ. সাড়ম্বরে। মহাসমারোহে।

৮৭৫। গর্ব

বি. গর্ব গৌরব অহংকার। ফখর শ্লাঘা গরিমা মর্যাদা। অহং-জ্ঞান অস্মিতা অহমিকা অভিমান। মান মর্যাদা ইজ্জত আবরু আভিজাত্য (৮৮৪)। কুল,-গর্ব,-মর্যাদা। বংশ,-গৌরব,-গরিমা, -কৌলিন্য। জাত্যভিমান। আত্ম,-গর্ব,-গৌরব, -গরিমা। আত্ম,-শ্লাঘা,-শ্লাঘিতা। আত্ম,-মর্যাদা, সম্মান,-সম্ভ্রম। আত্ম,-সম্মানজ্ঞান, -মর্যাদাবোধ। অস্মিতাবোধ দর্প (৮৭৭)। দম্ভ (৮৭৯)। স্পর্ধা।

ক্রি. গর্ব বা অহংকার করা। গৌরব বোধ করা। আম্মা করা। অহমিকা প্রকাশ করা। ঠেকার করা। মাথা উঁচু করে চলা। ঠোঁট উল্টানো। বড় গলা করে বলা।

বিণ. গর্বিত। গরীয়ান গরীয়সী গরবী গরবিনী। মানী অভিমানী অভিমানিনী। অহঙ্কৃত। দৃপ্ত দৃপ্র। দর্পিত। স্পর্ধিত। দাম্ভিক গম্ভীর রাশভারি ভারিক্কি। আত্ম,-মর্যাদাসম্পন্ন,-গর্বী। পায়াভারি ঘাড়টান উন্নাসিক।

ক্রি-বিণ. সগর্বে সগৌরবে সাহংকারে।

৮৭৬। বিনয়

বি. বিনয় নম্রতা (৮৭৮)। বিনতি আনতি প্রণতি। গর্বহীনতা। অমায়িকতা। কুণ্ঠা দ্বিধা সম্ভ্রম সংকোচ। লজ্জা শরম শরমভরম লজ্জা,-শীলতা, -বোধ,-বত্তা। সৌজন্য ভদ্রতা শীলতা শিষ্টতা। শালীনতা আবরু।

ক্রি. বিনয় প্রদর্শন করা। বিনয়ী হওয়া। লজ্জাশরম বোধ করা। কুণ্ঠা বোধ করা। দ্বিধা করা। নম্র হওয়া। নিজেকে গোপন করা। লুকিয়ে থাকা। মুখ লুকানো।

বিণ. বিনয়ী বিনত বিনয়াবনত বিনয়ান্বিত। বিনীত,-চিত্ত বিনেতা সুবিনীত বিনয়নম্র বিনমিত আনত। বিনম্রহৃদয় বিনীতাত্মা। শিষ্ট ভদ্র সংযত শান্ত নিরীহ নম্র (৮৭৮)। মৃদু,কোমল,-স্বভাব ঠাণ্ডামেজাজ। লাজুক। আরক্তমুখ। মুখচোরা। অপ্রগলভ। অমায়িক নিরহংকার নিরভিমান গর্বহীন। সাদাসিধা। জাঁকজমকহীন। ছোট। অনুদ্ধত। বিনয়,-শীল,-কারী,-গ্রাহী। বিনেয়। সবিনয়। বিনয়,-যুক্ত,-যোগ্য।

ক্রি-বিণ. সবিনয়ে বিনীতভাবে। বিনয়সহকারে। বিনয়ের সঙ্গে।

৮৭৭। দর্প

বি. দর্প দাপ গর্ব গরব। অহংকার (৮৭৬)। অহং আমি। আমিত্ব অস্মিতা অহমিকা অহম্পূর্বিকা অহংসর্বস্বভাব। তাকাব্বুরি আত্মম্ভরিতা আত্মসর্বস্বতা স্বার্থপরতা (৯৪৫)। আত্মপ্রশংসা। আত্মস্তুতি। দম্ভ (৮৭৯)। মদ মনোমদ। বড়াই হামবড়াই হামবড়াভাব। আত্মাভিমান। বিদ্যাভিমান শিক্ষাভিমান। দাপ দাপট ডাঁট। রূপের,-গর্ব, -দেমাক। টাকার গরম। অর্থগৌরব। বাড় জাঁক। ঠেকার গুমর দেমাক ঠাট ঠমক ঠসক। মেজাজ স্পর্ধা ঔদ্ধত্য। আস্ফালন (৮৭৯)। উন্নাসিকতা। প্রগলভতা।

ক্রি. দর্প দম্ভ বা জাঁক করা। গুমর দেমাক বা ঠেকার দেখানো। ঠোঁট উল্টানো। নাক উঁচানো বা সিঁটকানো। ফুটানি করা। বড়াই বা জাহির করা। দাপট দেখানো। চাল মারা। নিজের ঢোল পেটা। ডঙ্কা বাজানো। বুক বা ছাতি ফুলানো। নিজেকে ফুলানো। ধরাকে সরা জ্ঞান করা। মাটিতে পা না ফেলা। মাথা উঁচু করে চলা। মাটিতে বা দেমাকে পা না পড়া। তেল হওয়া। সাপের পাঁচ পা দেখা।

বিণ. দর্পিত অহংকারী আত্মম্ভরী আত্মসর্বস্ব আত্মতুষ্ট। মদমত্ত মদোদ্ধত মদোন্মত্ত মদান্ধ গর্বান্ধ। গর্বোদ্ধত। দাম্ভিক। দেমাকি। ভড়ংদার ভড়কাল চালবাজ জেঁকো জাঁকাল প্রগলভ। উন্নাসিক। হামবড়া।

ক্রি-বিণ. সদর্পে দর্পভরে।

৮৭৮। নম্রতা

বি. নম্রতা নম্রভাব। নমনীয়তা নমনশীলতা বিনমন বিনম্র। সংকোচ সম্ভ্রম দ্বিধা কুণ্ঠা। লজ্জা লাজ ব্রীড়া শরম হায়া হ্রী ত্রপা। লাজুক,-তা,-ভাব সলজ্জভাব। লজ্জা,-শীলতা,-বোধ,-বত্তা লাজ,হায়া,-লজ্জা লজ্জাশরম শরমভরম। ভরমের টাটি। বিনয় (৮৭৬)। মৃদু,-ভাষণ,-ভাষিতা হীনতা নতি বাধ্যতা বশ্যতা হীনতাবোধ হীনমন্যতা। আত্মসমর্পণ। অপমান। আত্ম,-বিলোপ,-ধিক্কার, -গ্লানি। ভীরুতা। অতিবিনয়। ভদ্রতা ভব্যতা অমায়িকতা। লোক,-লজ্জা,-ভয়। চক্ষুলজ্জা। চোখের পাতা। লজ্জাদৃষ্টি। লজ্জার কথা।

ক্রি. নম্র বা বিনম্র হওয়া। সঙ্কোচ বা কুণ্ঠা বোধ করা। দাঁতে আঁচল কাটা। ঢোক গেলা। নত বা হেঁট হওয়া। দাঁতে কুটো নেওয়া। নতি বা বশ্যতা স্বীকার করা। নিজেকে ছোট করা। মুখ তুলতে না পারা। অপমানিত বা অপদস্ত হওয়া। লজ্জা করা বা পাওয়া। শরম করা বা পাওয়া। মুখ লাল করা। লজ্জিত হওয়া। লজ্জায় লাল বা অধোবদন হওয়া। ব্রীড়াবনত বা লজ্জাবনত হওয়া। লজ্জায় পড়া। মুখ লুকানো,জিভ কাটা। অপমানিত বা অপদস্থ করা। ছোট করা। মাথা হেঁট করা। লজ্জায় একশেষ হওয়া। লজ্জায় মাথা কাটা যাওয়া। মুখ ফুটে বলতে না পারা। কিন্তু কিন্তু করা। ধিক্কার দেওয়া। ভর্ৎসনা করা।

বিণ. নম্র বিনম্র। বিনত নমনীয়। কাঁচুমাচু জড়সড় জড়পুত্তলি মেনিমুখো। নিরীহ সুবোধ সোজা গোবেচরা। বাস্তুসাপ। নীচ হীন। বাধ্য বশ্য বশ। হৃত,-মান,-সম্ভ্রম। হতমান। লজ্জিত লজ্জা, -প্রাপ্ত,-রাঙা,-নম্র,-নত। ব্রীড়িত ত্রপিত হ্রিত। লজ্জাবনত লজ্জারুণ লজ্জালু। ব্রীড়ানত ব্রীড়াবনত ত্রপমান ত্রপিষ্ট ত্রপান্বিত অনপত্রপ। হ্রীমান হ্রীজিত। লাজুক লাজনম্র ব্রীড়াবান। লজ্জা, -শীল,-শীলা,-বতী। মৃদু,-ভাষী,-ভাষিণী চুপ চুপচাপ মুখচোরা। লজ্জাবতীলতা। সলজ্জ সলাজ সব্রীড়। লজ্জাকর। লজ্জা,ব্রীড়া,-জনক। অস্বস্তিকর। বিব্রত অপ্রতিভ অপ্রস্তুত।

ক্রি–বিণ. নম্রভাবে। লজ্জায় লাজে শরমে। সলজ্জ। লাজুকভাবে। লজ্জা,–বশত,–হেতু। নত হয়ে।

৮৭৯। দম্ভ

বি. দম্ভ ডম্ফ লম্ফঝম্ফ আস্ফালন আফসানি আস্বা ফুটানি বড়াই লম্বাকথা দম্ভোক্তি দাম্ভিকতা দর্প (৮৭৭)। বাহাদুরি। ডাঁট জাঁক তেজ গরম। সাপট মুখসাপট। তড়পানি টেশুাইমেশুাই হম্বিতম্বি হাঁকডাক। বারফট্টাই বাহ্বাস্ফোট বহ্বারম্ভ। অজাযুদ্ধ। গলাবাজি। স্পর্ধা (৮৮০)।

ক্রি. দম্ভ করা। লাফ মারা। আস্ফালন করা। ফুটানি বা বাহাদুরি করা। টেক্কা দেওয়া। চাল মারা। গলাবাজি করা। লম্বা লম্বা কথা বলা। পাণ্ডিত্য ফলানো। ফরকানো। চুমরানো। তড়পানো। দাপানো। পাঁয়তারা করা। নবাবিচাল চালা। রাজাউজির মারা। লঘুগুরু জ্ঞান না থাকা।

বিণ. দাম্ভিক দম্ভী দম্ভক ডাঁটিয়াল জাঁকাল আস্ফালনকারী আত্মম্ভরী। পণ্ডিতম্মন্য। উচ্ছ্বসিত। জয়ান্ধ।

ক্রি–বিণ. সদম্ভে সদর্পে।

৮৮০। ধৃষ্টতা

বি. ধৃষ্টতা ধার্ষ্ট্য ধার্ষ্টামি ঔদ্ধত্য উদ্ধতি উদ্ধতচারিতা স্পর্ধা আস্পর্ধা বাড়। ডেঁপোমি পাকামি জ্যাঠামি ডেকরামি ঠেঁটামি টিটপনা দুরন্তপনা বেয়াড়াপনা। চোপা চোপরা প্রগলভতা নির্লজ্জতা লজ্জা,–হীনতা,–শূন্যতা। বেহায়াপনা বেলেল্লাপনা। চালবাজি আত্মম্ভরিতা। ফাজলামি। দাপাদাপি মাতামাতি।

ক্রি. ঔদ্ধত্যপূর্ণ আচরণ করা। বেয়াড়াপনা করা। লজ্জা না করা বা না পাওয়া। লজ্জিত না হওয়া। লজ্জার মাথা খাওয়া। চোখের চামড়া না থাকা। ওয়াস্তা পরোয়া বা কেয়ার না করা। মাথায় চড়া বা ওঠা। ধরাকে সরা জ্ঞান করা। সাপের পাঁচ পা দেখা। টেক্কা দেওয়া। গলাবাজি করা। জবরদস্তি করা। গুণ্ডামি বা বদমায়েসি করা। ত্রাস সঞ্চার করা। ভয় দেখানো।

বিণ. ধৃষ্ট উদ্ধত। উদ্ধত,–মনা,–প্রকৃতি–চারী, –ভাষী,–স্বভাব। স্পর্ধিত উৎসিক্ত অবিনীত অশিষ্ট অসভ্য অভদ্র। বেয়াড়া গোঁয়ার চোয়াড়। পাজি গুণ্ডা দুর্বৃত্ত। গলাবাজ। দুর্বিনীত দুর্দান্ত দুরন্ত। ডানপিটে ত্যাঁদড় টিট। ডেঁপো। পাকা জ্যাঠা অকালপক্ব। ডেকরা ঠেঁটা ইঁচড়েপাকা। ফাজিল বখাটে। ঠোঁটকাটা প্রগলভ। ধিঙ্গি। বেআবরু নির্লজ্জ নিলাজ বেলাজ লজ্জা,–হীন,–শূন্য অলজ্জ অলজ্জিত লাজলজ্জাহীন। গতত্রপ বিত্রপ অপত্রপ নিরপত্রপ বেশরম বেহায়া। বেলেল্লা বেল্লিক কালামুখো। কানকাটা দুকানকাটা চশমখোর। চালবাজ। আত্মম্ভরী। উৎকটজাতীয়তাবাদী। সন্ত্রাসবাদী নৈরাজ্যবাদী অন্তর্ঘাতী।

ক্রি. বিণ নির্লজ্জভাবে অসংকোচে। লজ্জা না পেয়ে।

৮৮১। দাস্য

বি. দাস্য দাসমনোভাব। দাসত্ব গোলামি বান্দাগিরি চাকরি। আত্ম,আপ্ত,–বিক্রয়। চাটুকার্য (৯৩৭)। পদলেহন। নতিস্বীকার বশ্যতা (৭৩৭। স্ত্রৈণতা। হীনতা হীনতাবোধ হীনমনস্কতা। হীনমন্যতা। উঞ্ছবৃত্তি। নম্রতা (৮৭৮)। গড্ডলিকাপ্রবাহ।

ক্রি. ছোট বা নীচু হওয়া। হাঁটু গাড়া। সেজদা করা। হামাগুড়ি দেওয়া। গুড়িগুড়ি মারা। লেজ গুটানো। পা চাটা। পদলেহন করা। মাথা বিকানো বা বাঁধা দেওয়া। সাতচড়ে রা না করা। দাসত্ব বা গোলামি

করা। ভেড়ার মত অনুসরণ করা। অপরের মুখের দিকে চেয়ে থাকা।

বিণ. দাসমনোভাবাপন্ন। হীন,-মনা,-মতি নীচু, -মনা। পা-চাটা পদলেহী। সেবাদাস। আজ্ঞা, -দাস,-বহ। ভেড়া স্ত্রৈণ আঁচলধরা। সূর্যোপাসক। সুবিধাবাদী। চাটুকার। পরাশ্রয়ী। পরমুখাপেক্ষী।

৮৮২। খ্যাতি

বি. খ্যাতি সুখ্যাতি প্রখ্যাতি বিখ্যাতি। নাম সুনাম খোশনাম প্রেস্টিজ যশ সুযশ। আখ্যা প্রখ্যা অভিখ্যা নিরুপাখ্য। প্রসিদ্ধি সুপ্রসিদ্ধি সুবাদ বিশ্রুতি সম্প্রতীতি শ্লোক। প্রশংসা শংসা শংসন প্রশংসন। নাম,-যশ,-ডাক। হাঁকডাক। কীর্তি সুকীর্তি প্রকীর্তি কৃতিত্ব অবদান। প্রতিপত্তি প্রতিষ্ঠা সুপ্রতিষ্ঠা প্রচার। পসার হাতযশ। প্রতিষ্ঠাধিকার। জন,-প্রিয়তা,-সমাদর,-প্রীতি। লোক,-প্রিয়তা,-প্রীতি,-সমাদর, যশ। হুরমুত। মান সম্মান মর্যাদা গৌরব। শ্রদ্ধা (৯৩২)। খাতির কদর আদর সমাদর সম্ভ্রম। মান,-মর্যাদা,-সম্ভ্রম। সম্মানন,-া সংবর্ধন,-া অভিনন্দন। গার্ড-অব -অনার। সাধুবাদ তারিফ বাহবা প্রশংসাবাদ। গুণ,-কীর্তন,-বর্ণন। যশঃ,-প্রচাব,-কীর্তন। পদ। কোটি কুল জাত। পদমর্যাদা কৌলিন্য ইজ্জত আভিজাত্য (৮৮৪)। রাজকীয়তা। শ্রেষ্ঠত্ব মহত্ব মহিমা মাহাত্ম্য। প্রাধান্য ওজন গুরুত্ব। ব্যক্তিত্ব। বীর নায়ক। জননেতা। সুধী পণ্ডিত আলেম। চূড়ামণি। অলংকার তিলক তেজস্তিলক তারকা। উপাধি শিরোপা আখ্যা খিলাত খেলাত পুরস্কার ভূষণ। টাইটেল খেতাব তকমা রাজসম্মান। রাজবেশ। পদক মেডেল চাপরাস। মালা পুষ্পমাল্য। সনদ সার্টিফিকেট। প্রশংসা,শংসা, -পত্র। অভিনন্দনবাণী। প্রশংসাবাক্য। গাথা যশোগাথা গৌরবগাথা যশোগান যশোগীতি। স্বর্ণাক্ষর। কীর্তিস্তম্ভ মনুমেন্ট। কীর্তিমন্দির কীর্তিধ্বজা কীর্তিমেখলা। অক্ষয়কীর্তি চিরকীর্তি। অমর,-ত্ব,-তা। স্মরণ,স্মৃতি,-উদ্‌যাপন, -বার্ষিকী। সিংহ। ব্যাঘ্র শের।

ক্রি. খ্যাতি অর্জন করা। খ্যাত বিখ্যাত বা প্রসিদ্ধ হওয়া। সম্মান মর্যাদা কৃতিত্ব বা গৌরব অর্জন করা। প্রশংসা পাওয়া। প্রতিষ্ঠা বা প্রতিপত্তি লাভ করা। পসার হওয়া। উন্নতি হওয়া। নাম হওয়া। মুখ উজ্জ্বল হওয়া। মুখ রাখা বা থাকা। মুখ উজ্জ্বল করা। বংশের মুখ উজ্জ্বল করা। বংশের মান বাড়ানো। মান বাঁচানো রাখা বা থাকা। সম্মান ইজ্জত বা মর্যাদা পাওয়া। কলকে পাওয়া। প্রশংসা বা পূজা করা। সমাদর করা। প্রশস্তি স্তব বা স্তুতি গাওয়া। অমরত্ব দান করা। অমর হওয়া।

বিণ. খ্যাত সুখ্যাত প্রখ্যাত বিখ্যাত সুবিখ্যাত পরিখ্যাত আখ্যাত। খ্যাতিমান প্রসিদ্ধ পরিচিত সুবিদিত বিদিত প্রথিত বিশ্রুত শ্রুত। নামী,-দামি নাম,-করা,-জাদা,-দার। খ্যাত,প্রথিত,-নামা মশহুর। ডাকসাইটে। এক ডাকে চেনা। জগদ্বিখ্যাত জগদ্বরেণ্য বিশ্ব,-বিখ্যাত,-বিশ্রুত। স্বনাম,-ধন্য,-প্রসিদ্ধ,-খ্যাত। লোকবিশ্রুত। গণ্য মান্য ভদন্ত মহামান্য মাননীয়। শ্রদ্ধাস্পদ শ্রদ্ধেয় (৯৩২)। আদৃত সমাদৃত। জন,-প্রিয়,-সমাদৃত লোক,-প্রিয়,-সমাদৃত,-প্রসিদ্ধ,-কান্ত। সর্বজন, -প্রিয়,-শ্রদ্ধেয়,-পূজিত। দেশ,-প্রিয়,-বরেণ্য, -বিখ্যাত,-বিশ্রুত। বিশ্ববন্দিত অখিলপ্রিয়। সম্মানী। প্রতিষ্ঠিত সুপ্রতিষ্ঠিত লব্ধপ্রতিষ্ঠ সুপ্রতিষ্ঠ প্রতিষ্ঠ। অভিনন্দিত সংবর্ধিত। কীর্তিমান। যশস্বী যশস্বান প্রথিতযশা যশোবন্ত যশোবান যশোধন যশোমণ্ডিত। চির,বহু,-প্রসিদ্ধ। মহান উচ্চ শ্রেষ্ঠ। অভিজাত (৮৮৪)। গরিমাদীপ্ত গরিমান্বিত গরীয়ান। গৌরব,-শালী,-দীপ্ত গৌরবান্বিত গৌরবোজ্জ্বল। রাজকীয়। বরীয়ান

বরেণ্য মহীয়ান। স্মরণীয় অবিস্মরণীয় চিরস্মরণীয় প্রাতঃস্মরণীয়। মহনীয় পূজনীয় মানী পূজ্য নমস্য প্রণম্য বন্দ্য বন্দনীয়। অর্হ অর্হনীয় সম্মানীয় সম্মানার্হ। প্রশংসনীয় প্রশংস্য প্রশস্য শংস্য প্রশংসার্হ। খ্যাতি,-জনক,-কর। মর্যাদা, -পূর্ণ,-কর। গৌরবজনক। যশস্য যশস্কর যশোদ যশোদায়ী। অনিন্দিত অনিন্দ্য অনিন্দনীয়। কীর্তি, -কর,-জনক। লব্ধ,দীপ্ত,শ্রুত,-কীর্তি। কীর্তিত পরিকীর্তিত সংকীর্তিত প্রশংসিত শংসিত। কুল, -মণি,-প্রদীপ,-ভূষণ,-তিলক,-গৌরব,-চূড়ামণি কুলের ধ্বজা।

৮৮৩। অখ্যাতি

বি. অখ্যাতি কুখ্যাতি। দুর্নাম বদনাম কুনাম। অযশ অপযশ অপকীর্তি। অপ্রসিদ্ধি অপ্রতিষ্ঠা অপ্রশংসা অগৌরব অমর্যাদা অশ্লাঘা অপ্রতিপত্তি অসম্মান। নিন্দা অপবাদ জনাপবাদ অপ্রিয়বাদ নিন্দাবাদ লোকনিন্দা লোকাপবাদ। নটঘট কেলেঙ্কারি ঢলাঢলি চুনকালি। যশোহানি খ্যাতিনাশ মান,মর্যাদা,গৌরব,-হানি। হাসাহাসি। লজ্জার একশেষ। অপমান। অপমানের একশেষ। প্রেস্টিজ পাংচার। কানপাতা দায়। অসম্মান অসম্ভ্রম (৯৩৩)। বেইজ্জত বেআবরু। অবমাননা (৯৩৪)। হীনাবস্থা হেনস্তা লাঞ্ছনা। পতন অবনতি। কুকীর্তি অকীর্তি। মানের গুড়ে বালি। পদ,-চ্যুতি,-স্খলন। দুর্গতি। জিল্লতি ধিক্কার। খোয়ার। ফইজত। লজ্জা গ্লানি আত্মগ্লানি। কলঙ্ক অপকলঙ্ক কালি কালিমা মসি দাগ মালিন্য।

ক্রি. দুর্নাম কেনা। নাম ডোবানো। মুখ মারা। মুখ ছোট করা। মুখ দেখাতে বা তুলতে না পারা। মান যাওয়া। মাথা হেঁট হওয়া বা কাটা যাওয়া। লজ্জায় পড়া। মুখে চুনকালি পড়া বা কলঙ্ক লেপা। নাক কান কাটা যাওয়া। বেইজ্জত অপদস্থ বা অপমানিত হওয়া। নিন্দিত হওয়া। কেলেঙ্কারি করা। কুলছাড়া। কুলত্যাগ বা বংশত্যাগ করা। ঘর ভাঙা। ঘরছাড়া। বাড়িছাড়া হওয়া। ঘর নষ্ট করা। কুল মজানো। কুলে কালি বা কলঙ্ক দেওয়া। কুল ডোবানো। বংশের নাম ডোবানো। লোকের মুখে হাত রাখতে না পারা। লোক হাসানো। লোকে দূর ছাই করা। একঘরে হওয়া। জাতিচ্যুত হওয়া। পদচ্যুত হওয়া। মর্যাদাহানি বা গৌরবহানি হওয়া। ছি ছি পড়া। টি টি পড়া।

বিণ. অখ্যাত কুখ্যাত অপ্রসিদ্ধ অসম্মানিত অগৌরবান্বিত অপ্রথিত অবিশ্রুত অপ্রশংসিত। কুপ্রসিদ্ধ কুনামা দুর্নামগ্রস্ত। অখ্যাতনামা অনামা অবিদিত অজ্ঞাতপরিচয়। অপ্রতিষ্ঠিত অপ্রতিষ্ঠ। অবজ্ঞাত অবহেলিত অনাদৃত পরাকৃত। তুচ্ছ নগণ্য। কীর্তিহীন অকীর্তিমান। অধন্য। অপূজিত। নিন্দিত বিনিন্দিত ঘৃণিত।

বদনামের ভাগী। অপবাদগ্রস্ত। কলঙ্কভাগী কলঙ্কিত। কুলকলঙ্ক কুলের কলঙ্ক। কুলাঙ্গার কুলমজানে কুল,-কলঙ্কী,-কলঙ্কিনী। কুল, -পাংশন,-দূষক বেইজ্জত অপ,-মানিত,-দস্থ, -দষ্ট অপমানগ্রস্ত। হৃত,-মান,-সম্ভ্রম,-গৌরব। হত,-মান,-গৌরব,-শ্রদ্ধ। পদ,মর্যাদা,গৌরব, -চ্যুত। কুল,বংশ,জাতি,সমাজ,-চ্যুত। কুল, বংশ,জাতি,-ভ্রষ্ট। একঘরে। লাঞ্ছিত হেয় নাকাল ভর্ৎসিত ধিক্কৃত। গৌরবহীন যশোহীন অযশস্বী। নামহীন নামগোত্রহীন। অপাঙ্‌ক্তেয়। পতিত। নিগৃহীত। নীচ হীন ওঁছা। অকুলীন ইতর। লেজকাটা শিয়াল। খেলো। হেঁজিপেঁজি। হত, -গর্ব,-দর্প,-গৌরব। দর্পচূর্ণ।

অখ্যাতি,-কর,-কারক-জনক অযশস্য অযশস্কর অপমানাত্মক অপমান,-কর,-জনক,-সূচক।

অমর্যাদা,-কর,-সূচক অসম্মান,-অগৌরব, -জনক অবমাননাকর মানহানিকর। অপ্রসিদ্ধিমূলক। গ্লানি,-কর,-জনক। লজ্জাকর। অকীর্তি,-কর,-জনক। কলঙ্কময়। কলঙ্ক, -কর,-জনক। ন্যক্কারজনক। নিন্দার্হ নিন্দা,-কর, -জনক। অপবাদমূলক। ঘৃণ্য। অশ্রদ্ধেয় (৯৩৩)। মর্যাদাহীন। অপ্রশংসনীয়। অবজ্ঞেয় অনাদৃত। দূষ্য। অসম্মান্য অবরেণ্য অপূজ্য। অশ্লাঘনীয় অশ্লাঘ্য।

৮৮৪। অভিজন

বি. অভিজন অভি,-জন,-জাত্য। সৌজাত্য অভিজন কৌলীন্য কুলীনত্ব সভ্রান্ততা শরাফত বনেদিয়ানা আবরু খানদান অ্যারিস্টোক্র্যাসি। হুরমুত। বংশ কুল বর্ণ গোষ্ঠী গোত্র ঘরানা। উঁচু, -বংশ,-জাত। উচ্চ,-বংশ,-ঘর। সদ্বংশ বড়ঘর ভালোঘর। উচ্চ,গুরু,-বর্ণ। সাহেবান। নীলরক্ত ব্লুব্লাড। কুল,-গৌরব,-গর্ব,-মর্যাদা,-মান বংশ, -গৌরব,-মর্যাদা কুলাভিমান কৌলীন্যগর্ব জাত্যভিমান বর্ণাভিমান হসবনসব। কুল,বংশ, -পরিচয়। কুলশীল। কুল,-পতি,-প্রধান,-শ্রেষ্ঠ। বংশশ্রেষ্ঠ বংশের-মাথা বংশের-প্রধান। গোষ্ঠী, -পতি,-প্রধান। কুল,-গুরু,-পুরোহিত,-বিপ্র কুলাচার্য বংশগুরু। বড়,-লোক,-মানুষ। ভদ্রলোক। উঁচুতলার মানুষ। বাবুসমাজ অভিজাতশ্রেণী। অভিজাততন্ত্র। ব্রাহ্মণ ব্রাহ্মণ্যবাদ। ক্ষত্রিয় বৈশ্য। আমিরওমরাহ রাজরাজড়া সাহেবসুবা। খাঞ্জাখাঁ। হোমরাচোমরা কেউকেটা মাতব্বর মুরব্বি কেষ্টবিষ্টু। জাঁদরেল। জাঁহাবাজ তালেবর। বড়ঘরের ছেলে। কুল,-পুত্র,-পুরুষ। বড়ঘরের মেয়ে। কুল, -কামিনী,-কন্যা,-নারী সৎকুলজাতা। সৈয়দ শেখ মোগল পাঠান। আমির নওয়াব সুলতান। সম্রাট বাদশাহ রাজা রাণা রাও মহা,-রাজা,-রাজ। লাট লর্ড। রাজকুমার শাহজাদা। সর্দার মালিক খান হুজুর মির্জা মিঞা মীর বাহাদুর সাহেব বড়সাহেব খান,-সাহেব,-বাহাদুর। পীর,নবাব,-জাদা। সম্রাজ্ঞী রানী বেগম। মেম। রাজকুমারী শাহজাদী। মনসবদার সুবেদার। পারিষদ অমাত্য উজীর মন্ত্রী। সম্রাট মহানুভব। তদীয় মহিমা। সপারিষদ। সম্রাট হজরত খুদাবন্দ মাইলর্ড। মাননীয়। স্যার মহাশয় জনাব। মৌলভি বাবু। শ্রীযুক্ত মিস্টার। শ্রীমান মাস্টার। শ্রীযুক্তা শ্রীমতী। মোসাম্মৎ বেগম।

ক্রি. কুল রাখা। কৌলীন্য বজায় রাখা। বংশের মুখ উজ্জ্বল করা বা মান বাড়ানো।

বিণ. অভিজাত সম্ভ্রান্ত আলি শরিফ আশরাফ রঈস অ্যারিস্টোক্র্যাট। কুলীন কুলজ সদ্বংশীয় সদ্বংশজাত সু,-জন্মা,-জাত বন্দ্যবংশ। বনেদি বুনিয়াদি। বনেদি ঘরানা। খানদানি আভিজাতিক কৌল কৌলিক কৌলেয় কৌল্য ভদন্ত উচ্চবংশীয়। শাহি নবাবি বাদশাহি আমিরি রাজকীয়। উচ্চপদস্থ। উচ্চকোটি। আভিজাত্য,-ময়,-পূর্ণ। অভিজাতসুলভ। জাত্যভিমানী। কুলতিলক। গণ্যমান্য। সোপাধি।

৮৮৫। জনসাধারণ

বি. জন,-সাধারণ,-গণ,-তা। সাধারণ্য সাধারণমানুষ বহুজনতা আম পাবলিক। আপামর জনসাধারণ। নীচুতলার মানুষ। সর্বহারা। পাঁচজনা। আর পাঁচজন। লোক,মানুষ,-জন। জন,-সমষ্টি,-গোষ্ঠী। জনারণ্য জনসমুদ্র। বুর্জোয়া মধ্যবিত্ত। পাতিবুর্জোয়া নিম্নবিত্ত। বিত্তহীন। গণদেবতা নরনারায়ণ জনগণেশ দরিদ্রনারায়ণ। জনসমাজ। কৃষক চাষী চাষা,-ভুষো। জনমজুর মজদুর শ্রমিক। হরিজন। তপসিলি,-জাতি,

-উপজাতি,-সম্প্রদায়। উপ,অপ,নীচু,নীচ,-জাতি। নীচ,-ঘর,-বংশে হীনবংশে। আপজাত্য। অকৌলীন্য আভিজাত্য,কৌলীন্য,-হীনতা। ভুঁইফোঁড় হঠাৎবাবু নতুনবড়লোক। যাযাবর ভবঘুরে।

বিণ. সাধারণ আম। আতরাফ আজলাফ। অকুলীন অকুল অসম্ভ্রান্ত অনভিজাত। অপাঙ্‌ক্তেয়। অজ্ঞাতকুলশীল। অন্ত্যজ অধরিক ইতর জাল্ম। অজাত অপজাত কুজাত কমজাত পামর। লোয়ারক্লাস। সিডিউল-কাস্ট। ছোটজাত। ছোটলোক। অর্বাচীন নাড়াবুনে। অচ্ছুৎ অস্পৃশ্য অশুচি ছ্যুত অস্পর্শ্য অস্পর্শনীয়। ব্রাত্য পতিত। নিম্ন নীচ হীন ওঁছা অধম অন্ত্য অন্ত্যবর্ণ নীচকুলোদ্ভব নীচাশয়। পাতি। অসভ্য বর্বর জংলী বুনো। অনার্য যবন। দেহাতি গ্রাম্য গেঁয়ো। চাষা। বাউণ্ডুলে ছন্নছাড়া চালচুলোহীন হাঘরে। নিম্ন,-শ্রেণী,-কোটি।

ক্রি-বিণ. আপামর। জাতিধর্মনির্বিশেষে। উচ্চনীচ অভেদে।

৮৮৬। বিস্ময়

বি. বিস্ময় আশ্চর্য চমক চমৎকার। সাধ্বস সম্ভ্রম। বিহ্বলতা। চোখ ছানাবড়া। চক্ষু চড়কগাছ। চক্ষুস্থির। আক্কেলগুড়ুম। অপ্রত্যাশা। অবাককাণ্ড। তাজ্জব বিচিত্র,-ব্যাপার অদ্ভুত -ঘটনা। অদ্ভুতরস বিস্মায়ন বিস্মাপন চমৎকরণ। ভোজবাজি জাদু। অলোকসামান্যতা বিস্ময়করতা চমৎকারি,-ত্ব,-তা। অসাধারণত্ব অভিনবত্ব। অলৌকিক ঘটনা। অপূর্ব দৃশ্য। মোজেজা নিশানি কুদরত লীলা। ইলাহি,-কারখানা,-কারবার। প্রকৃতির খেয়াল। কৌতূহল। দ্রষ্টব্য। লক্ষণ নিদর্শন। অতি,-মানব,-মানুষ। মহা,-পুরুষ,-মানব। রাক্ষস দৈত্য।

ক্রি. বিস্মিত হওয়া। অবাক বা আশ্চর্য হওয়া। গালে হাত দেওয়া। থ বা তাজ্জব বনা। ভেবাচেকা খাওয়া। হকচকানো। চমকানো। বিস্মিত করা। আশ্চর্য করা। ধাঁধা লাগা। ধাঁধিয়ে যাওয়া। ধাঁধানো। লাজওয়াব হওয়া। নিঃশ্বাস বন্ধ হয়ে যাওয়া। চোখ কপালে ওঠা।

বিণ. বিস্মিত বিস্ময়ান্বিত বিস্ময়াভিভূত বিস্ময়াপন্ন বিস্ময়াবিষ্ট বিস্ময়াকুল বিস্ময়বিমূঢ় জাতবিস্ময়। আবিষ্ট। আশ্চর্যান্বিত চমৎকৃত। চকিত চমকিত। স্তব্ধ স্তম্ভিত। থ তাজ্জব লাজওয়াব অবাক নির্বাক বাক্য,-হারা,-হীন। হত,-ভম্ব,-বাক। ভেবা। মুগ্ধ মূঢ় বিমূঢ় বিহ্বল। বিস্ময়াবহ বিস্ময়,-কর,-জনক। আশ্চর্য,-কর,-জনক অত্যাশ্চর্য। বলিহারি চমৎকার চমকপ্রদ। বিচিত্র,-বীর্য. অভূতপূর্ব অপূর্ব অদৃষ্টপূর্ব। অবিশ্বাস্য অস্বাভাবিক আজব আজগুবি সৃষ্টিছাড়া নজিরবিহীন বেনজির। অচিন্ত্য অদ্ভুত উদ্ভট উদ্ভট্টি। বিকট বিটকেলে রাক্ষুসে দানবীয়। দুর্লভ দুর্ঘট। দুনিয়ার বাহির। অভাবনীয় অচিন্তনীয়। অকহতব্য অবর্ণনীয় অনির্বচনীয়। অপ্রত্যাশিত অভিনব (১১৭)। সবিস্ময় সচকিত। নাটকীয়। কৌতূহলোদ্দীপক। অলোকসামান্য অলৌকিক লোকাতীত মনুষ্যাতীত মানবাতীত। লোকোত্তর। দিব্য। অতীন্দ্রিয় অতিপ্রাকৃত। অনন্যসাধারণ অসাধারণ। অতিমানবিক মহামানবিক। ক্ষণজন্মা। অলৌকিক ক্ষমতাসম্পন্ন। দৈবশক্তির অধিকারী।

ক্রি-বিণ. বিস্ময়ে সবিস্ময়ে।

অব্য. অ্যাঁ। ওঃ। ওকি। সেকি। তাই নাকি। তাইতো। সোবহান আল্লাহ।

৮৮৭। অবিস্ময়

বি. অবিস্ময় অনাশ্চর্য। প্রত্যাশা (৫৩০)। পূর্বধারণা। অবিচলতা অচাঞ্চল্য স্নিগ্ধরক্ত শীতলতা নিরাবেগ।

ক্রি. বিস্মিত বা আশ্চর্য না হওয়া। আশা বা প্রত্যাশা করা। সহজভাবে নেওয়া। কোন চাঞ্চল্য প্রকাশ না করা।

বিণ. অবিস্ময়কর প্রত্যাশিত। সম্ভাবিত। সম্ভাব্য ভাবনীয়। সাধারণ স্বাভাবিক। পাঁচপাঁচি অতিসাধারণ মামুলি। অবিস্মিত অবিচলিত অচঞ্চল। কল্পনাহীন নীরস।

অব্য. ও ! আচ্ছা !

৮৮৮। সামাজিকতা

বি. সামাজিকতা লৌকিকতা লৌকতা নৌকতা। শান্তিপুরে নৌকতা। মেলামেশা দেখা,-সাক্ষাৎ, -শোনা যাতায়াত গতায়াত লেনদেন আদানপ্রদান। মাখামাখি দহরম-মহরম সৌহার্দ্য সম্প্রীতি (৮৯১)। সাহচর্য সমভিব্যাহার অভিসার। আলাপ রসালাপ। উৎসব (৮৪৩) অনুষ্ঠান। আতিথেয়তা আতিথ্য মেহমানদারি মেজবানি অতিথি,-সেবা, -পরিচর্যা,-পরায়ণতা। নিমন্ত্রণ আমন্ত্রণ দাওয়াত জিয়াফত। মেহমান। মেজবান। সংবর্ধনা অভ্যর্থনা। আদর,-অভ্যর্থনা,-আপ্যায়ন। খাতির যত্নআত্তি সেবা। সম্মাননা (৯৩২)। সৌজন্য (৯০১)।

অভিবাদন। স্বাগত,-সাদর,-প্রীতি,-সম্ভাষণ। আদাব সালাম। আসসালামু আলায়কুম। ওয়া আলাইকুমুস্ সালাম। খোদা হাফেজ। সুপ্রভাত গুডমর্নিং। শুভদিন গুডডে। শুভসন্ধ্যা গুডইভনিং। শুভরাত্রি গুডনাইট। কুশলজিজ্ঞাসা। খোশ আলাপ। সামাজিক সম্মেলন। আসর বাসর জলসা মজলিস মহফিল মাইফেল। পার্টি চাচক্র উদ্যানচক্র। পুনর্মিলনী। সাংস্কৃতিক অনুষ্ঠান। ভোজ খানা খানাপিনা। খোশখানা প্রীতিভোজ ডিনারপার্টি ককটেলপার্টি।

ক্রি. সামাজিকতা বা লৌকিকতা করা। মেলামেশা দেখাসাক্ষাৎ বা যাতায়াত করা। খাতির সমাদর বা আপ্যায়ন করা। যত্নআত্তি সেবাযত্ন বা খাতির যত্ন করা। পার্টি দেওয়া। নিমন্ত্রণ করা। নিমন্ত্রণ রক্ষা করা। স্বাগতম বা খোশ আমদেদ জানানো। এগিয়ে নিয়ে আসা। করমর্দন বা হ্যান্ডশেক করা। হাত মেলানো বা ঝাঁকানো। মুসাফিহা বা মুসাবা করা। কোলাকুলি বা আলিঙ্গন করা।

বিণ. সামাজিক মিশুক আলাপী সদালাপী। অমায়িক সহজ সহৃদয় প্রাণখোলা বন্ধুভাবাপন্ন। ভদ্র সভ্য। আমুদে। অতিথিবৎসল। প্রতিবেশীসুলভ। উৎসবমুখর।

৮৮৯। অসামাজিকতা

বি. অসামাজিকতা অমিশুকতা সঙ্গবিমুখতা। কূপমণ্ডূকতা। অসভ্যতা অভদ্রতা অসৌজন্য (৯০২)। অনাতিথেয়তা। অন্তর্মুখিতা আত্ম, অহং,-সর্বস্বতা। স্বনির্ভরতা। নিঃসঙ্গতা (৮৯০)। অসংশ্রব অসংস্পর্শ অনভিগম্যতা। অনুষ্ণতা শীতলতা। সৌহার্দাভাব। হামবড়াভাব দেমাক। উন্নাসিকতা নাকউঁচুভাব।

ক্রি. সামাজিকতা না করা। সামাজিকতা রক্ষা না করা। দূরে দূরে থাকা। হটে থাকা। দূরত্ব বজায় রাখা। মেলামেশা না করা। মিলতে না পারা। লোকের সঙ্গে মিলতে বা খাপ খাওয়াতে না পারা। একা একা থাকা। একা থাকতে পছন্দ করা। নাক উঁচু করা।

বিণ. অসামাজিক অমিশুক ঘরকুনো একান্তবাসী। লৌকিকতাবিরোধী। বন্য। সঙ্গ,সংসার,-বিমুখ। অপ্রতিবেশীসুলভ। স্বতন্ত্রপ্রিয়। অনভিগম্য। অবন্ধুভাবাপন্ন। মুখ,-চোরা,-চাপা। দেমাকি।

৮৯০। নিঃসঙ্গতা

বি. নিঃসঙ্গতা ঐকল্য একাকিত্ব এককত্ব নিঃসঙ্গিতা সঙ্গীহীনতা। অসংস্রব অসংস্পর্শ। আত্মভোলাভাব অন্তর্মুখিতা অসামাজিকতা (৮৮৯)। লোকাভাব নির্জনতা জন,-হীনতা, -শূন্যতা,-বিরলতা। আত্মগোপন ভূতলবাস অজ্ঞাত,গুপ্ত,-বাস। একচর্যা। স্ব,স্বেচ্ছা,-নির্বাসন বিবাস বিবাসন নির্বাসন। বিতাড়ন সমাজবর্জন। অন্তরাল আড়াল অন্তঃপুর। পর্দাপ্রথা। অস্পৃশ্যতা। স্বনির্ভরতা স্বাবলম্বিতা অহংসর্বস্বতা। সন্ন্যাস,-ধর্ম বৈরাগ্য সংসার,-বৈরাগ্য, নিস্পৃহতা,-বিরক্তি। বিষয়,-বৈরাগ্য,-বিতৃষ্ণা। গৃহ,সংসার,-ত্যাগ। সন্ন্যাসবৃত্তি। ত্যাগ,-ধর্ম, -ব্রত। তাপস্য বৈরাগ্যসাধন। ভিক্ষুধর্ম ভৈক্ষ্য প্রব্রজ্যা মাধুকরী মধুকরবৃত্তি। সন্ন্যাসী ফকির দরবেশ। কুনোব্যাঙ কূপমণ্ডুক।

ক্রি. একা থাকা। নিজের মনে থাকা। আত্মমগ্ন থাকা। নিজেকে সরিয়ে রাখা। সাতেপাঁচে না থাকা। মেলামেশা না করা। সকলকে এড়িয়ে চলা। কারও সঙ্গে সংস্রব বা সম্পর্ক না রাখা। নিজেকে লুকিয়ে রাখা। লুকানো। আত্মগোপন করা। ডুবমারা। ঢাকা দেওয়া। একঘরে করা বা হওয়া। নির্বাসন দেওয়া। খাঁখাঁ করা।

বিণ. নিঃসঙ্গ অসঙ্গ সঙ্গ,সঙ্গী,-হীন গতসঙ্গ। একা একলা একাকী একক একল একানিয়া একানে। একচর একাচোরা। স্বতন্ত্র আলাদা পৃথক নির্দলীয় নিরপেক্ষ। জাতি,যূথ,-ভ্রষ্ট। বংশ,-চ্যুত,-ভ্রষ্ট। জ্ঞাতিশূন্য অনাত্মীয়। বন্ধু,মিত্র,-হীন অবান্ধব নির্বান্ধব। অনাথ। এতিম পিতৃহীন। মাতাপিতাহীন। অনন্যসহায় নিরাশ্রয় অস্পৃশ্য অপাঙ্‌ক্তেয় একঘরে সমাজ,-বহির্ভূত,-চ্যুত। অন্তঃপুরবাসিনী পর্দানশীন। নির্বাসিত অন্তরীণ। ঘরকুনো সঙ্গবিমুখ অসামাজিক (৮৮৯)। গৃহ,সংসার,-ত্যাগী ঘরছাড়া। বিবিক্তসেবী। বিজন,নির্জনস্থান,-বাসী। নির্জনতা,নিরালা, -প্রিয়।

নির্জন বিজন নিরালা। ফাঁকা। নিভৃত নিরিবিলি বিবিক্ত। একান্ত অসম্পৃক্ত। শুনশান। উপাংশু। জন,-শূন্য,-হীন,-বিরল। জনমানব,-শূন্য-হীন।

৮৯১। বন্ধুতা

বি. বন্ধু,-তা,-ত্ব। মিত্র,-তা-ত্ব মৈত্রী মৈত্র মিতালি। দোস্তি সখ্য সখি,-ত্ব,-তা সখাত্ব। সুহৃৎ সাপ্তপদীন। সৌহার্দ্য সৌহৃদ্য হৃদ্যতা হার্দ্য। বন্ধু,মিত্র,-বাৎসল্য বন্ধুপ্রীতি। স্নেহ প্রীতি প্রেম প্রণয় (৮৯৩)। বনিবনা সাঙাতি আঁতাত মিলমিশ ভাব ভাবসাব সদ্ভাব সম্প্রীতি খাতির পোট। মনের মিল (২৪)। সহানুভূতি সহৃদয়তা সহমর্মিতা সমমর্মিতা। ঐকাত্ম্য একাত্মতা একাত্মবোধ অভিন্নহৃদয়তা অঙ্গাঙ্গিভাব। আন্তরিকতা আনুরক্তি অন্তরঙ্গতা গলাগলি ঘনিষ্ঠতা পরমাত্মীয়তা। বাল্যবন্ধুত্ব ছোটবেলার বন্ধুত্ব শৈশব,মৈত্রী,-বন্ধন। তুইতোকারি-সম্পর্ক। যাতায়াত গতায়াত দেখাশোনা লেনদেন। সঙ্গ আসঙ্গ সাথ সমভিব্যাহার সাহচর্য সংসর্গ সংস্রব। দহরম,-মহরম মাখামাখি। পরিচয় জানাশোনা পৃষ্ঠপোষকতা হিতৈষণা সদিচ্ছা। স্বজনতোষণ পক্ষপাতিত্ব। সৌভ্রাত্র সুভ্রাতৃত্ব ভ্রাতৃত্ববোধ ভাইভাই। বন্ধুকৃত্য বন্ধুর কাজ। বন্ধুত্বের,-দাবি, -বন্ধন। পুনর্মিলন ভাব।

বন্ধু বান্ধব মিত্র মিতা সুহৃৎ সুহৃদ্বর সখা দোস্ত ওয়ালি ইয়ার। বন্ধুনী বান্ধবী সখী সই সজনী সহচরী সাঙাতনী বঁধু বঁধুয়া। গঙ্গাজল। বন্ধু, -বান্ধব,-জন মিত্রবর্গ ইয়ার,-বকসি,-দোস্ত। পরিজন পরিকর। সাঙাত সঙ্গী সাথী কমরেড সহচর দোসর স্বজন সাঙ্গোপাঙ্গো সঙ্গীসাথী সহকর্মী সহযোগী। অংশীদার পার্টনার শরিক। বয়স্য সম,-বয়সী,-বয়স্ক। সহপাঠী সতীর্থ ক্লাসফ্রেন্ড। বাল্য,-সখা,-সুহৃৎ,-বন্ধু,-সঙ্গী, -সহচর নেংটির বন্ধু। আপন স্বজন। কাছের, -লোক,-মানুষ। পেয়ারের লোক প্রিয়পাত্র। নিমন্ত্রণকারী। অতিথি অভ্যাগত নিমন্ত্রিত। মুরব্বি পৃষ্ঠপোষক। সৎমিত্র সন্মিত্র হিতৈষী দরদি সহমর্মী সমমর্মী সহানুভূতিশীল। গুরু মুর্শেদ। দলীয়ব্যক্তি পার্টিসদস্য সমর্থক কুলমিত্র পারিবারিকবন্ধু। পড়শি প্রতিবেশী পাড়াপ্রতিবেশী। দেশীভাই দেশোয়ালি। মানিকজোড় কানাইবলাই জগাইমাধাই কৃষ্ণবলরাম। চির,-সখা,-সঙ্গী, -সাথী,-মিত্র।

ক্রি. বন্ধুত্ব করা। বন্ধু বা বন্ধুত্ব পাতানো। মিত্রতা বা মৈত্রী স্থাপন করা। হৃদ্যতা করা বা থাকা। বন্ধুত্বপূর্ণ আচরণ করা। আলিঙ্গন বা গলাগলি করা। করমর্দন করা। জানাশোনা বা পরিচয় করা। ভাব হওয়া। বনা। পটা। পোষা। পোষানো। একসঙ্গে ওঠাবসা করা। অন্তরঙ্গ হওয়া। মাখামাখি করা।

বিণ. বন্ধুত্ব,-পূর্ণ,-মূলক,-সুলভ। বন্ধুভাবাপন্ন। মৈত্র মৈত্রীমূলক। সৌহার্দ্য,-পূর্ণ,-মূলক। হৃদ্যতাপূর্ণ হার্দ্য হার্দিক। একাত্ম অভিন্নহৃদয় সমপ্রাণ গলায় গলায় হরিহরআত্মা। ভ্রাতৃসুলভ। অন্তরঙ্গ ঘনিষ্ঠ গাঢ় প্রগাঢ়। ঐকান্তিক একনিষ্ঠ আন্তরিক অকৃত্রিম। সহমর্মী সহনুভূতিশীল দরদি। পরিচিত জানাশোনা। তুল্যবয়স্ক সমকালিক সমসাময়িক।

৮৯২। শত্রুতা

বি. শত্রুতা শাত্রব বৈর বৈরভাব বৈরিতা আদাওত দুশমনি গালিমি দ্রোহ দ্রোহিতা। শত্রুতাচরণ বৈরাচরণ। শত্রুতাকরণ বৈরসাধন। সাপত্ন্য। বিরোধিতা বিপক্ষতা প্রতিপক্ষতা প্রতিযোগ। প্রতিকূলতা। মনোমালিন্য মনকষাকষি মনান্তর। বিভেদ বিরোধ গরমিল বিবাদ কলহ অবনিবনা অনৈক্য ঐক্যাভাব বেমিল অমিল (২৫)। অভাব অসদ্ভাব অসৌহার্দ্য অবন্ধুত্ব অসখ্য অমৈত্রী। দ্বেষ বিদ্বেষ ঈর্ষা। পৈশুন পৈশুন্য হিংসা। মনের বিষ। তিক্ততা। বন্ধু,বন্ধুত্ব,-বিচ্ছেদ। অমঙ্গলকামনা (৯০৪)। অনাদর (৮৯৭)। অপ্রণয় অনুরাগ অপ্রীতি অসম্প্রীতি অনাসক্তি বিরাগ বিমুখতা ঘৃণা (৮৯৪)। বিশ্বাসঘাতকতা। কুচক্র চক্রান্ত ষড়যন্ত্র সাট সট সড় গুপ্ত,কু,-মন্ত্রণা দুরভিসন্ধি কুমতলব। শত্রু বৈরী অরি অরাতি অরবু দ্রোহী। দুশমন গালিম মুদ্দই অমিত্র অবন্ধু। চিরশত্রু। সৎ,-মা, -ভাই,-বোন,-ছেলে,-মেয়ে। সতিন সপত্নী। সতা। সতিন,-কাঁটা,-পো,-ঝি। সপত্ন। বউকাঁটকী। বিপক্ষ প্রতিপক্ষ প্রাতিপক্ষ শত্রুপক্ষ অরি,বিপক্ষ,-দল। বিবাদী প্রতিবাদী প্রত্যর্থী। প্রতি,-যোগী,-দ্বন্দ্বী। বিরোধী প্রতিবল বেদল শত্রুপক্ষ। অনাত্মীয়। শনি। রিপু। দ্বিষৎ দ্বেষ্টা দ্বেষী বিদ্বেষ্টা বিদ্বেষী। বিদ্বেষভাজন। ঘরের,দেশের, সমাজের,-শত্রু গৃহশত্রু। বিশ্বাসঘাতক বেঈমান বিভীষণ মীরজাফর কুইসলিং দালাল। পঞ্চমবাহিনী। কুচক্রী। শত্রু,-বাহিনী,-সেনা, -সৈন্য প্রতিভট। শত্রুবল অরাতিবিক্রম। বিরোধীশক্তি। শত্রুভয়। ষড়যন্ত্রী চক্রান্তকারী।

ক্রি. শত্রুতা বা দুশমনি করা। বনিবনা না হওয়া। মুখ না দেখা। কথা না বলা। দেখতে না পারা। কুচোখে দেখা। আড়ি দেওয়া। আড়াআড়ি ঝগড়া বা বিবাদ করা। বেগ দেওয়া। জ্বালানো। জ্বালাতন করা। জ্বালিয়ে পুড়িয়ে মারা। দগ্ধানো। জীবন দুর্বিষহ করা। হাড় জ্বালানো। হাড়মাস কালি করা। পিছন থেকে ছুরি মারা। বিশ্বাসঘাতকতা করা। ঘর ভাঙানো। লেলানো। লেলিয়ে দেওয়া। পিছনে লাগা। ঘৃণা করা।

বিণ. শত্রুতা,-পূর্ণ,-মূলক,-সুলভ,-ব্যঞ্জক। শত্রুভাবাপন্ন। বৈরিভাবাপন্ন। শত্রুপক্ষীয় বিপক্ষীয়। শত্রু,-পূর্ণ,-ময়,-বহুল। শত্রু,অরি,-সংকুল। বিদ্বেষমূলক। সৎ সতীনসম্পর্কিত। প্রতিকূল বিমুখ বাম। পরিপন্থী পারিপন্থিক।

৮৯৩। প্রেম

বি. প্রেম ভালবাসা প্রণয় প্রীতি পিরিত পিরিতি প্রিয়ভাব মুহব্বত পেয়ার আশক ইশক লাভ হৃদয়ঘটিত ব্যাপার। আনুরক্তি অনু,-রাগ,-রক্তি, -রতি। টান আকর্ষণ দুর্বলতা সক্তি আসক্তি সংসক্তি প্রসক্তি অত্যাসক্তি অভিরতি আসঙ্গ সমাসঙ্গ ব্যসঙ্গ। কাম মোহ রতি। সম্মোহন বিলোভন। অনুরঞ্জন। পক্ষপাতিত্ব। দরদ মায়া মমতা বাৎসল্য স্নেহ (৮৯৫)। পূজা শ্রদ্ধা ভক্তি। সহানুভূতি সমবেদনা। দয়া দাক্ষিণ্য। আকর্ষণীয়তা লালিত্য কমনীয়তা মনোহারিত্ব লাবণ্য। হার্দ্য সৌহার্দ্য(৮৯১)। অঙ্গাঙ্গি,-ত্ব,-ভাব,-সম্বন্ধ। পূর্বরাগ প্রেমার্চন প্রেমানুরঞ্জন কোর্টশিপ। প্রেম, -বন্ধ,-বন্ধন,-ডোর,-পাশ,-বাণ প্রণয়গ্রন্থি। প্রেমাশ্রু প্রেম,-বারি,-ধারা। প্রেমদৃষ্টি। প্রেম,-পত্র, -লিপিকা। নীলচিঠি। প্রেম,প্রণয়,-সম্বোধন, -সম্ভাষণ প্রণয়াহ্বান। প্রেমালাপ প্রণয়ালাপ বিশ্রম্ভালাপ রসালাপ। প্রেমানুরাগ প্রেমানুভব প্রেমাগ্নি প্রেমানল প্রণয়ানল প্রেমাসক্তি প্রেমাকাঙ্ক্ষা। প্রণয়তৃষ্ণা প্রণয়াকাঙ্ক্ষা প্রণয়াসক্তি প্রণয়ানুরাগ হৃদয়দৌর্বল্য। প্রণয়াভিমান। আদর প্রণয়াদর সোহাগ (৮৯৬)। অবৈধ,-প্রেম,-প্রণয়। পরকীয়া,-প্রেম,-রতি। আশনাই। অনঙ্গ মদন কন্দর্প। মদনের শর। কিউপিড ইরস। ভেনাস। কলির কৃষ্ণ।

প্রেমিক,-া প্রণয়ী প্রণয়িনী নাগর,-ী প্রিয়,-া প্রিয়তম,-া প্রেয় প্রেয়সী প্রেষ্ঠ,-া মাহবুব,-া আশেক,-া মাশুক,-া। মজনু লায়লি। দয়িত,-া, কান্ত,-া বল্লভ প্রেমপাত্র,-ী প্রেমী দিলদার পিয়ারা পিয়ারি সজনী। প্রাণ,-নাথ,-কান্ত,-বল্লভ প্রাণেশ। মনের মানুষ। প্রাণেশ্বর,-ী। হৃদয়েশ্বর,-ী। বঁধু। বাগদত্ত,-া প্রণয়াস্পদ,-া প্রেমাস্পদ,-া। সঙ্গিনী প্রমোদসঙ্গিনী। নর্ম,-সখী,-সঙ্গিনী,-সহচরী অঙ্কসঙ্গী। অবৈধপ্রণয়ী লম্পট (৯৬২)। নায়ক: ধীরোদ্ধত ধীরোদাত্ত। নায়িকা: ধীরা ধীরাধীরা প্রোষিতভর্তৃকা কলহান্তরিতা খণ্ডিতা অভিসারিকা বাসসজ্জা বাসকসজ্জা বাসকসজ্জিতা বিপ্রলব্ধা।

ক্রি. প্রেম করা। প্রেম দান করা বা নিবেদন করা। ভালোবাসা। মন দেওয়া নেওয়া। হৃদয় বিনিময় করা। অনুরক্ত বা আসক্ত হওয়া। প্রেমে পড়া বা মজা। প্রেমে হাবুডুবু খাওয়া। আসক্তি বা দুর্বলতা জমানো। পটানো। মজানো। ভজানো। ভুলানো। টান বা আকর্ষণ থাকা। মনে ধরা। মন চাওয়া। মন মজা। চোখে পড়া বা লাগা। মুগ্ধ বা মোহিত বা বিলুব্ধ হওয়া। মাথা ঘোরা। দেওয়ানা বনা।

বিণ. প্রেম,প্রীতি,স্নেহ,মায়া,-ময়,-ময়ী। দরদি মমতাময়ী। অনু,-রক্ত,-রত,-রাগী। অনু,-রক্তা, -রাগিণী। আসক্ত আসক্তা সক্ত প্রসক্ত সংসক্ত সংসক্তা অনুষক্ত। প্রেমাসক্ত প্রণয়াসক্ত। আরত অভিরত। মাতোয়ারা আত্মহারা দেওয়ানা। মাতাল

মত্ত। মুগ্ধা বিমুগ্ধা বিমোহিতা বিহ্বলা। আকর্ষণীয় মোহনীয় মোহিনী মনোরমা মনোমোহিনী মনোলোভা কমনীয় কামিনী রমনীয়। মনচোরা চিত্ত,চিত,-চোর। কাম্য কামনীয়। পিতৃ,মাতৃ, ভগ্নি,ভ্রাতৃ,-সুলভ। সানুরাগ। প্ল্যাটোনিক কামগন্ধহীন।

৮৯৪। ঘৃণা

বি. ঘৃণা ঘেন্না রীঢ়া। বিরাগ অনুরাগ অপ্রেম অপ্রীতি। বিরূপ,-তা,-ত্ব। অনাদর (৮৯৬)। অশ্রদ্ধা অভক্তি অবজ্ঞা তাচ্ছিল্য অবহেলন। পরাকরণ। জুগুপ্সা। ধিক্কার গঞ্জনা নিন্দা। বিদ্বেষ তিক্ততা। শত্রুতা (৮৯২)। বিষ,-দৃষ্টি,-নয়ন। অপঘৃণা। বিতৃষ্ণা বিতুষ্টি।

ক্রি. ঘৃণা করা। অশ্রদ্ধা বা অভক্তি করা। নাক টেপা উঁচান বাঁকান বা সিটকানো। অপছন্দ করা। সহ্য করতে না পারা। দেখতে না পারা। দেখলে গা জ্বালা করা। পিত্ত জ্বালা করা। ঘেন্না ধরে যাওয়া। গা রিরি করা। গা গুলিয়ে ওঠা। গা ঘিনঘিন করা। বমি পাওয়া। পিছিয়ে আসা। ছিটকে পড়া। ছায়া না মাড়ানো।

বিণ. ঘৃণার্হ ঘৃণ্য। ঘৃণিত ঘৃণাস্পদ বিরাগভাজন অপ্রীতিভাজন। ঘৃণা,-যোগ্য,-ভাজন,-কর, -জনক। ঘৃণী ঘৃণাকারী। বীতশ্রদ্ধ। অপ্রিয়, -ভাজন। অপ্রীত। বিরূপ বিতুষ্ট। অপ্রীতিকর বিরক্তিকর। ন্যক্কারজনক। জঘন্য। নিন্দিত গর্হিত। পরাকৃত হেয়। পরিত্যক্ত। উপেক্ষিত অবজ্ঞাত অপমানিত ধিক্কৃত। বিদ্বেষমূলক (৯১৯)।

৮৯৫। স্নেহ

বি. স্নেহ স্নেহপ্রীতি মায়া মমতা মায়ামমতা। দরদ টান আকর্ষণ আত্তি অনুষঙ্গ অনুলেহ দয়ামায়া। মমত্ব,-বোধ। বাৎসল্য বৎসলতা। অপত্য,সন্তান, -স্নেহ। পিতৃ,মাতৃ,-স্নেহ। স্নেহ,-রস,-বারি। আদর স্নেহাদর পরমাদর আহ্লাদ। আশিস স্নেহাশিস আশীর্বাদ স্নেহাশীর্বাদ আশীর্বচন। স্নেহালিঙ্গন। স্নেহপারাবার। আন্তরিকতা করুণা। স্নেহ,-জাল,-ছায়া,-বন্ধন,-নীড়,-স্পর্শ। স্নেহের বন্ধন। মায়া,-ডোর,-পাশ,-জাল,-রজ্জু,-বন্ধন। মায়ার বন্ধন। অষ্টোপাশ।

ক্রি. স্নেহ বা আদর করা। টান বা আকর্ষণ থাকা। আশীর্বাদ করা। প্রশ্রয় বা লাই বা নাই বা আশকারা দেওয়া। লাই পাওয়া।

বিণ. স্নেহ,-পাত্র,-ভাজন। স্নেহাস্পদ। স্নেহের পুত্তলি। স্নেহ,-যোগ্য,-ধন্য। প্রিয়,-পাত্র,-পাত্রী, -জন,-ভাজন। প্রীতি,-পাত্র,-ভাজন। আদুরে আদুরী আদরিণী। সোহাগী সোহাগিনী। গোপাল দুলাল আহ্লাদে নন্দদুলাল দুলালি দুলারি। রাজা রানী সোনামানিক পুতুল। আদুরে গোপাল। আদরের দুলাল। আলালের ঘরের দুলাল। সুপ্রিয় প্রাণপ্রিয় পরমপ্রিয়। প্রাণাধিক জীবনাধিক। স্নেহ,নয়ন,-পুত্তলি। নয়নের মণি। চোখের মণি। কণ্ঠের মণি কণ্ঠমণি। সাতরাজার ধন। স্নেহী দরদি দরদিয়া মায়ী মরমি মায়িক। স্নেহ,-শীল,-শীলা, -ময়,-ময়ী,-প্রবণ,-বৎসল। স্নেহ,-প্রাপ্ত, -পালিত,-বদ্ধ,-সিক্ত। মমতা,-ময়,-ময়ী,-শীল। মায়া,-বান,-বতী,-ময়। মমত্বময়। বৎসল,-া। সহানুভূতিশীল। আত্তি,-শু,-শুভ,-শো। আদৃত বাৎসল্যপুষ্ট প্রশ্রিত। নেওটা। প্রশ্রয়,লাই,-প্রাপ্ত। সস্নেহ সাদর। স্নেহ,-পূর্ণ,-ভরা,-সিক্ত,-মাখা, -যুক্ত। স্নেহার্দ্র স্নৈহিক স্নেহাত্মক মায়া,-পূর্ণ, -বদ্ধ। মমতা,-পূর্ণ,-ভরা দরদমাখানো দয়ার্দ্র। প্রীতিমধুর।

ক্রি-বিণ. স্নেহে সস্নেহে পরমস্নেহে। দরদে মায়ায় মমতায়। গভীর মমতায়। স্নেহের ছায়ায়। আদরে (৮৯৬)।

৮৯৬। আদর

বি. আদর স্নেহ প্রীতি সোহাগ পেয়ার প্রণয় অনুরাগ। যত্ন খাতির কদর মর্যাদা শ্রদ্ধা ভক্তি। অভ্যর্থনা আপ্যায়ন। স্নেহাদর স্নেহালিঙ্গন স্নেহস্পর্শ স্নেহাশীর্বাদ চিবুকস্পর্শন। প্রশ্রয় আশকারা লাই পরমাদর। প্রণয়াদর সোহাগ পেয়ার। প্রণয়সম্ভাষণ প্রেমসম্বোধন প্রণয়াহ্বান। কাকলি কুহুরব কূজন। আলিঙ্গন কোলাকুলি জড়াজড়ি আশ্লেষ পরিশ্লেষ পরিরম্ভ,-ন। মিলন আসক্তি উপগূহণ উপশ্লেষ অত্যাধান ক্রোড়ীকরণ। অণ্বয় নৈকট্য। ঠোকনা ঠোনা। পরশ পরশন অঙ্গস্পর্শ। চুম্বন চুমা চুমু। ওষ্ঠচুম্বন অধর,-চুম্বন, -সুধাপান,-মধুপান। মুখচুম্বন চুমোচুমি চুমকুড়ি চোষণ। কাম,-কূট,- কলা,-কেলি। কেলিকলা। প্রেম,-কেলি,-লীলা। নাখরা লাস্য নাগরালি। ঢলাঢলি বিশ্রম্ভ। শৃঙ্গার সংগম সুরত রমণ মৈথুন বভস। প্রেমনিবেদন। প্রেম,প্রণয়,-প্রার্থনা,-ভিক্ষা। পাণিপ্রার্থনা। কটাক্ষ আড়চোখ অপাঙ্গদর্শন।

ক্রি. আদব বা সোহাগ করা। অঙ্গ স্পর্শ করা। গায়ে হাত বুলানো। বুকে টানা। কাছে টানা। কোলে নেওয়া। আলিঙ্গন জড়াজড়ি বা কোলাকুলি করা। চুম্বন করা। চুমু দেওয়া বা খাওয়া। কণ্ঠলগ্ন হওয়া। বুকে মাথা রাখা। ঠোকনা দেওয়া। গাল টিপা। ঠোকর দেওয়া। ঠোকরান। প্রেমনিবেদন করা (৮৯৩)। তোয়াজ করা। চোখ মারা। আঁখি ঠারা। নাখরা করা। প্রেমের অভিনয় করা।

বিণ. আদরপ্রাপ্ত আদৃত সমাদৃত। আদুরে আদুরী আদরিণী সোহাগী সোহাগিনী। আলিঙ্গিত আলিঙ্গনাবদ্ধ আশ্লিষ্ট কণ্ঠ,-লগ্ন,-বদ্ধ,-বদ্ধ,-লীন কণ্ঠলগ্না উপগূঢ়। চুম্বিত। চুম্বনরত। প্রেমার্দ্র প্রেমাসক্ত প্রেমপীড়িত। প্রণয়াসক্ত। প্রণয়াকাঙ্ক্ষা।

ক্রি-বিণ. আদরে সাদরে সোহাগে। সস্নেহে (৮৯৪)।

৮৯৭। অনাদর

বি. অনাদর অস্নেহ নিস্নেহ স্নেহাভাব স্নেহ, -হীনতা,-শূন্যতা। অযত্ন অবহেলা অবহেলন অবজ্ঞা অবমতি উপেক্ষা। অমর্যাদা অশ্রদ্ধা অসম্মান। অপছন্দ। নির্দয়তা নিষ্ঠুরতা। মমত্ব, যত্ন,-হীনতা। বিরূপতা বৈরূপ্য। শত্রুতা। ধীতি যত্নাভাব মায়াভাব আদরাভাব। অনতিযত্ন। সতিনপুত্র। গলার কাঁটা। চোখের বালি। চক্ষুশূল। দুয়োরানী। চোখের বিষ। পরের ঘরে মানুষ।

ক্রি. অনাদর অযত্ন বা অবহেলা করা। দেখতে না পারা। চক্ষুশূল হওয়া। দুচোখে দেখতে না পারা। সইতে বা সহ্য করতে না পারা। অগ্রাহ্য বা উপেক্ষা করা। দুয়ো দুয়ো করা। দূর ছাই করা। ঘৃণা করা (৮৯৪)। দেখলে তেড়ে আসা।

